[৩]এবং সেই২ নগর তাহারদের বসতির নিমিত্তে
হইবে এবং ঐ শাখানগর তাহারদের পশুরদের
কারণ ও তাহারদের সম্পত্তির কারণ ও তাহার
[illegible] সমস্ত জন্তুরদের কারণ হইবে [৪] এবং
যেই২ নগর তোমরা লৈবেরদিগকে দিবা তাহার
দের শাখানগর নগরের প্রাচীরের বাহিরে চতু
র্দ্দিগে সহস্র হাত পরিমিত হইবে। [৫] এবং তো
মরা নগরের বাহিরহইতে পূর্ব্ব দিগে দুই হাজার
হাত এবং দক্ষিণ দিগে দুই হাজার হাত এবং প
শ্চিম দিগে দুই হাজার হাত এবং উত্তর দিগে
দুই হাজার হাত মাপিবা এবং মধ্যে নগর হই
বে ইহা তাহারদের নগরের শাখানগর হইবে।
[৬] এবং তোমরা যেই২ নগর লৈবেরদিগকে দি
বা তাহার মধ্যে সে স্থানে মনুষ্যহন্তার পলায়না
র্থে ছয় আশ্রয় নগর নিরূপণ করিবা এবং সে
সকলেতে তোমরা আরো বেয়াল্লিশ নগর দিবা।
[৭] যেই২ নগর তোমরা লৈবেরদিগকে দিবা সে
সকল নগর আটচল্লিশ অর্থাৎ সে সকল এবং
তাহারদের শাখানগর। [৮] এবং য়িশ্রাএলের
সন্তানেরদের অধিকারহইতে তোমরা যেই২ ন
গর দিবা তাহা এই অধিকহইতে অধিক দিবা
এবং অল্পহইতে অল্প দিবা প্রত্যেক জন আ
পন২ অধিকৃতাধিকারানুসারে আপন২ নগর
হইতে কতক২ লৈবেরদিগকে দিবে।

[৯] অপর য়িহুহ মোশহকে কহিলেন [১০]
য়িশ্রাএলের সন্তানেরদিগকে কহ ও তাহারদিগ
কে বল যখন তোমরা য়রদন পার হইয়া কনআন
দেশে পঁহুছিবা [১১] তখন তোমরা আপনার
দের কারণ আশ্রয়নগরের নিমিত্তে নগর নিরূপণ
করিবা যে অজ্ঞানতঃ মনুষ্যহন্তা সে স্থানে পলা
ইতে পারে। [১২] এবং সেই২ নগর প্রতিহন্তার
হাতহইতে রক্ষার্থে আশ্রয়নগর হইবে যে মণ্ড
লীর সাক্ষাৎ বিচারার্থে মনুষ্যহন্তার দাড়ানের
পূর্ব্বে সে না মরে। [১৩] এবং তোমারদের যেই২
নগর তোমরা দিবা তাহার মধ্যহইতে তোমার
দের আশ্রয়ের নিমিত্তে ছয় নগর হইবে। [১৪]
য়রদনের এপারে তোমরা তিন নগর দিবা এবং
কনআনদেশে তোমরা তিন নগর দিবা সে স
কল আশ্রয়নগর হইবে। [১৫] য়িশ্রাএলের
সন্তানেরদের কারণ ও তাহারদের মধ্যে প্রবাস
কারি বিদেশীয়েরদের কারণ এই ছয় নগর আ
শ্রয় হইবে যেকোন কেহ অজ্ঞানতঃ কোন মনুষ্য
হনন করে সে প্রত্যেক জন সে স্থানে পলাইয়া
যাইতে পারে। [১৬] এবং যদি সে লৌহাস্ত্রে
তে তাহাকে আঘাত করে তাহাতে সে মরে তবে
সেই হত্যাকর্ত্তা হত্যাকর্ত্তা অবশ্য মারা যাইবে।
[১৭] কিম্বা যাহাতে সে মরে এমন প্রাক্ষিপ্ত পাথ
রেতে যদি সে তাহাকে আঘাত করে তাহাতে সে
মরে তবে সে হত্যাকারী সে হত্যাকারী অবশ্য
মারা যাইবে। [১৮] কিম্বা যাহাতে মরে এমন
কাষ্ঠের অস্ত্র দিয়া তাহাকে মারে এবং সে মরে
তবে সে নরহন্তা নরহন্তা নিতান্ত মারা যাইবে।
[১৯] রক্তপ্রতিফলদায়ী আপনি সে নরহন্তাকে
মারিয়া ফেলিবে তাহার দেখা পাইলে সে তা
হাকে মারিয়া ফেলিবে। [২০] কিন্তু যদি সে
দ্বেষ করিয়া তাহাকে বিদীর্ণ করিয়া থাকে কিম্বা
গুপ্ত হইয়া তাহার উপরে কিছু ফেলিয়া দেয়
যে সে মরে। [২১] কিম্বা শত্রুতা করিয়া আপন
হাত দিয়া তাহাকে মারে যে সে মরে তবে সে
আঘাতকারী অবশ্য মারিয়া ফেলা যাইবে সেই
নরহন্তা রক্তপ্রতিফলদায়ী তাহার দেখা পাই
লে সে নরহন্তাকে মারিয়া ফেলিবে।

[২২] কিন্তু যদি শত্রুতাব্যতিরেকে সে অক
স্মাৎ তাহাকে বিদীর্ণ করিয়া থাকে কিম্বা গুপ্ত
না হইয়া তাহার উপরে কিছু ফেলিয়া থাকে
[২৩] কিম্বা যাহাতে মরে এমন কোন পাথর
তাহাকে না দেখিয়া তাহার উপরে ফেলে তা
হাতে সে মরে কিন্তু সে তাহার শত্রু নয় ও তা
হার মন্দ চেষ্টা করে নাই। [২৪] তবে হত্যাকা
রির ও রক্তপ্রতিফলদায়ির বিষয়ে মণ্ডলী এই২
বিচারানুসারে বিচার করিবে। [২৫] এবং
মণ্ডলী রক্তপ্রতিফলদায়ির হাতহইতে সে নরহ
ন্তাকে উদ্ধার করিবে এবং যে স্থানে ঐ নরহন্তা
পলাইয়াছিল সে তাহার আশ্রয়নগরে মণ্ডলী
তাহাকে পুনরর্পণ করিবে এবং পবিত্র তৈলেতে
অভিষিক্ত প্রধান যাজকের মরণ না হওয়াপর্য্যন্ত
সে সেই স্থানে থাকিবে। [২৬] কিন্তু কোন কালে
যদি ঐ নরহন্তা যেস্থানে পলাইয়াছিল এমত তা
হার আশ্রয়নগরের সীমাবহির্ভূত হয়। [২৭]
এবং রক্ত প্রতিফলদাতা তদাশ্রয় নগরের বাহি
রে তাহাকে পায় এবং সে রক্তপ্রতিফলদাতা সে
নরদ্রোহিকে মারিয়া ফেলে তবে সে তাহার
রক্তপাতবিষয়ে অপরাধী হইবে না। [২৮]
যেহেতুক প্রধান যাজকের মরণ না হওয়াপর্য্যন্ত
আপন আশ্রয়নগরে তাহার থাকা উচিত ছিল
কিন্তু প্রধান যাজকের মরণের পরে হন্তা আপন
অধিকারভূমিতে ফিরিয়া যাইবে। [২৯] এত
দ্রূপে এই২ সকল বিষয় তোমারদের পুরুষানু
ক্রমে তোমারদের সমস্ত নিবাসেতে তোমারদের
বিচারনিমিত্তে ব্যবস্থা হইবে।

[৩০] যে কেহ কোন প্রাণিহত্যা করে সাক্ষির
মুখবাক্যদ্বারা সে নৃঘ্ন মারা যাইবে কিন্তু এক
সাক্ষী কোন প্রাণির প্রতিকূলে প্রাণদণ্ডযোগ্য
সাক্ষ্য দিবে না। [৩১] আরো বধাপরাধি নর

দ্রোহির প্রাণের পরিবর্ত্তনে তোমরা কোন পারিতোষিক গ্রহণ করিবা না কিন্তু সে অবশ্য মারা যাইবে। [৩২] এবং আশ্রয়নগরে পলায়িত জনের হাতে তোমরা কোন পারিতোষিক লইবা না যে যাজকের মরণপূর্ব্বে দেশে আসিয়া সে পুনর্ব্বাস করে। [৩৩] এইরূপে তোমারদের বসতিদেশ তোমরা অপবিত্র করিবা না যেহেতুক রক্ত দেশকে অপবিত্র করে এবং রক্তপাতকের রক্তপাতব্যতিরেকে দেশ ঋমধ্যে কৃত রক্তপাতহইতে পরিষ্কৃত হইতে পারে না। [৩৪] অতএব আমি যাহাতে বাস করি এমত যে দেশ তোমরা অধিকার করিবা সে দেশ অপবিত্র করিও না কেননা য়িশ্রাএলের সন্তানেরদের মধ্য বাসকারী য়িহুহ আমিই।

৩৬ পর্ব্ব।

[১] অনন্তর যুসফের সন্তানেরদের বংশস্থ মনশেহের পুত্র মাকীরের পুত্র গিলিআদের সন্তানেরদের বংশের পিতৃপ্রধানেরা আসিয়া মোশহের সম্মুখে ও য়িশ্রাএলের সন্তানেরদের পিতৃপ্রধানের অধ্যক্ষেরদের সম্মুখে কহিল। [২] এবং তাহারা কহিল য়িশ্রাএলের সন্তানেরদিগকে গুলিবাঁটদ্বারা দেশের অধিকারদেওনার্থে য়িহুহ আমার প্রভুকে আজ্ঞা করিলেন এবং আমারদের ভ্রাতা সিলোফিখাদের অধিকার তাহার কন্যারদিগকে দেওনার্থে আমার প্রভু য়িহুহকর্ত্তৃক আজ্ঞাপ্ত হইয়াছিল। [৩] এবং য়িশ্রাএলের সন্তানেরদের অন্য কোন বংশের সন্তানেরদের সহিত যদি তাহারদের বিবাহ হয় তবে তাহারদের অধিকার আমারদের পিতারদের অধিকারহইতে হরণ করা যাইবে ও তাহারা যে বংশে গৃহীত হইবে সে বংশের অধিকারে ভুক্ত হইবে এতদ্রূপে তাহা আমারদের অধিকারাংশহইতে হৃত হইবে। [৪] এবং য়িশ্রাএলের সন্তানেরদের মহোৎসব যখন উপস্থিত হয় তখন যাহার মধ্যে তাহারা গৃহীত সে বংশের অধিকারেতে তাহারদের অধিকারভুক্ত হইবে এমত আমারদের পিতৃবংশের অধিকারহইতে তাহারদের অধিকার লওয়া যাইবে।

[৫] পরে য়িহুহের বাক্যানুসারে মোশহ য়িশ্রাএলের সন্তানেরদিগকে আজ্ঞা করিয়া কহিল যুসফের সন্তানেরদের বংশ্যেরা যথার্থ কহিয়াছে। [৬] সিলোফিখাদের কন্যারদের বিষয়ে য়িহুহ যাহা আজ্ঞা করিয়াছেন তাহা এই তাহারা যাহারে মনোনীত করে তাহারে বিবাহ করুক কিন্তু কেবল আপন পিতৃবংশের কুলস্থেরদিগকে তাহারা বিবাহ করিবে। [৭] তাহাতে য়িশ্রাএলের সন্তানেরদের অধিকার এক বংশহইতে অন্য বংশে যাইবে না যেহেতুক য়িশ্রাএলের সন্তানেরা প্রত্যেকে আপন২ পিতৃবংশের অধিকারেতে থাকিবে। [৮] এবং য়িশ্রাএলের সন্তানেরদের বংশেতে অধিকারিণী প্রত্যেক কন্যা আপন পিতৃবংশের কোন এক পুরুষের ভার্য্যা হইবে যে য়িশ্রাএলের সন্তানেরা প্রত্যেকে আপন২ পিতার অধিকারভোগ করে। [৯] এবং অধিকার এক বংশহইতে অন্য বংশে যাইবে না কিন্তু য়িশ্রাএলের সন্তানেরদের বংশের প্রত্যেকে আপন২ পিতার অধিকারে আপনাকে রাখিবে।

[১০] য়িহুহ মোশহকে যেমন আজ্ঞা করিয়াছিলেন তেমন সিলোফিখাদের কন্যারা করিল। [১১] যেহেতুক মখ্‌লাহ্ ও তিরসাহ্ ও খোগলাহ্ ও মিলকাহ্ ও নোআহ্ সিলোফিখাদের এ কন্যারা আপন২ মাতুলের পুত্রেরদের সহিত বিবাহিতা হইয়াছিল। [১২] যুসফের পুত্র মনশেহের পুত্রের বংশীয়েরদের সহিত তাহারদের বিবাহ হইল এবং তাহারদের অধিকার তাহারদের পিতৃবংশে রহিল। [১৩] য়িরিখুনিকটস্থিত য়রদনসমীপে মোআবারণ্যেতে মোশহের দ্বারা য়িহুহ য়িশ্রাএলের সন্তানেরদিগকে যেং আজ্ঞা ও বিচার বিধান করিলেন তাহা এই।

---

# মোশহের দ্বিতীয় বাক্য নামে পঞ্চম গ্রন্থ।

## ১ প্রথম পর্ব্ব।

[১] পারাণ ও তোফেল ও লাবান ও খসেরোত ও দীজাহাবের মধ্যস্থানে সুফার্ণবসম্মুখস্থ মাঠে য়রদনের এপারে অরণ্যেতে তাবৎ য়িশ্রাএলেরদিগকে মোশহ্ যে বাক্য কহিয়াছিল তাহা এই। [২] শেয়ীরপর্ব্বত হইয়া খোরেব হইতে কাদেশ বার্ণেআপর্য্যন্ত এগার দিবসের

পথ। [৩] অপর এমত হইল চল্লিশ বৎসরের একাদশ মাসে মাসের প্রথমে য়িহুহ মোশহদ্বারা য়িশ্রাএলের সন্তানেরদিগকে যে সকল আজ্ঞা অর্পণ করিয়াছিলেন তদনুসারে সে তাহারদিগকে কহিল। [৪] খেশবোনবাসি আমোরীয়েরদের রাজা সীখোনের এবং এদরেঈস্থ অশতারোতনিবাসি বাশানের রাজা ওগের বধানন্তর [৫] য়রদনের এপারে মোআবদেশে মোশহ এই ব্যবস্থাপ্রস্তাবারম্ভ করিল।

[৬] আমারদের ঈশ্বর য়িহুহ খোরেবেতে আমারদিগকে কহিলেন এ পর্ব্বতে তোমরা যথেষ্ট কাল বাস করিয়াছ। [৭] তোমরা ফিরিয়া আমোরীয়েরদের পর্ব্বতে এবং মাঠস্থ ও পর্ব্বতস্থ ও তলভূমিস্থ ও দক্ষিণস্থ ও সমুদ্রতীরস্থিত তৎসমীপস্থ কনআনীয়েরদের তাবৎ স্থান হইয়া দেশে এবং লিবানোনে মহানদীপর্য্যন্ত অর্থাৎ ফরাৎ নদীপর্য্যন্ত যাত্রা কর। [৮] দেখ তোমারদের সম্মুখে আমি সে দেশ উপস্থিত করিয়াছি তোমারদের পিতা অবরাহামের ও য়িস্খাকের ও য়অকুবের প্রতি ও তাহারদের পরে তাহারদের বংশেরদের প্রতিদানার্থে যে দেশবিষয়ে য়িহুহ দিব্য করিয়াছিলেন সে দেশে প্রবেশ করিয়া তোমরা তাহা অধিকার কর।

[৯] এবং আমি সেই কালে তোমারদিগকে কহিয়াছিলাম আমি একা তোমারদের ভারসহনে অসমর্থ। [১০] তোমারদের ঈশ্বর য়িহুহ তোমারদিগকে বাড়াইয়াছেন এবং দেখ বহুত্বপ্রযুক্ত তোমরা আজি আকাশের তারার মত। [১১] তোমারদের পিতারদের ঈশ্বর য়িহুহ তোমারদিগকে সহস্রগুণ বাড়াউন এবং তোমারদের প্রতি যেমন অঙ্গীকার করিয়াছেন তেমন তোমারদিগকে আশীর্ব্বাদ করুন। [১২] তোমারদের ঝন্ঝাট এবং তোমারদের ভার ও তোমারদের বিবাদ আমি একা কি প্রকারে সহিতে পারি। [১৩] তোমরা বুদ্ধিমান ও জ্ঞানী অথচ আপনারদের বংশেতে জ্ঞাত লোকেরদিগকে গ্রহণ কর এবং আমি তাহারদিগকে তোমারদের উপরে কর্ত্তৃস্বরূপে নিযুক্ত করিব। [১৪] এবং তোমরা আমাকে প্রত্যুত্তর করিয়া কহিলা তুমি যাহা কহিয়াছ তাহা অতিকর্ত্তব্য। [১৫] তাহাতে জ্ঞানি এবং প্রসিদ্ধ তোমারদের বংশের প্রধানেরদিগকে আমি গ্রহণ করিয়া তোমারদের উপরে অধ্যক্ষ করিয়া সহস্রপতি ও শতপতি ও পঞ্চাশৎপতি ও দশপতি ও অধ্যক্ষরূপে তোমারদের বংশেতে নিযুক্ত করিলাম। [১৬] এবং সেই কালে আমি তোমারদের বিচারকর্ত্তারদিগকে আজ্ঞা করিয়া কহিলাম যে তোমারদের ভ্রাতারদের বিষয় শ্রবণ করিয়া মানুষের ও তাহার ভ্রাতার এবং তৎসহবাসি বিদেশীয়েরদের যথার্থ বিচার কর। [১৭] বিচারে তোমরা কাহারো মুখাপেক্ষা করিও না যেমন ক্ষুদ্রের তেমন মহত্তেরও শুন মনুষ্যের মুখ দেখিয়া তোমরা ভয় পাইও না কেননা বিচারই ঈশ্বরের এবং যে বিষয় তোমারদের প্রতি অতিদুর্জ্ঞেয় তাহা আমার স্থানে আন আমি তাহা শুনিব। [১৮] এবং সেই কালে তোমারদের সমস্ত কর্ত্তব্য বিষয় আমি আজ্ঞা করিলাম।

[১৯] অপর যখন আমরা খোরেবহইতে প্রস্থান করিলাম তখন আমারদের ঈশ্বর য়িহুহ যেমন আমারদিগকে আজ্ঞা করিয়াছিলেন তেমন আমোরীয়েরদের পর্ব্বতপথে তোমরা যে বৃহৎ এবং ভয়ঙ্কর অরণ্য দেখিয়াছিলা সে সমস্ত অরণ্যের মধ্য দিয়া আমরা ভ্রমণ করিলাম পরে আমরা কাদেশবারণেআতে আইলাম। [২০] এবং আমি তোমারদিগকে কহিলাম আমারদের ঈশ্বর য়িহুহ আমারদিগকে যাহা দিতেছেন এমত আমোরীয়েরদের যে পর্ব্বত তাহাতে তোমরা পঁহুছিয়াছ। [২১] দেখ তোমার ঈশ্বর য়িহুহ তোমার সম্মুখে দেশ উপস্থিত করিয়াছেন তোমার পিতারদের ঈশ্বর য়িহুহ যেমন তোমাকে কহিয়াছেন তেমন তুমি যাইয়া তাহা অধিকার কর ভীত হইও না এবং নিরাশ হইও না।

[২২] তাহাতে তোমরা সকলে আমার নিকটে আসিয়া আমাকে কহিলা আমরা আপনারদের অগ্রে মনুষ্য প্রেরণ করিব এবং তাহারা আমারদের কারণ দেশের অনুসন্ধান লইয়া আমারদের কোন পথ হইয়া যাইতে হইবে এবং আমরা কোন নগরে উপস্থিত হইব এ সম্বাদ আমারদের নিকটে আনিবে। [২৩] এবং ঐ বাক্যেতে আমি অতিসন্তুষ্ট ছিলাম এবং আমি তোমারদের এক২ বংশহইতে এক২ মনুষ্য অর্থাৎ বার জন গ্রহণ করিলাম [২৪] এবং তাহারা ফিরিয়া পর্ব্বতারোহণ করিল এবং এশ্কোলতলভূমিতে পঁহুছিল এবং তাহার অনুসন্ধান করিল। [২৫] এবং তাহারা দেশের কিঞ্চিৎ ফল হাতে করিয়া আমারদের নিকটে আনিল এবং তাহারা ফিরিয়া আমারদিগকে সম্বাদ দিয়া কহিল আমারদের ঈশ্বর য়িহুহ যে দেশ আমারদিগকে দিতেছেন সে দেশ উত্তম। [২৬] তথাপি তোমরা যাইতে সম্মত ছিলা না কিন্তু তোমারদের ঈশ্বর য়িহুহের আজ্ঞাবিরুদ্ধাচারী ছিলা। [২৭] এবং তোমরা আপনারদের তাম্বুতে বিসম্বাদ করিয়া কহিলা আমারদিগকে নাশ করিবার

নিমিত্তে আমোরীয়েরদের হস্তে অর্পণার্থে য়ি
হুহ দ্বেষপ্রযুক্ত আমারদিগকে মিসরদেশহইতে
বাহির করিয়া আনিয়াছেন। [২৮] আমরা কো
থায় উঠিয়া যাইব আমারদের ভ্রাতারা ইহা ক
হিয়া আমারদের অন্তঃকরণ নিরাশ করিয়াছে
যে সে লোক আমারদিগহইতে বহুপ্রজ ও দীর্ঘ
কায় এবং নগরসকল বড় ও স্বর্গপর্য্যন্ত প্রাচী
রেতে বেষ্টিত তদ্ভিন্নও আমরা সে স্থানে অনা
কীয়েরদের সন্তানেরদিগকে দেখিয়াছি। [২৯]
তখন আমি তোমারদিগকে কহিলাম ভীত হইও
না ও তাহারদিগেতে শঙ্কাযুক্ত হইও না। [৩০]
তোমার চক্ষুর্গোচরে মিসরে তোমারদের নিমি
ত্তে যে সকল য়িহুহ করিয়াছিলেন তদনুসারে
তোমারদের অগ্রগামি য়িহুহ ঈশ্বর তোমারদের
নিমিত্তে যুদ্ধ করিবেন। [৩১] এবং অরণ্যেতে
তুমি যাহা দেখিলা যে মনুষ্য যেমন আপন পুত্র
কে বহে তেমন এস্থানে অনাগমনপর্য্যন্ত ঈশ্বর
য়িহুহ তোমারদের গন্তব্য সমস্ত পথে তোমা
কে যেমন করিয়া বহিলেন তদ্রূপেও করিবেন
[৩২] তথাপি তোমারদের ছাউনিস্থান অনুসন্ধা
নার্থে তোমারদের গন্তব্য পথ তোমারদিগকে
দর্শাননিমিত্তে রাত্রিতে অগ্নিতে ও দিবসে মেঘে
তে [৩৩] তোমারদের অগ্রে গমনকারি তোমার
দের ঈশ্বর য়িহুহেতে তোমরা এতদ্বিষয়ে প্রত্যয়
করিলা না। [৩৪] অপর য়িহুহ তোমারদের
বাক্যের রব শুনিলেন ও ক্রুদ্ধ হইলেন এবং ইহা
কহিয়া দিব্য করিলেন [৩৫] যে তোমারদের পি
তৃরদিগকে দিবার নিমিত্তে যে দেশবিষয়ে আমি
দিব্য করিয়াছি য়িফূনেহের পুত্র কালেবব্যতিরে
কে এই দুষ্ট মনুষ্যেরদের মধ্যে কোন এক জনে
সেই উত্তম দেশ দেখিবে না [৩৬] সেই তাহা দে
খিবে এবং যে দেশে সে পা দিয়া গতি করিয়া
ছে তাহা তাহাকে ও তাহার সন্তানেরদিগকে আ
মি দিব কেননা সে সম্পূর্ণরূপে য়িহুহের অনুগত
হইয়াছে। [৩৭] এবং য়িহুহ তোমারদের নি
মিত্তে আমার প্রতি ক্রুদ্ধ হইয়া ইহা কহিলেন যে
তুমিও সেস্থানে প্রবেশ করিবা না। [৩৮] কিন্তু
তোমার সম্মুখে দণ্ডায়মান নূনের পুত্র য়িহোশূ
আ সেস্থানে প্রবেশ করিবে তাহাকে সাহস দেও
যেহেতুক সে য়িশ্রাএলকে তাহা অধিকার করা
ইবে। [৩৯] আরো যাহারদের বিষয়ে তোমরা
কহিলা যে তাহারা লুটরূপ হইবে এমত যে তো
মারদের বালকেরা এবং যাহারা তৎকালে
ভালমন্দের ভেদ জানিল না এমত যে তো
মারদের সন্তানেরা তাহারা সেস্থানে প্রবেশ
করিবে এবং আমি তাহারদিগকে তাহা দিব
ও তাহারা তাহা অধিকার করিবে। [৪০]
কিন্তু তোমরা ফিরিয়া সূফার্ণবপথ হইয়া অর
ণ্যে যাত্রা কর। [৪১] তাহাতে তোমরা প্রত্যু
ত্তর করিয়া আমাকে কহিলা আমরা য়িহুহের
প্রতিকূলে পাপ করিয়াছি আমারদের ঈশ্বর য়ি
হুহ আমারদিগকে যে২ সমস্ত আজ্ঞা করিয়া
ছেন সেমত আমরা উঠিয়া যাইয়া যুদ্ধ করিব।
এবং তোমরা প্রত্যেক জন যুদ্ধাস্ত্রেতে সসজ্জ
হইলে পর্ব্বতারোহণ করিতে প্রস্তুত ছিলা।
[৪২] এবং য়িহুহ আমাকে কহিলেন তাহারদি
গকে কহ উঠিয়া যাইও না যুদ্ধও করিও না যে
হেতুক আমি তোমারদের মধ্যে নহি পাছে তো
মরা আপনারদের শত্রুরদের সম্মুখে হত হও।
[৪৩] তাহাতে আমি তোমারদিগকে কহিলাম
কিন্তু তোমরা শুনিলা না এবং য়িহুহের আজ্ঞাল
ঙ্ঘন করিয়া গর্ব্বপূর্ব্বক পর্ব্বতে উঠিয়া গেলা।
[৪৪] এবং তৎপর্ব্বতবাসি আমোরীয়েরা তো
মারদের বিরুদ্ধে নির্গত হইয়া মধুমক্ষিকা যে
মত সেমত তোমারদিগকে তাড়াইয়া লইয়া গেল
এবং শেঈরে অর্থাৎ খোরমাহ্‌পর্য্যন্ত তোমার
দের সংহার করিল। [৪৫] এবং তোমরা পরা
বৃত্ত হইয়া য়িহুহের সম্মুখে রোদন করিলা কিন্তু
য়িহুহ তোমারদের রবেতে অবধান করিলেন
না ও তোমারদের প্রতি কর্ণ দিলেন না। [৪৬]
তাহাতে কাদেশে স্থিত দিবসানুসারে তোমরা
সে স্থানে বহু দিন রহিলা।

## ২ পর্ব্ব।

[১] অনন্তর য়িহুহ আমাকে যেমন কহিলেন
তেমন আমরা ফিরিয়া সূফার্ণবের পথ হইয়া
অরণ্যে যাত্রা করিলাম এবং আমরা বহুদিবস
শেঈরপর্ব্বতবেষ্টন করিয়া রহিলাম। [২] পরে
য়িহুহ আমাকে কহিলেন [৩] তোমরা যথেষ্ট
কাল এপর্ব্বতবেষ্টন করিয়া রহিয়াছ তোমরা উ
ত্তর দিগে ফিরিয়া যাও। [৪] এবং তুমি জনতা
কে ইহা কহিয়া আজ্ঞা কর শেঈরবাসি তোমার
দের ভ্রাতা এশাবের সন্তানেরদের সীমা হই
য়া তোমারদের যাইতে হইবে এবং তাহারা
তোমারদিগেতে ভয়াক্রান্ত হইবে অতএব তোম
রা আপনারদিগেতে অতিশয় সাবধান হও।
[৫] তাহারদিগকে স্পর্শ করিও না কেননা আমি
তাহারদের দেশের কিছু তোমারদিগকে দিব না
এক পাদপরিমিত ভূমিও না যেহেতুক অধি
কারার্থে আমি এশাবকে শেঈরপর্ব্বত দিয়াছি।
[৬] খাদ্যার্থে তোমরা রূপ্য দিয়া তাহারদিগহই
তে অন্ন ক্রয় করিয়া লইবা এবং পানার্থে তো
মরা রূপ্য দিয়া তাহারদিগহইতে জল কিনিয়া
লইবা। [৭] যেহেতুক তোমার ঈশ্বর য়িহুহ তো
মার হস্তের সমস্ত কর্ম্মেতে তোমাকে আশীর্ব্বাদ

করিয়াছেন এই মহারণ্যেতে তিনি তোমারদের আচরণ জ্ঞাত আছেন এই চল্লিশ বৎসর ঈশ্বর য়িহুহ তোমারদের সহবর্ত্তী আছেন তোমার কিছু অভাব হয় নাই। [৮] পরে যখন আমরা শেঈরবাসি আমারদের ভ্রাতা এশাবের সন্তানেরদিগকে ছাড়িয়া এলত এবং এসিওনগাবেরনির্গত অরণ্যের পথ হইয়া গেলাম তখন আমরা ফিরিয়া মোআবারণ্যের পথ হইয়া যাত্রা করিলাম। [৯] এবং য়িহুহ আমাকে কহিলেন মোআবীয়েরদিগকে ক্লেশ দিও না এবং যুদ্ধেতে তাহারদের সহিত বিরোধ করিও না যেহেতুক তাহারদের দেশ আমি তোমাকে অধিকারার্থে দিব না কেননা অধিকারার্থে আমি লোটের সন্তানেরদিগকে আর দিয়াছি। [১০] পূর্ব্বকালে এমীয়েরা সে স্থানে বাস করিয়াছিল তাহারা অনাকীয়েরদের মত মহাজনতা এবং বহুপ্রজ এবং দীর্ঘকায়। [১১] তাহারা আনাকীয়েরদের মত দানবস্বরূপ মান্য ছিল কিন্তু মোআবীয়েরা তাহারদিগকে এমীয় বলিয়া কহে। [১২] পূর্ব্বকালেও খোরীয়েরা শেঈরে বাস করিল কিন্তু ঈশ্বরকর্ত্তৃক য়িশ্রাএলের সন্তানেরদের প্রতি দত্ত তাহার অধিকারভূমি প্রতি সে যেমন করিয়াছিল তেমন এশাবের সন্তানেরা তাহারদিগকে আপনারদের সম্মুখহইতে নাশ করণানন্তর তাহারদের স্থানে বসতি করিয়া অধিকারী হইল। [১৩] অপর উঠ এবং জেরেদনদী পার হও তাহাতে আমরা জেরেদনদী পার হইয়া গেলাম। [১৪] এবং আমারদের কাদেশবারণেঅহইতে আসিয়া জেরেদনদী পার নাহওনপর্য্যন্ত অর্থাৎ য়িহুহ যেমন তাহারদের প্রতি দিব্য করিয়াছিলেন তেমন ছাউনির মধ্য হইতে সমস্ত যোদ্ধৃপুরুষেরদের নাশ নাহওন পর্য্যন্ত আটত্রিশ বৎসর [১৫] যেহেতুক তাহারদের বিনাশপর্য্যন্ত ছাউনির মধ্যহইতে তাহারদিগকে সংহারকরণার্থে তাহারদের প্রতিকূলে য়িহুহের হস্ত নিশ্চয়ে ছিল।

[১৬] তাহাতে এমত হইল যখন সমস্ত যোদ্ধারা লোকেরদের মধ্যহইতে নিপাত হইয়া মরিয়াছিল [১৭] তখন য়িহুহ আমাকে কহিলেন [১৮] মোআবসীমা আরের মধ্য হইয়া তোমাকে অদ্য যাইতে হইবে। [১৯] এবং অমোনের সন্তানেরদের সম্মুখে উপস্থিত হইলে তাহারদিগকে ক্লেশ দিও না ও তাহারদিগকে স্পর্শ করিও না যেহেতুক আমি তোমাকে অমোনের সন্তানেরদের দেশাধিকার দিব না কেননা তাহা আমি লোটের সন্তানেরদিগকে অধিকাররূপে দিয়াছি। [২০] তাহাও দানবদেশ খ্যাত ছিল পূর্ব্বকালে সে স্থানে দানবগণ বাস করিত এবং অমোনীয়েরা তাহারদিগকে জম্জুমীয় করিয়া কহিত। [২১] তাহারা মহাজনতা এবং আনাকীয়েরদের মত বহুপ্রজ ও দীর্ঘকায় কিন্তু য়িহুহ যখন খোরীয়েরদিগকে শেঈরনিবাসি এশাবের সন্তানেরদের সম্মুখহইতে নষ্ট করিলেন তখন তিনি তাহারদের প্রতি যেমন করিয়াছিলেন এবং তাহারা অধিকারী হইয়া অদ্যপর্য্যন্ত তাহারদের স্থানে বাস করিয়াছিল। [২২] তেমন তিনি তাহারদিগকে তাহারদের সাক্ষাৎ বিনাশ করিলেন এবং তাহারা তাহারদের অধিকারী হইয়া তাহারদের স্থানে বসতি করিল। [২৩] এবং কফতোরহইতে আগত কফতোরীয়েরা অজাহপর্য্যন্ত খসেরিমে বাসকারি অবীয়েরদিগকে বিনাশ করিয়া তাহারদের স্থানে বাস করিল।

[২৪] তোমরা উঠ এবং যাত্রা করিয়া আরণোন নদী পার হও দেখ খেশবোনবাসি আমোরীয়েরদের রাজা সীখোনকে ও তাহার দেশ আমি তোমার হাতে দিয়াছি অধিকারকরণে আরম্ভ কর এবং যুদ্ধেতে তাহার সহিত বিরোধ কর। [২৫] যাহারা তোমাবিষয়ক সম্বাদ শুনিয়া কাঁপিবে এবং তোমাপ্রযুক্ত ব্যথিত হইবে তাবৎস্বর্গাধঃস্থিত এমত সমস্ত জাতিরদের উপরে তোমাবিষয়ক ভয় ও তোমাবিষয়ক আশঙ্কা দেওনে আমি অদ্য আরম্ভ করিব।

[২৬] এবং খেশবোনবাসি সীখোনের নিকটে আমি কিদেমোতারণ্যহইতে ইহা কহত কুশলবাক্য কহিতে দূত প্রেরণ করিলাম। [২৭] আমাকে তোমার দেশ হইয়া যাইতে দেও আমি রাজপথ হইয়া যাইব আমি দক্ষিণে কিম্বা বামে ফিরিব না। [২৮] রূপার পরিবর্ত্তনে তুমি আমাকে অন্ন দিবা যে আমি খাই এবং রূপার পরিবর্ত্তনে আমাকে জল দিবা যে আমি পান করি। [২৯] আমারদের ঈশ্বর য়িহুহ আমারদিগকে যে দেশ দিতেছেন য়রদন পার হইয়া সে দেশে আমি যাবৎ না পঁহুছি তাবৎ শেঈরবাসি এশাবের সন্তানেরা ও আরনিবাসি মোআবীয়েরা আমার প্রতি যেমন করিল তেমন আমি আপন পা মাত্র দিয়া পার হইয়া যাইব। [৩০] কিন্তু খেশবোনের রাজা সীখোন আমারদিগকে তাহার সমীপ হইয়া যাইতে দিল না যেহেতুক তোমার ঈশ্বর য়িহুহ তাহার আত্মা কঠিন করিলেন এবং তাহার অন্তঃকরণ একগুঁআ করিলেন যে অদ্য যেমন দেখিতেছ তেমন তিনি তাহাকে তোমারদের হস্তে অর্পণ করেন। [৩১] এবং য়িহুহ আমাকে কহিলেন দেখ সীখোনকে ও তাহার দেশ

তোমার সম্মুখে অর্পণ করিতে আমি আরম্ভ করি
য়াছি তুমি তাহার দেশ অধিকার করিতে আরম্ভ
কর। [৩২] তখন সীহোন অর্থাৎ সে ও তাহার
সমস্ত লোক আমারদের প্রতিকূলে বাহির হইয়া
যাহসে যুদ্ধ করিতে আইল। [৩৩] এবং আ
মারদের ঈশ্বর য়িহুহ আমারদের নিকটে তাহা
কে অর্পণ করিলেন এবং আমরা তাহাকে ও
তাহার পুত্রেরদিগকে ও তাহার সমস্ত লোকের
দিগকে বধ করিলাম। [৩৪] এবং আমরা
সেই কালে তাহার সমস্ত নগর আক্রমণ করিলাম
এবং প্রতিনগরস্থ পুরুষেরদিগকে ও স্ত্রীরদিগকে
ও বালকেরদিগকে নিঃশেষরূপে বিনষ্ট করিলাম
আমরা কিছুই অবশিষ্ট রাখিলাম না। [৩৫]
কিন্তু পশুরদিগকে এবং আমরা যেং নগর আ
ক্রমণ করিয়াছিলাম তাহার লুটা আমরা আপ
নারদের কারণ লুট করিলাম। [৩৬] আর
ণোননদীতীরস্থিত অরোএরহইতে এবং নদীর
নিকটস্থিত নগরহইতে গিলিআদপর্য্যন্ত এক নগ
রও আমারদের শক্ত্যপেক্ষা অধিক সামর্থ্যবান
ছিল না য়িহুহ আমারদের ঈশ্বর সে সমস্ত আ
মারদের হস্তে অর্পণ করিলেন। [৩৭] কিন্তু
অমোনের সন্তানেরদের দেশে কিম্বা য়বোক
নদীনিকটস্থ কোন স্থানে কিম্বা পর্ব্বতস্থ নগরে
কিম্বা আমারদের ঈশ্বর য়িহুহ যাহার নিষেধ
করিয়াছিলেন এমন কোন স্থানের নিকটে তোম
রা আইলা না।

৩ পর্ব্ব।

[১] অপর আমরা ফিরিয়া বাশানের পথ
হইয়া উঠিয়া গেলাম এবং বাশানের রাজা ওগ
অর্থাৎ সে এবং তাহার সমস্ত লোক আমার
দের প্রতিকূলে বাহির হইয়া যুদ্ধার্থে এদরেঈতে
আইল। [২] এবং য়িহুহ আমাকে কহিলেন
তুমি তাহাকে ভয় করিও না কেননা আমি তাহা
কে ও তাহার সমস্ত লোককে ও তাহার দেশ
তোমার হস্তে অর্পণ করিব যেমন খেশবোনবা
সি আমোরীয়েরদের রাজা সীহোনের প্রতি
তুমি করিয়াছিলা তেমন তাহার প্রতি করিবা।
[৩] এতদ্রূপে আমারদের ঈশ্বর য়িহুহ বাশা
নের রাজা ওগকে এবং তাহার সমস্ত লোকের
দিগকে আমারদের হস্তে অর্পণ করিলেন এবং
আমরা তাহাকে এমত নাশ করিলাম যে তাহার
অবশিষ্ট কিছুই রহিল না। [৪] এবং তৎকালে
আমরা তাহার সমস্ত নগর আক্রমণ করিলাম
তাহারদিগহইতে আমরা যাহা আক্রমণ করি
লাম না এমন এক নগরও ছিল না অর্থাৎ ষাটি
নগর অরগোবের সমস্ত অঞ্চল অর্থাৎ বাশানস্থ
ওগের রাজ্য। [৫] এই সমস্ত নগর উচ্চ প্রাচীরে
তে এবং দ্বারেতে এবং হুড়কাতে সুরক্ষিত ছিল
এতদ্ব্যতিরেকে প্রাচীরেতে অবেষ্টিত অনেক ন
গর। [৬] এবং খেশবোনের রাজা সীহো
নের প্রতি যেমন করিলাম তেমন আমরা তাহার
দিগকে নিঃশেষরূপে বিনাশ করিয়া প্রত্যেক নগ
রের পুরুষ ও স্ত্রী ও বালকেরদিগকে নষ্ট করি
লাম। [৭] কিন্তু সমস্ত পশুরদিগকে ও নগরের
সকল দ্রব্য আপনারদের নিমিত্তে লুট করিয়া
লইলাম। [৮] এবং আমরা সেই কালে আ
রণোন নদীহইতে খেরমোণপর্ব্বতপর্য্যন্ত য়রদ
নের এপারস্থ সমস্ত দেশকে আমোরীয়েরদের
দুষ্ট রাজার হস্তহইতে আক্রমণ করিয়া লই
লাম। [৯] ঐ খেরমোণকে সীদোনীয়েরা শিরি
ওন এবং আমোরীয়েরা তাহাকে শিনীর করি
য়া কহে। [১০] মাঠস্থিত সমস্ত নগর ও তা
বৎ গিলিআদ এবং সলকাহ্ ও এদরেঈপর্য্যন্ত
তাবৎ বাশান অর্থাৎ বাশানস্থ ওগের রাজ্যের
নগর। [১১] যেহেতুক অবশিষ্ট দানবেরদের
মধ্যে বাশানের রাজা ওগমাত্র অবশিষ্ট রহিল
দেখ তাহার খাট লৌহের খাট তাহা কি অমো
নের সন্তানেরদের রব্বতে নয় মনুষ্যের হস্তের
পরিমাণানুসারে তাহা দীর্ঘে নয় হাত ও প্রস্থে
চারি হাত। [১২] এবং আরণোন নদী এবং
গিলিআদপর্ব্বতের অর্দ্ধেক এবং তন্নগরনিকট
স্থিত অরোএরঅবধি করিয়া তাহার যে দেশ
আমরা তৎকালে অধিকার করিয়াছিলাম তাহা
আমি রিউবেণীয়েরদিগকে ও গাদীয়েরদিগকে
দিলাম। [১৩] এবং গিলিআদের অবশি
ষ্টাংশ এবং সমস্ত বাশান অর্থাৎ ওগের রাজ্য
বিশেষতঃ দানবদেশপ্রসিদ্ধ তাবদ্বাশানের স
হিত অরগোবের তাবদঞ্চল আমি মনশেহের
অর্দ্ধ বংশকে দিলাম। [১৪] গিশূরির এবং
মআকাতীর সীমাপর্য্যন্ত অরগোবের তাবদ্দেশ
মনশেহের পুত্র য়াঈর আক্রমণ করিয়া আত্ম
নামানুসারে অদ্যপর্য্যন্ত সে সকলের নাম বা
শান খবোতয়াঈর রাখিল। [১৫] এবং আমি
মাখিরকে গিলিআদ দিলাম। [১৬] গিলি
আদহইতে আরণোন নদীপর্য্যন্ত অর্দ্ধ তল ভূমি
এবং য়বোক নদীপর্য্যন্ত অমোনের সন্তানের
দের সীমা [১৭] এবং মাঠ এবং কিনেরেতহই
তে মাঠস্থ সমুদ্র অর্থাৎ পূর্ব্বদিক্স্থিত অশদোত
পিস্গাহের অধঃস্থিত লবণসমুদ্রপর্য্যন্ত য়রদন
এবং তৎসীমা রিউবেণীয়েরদিগকে এবং গাদী
য়েরদিগকে দিলাম।

[১৮] এবং আমি সেই কালে তোমারদিগকে
ইহা কহিয়া আজ্ঞা করিলাম অধিকারকরণার্থে
তোমারদের ঈশ্বর য়িহুহ এ দেশ তোমারদিগকে

দিয়াছেন যুদ্ধসমর্থ তোমরা সকলে সসজ্জ হই য়া তোমারদের ভ্রাতা য়িশ্রাএলের সন্তানের দের সম্মুখে পার হইয়া যাইবা। [১৯] কিন্তু যাবৎ য়িহুহ তোমারদিগকে যেমত দিয়াছেন সে মত তোমারদের ভ্রাতারদিগকে বিশ্রাম না দেন এবং য়রদনের ওপারে তোমারদের ঈশ্বর য়িহুহ তাহারদিগকে যে দেশ দিয়াছেন সে দেশ যাবৎ তাহারা অধিকার না করে [২০] তাবৎ যে২ নগর আমি তোমারদিগকে দিয়াছি তোমারদের সে সকল নগরে তোমারদের ভার্য্যা এবং তোমারদের বালক এবং তোমারদের পশু বসতি করিবে কেননা আমি জানি যে তোমারদের অনেক পশু আছে এবং যে২ অধিকার আমি তোমারদিগকে দিয়াছি সে২ অধিকারে তোমরা প্রত্যেকে ফিরিয়া যাইবা।

[২১] অপর তৎকালে আমি ইহা কহিয়া য়িহোশুআকে আজ্ঞা করিলাম এই দুই রাজার প্রতি তোমার ঈশ্বর য়িহুহ যাহা করিয়াছেন সে সকল তোমার চক্ষু দেখিয়াছে যে২ রাজ্য হইয়া তুমি যাইবা সে২ সমস্ত রাজ্যের প্রতি য়িহুহ তদ্রূপ করিবেন। [২২] তোমরা তাহারদিগকে ভয় করিও না যেহেতুক তোমারদের ঈশ্বর য়িহুহ তোমারদের কারণ যুদ্ধ করিবেন।

[২৩] অপর সে সময়ে আমি ইহা কহিয়া য়িহুহকে প্রার্থনা করিলাম [২৪] যে হে ঈশ্বর য়িহুহ আপন মহিমা ও আপন প্রভাবযুক্ত হস্ত তুমি আপন দাসের প্রতি দর্শনে আরম্ভ করিয়াছ কেননা তোমার ক্রিয়ার মত বা তোমার প্রভাবের মত করিতে পারে স্বর্গেতে বা পৃথিবীতে এমত কোন্ ঈশ্বর আছেন। [২৫] য়রদন ওপারস্থিত সে উত্তম দেশ ও সে রমণীয় পর্ব্বতকে ও লিবানোনকে দেখিতে আমাকে পারে যাইতে দিউন আমি ইহা তোমারে বিনতি করি। [২৬] কিন্তু তোমারদের প্রযুক্ত য়িহুহ আমার প্রতিকূলে ক্রুদ্ধ ছিলেন এবং আমার কথা শুনিলেন না এবং য়িহুহ আমাকে কহিলেন তোমার এই পর্য্যন্ত প্রচুর জানিবা এই বিষয়ে আমাকে আর কহিও না। [২৭] পিস্গাহের শৃঙ্গে উঠিয়া যাও এবং পশ্চিমদিগে ও উত্তরদিগে ও দক্ষিণদিগে ও পূর্ব্বদিগে আপন চক্ষু তুলিয়া দেখ এবং স্বচক্ষুর্দ্বারা তাহা দর্শন কর যেহেতুক তুমি এ য়রদন পার হইয়া যাইবা না। [২৮] কিন্তু য়িহোশুআকে আজ্ঞা কর এবং তাহাতে সাহস জন্মাও এবং তাহাকে বলবান কর কেননা সে এ জনতার অগ্রগামী হইয়া পার হইয়া যাইবে এবং তুমি যে দেশ দেখিবা তাহা সে তাহারদিগকে অধিকার দেওয়াইবে। [২৯] এতদ্রূপে আমরা বৈৎপিওরের সম্মুখস্থ তলভূমিতে বাস করিলাম।

৪ পর্ব্ব।

[১] অতএব হে য়িশ্রাএল তোমারদিগকে এখন আমি যাহা শিক্ষা করাই সে বিধিতে ও বিচারেতে অবধান কর যে তোমরা বাঁচ এবং তোমারদের পিতারদের ঈশ্বর য়িহুহ যে দেশ তোমারদিগকে দেন তাহাতে প্রবিষ্ট হইয়া তাহা অধিকার কর। [২] তোমারদিগকে আমি যে২ বিষয় আজ্ঞা করি তাহাতে তোমরা কোন অধিক বাক্য দিবা নাও তাহাহইতে কিছু ন্যূন করিবা না যে আমি তোমারদিগকে যাহা আজ্ঞা করি তোমারদের ঈশ্বর য়িহুহের সে আজ্ঞা তোমরা পালন কর। [৩] বআলপিওরের বিষয়ে য়িহুহ যাহা করিয়াছেন তাহা তোমারদের চক্ষু দেখিয়াছে কেননা বআলপিওরের পশ্চাদ্গামি তাবন্মনুষ্যেরদিগকে তোমার ঈশ্বর য়িহুহ তোমারদের মধ্যহইতে নষ্ট করিয়াছেন। [৪] কিন্তু তোমারদের ঈশ্বর য়িহুহের দৃঢ়ানুগামি তোমরা প্রত্যেকে অদ্য জীবৎ আছ। [৫] দেখ য়িহুহ আমার ঈশ্বর আমাকে যদ্রূপ আজ্ঞা করিয়াছেন তদ্রূপ আমি তোমারদিগকে ব্যবস্থা ও বিচার বিধান করিয়াছি যে যে দেশাধিকার করিতে তোমরা যাইতেছ সে দেশে তোমরা তদ্রূপ কর। [৬] অতএব সে সকল পালন কর ও কর যেহেতুক যে জাতীয়েরা এই সকল ব্যবস্থা শুনিয়া কহিবে যে নিশ্চয়ে ঐ বৃহজ্জাতি জ্ঞানি ও বুদ্ধিমজ্জনতাই [৭] তাহারদের গোচরে ইহা তোমারদের জ্ঞান ও তোমারদের বুদ্ধি কেননা যে সকল বিষয়ে আমরা আপনারদের ঈশ্বর য়িহুহের স্থানে প্রার্থনা করি সে সকলে যেমতে তিনি আমারদের নিকটবর্ত্তী সেমত যাহারদের ঈশ্বর তাহারদের নিকটবর্ত্তী এমন মহাজাতি কে। [৮] এবং আমি অদ্য তোমারদের সম্মুখে যে২ ব্যবস্থা স্থাপন করি সেই তাবদ্ব্যবস্থার মত যাহারদের ব্যবস্থা ও বিচার যথার্থ এমন মহাজাতি কে। [৯] তুমি কেবল আত্মবিষয়ে সাবধান হইয়া আত্মপ্রাণকে যত্নপূর্ব্বক রক্ষা কর পাছে তোমার চক্ষু যাহা দেখিয়াছে তাহা তুমি বিস্মৃত হও এবং পাছে সে সকল তোমার তাবদায়ুর্দ্দিবসে তোমার হৃদয়হইতে বিগত হয় কিন্তু সে সকল তোমার পুত্রেরদিগকে ও তোমার পৌত্রেরদিগকে শিক্ষা করাও। [১০] যে দিবসে তুমি আপন ঈশ্বর য়িহুহের সম্মুখে খোরেবে দাঁড়াইলা অর্থাৎ যখন য়িহুহ আমাকে কহিলেন আমার নিকটে লোকেরদিগকে একত্র কর এবং আমি তাহারদিগকে আপন কথা শুনাইব

যে তাহারা পৃথিবীর উপরে যতকাল বাঁচিয়া থাকে তাবৎ আমাকে ভয় করিতে শিখে এবং আপন সন্তানেরদিগকে শিক্ষায়। [১১] এবং তোমরা নিকটবর্ত্তী হইয়া পর্ব্বততলে দাঁড়াইলা এবং অন্ধকারেতে ও মেঘেতে ও ঘোর অন্ধকারেতে স্বর্গাধঃস্থলপর্য্যন্ত ব্যাপ্ত পর্ব্বত অগ্নিতে প্রজ্বলিত ছিল। [১২] এবং অগ্নির মধ্যহইতে য়িহুহ তোমারদের সহিত কথা কহিলেন তখন তোমরা সে বাক্যের শব্দ শুনিলা কিন্তু কোন মূর্ত্তি দেখিলা না শব্দমাত্র [১৩] এবং করণার্থে তিনি আপনার যে নিয়ম তোমারদিগকে আজ্ঞা করিলেন অর্থাৎ দশ আজ্ঞা তিনি তোমারদের নিকটে প্রকাশ করিলেন এবং সে সকল তিনি পাথরেতে দুই তক্তার উপরে লিখিলেন।

[১৪] এবং সেকালে তোমারদিগকে বিধি ও বিচার শিক্ষাইতে য়িহুহ আমাকে আজ্ঞা দিলেন যে যে দেশ অধিকার করিতে তোমরা পার হইয়া যাও সে দেশে তোমরা সে সকল কর। [১৫] যেহেতুক যে দিবসে য়িহুহ খোরেবে অগ্নির মধ্যহইতে আমারদের সহিত কথা কহিলেন সে দিবসে তোমরা কোন প্রকার মূর্ত্তি দেখিলা না অতএব তোমরা আপনারদের বিষয়ে অতিসাবধান হও। [১৬] পাছে তোমরা আপনারদিগকে অশুদ্ধ করিয়া আপনারদের নিমিত্তে কোন এক প্রকার মূর্ত্তিবিশিষ্ট খোদা প্রতিমা নির্মাণ কর বিশেষতঃ পুরুষের কিম্বা স্ত্রীর প্রতিমূর্ত্তি। [১৭] পৃথিব্যুপরিস্থিত কোন জন্তুর প্রতিমূর্ত্তি আকাশে উড্ডীয়মান পক্ষবিশিষ্ট কোন পক্ষির প্রতিমূর্ত্তি [১৮] ভূচর কোন জন্তুর প্রতিমূর্ত্তি পৃথিব্যধঃস্থিত জলচর কোন মৎস্যের প্রতিমূর্ত্তি। [১৯] এবং পাছে তুমি আপন চক্ষু স্বর্গের দিগে তুলিয়া সূর্য্য ও চন্দ্র ও তারা বিশেষতঃ স্বর্গের তাবৎ সৈন্য দেখিয়া তাহারদিগকে প্রণাম করিতে ও যাহারদিগকে তোমার ঈশ্বর য়িহুহ তাবৎ স্বর্গনীচস্থিত সমস্ত জাতিরদের মধ্যে বিভাগ করিয়া দিয়াছেন তাহারদিগকে সেবা করিতে তোমরা উদ্যুক্ত হও। [২০] কিন্তু অদ্য যেমত আছে সেমত য়িহুহ তোমারদিগকে লইয়া আপন অধিকারলোক হওনের জন্যে তোমারদিগকে লৌহকুণ্ডহইতে অর্থাৎ মিস্রহইতে বাহির করিয়া আনিয়াছেন। [২১] আরো তোমারদের কারণ য়িহুহ আমার প্রতিকূলে ক্রুদ্ধ ছিলেন এবং দিব্য করিলেন যে তুমি য়রদন পার হইয়া যাইবা না এবং তোমার ঈশ্বর য়িহুহ অধিকারার্থে যে দেশ তোমাকে দিতেছেন সে উত্তম দেশে আমার প্রবেশ করিতে হইবে না। [২২] কিন্তু আমাকে এই দেশে মরিতে হইবে আমার য়রদন পার হইয়া যাওয়া হইবে না কিন্তু তোমরা পার হইয়া সে উত্তম দেশ অধিকার করিবা। [২৩] তোমরা আপনারদের বিষয়ে সাবধান হও পাছে তোমারদের ঈশ্বর য়িহুহ তোমারদের সহিত যে নিয়ম করিয়াছেন তাহা তোমরা বিস্মৃত হইয়া ঈশ্বর য়িহুহ তোমাকে যাহা নিষেধ করিয়াছেন এমত খোদা অর্থাৎ কোন কাহারো প্রতিমূর্ত্তি নির্ম্মাণ কর। [২৪] যেহেতুক তোমার ঈশ্বর য়িহুহ দাহকাগ্নি অর্থাৎ জ্বলনশীল ঈশ্বর।

[২৫] যখন তোমরা পুত্রেরদিগকে ও পৌত্রেরদিগকে জন্ম দিবা এবং দেশে বহুকালপর্য্যন্ত বাস করিবা এবং আপনারদিগকে অশুদ্ধ করিয়া খোদা প্রতিমা কিম্বা কোন কাহারো মূর্ত্তি নির্ম্মাণ করিবা এবং তোমারদের ঈশ্বর য়িহুহকে ক্রুদ্ধ করিতে তাঁহার গোচরে কুক্রিয়া করিবা। [২৬] আমি অদ্য তোমারদের প্রতিকূলে স্বর্গকে ও পৃথিবীকে সাক্ষি করি যে তখন তোমরা যে দেশাধিকার করিবার নিমিত্তে য়রদন পার হইয়া যাও সে দেশের উপরহইতে শীঘ্র নিঃশেষরূপে বিনষ্ট হইবা তদুপরি তোমরা বহুকাল স্থিতি করিবা না কিন্তু নিঃশেষরূপে বিনষ্ট হইবা [২৭] এবং য়িহুহ তোমারদিগকে জাতিরদের মধ্যে ছিন্নভিন্ন করিবেন এবং য়িহুহ তোমারদিগকে যেস্থানে আনিবেন সে জাতিরদের মধ্যে তোমরা অল্পসংখ্যকরূপে অবশিষ্ট রহিবা। [২৮] এবং সেস্থানে তোমরা মনুষ্যহস্তকৃত কাষ্ঠেতে এবং প্রস্তরেতে নির্ম্মিত দর্শনশ্রবণ ঘ্রাণ সমর্থ দেবেরদিগকে সেবা করিবা। [২৯] কিন্তু সে স্থানে যদি তুমি আপন ঈশ্বর য়িহুহের অন্বেষণ করিবা তবে আপন তাবদন্তঃকরণের সহিত ও আপন সমস্ত মনের সহিত তাঁহার অন্বেষণ করিলে তাঁহাকে পাইবা। [৩০] যখন তোমার দুঃখ উপস্থিত হয় এবং এ সমস্ত বিষয় তোমারে ঘটে তখন শেষ দিবসেই তুমি যদি আপন ঈশ্বর য়িহুহের অনুবৃত্ত হও এবং তাঁহার বাক্যানুগত হও [৩১] কেননা য়িহুহ তোমার ঈশ্বর দয়ালু ঈশ্বরই তবে তিনি তোমাকে ত্যাগ করিবেন না এবং তোমার নাশ করিবেন না এবং তোমার পিতারদের প্রতি যে দিব্য করিয়াছিলেন এমত তাহারদের বিষয়ে নিয়ম বিস্মৃত হইবেন না। [৩২] যেহেতুক পৃথিবীর উপরে যে দিবসে ঈশ্বর মনুষ্যসৃষ্টি করিয়াছিলেন সে দিবসাবধি করিয়া তোমার পূর্ব্ববর্ত্তি দিবসবিষয়ে জিজ্ঞাসা কর এবং স্বর্গের এক সীমাহইতে অন্য সীমাপর্য্যন্ত জিজ্ঞাসা কর যে এ মহাকার্য্যের মত কার্য্য কি হইয়াছে বা ইহার তুল্য শুনা গিয়াছে।

[৩৩] তুমি যেমন শুনিয়াছ তেমন মনুষ্য কি
অগ্নির মধ্যে বাক্যবাদি ঈশ্বরের বাক্য শুনিয়া
বাঁচিয়াছে। [৩৪] কিম্বা মিস্রে তোমারদের চক্ষু
গোঁচরে য়িহুহ তোমারদের ঈশ্বর তোমারদের
কারণ যে সকল করিয়াছিলেন তদনুসারে পরী
ক্ষা ও চিহ্ন ও লক্ষণ ও যুদ্ধ ও পরাক্রান্ত হস্ত ও
বিস্তীর্ণ বাহু ওমহাভয় ইত্যাদিদ্বারা অন্য এক
জাতির মধ্যহইতে ঈশ্বর কি কখন আপনার অ
র্থে এক জাতি গ্রহণ করিবার কারণ উদ্যোগ করি
য়াছেন। [৩৫] তোমার প্রতি ইহা দেখান গি
য়াছে যে তুমি জান যে য়িহুহ তিনিই ঈশ্বর তাঁ
হাব্যতিরেকে অন্য ঈশ্বর নাই। [৩৬] তোমা
কে উপদেশ দেওনার্থে তিনি স্বর্গহইতে তোমা
কে আপন বাক্য শুনাইয়াছেন এবং পৃথিবীর
উপরে তিনি আপন মহাগ্নি তোমাকে দেখাই
য়াছেন এবং অগ্নিমধ্যহইতে তুমি তাহার বাক্য
শুনিয়াছ। [৩৭] এবং তিনি তোমার পিতার
দিগকে স্নেহ করিলেন তৎপ্রযুক্ত তিনি তাহার
দের পরে তাহারদের বংশেরদিগকে মনোনীত
করিলেন। [৩৮] এবং তোমাহইতে বলবত্তর
ও বৃহজ্জাতিরদিগকে তোমার সম্মুখহইতে তাড়ি
য়া বাহির করিয়া দিবার কারণ তোমাকে তাহার
দের দেশে প্রবেশকরাণার্থে এবং অদ্য যেমন
তেমন অধিকাররূপে তোমাকে তাহারদের
দেশদানার্থে তিনি আপনার মহাপরাক্রমেতে
আপন সম্মুখে তোমাকে মিস্রহইতে বাহির
করিয়া আনিলেন। [৩৯] অতএব আজি তুমি
জ্ঞাত হও এবং আপন অন্তঃকরণে আলোচনা
কর যে ঊর্দ্ধস্থ স্বর্গেতে ও অধঃস্থ পৃথিবীতে য়ি
হুহই ঈশ্বর অন্য নাই। [৪০] অতএব তোমার
ও তোমার পরে তোমার সন্তানেরদের মঙ্গলা
র্থে এবং তোমার ঈশ্বর য়িহুহ যে ভূমি তোমা
কে দেন তদুপরি তুমি আপনার আয়ুর্দ্দিবস নি
ত্য বর্দ্ধন কর এতদর্থে আমি আজি তোমাকে
যেং আজ্ঞা দি সে তাঁহার বিধি ও তাঁহার আ
জ্ঞা পালন কর।

[৪১] তদনন্তর অজ্ঞানপূর্ব্বক আপন প্রতিবা
সিহননকারি এবং হননপূর্ব্বে তাহাকে ঘৃণা
করে নাই এমত নরহন্তারা যে সেস্থানে পলায়
[৪২] এবং তাহার কোন এক নগরে পলাই
লে বাঁচে এ নিমিত্তে সূর্য্যোদয়দিগে য়রদনের
পারে মোশহ তিন নগর পৃথক্ করিল। [৪৩]
বিশেষতঃ রিউবেণীয়েরদের সমভূমিস্থিত অর
ণ্যস্থ বেসের এবং গাদীয়েরদের গিলিআদস্থিত
রামোত এবং মনশেহীয়েরদের বাশানস্থ গো
লান।

[৪৪] এবং মোশহ য়িশ্রাএলের সন্তানের
দের সম্মুখে যে ব্যবস্থা স্থাপন করিল তাহা এই।
[৪৫] য়িশ্রাএলের সন্তানেরদের মিস্রহইতে
বাহির হইয়া আইসনানন্তর খেশবোনবাসি অ
র্থাৎ মিস্রদেশহইতে বাহির হইয়া আইসনা
নন্তর যাহাকে মোশহ এবং য়িশ্রাএলের সন্তা
নেরা হত করিল [৪৬] এমত আমোরীয়েরদের
যে রাজা সীখোন তাহার দেশে য়রদন এপার
স্থিত বীৎপিওরের সম্মুখস্থ তলভূমিতে মোশহ
তাহারদিগকে যেং ব্যবস্থা এবং যেং বিধি এবং
যেং বিচার বিধান করিল সে এইং [৪৭] এবং
তাহারা আরণোন নদীতীরস্থিত আরোএরঅব
ধি করিয়া সীওনপর্ব্বতপর্য্যন্ত অর্থাৎ খেরমোণ
পর্য্যন্ত [৪৮] এবং পিস্গাহ্ঝড়নি অধঃস্থিত মা
ঠস্থ সমুদ্রপর্য্যন্ত য়রদন এপারস্থ পূর্ব্বদিক্স্থিত
তাবৎমাঠঅবধি করিয়া [৪৯] য়রদন এপারে
সূর্য্যোদয়াভিমুখবাসি তাহার এবং ওগের অ
র্থাৎ আমোরীয়েরদের দুই রাজার দেশ অধি
কার করিল।

## ৫ পর্ব্ব।

[১] অনন্তর মোশহ তাবৎ য়িশ্রাএলকে ডা
কিয়া তাহারদিগকে কহিল হে য়িশ্রাএল শি
ক্ষার্থে এবং রক্ষণার্থে এবং করণার্থে তোমার
দের কর্ণে আমি আজি যাহা কহি সে বিধি ও
বিচার অবধান কর। [২] য়িহুহ আমারদের
ঈশ্বর খোরেবেতে আমারদের সহিত এক নিয়ম
করিলেন। [৩] আমারদের পিতারদের সহিত
য়িহুহ এ নিয়ম করেন নাই কিন্তু আমারদের
সহিত অর্থাৎ আজি জীবৎ আছি যে আমরা
সমস্ত আমারদেরই সহিত। [৪] পর্ব্বতে অ
গ্নিমধ্যহইতে য়িহুহ তোমারদের সহিত মুখামু
খি কথোপকথন করত কহিলেন। [৫] সে স
ময়ে তোমারদিগকে য়িহুহের বাক্য জানানার্থে
আমি য়িহুহের ও তোমারদের মধ্যে দাঁড়াই
য়াছিলাম যেহেতুক তোমরা অগ্নিপ্রযুক্ত ভীত
হইয়া পর্ব্বতে উঠিয়া গেলা না।

[৬] মিস্রদেশহইতে অর্থাৎ দাসআগারহ
ইতে তোমাকে বাহির করিয়া আনয়নকারি তো
মার ঈশ্বর য়িহুহ আমিই [৭] আমার সম্মুখে
তোমার অন্য কোন দেবতা না হউক। [৮]
তুমি আপনার কারণ ছাঁচুয়া প্রতিমা অর্থাৎ
ঊর্দ্ধস্থ স্বর্গস্থিত কিম্বা অধঃস্থ পৃথিবীস্থিত কিম্বা
পৃথিব্যধঃস্থিত জলস্থ কোন মূর্ত্তির অনুরূপ নি
র্ম্মাণ করিও না। [৯] তুমি তাহারদিগকে প্র
ণাম করিও না ও তাহারদের সেবা করিও না
যেহেতুক তোমার ঈশ্বর য়িহুহ আমিই জ্বলন
শীল ঈশ্বর মৎঘৃণাকারিরদের তৃতীয় এবং চতু
র্থ পুরুষপর্য্যন্ত পুত্রেরদের উপরে পিতারদের

অধর্ম্মের প্রতিফলদাতা। [১০] এবং মদাজ্ঞা পালনকারিরদের ও আমাতে প্রেমকারিরদের সহস্রুসহস্রেরদের প্রতি দয়াকারী। [১১] তোমার ঈশ্বর য়িহুহের নাম অনর্থরূপে গ্রহণ করিও না যেহেতুক য়িহুহের নাম অনর্থরূপে গ্রহণকারিকে তিনি নিরপরাধি করিয়া মানিলেন না। [১২] তোমার ঈশ্বর য়িহুহ তোমাকে যেমন আজ্ঞা করিয়াছেন তেমন শাবত দিবস পবিত্রকরণার্থে তাহা পালন কর। [১৩] ছয় দিবস তুমি শ্রম কর ও আপম সমস্ত কার্য্য কর্ম্ম কর। [১৪] কিন্তু সপ্তম দিবস তোমার ঈশ্বর য়িহুহের শাবতই তোমার দাস ও তোমার দাসী যে তোমার মত বিশ্রাম করে এনিমিত্তে তুমি তাহাতে কোন কর্ম্ম করিও না বিশেষতঃ তুমি ও তোমার পুত্র ও তোমার কন্যা ও তোমার দাস ও তোমার দাসী ও তোমার গরু ও তোমার গর্দ্দভ ও তোমার কোন জন্তু ও তোমার দ্বারবর্ত্তী তোমার বিদেশী। [১৫] এরং স্মরণ কর যে তুমি মিসর দেশে দাস ছিলা এবং তোমার ঈশ্বর য়িহুহ পরাক্রান্ত হস্তেতে ও বিস্তীর্ণ বাহুতে সে স্থানহইতে তোমাকে বাহির করিয়া আনিলেন অতএব তোমার ঈশ্বর য়িহুহ শাবত দিবস পালন করিতে তোমাকে আজ্ঞা করিলেন।

[১৬] তোমার ঈশ্বর য়িহুহ যে দেশ তোমাকে দেন সে দেশে তোমার মঙ্গল যে হয় এবং তোমার আয়ুর্বৃদ্ধি পায় এতদর্থে য়িহুহ তোমার ঈশ্বর তোমাকে যেমন আজ্ঞা করিয়াছেন তেমন আপন পিতাকে ও আপন মাতাকে সম্মান কর [১৭] তুমি হত্যা করিও না। [১৮] তুমি ব্যভিচার করিও না [১৯] চুরি করিও না। [২০] আপন প্রতিবাসির প্রতিকূলে মিথ্যা সাক্ষ্য দিও না। [২১] তুমি আপন প্রতিবাসির ভার্য্যা প্রতি লোভ করিও না এবং আপন প্রতিবাসির ঘরেতে বা তাহার ক্ষেত্রেতে বা তাহার দাসেতে বা তাহার দাসীতে বা তাহার গরুতে বা তাহার গর্দ্দভেতে বা তোমার প্রতিবাসির কোন দ্রব্যেতে লোভ করিও না।

[২২] এই সমস্ত বাক্য য়িহুহ পর্ব্বতে মেঘস্থ ও ঘোর অন্ধকারস্থ অগ্নির মধ্যহইতে মহাশব্দেতে তোমারদের সমস্ত মণ্ডলীকে কহিলেন পরে তিনি আর কহিলেন না এবং তিনি সে সমস্ত প্রস্তরের দুই তক্তার উপরে লিখিয়া আমাতে অর্পণ করিলেন। [২৩] অপর এমত হইল যখন তোমরা সে অন্ধকারের মধ্যহইতে ঐ শব্দ শুনিলা কেননা পর্ব্বত অগ্নিতে প্রজ্বলিত ছিল তখন তোমরা অর্থাৎ তোমারদের বংশের সমস্ত প্রধানেরা ও তোমারদের প্রাচীনেরা আমার নিকটে উপস্থিত হইল। [২৪] এবং তোমরা কহিলা দেখ য়িহুহ আমারদের ঈশ্বর আপনার মাহাত্ম্য ও আপনার মহিমা আমারদের প্রতি দর্শাইয়াছেন এবং আমরা অগ্নিমধ্যহইতে তাঁহার বাক্য শুনিতে পাইয়াছি আজিই আমরা দেখিয়াছি যে য়িহুহ মনুষ্যের সহিত কথা কহেন এবং সে বাঁচে। [২৫] অতএব আমরা এখন কেন মরিব যেহেতুক এই বৃহদগ্নি আমারদিগকে সংহার করিবে আমরা যদি আপন ঈশ্বর য়িহুহের রব আরবার শুনি তবে আমরা মরিব [২৬] যেহেতুক সমস্ত প্রাণির মধ্যে আমারদের মত অগ্নির মধ্যহইতে বাক্যবাদি জীবদীশ্বরের বাক্য শুনিয়া কেটা বাঁচিয়াছে। [২৭] তুমি নিকটবর্ত্তী হইয়া আমারদের ঈশ্বর য়িহুহ যে সমস্ত কহেন সে সমস্ত শুন এবং য়িহুহ আমারদের ঈশ্বর যে সমস্ত তোমাকে কহেন সে সমস্ত তুমি আমারদিগকে কহ এবং আমরা শুনিয়া তাহা করিব। [২৮] এবং তোমরা যখন আমার সহিত কথা কহিলা তখন য়িহুহ তোমারদের বাক্যের শব্দ শুনিলেন এবং য়িহুহ আমাকে কহিলেন এই জনতা তোমাকে যাহা কহিয়াছে তাহারদের সে বাক্যশব্দ আমি শুনিয়াছি তাহারা যে সমস্ত কহিয়াছে তাহা ভদ্রুরূপে কহিয়াছে। [২৯] হায় তাহারদের মধ্যে যদি এমন অন্তঃকরণ হইত যে তাহারা আমাকে ভয় করে এবং আমার তাবদাজ্ঞা নিত্য পালন করে যে তাহারদের ও তাহারদের সন্তানেরদের সদা মঙ্গল হয়। [৩০] যাইয়া তাহারদিগকে কহ তোমরা পুনর্ব্বার আপন২ তাম্বুতে প্রবেশ কর। [৩১] কিন্তু তুমি এস্থানে আমার নিকটে দাঁড়াও এবং যে২ আজ্ঞা ও বিধি ও বিচার তুমি তাহারদিগকে শিক্ষাইবা সে সকল আমি তোমাকে কহিব যে অধিকারার্থে আমি তাহারদিগকে যে দেশ দি সে দেশে তাহারা তাহা করে। [৩২] অতএব তোমারদের ঈশ্বর য়িহুহ তোমারদিগকে যাহা আজ্ঞা করিয়াছেন তাহা তোমরা পালন করিবা তোমরা দক্ষিণে বা বামে ফিরিবা না। [৩৩] তোমারদের ঈশ্বর য়িহুহ তোমারদিগকে যে সমস্ত পথে চলনের আজ্ঞা দিয়াছেন সে সমস্ত পথে তোমরা চলিবা যে তোমরা বাঁচিয়া থাক ও তোমারদের মঙ্গল হয় ও তোমারদের অধিকার দেশে তোমরা বহুকাল স্থিতি কর।

## ৬ পর্ব্ব।

[১] অপর তোমরা যে দেশাধিকার করিতে যাইতেছ সে দেশে তাহা কর তাহা করণের নিমিত্তে তোমারদিগকে শিক্ষাকরণার্থে তোমারদের ঈশ্বর য়িহুহ তোমারদিগকে যে২ আজ্ঞা ও

বিধি ও বিচার বিধান করিয়াছেন তাহা এই২
[২] বিশেষতঃ যে সমস্ত বিধি ও আজ্ঞা আমি
তোমাকে আদেশ করি তোমার ঈশ্বর য়িহুহের
সে সকল বিধি ও আজ্ঞা যে তুমি পালন কর
অর্থাৎ তোমার তাবজ্জীবন তুমি এবং তোমার
পুত্র এবং তোমার পৌত্র তোমার ঈশ্বর য়িহুহ
কে যে ভয় করে এবং যে তোমার দিবসের বা
হুল্য হয়।

[৩] অতএব হে য়িশ্রাএল শুন এবং করণে
মনোযোগ দেও যে তোমার পিতারদের ঈশ্বর
য়িহুহ দুগ্ধমধুপ্রবাহি দেশে তোমার প্রতি যেমত
করিতে প্রতিজ্ঞা করিয়াছেন সেমত তোমার ম
ঙ্গল হয় এবং তোমরা অতিশয় বর্দ্ধিষ্ণু হও।
[৪] হে য়িশ্রাএল শুন আমারদের ঈশ্বর য়িহুহ
একই য়িহুহ। [৫] এবং তুমি আপন সর্ব্বান্তঃক
রণের সহিত ও আপন সমস্ত মনের সহিত ও
আপন তাবৎ সামর্থ্যেতে আপন ঈশ্বর য়িহুহকে
প্রেম কর। [৬] এবং আমি তোমাকে এই যে
বাক্য আজ্ঞা করি ইহা তোমার অন্তঃকরণে স্থি
তি করুক। [৭] এবং তোমার সন্তানেরদিগকে
তুমি যে সমস্ত যত্নপূর্ব্বক শিক্ষা করাও এবং
যখন আপন ঘরে বসিয়া থাক এবং যখন পথে
গমন কর এবং যখন শয়ন কর এবং যখন গা
ত্রোত্থান কর তখন তুমি সে সমস্ত বিষয়ে কথো
পকথন কর। [৮] এবং তুমি চিহ্নের কারণ সে
সমস্ত আপন হস্তেতে বদ্ধ কর এবং তোমার
দুই চক্ষুর মধ্যস্থলে সে সমস্ত কপালালঙ্কারবৎ
হউক। [৯] এবং তোমার ঘরের স্তম্ভের উপরে
ও তোমার দ্বারেতে তুমি সে সমস্ত লিখ। [১০]
এবং এমত হইবে তুমি যাহা গাঁথিলা না এমত
মহৎ ও সুন্দর নগর এবং তুমি যাহা পূর্ণ করি
লা না এমত সর্ব্বপ্রকার উত্তম দ্রব্যেতে পরিপূর্ণ
ঘর এবং তুমি যাহা খুদিলা না এমত খোদা
কূপ [১১] এবং তুমি যাহা রোপণ করিলা না
এমত দ্রাক্ষাক্ষেত্র ও জিতক্ষেত্র তোমাকে দেওনা
র্থে তোমার পিতৃগণ অবরাহামেরও য়িস্খাকের
ও য়অাকুবের প্রতি তোমার ঈশ্বর য়িহুহ যে দে
শের বিষয়ে দিব্য করিয়াছিলেন [১২] সে দেশ
তিনি তোমাকে আনয়ন করিলে যখন তুমি খাই
য়া তৃপ্ত হইবা তখন সাবধান হও পাছে মিসর
দেশহইতে অর্থাৎ দাসত্বাগারহইতে তোমাকে
বাহির করিয়া আনয়নকারি য়িহুহের বিষয়ে
তুমি ভুলিয়া যাও। [১৩] তুমি আপন ঈশ্বর
য়িহুহকে ভয় কর এবং তাঁহার সেবা এবং তাঁ
হার নামেতে দিব্য কর। [১৪] তোমরা কর
অন্য দেবেরদের অর্থাৎ তোমারদের চতুর্দ্দিকস্থ
লোকেরদের দেবেরদের পশ্চাৎগামী হইও না।

[১৫] যেহেতুক তোমার ঈশ্বর য়িহুহ তোমার
দের মধ্যে জ্বলনশীল ঈশ্বরই পাছে তোমার ঈ
শ্বর য়িহুহের ক্রোধ তোমার প্রতিকূলে প্রজ্বলিত
হয় এবং পৃথিবীহইতে তোমাকে বিনাশ করে।

[১৬] মাশাহে তোমরা যেমন তোমারদের
ঈশ্বর য়িহুহের পরীক্ষা লইলা তেমন তোমরা
তাঁহার পরীক্ষা লইও না। [১৭] এবং তিনি
তোমাকে যে সমস্ত আজ্ঞা বিধান করিলেন এ
মন তোমারদের ঈশ্বর য়িহুহের আজ্ঞা ও তাঁ
হার সাক্ষ্য ও তাঁহার বিধি তোমরা যত্নপূর্ব্বক
পালন কর। [১৮] এবং তুমি য়িহুহের দৃষ্টি
তে ধর্ম্ম এবং ভদ্রাচরণ কর যে তোমার মঙ্গল
হয় [১৯] এবং য়িহুহ যেমন কহিয়াছেন তদনু
সারে তোমরা আপনার সম্মুখহইতে আপন
শত্রুরদিগকে দূরকরণার্থে যে দেশবিষয়ে য়িহুহ
তোমার পিতারদের প্রতি দিব্য করিয়াছেন সে
উত্তম দেশে প্রবিষ্ট হইয়া অধিকার কর।

[২০] এবং ভাবি কালে তোমার পুত্র যখন
তোমাকে ইহা কহিয়া জিজ্ঞাসা করে যে আমার
দের ঈশ্বর য়িহুহ তোমারদিগকে যে সকল আ
জ্ঞা করিলেন সে সকল সাক্ষ্য ও বিধি ও বিচার
কি। [২১] তখন তুমি আপন পুত্রকে কহিবা
যে আমরা মিসরে ফরওহের দাস ছিলাম এবং
য়িহুহ পরাক্রান্ত হস্তদ্বারা আমারদিগকে মিসর
হইতে বাহির করিলেন। [২২] এবং আমারদের
চক্ষুর্গোচরে মিসরোপরি ও ফরওহের উপরি ও
তাহার সমস্ত পরিজনোপরি বৃহৎ অথচ ক্লেশ
দায়ক অদ্ভুত কার্য্য এবং চিহ্ন দর্শাইলেন [২৩]
এবং আমারদিগকে দেওনার্থে যে দেশবিষয়ে
তিনি আমারদের পিতারদের প্রতি দিব্য করিয়া
ছিলেন সে দেশমধ্যে আমারদিগকে আনয়না
র্থে তিনি সে স্থানহইতে আমারদিগকে বাহির
করিয়া আনিলেন। [২৪] এবং আজি যেমন
তেমন তিনি আমারদিগকে জীবদ্রূপে রক্ষা ক
রেন এ নিমিত্তে যে আমরা আপনারদের মঙ্গ
লার্থে সর্ব্বদা আমারদের ঈশ্বর য়িহুহকে ভয়
করি এতন্নিমিত্তে য়িহুহ এ সকল বিধি পালন ক
রিতে আমারদিগকে আজ্ঞা করিয়াছেন। [২৫]
এবং আমারদের ঈশ্বর য়িহুহ আমারদিগকে
যেমত আজ্ঞা করিয়াছেন তদনুসারে তাঁহার স
ম্মুখে এ সমস্ত আজ্ঞা আমরা পালন করিলে
তাহা আমারদের ধর্ম্ম হবে।

৭ পর্ব্ব।

[১] তুমি যে দেশাধিকার করিতে যাইতেছ
সে দেশে যখন তোমার ঈশ্বর য়িহুহ তোমাকে
আনান এবং তোমার সমক্ষহইতে অনেক জা
তিরদিগকে বাহির করিয়া দেন অর্থাৎ তোমাহ

ইতে বৃহৎ এবং বলবান বিশেষতঃ খিত্তীয় ও গি
রগাশীয় ও আমোরীয় ও কনআনীয় ও পিরী
জ্জীয় ও খিবীয় ও য়িবূশীয় এই সাত জাতিরদিগ
কে। [২] এবং যখন তোমার ঈশ্বর য়িহুহ তা
হারদিগকে তোমার সম্মুখে অর্পণ করিবেন ত
খন তুমি তাহারদিগকে মারিবা এবং নিঃশেষরূ
পে তাহারদের বিনাশ করিবা তুমি তাহারদের
সহিত কোন নিয়ম করিও না এবং তাহারদের
প্রতি অনুগ্রহ দর্শাইও না। [৩] এবং তাহারদের
সহিত বিবাহসম্বন্ধ করিও না এবং তাহার পুত্র
কে তুমি আপন কন্যা দিও না এবং আপন পু
ত্রের জন্যে তাহার কন্যাকে গ্রহণ করিও না [৪]
যেহেতুক তাহারা তোমার পুত্রকে অন্য দেবের
দের সেবাকরণার্থে আমার পশ্চাদ্গমনহইতে
ফিরাইবে তাহা হইলে য়িহুহের ক্রোধ তোমার
দের প্রতি প্রজ্বলিত হইয়া তোমাকে অদ্য সং
হার করিবে। [৫] কিন্তু এতদ্রূপে তোমরা তা
হারদের প্রতি ব্যবহার কর তোমরা তাহারদের
বেদি নাশ কর ও তাহারদের প্রতিমা ভাঙ্গিয়া
ফেল ও তাহারদের চৈত্যবৃক্ষ কাটিয়া ফেল এবং
তাহারদের ছাঁচুয়া প্রতিমা অগ্নি দিয়া পোড়াও।
[৬] কেননা তুমি আপন ঈশ্বর য়িহুহের উদ্দে
শে পবিত্র লোক পৃথিবীস্থ সকল লোকাপেক্ষা
আপনার বিশেষ লোকহওনের জন্যে তোমার
ঈশ্বর য়িহুহ তোমাকে মনোনীত করিয়াছেন।
[৭] তোমরা অন্য লোকাপেক্ষা সংখ্যাতে ব
হুলপ্রযুক্ত য়িহুহ তোমারদিগকে স্নেহ ও মনো
নীত করিলেন না যেহেতুক তোমরা সমস্ত লো
কাপেক্ষা অল্প। [৮] কিন্তু য়িহুহ তোমার
দিগকে স্নেহ করিলেন তৎপ্রযুক্ত এবং তোমার
পিতারদের প্রতি তিনি যে দিব্য করিয়াছিলেন
তাহা প্রতিপালন করিবেন এতৎপ্রযুক্তও তিনি
পরাক্রান্ত হস্তদ্বারা তোমারদিগকে বাহির করি
য়া আনিলেন এবং দাসত্বাগারহইতে অর্থাৎ
মিসররাজ ফরওহের হস্তহইতে তোমারদিগকে
মুক্ত করিলেন। [৯] অতএব জান যে য়িহুহ
তোমার ঈশ্বর তিনিই ঈশ্বর তাঁহাকে যে প্রেম
করে ও তাঁহার আজ্ঞা যে প্রতিপালন করে তা
হারদের সহিত তিনি সহস্রপুরুষপর্য্যন্ত নিয়ম ও
অনুগ্রহ পালনকারী। [১০] এবং যাহারা তাঁ
হাকে ঘৃণা করে তাহারদের সংহারার্থে তাহার
দের মুখামুখি প্রতিফলদাতা সত্যবাদি ঈশ্বরই
যাহারা তাঁহাকে ঘৃণা করে তাহারদের প্রতি তি
নি শ্লথ হইবেন না তিনি তাহার মুখ সাক্ষাৎ তা
হার প্রতিফল দিবেন। [১১] অতএব করিবার
কারণ আমি যাহা অদ্য তোমাকে আজ্ঞা করি
সে আজ্ঞা ও বিধি ও বিচার তুমি পালন কর।

[১২] তৎপ্রযুক্ত এমত হইবে এই বিচারে যদি
তোমরা অবধান কর এবং সে সকল পালন ক
রিয়া অনুষ্ঠান কর তবে তোমারদের ঈশ্বর য়িহুহ
যে নিয়ম ও অনুগ্রহ তোমার পিতারদের প্রতি
অঙ্গীকার করিয়াছিলেন সে সকল তোমার প্রতি
তিনি পালন করিবেন। [১৩] এবং তিনি তোমা
কে স্নেহ করিবেন ও তোমাকে আশীর্ব্বাদ করি
বেন ও তোমাকে বর্দ্ধমান করিবেন এবং তোমা
কে দেওনের নিমিত্তে তোমারদের প্রতি যে দেশ
বিষয়ে দিব্য করিয়াছিলেন তদ্দেশে তিনি তো
মার জরায়ুফলেতে ও তোমার ভূমির ফলেতে ও
তোমার শস্যেতে ও তোমার দ্রাক্ষারসেতে ও
তোমার তৈলেতে ও তোমার গোমেষাদিপালের
বাহুল্যেতেও আশীর্ব্বাদ করিলেন। [১৪] তুমি
সর্ব্বলোকাপেক্ষা আশীঃপ্রাপ্ত হইবা তোমার
মধ্যে কিম্বা তোমার পশুরদের মধ্যে পুরুষ কিম্বা
স্ত্রী বন্ধ্যা হইবে না। [১৫] এবং য়িহুহ তোমা
হইতে সমস্ত পীড়া দূর করিবেন এবং তোমাতে
জ্ঞাত মিসরের কোন দুষ্ট রোগ তোমার উপরে
দিবেন না কিন্তু যাহারা তোমাকে ঘৃণা করে তা
হারদের উপরে সে সমস্ত দিবেন। [১৬] এবং
তোমার ঈশ্বর য়িহুহ তোমার হস্তে যে সকল
লোকেরদিগকে অর্পণ করেন সে সকলেরদিগকে
তুমি সংহার কর তোমার চক্ষু তাহারদের উপরে
দয়াশীল না হউক এবং তুমি তাহারদের দেবের
সেবা করিও না যেহেতুক তাহা তোমার প্রতি
ফাঁদস্বরূপ। [১৭] যদি তুমি আপন অন্তঃকরণে
কহ এ জাতিরা আমাহইতে বহুপ্রজ অতএব
আমি তাহারদিগকে কি প্রকারে বিগতাধিকার
করিতে পারি। [১৮] তুমি তাহারদিগকে ভয় ক
রিও না কিন্তু তোমার ঈশ্বর য়িহুহ ফরওহের ও
তাবৎ মিসরের প্রতি যাহা করিয়াছিলেন [১৯]
এবং যদ্দ্বারা তোমার ঈশ্বর য়িহুহ তোমাকে বা
হির করিয়া আনিয়াছেন এমত তোমার চক্ষুতে
দৃষ্ট মহাপরীক্ষা ও চিহ্ন ও অদ্ভুত কর্ম্ম ও বিস্তীর্ণ
বাহু তুমি স্মরণ কর তুমি যাহারদিগকে ভয় কর
এমত তাবল্লোকেরদের প্রতি তোমার ঈশ্বর য়ি
হুহ তদ্রূপ করিবেন। [২০] তাহা ছাড়াও যাহা
রা অবশিষ্ট হইয়া তোমাহইতে আপনারদিগ
কে গোপন করে তাহারদের সংহার না হওয়া
পর্য্যন্ত য়িহুহ তোমার ঈশ্বর তাহারদের মধ্যে স্ত্রে
মরুল প্রেরণ করিবেন। [২১] তুমি তাহারদিগকে
দেখিয়া ভীত হইও না যেহেতুক তোমার মধ্যে
তোমার ঈশ্বর য়িহুহ বলবান ও ভয়ঙ্কর ঈশ্বর।
[২২] এবং তোমার ঈশ্বর য়িহুহ ঐ জাতিরদিগ
কে তোমার সমক্ষহইতে অল্পে২ দূর করিবেন
তুমি তাহারদিগকে এককালে সংহার করিবা না

পাছে বনপশু তোমার প্রতিকূলে বর্দ্ধিত হয়।
[২৩] কিন্তু য়িহুহ তোমার ঈশ্বর তাহারদিগকে
তোমার স্থানে অর্পণ করিবেন এবং যাবৎ তা
হারদের সংহার না হয় তাবৎ মহাসংহারেতে
তাহারদের সংহার করিবেন। [২৪] এবং তিনি
তাহারদের রাজবর্গেরদিগকে তোমার হস্তে অ
র্পণ করিবেন এবং তুমি তাহারদের নাম স্বর্গের
নীচহইতে লোপ কর তুমি যাবৎ তাহারদের
নাশ না করিবা তাবৎ কোন মনুষ্য তোমার সম্মু
খে দাঁড়ানে সমর্থ হইবে না। [২৫] তাহারদের
দেবেরদের ছাঁচুয়া প্রতিমা তুমি অগ্নি দিয়া পো
ড়াও তদূপরিস্থ রূপো কিম্বা স্বর্ণে তুমি লোভ
করিও না এবং আপনার জন্যে তাহা গ্রহণ
করিও না পাছে তুমি তাহাতে ফাঁদগ্রস্ত হও যে
হেতুক তাহা তোমার ঈশ্বর য়িহুহের প্রতি ঘৃণার্হ
[২৬] তুমি আপন গৃহে ঘৃণার্হ দ্রব্যও আনিও না
পাছে তুমি তাহার মত শাপগ্রস্ত হও তুমি তাহা
অতিশয় ঘৃণা কর এবং তুমি অতিশয় তুচ্ছ কর
কেননা তাহাই শপ্ত।

## ৮ পর্ব্ব।

[১] আমি আজি তোমাকে যে সকল বিধি
আজ্ঞা করি সে সকল আচরণার্থে তোমরা পা
লন কর যে তোমরা বাঁচ এবং বর্দ্ধিত হও এবং
যে দেশবিষয়ে তোমারদের পিতারদের প্রতি
য়িহুহ দিব্য করিয়াছিলেন সে দেশে তুমি প্রবিষ্ট
হইয়া তাহা অধিকার কর। [২] এবং তুমি
তাঁহার আজ্ঞা প্রতিপালন করিবা কি না এই বি
ষয়ে তোমার অন্তঃকরণ জানিবার জন্যে ও তো
মার পরীক্ষা লইবার জন্যে ও নম্র করিবার জন্যে
এই চল্লিশ বৎসর য়িহুহ তোমার ঈশ্বর অরণ্যে
তে তোমাকে যে সমস্ত পথে গতি করাইয়া
ছেন তাহা স্মরণ কর। [৩] এবং তিনি তোমা
কে নম্র করিলেন ও তোমাকে ক্ষুধিত হইতে দি
লেন এবং মনুষ্য যে রুটিমাত্রে বাঁচে না কিন্তু
য়িহুহের মুখনির্গত প্রত্যেক বাক্যেতে মনুষ্য বাঁ
চে ইহা তোমাকে জানাইবার জন্যে তুমি যাহা
জানিলা না ও তোমার পিতারা যাহা জানিল না
এমত যে মান্না তাহা দিয়া তিনি তোমাকে প্রতি
পালন করিলেন। [৪] এই চল্লিশ বৎসর তো
মার বস্ত্র তোমার গায়ে জীর্ণ হইল না এবং তো
মার পাও ফুলিল না। [৫] এবং তুমি আপন
অন্তঃকরণে আলোচনা কর যে যেমন মনুষ্য আ
পন পুত্রকে শাসন করে তেমন য়িহুহ তোমার
ঈশ্বর তোমাকে শাসন করেন। [৬] অতএব তো
মার ঈশ্বর য়িহুহকে ভয়করণার্থে এবং তাঁহার
পথে চলনার্থে তুমি তাঁহার আজ্ঞা প্রতিপালন
কর। [৭] যেহেতুক য়িহুহ তোমার ঈশ্বর তোমা
কে গুহা ও পর্ব্বতনির্গত জলাশয় ও স্রোতোযুক্ত
সজলনদীবিশিষ্ট উত্তম দেশে [৮] এবং গোধূম
ও যব ও দ্রাক্ষা ও উডুম্বর ও দাড়িম্বযুক্ত দেশে ও
জিত তৈল ও মধূৎপাদক দেশে [৯] ও যে দে
শে অদুর্লভ্যপূর্ব্বক খাইবা ও যে দেশে তোমার
কোন বস্তুর অভাব হইবে না ও যে দেশের প্র
স্তর লৌহ ও যাহার পর্ব্বতহইতে তুমি পিত্তল খু
দিবা এমত দেশে তোমাকে আনেন [১০] তুমি
খাইয়া তৃপ্ত হইলে তোমার ঈশ্বর য়িহুহ তোমা
কে যে দেশ দিলেন তদুত্তম দেশপ্রযুক্ত তুমি তাঁ
হাকে ধন্যবাদ করিবা [১১] সাবধান হও আমি
আজি তোমাকে যে আজ্ঞা দি তোমার ঈশ্বর য়ি
হুহের সে আজ্ঞা ও বিচার ও বিধিপালন না ক
রণে তুমি তাহাকে ভুলিও না। [১২] পাছে তুমি
খাইয়া পরিতৃপ্ত হইলে এবং উত্তম গৃহগ্রন্থন করি
য়া তাহাতে বাস করিলে। [১৩] এবং তোমার
গোমেষাদি পাল বৃদ্ধি পাইলে এবং তোমার
স্বর্ণ ও রূপ্য বর্দ্ধিত হইলে ও তোমার সর্ব্বস্ব বৃদ্ধি
পাইলে [১৪] তোমার অন্তঃকরণ অহঙ্কারী হয়
এবং মিসরদেশহইতে অর্থাৎ দাসত্বাগারহইতে
তোমার বহিষ্কারি [১৫] এবং বিষধরসর্প ও
বিছা সেবিত ও জলরহিত মরুস্থানবিশিষ্ট মহৎ
এবং ভয়ঙ্কর অরণ্যের মধ্য দিয়া তোমাকে আন
য়নকারি এবং তোমার কারণ অগ্নিপ্রস্তরময় প
র্ব্বতহইতে জল বহিষ্কারি [১৬] এবং তোমার
শেষাবস্থায় তোমার মঙ্গল হইবার নিমিত্তে তো
মার পরীক্ষার্থে যাহা তোমার পিতারা চিনিল
না এমত যে মান্না তদ্দ্বারা তোমাকে নম্রকরণার্থে
তোমার প্রতিপালনকারি তোমার ঈশ্বর য়িহুহকে
তুমি ভুল। [১৭] এবং পাছে তুমি আপন
অন্তঃকরণে কহ যে আমার প্রভাব ও বাহুবল
আমার এ সম্পত্তি উৎপন্ন করিয়াছে। [১৮]
কিন্তু তুমি আপন ঈশ্বর য়িহুহকে স্মরণ করিবা কে
ননা তোমার পিতারদের প্রতি আপন যে নিয়
মের বিষয়ে তিনি দিব্য করিয়াছিলেন তাহা অদ্য
যদ্রূপ তদ্রূপ স্থির করণনিমিত্তে তিনি ধনপ্রাপণা
র্থে তোমাকে সামর্থ্য দেন। [১৯] অপর এমত
হইবে যদি তুমি কোন প্রকারে আপন ঈশ্বর য়িহু
হকে বিস্মৃত হইয়া অন্য দেবেরদের অনুগামী
হও এবং তাহারদের সেবা কর তবে তোমার
প্রতিকূলে অদ্য আমি সাক্ষ্য দি যে তোমরা অব
শ্য বিনষ্ট হইবা। [২০] তোমার সম্মুখে য়িহুহ
যে জাতিরদিগকে নষ্ট করেন তাহারদের মত
তোমরা নষ্ট হইবা যেহেতুক তোমরা আপন
ঈশ্বর য়িহুহের বাক্যানুগত হইতে চাহিলা না।

## ৯ পর্ব্ব।

[১] হে য়িশ্রাএল অবধান কর তোমাহইতে

বৃহৎ অথচ বলবান জাতিরদিগকে বৃহৎ এবং
স্বর্গপর্য্যন্ত প্রাচীরেতে বেষ্টিত নগরকে। [২]
অর্থাৎ যাহারদের বিষয়ে তুমি জ্ঞাত আছ এবং
শুনিয়াছি যে অনাকের সন্তানেরদের সম্মুখে কে
দাঁড়াইতে পারে এমত বৃহৎ এবং দীর্ঘকায় জন
তা অনাকের সন্তানেরদিগকে অধিকার করণা
র্থে প্রবেশের জন্যে আজি তোমার য়রদন পার
হইতে হইবে। [৩] অতএব আজি জ্ঞাত হও
যে যিনি তোমারদের অগ্রগামী হইয়া পার হই
বেন তিনি দাহকাগ্নিস্বরূপ তোমার ঈশ্বর য়িহুহই
তিনি তাহারদের সংহার করিবেন এবং তিনি
তোমার সম্মুখে তাহারদিগকে খাট করিবেন
যে যেমন য়িহুহ তোমাকে কহিয়াছেন তেমন
তুমি তাহারদিগকে তাড়িয়া বাহির করিবা এবং
শীঘ্র তাহারদের বিনাশ করিবা। [৪] তোমার
ঈশ্বর য়িহুহ তোমার সম্মুখহইতে তাহারদিগকে
বাহির করিয়া দিলে পর তুমি আপন অন্তঃকর
ণে ইহা কহিও না যে আমার ধর্ম্মপ্রযুক্ত য়িহুহ
এ দেশ অধিকার করিতে আমাকে অভ্যন্তরে
আনিয়াছেন যেহেতুক এ জাতিরদের অধর্ম্ম
প্রযুক্ত য়িহুহ তোমার সম্মুখহইতে তাহারদিগকে
বাহির করেন। [৫] তোমার ধর্ম্মপ্রযুক্ত ও তো
মার অন্তঃকরণের সারল্যপ্রযুক্তও তুমি তাহার
দের দেশাধিকার করিতে যাও না কিন্তু এ জাতির
দের দুষ্টতাপ্রযুক্ত এবং তোমার পিতৃলোক অ
বরাহামের ও য়িস্‌হাকের ও য়অকুবের প্রতি
য়িহুহ দিব্য করিয়া যে বাক্য কহিয়াছিলেন তদ্বা
ক্যসম্পূরণার্থে তোমার ঈশ্বর য়িহুহ তোমার স
ম্মুখহইতে তাহারদিগকে বাহির করেন। [৬]
অতএব জ্ঞাত হও যে তোমার ধর্ম্মপ্রযুক্ত তো
মার ঈশ্বর য়িহুহ এই উত্তম দেশ তোমাকে অধি
কারার্থে দেন না কেননা তুমি এক ঠেঁটা জনতা।

[৭] অরণ্যেতে তোমার ঈশ্বর য়িহুহকে তুমি
যেরূপ ক্রুদ্ধ করিয়াছিলা ইহা স্মরণ কর বি
স্মৃত হইও না তুমি যে দিবসে মিস্‌রদেশহইতে
বাহির হইয়াছিলা সে দিবসাবধি করিয়া এ স্থা
নে আগমনপর্য্যন্ত তোমরা য়িহুহের প্রতিকূলে
অতিক্রামক হইয়াছ। [৮] খোরেবেও তোমরা
য়িহুহকে ক্রুদ্ধ করিলা তাহাতে তোমারদের না
শার্থে য়িহুহ তোমারদের প্রতি ক্রুদ্ধ ছিলেন।
[৯] আমি যখন প্রস্তরের তক্তা অর্থাৎ তোমার
দের সহিত য়িহুহ যে নিয়ম করিলেন তন্নিয়মের
তক্তাগ্রহণার্থে পর্ব্বতারোহণ করিলাম তখন
আমি চাল্লিশ দিবস ও চাল্লিশ রাত্রি পর্ব্বতে রহি
লাম আমি অন্ন খাইলাম না এবং জলপান
করিলাম না। [১০] এবং ঈশ্বরাঙ্গুলিতে লিখিত
প্রস্তরের দুই তক্তা য়িহুহ আমাকে অর্পণ করি
লেন এবং সমাগমদিবসে পর্ব্বতে অগ্নিমধ্যহই
তে য়িহুহ তোমারদিগকে যাহা কহিলেন তদ্বাহ
বাক্যানুসারে তাহার উপরে লিখিত ছিল।
[১১] অপর এমত হইল চল্লিশ দিবস ও চল্লিশ
রাত্রি সমাপ্ত হইলে য়িহুহ ঐ দুই প্রস্তরের তক্তা
অর্থাৎ নিয়মের তক্তা আমাকে দিলেন। [১২]
এবং য়িহুহ আমাকে কহিলেন উঠ এ স্থানহইতে
নামিয়া যাও যেহেতুক যে লোকেরদিগকে তুমি
মিস্‌রহইতে বাহির করিয়া আনিয়াছ তাহারা
দুষ্ট আমি তাহারদিগকে যে পথ আজ্ঞা করিয়া
ছিলাম তাহাহইতে তাহারা শীঘ্র বহির্ভূত হইয়া
ছে তাহারা আপনারদের কারণ ছাঁচুয়া প্রতিমা
নির্ম্মাণ করিয়াছে। [১৩] অপর এ কথা কহি
য়া য়িহুহ আমাকে আরো কহিলেন আমি এ
জনতাকে দেখিয়াছি এবং দেখ সে এক ঠেঁটা
জনতা। [১৪] আমাকে ক্ষমা দেও যে আমি
তাহারদের সংহার করি এবং স্বর্গের নীচহইতে
তাহারদের নাম লোপ করি এবং তোমাকে
আমি তাহারদিগহইতে বলবত্তর ও বৃহত্তর জাতি
করিব। [১৫] তাহাতে আমি ফিরিয়া পর্ব্বত
হইতে নামিয়া আইলাম এবং ঐ পর্ব্বত অগ্নিতে
প্রজ্বলিত ছিল এবং আমার দুই হস্তে নিয়মের
দুই তক্তা। [১৬] পরে আমি দৃষ্টি করিয়া
দেখিলাম এবং দেখ তোমরা আপন ঈশ্বর য়ি
হুহের প্রতিকূলে পাপ করিয়াছিলা ও আপনার
দের কারণ ছাঁচুয়া বাছুর নির্ম্মাণ করিয়াছিলা
য়িহুহ যে পথ তোমারদিগকে আজ্ঞা করিয়াছি
লেন তাহাহইতে তোমরা অতিশীঘ্র বহির্ভূত
হইয়াছিলা। [১৭] এবং আমি সে দুই তক্তা
গ্রহণ করিয়া আপন দুই হস্তহইতে ফেলিয়া
দিয়া তোমারদের দৃষ্টিতে তাহা ভাঙ্গিয়া ফেলি
লাম। [১৮] এবং প্রথমেতে যেমত সেমত আ
মি চল্লিশ দিবস ও চল্লিশ রাত্রি য়িহুহের সম্মুখে
উবুড় হইয়া পড়িলাম য়িহুহকে ক্রুদ্ধ করিবার
জন্যে তাঁহার দৃষ্টিতে কুকর্ম্মকরণেতে তোমরা
যে পাপ করিয়াছিলা তোমারদের সে সকল
পাপপ্রযুক্ত আমি অন্ন খাইলাম না ও জলপা
ন করিলাম না। [১৯] যেহেতুক তোমারদিগকে
নাশ করিতে য়িহুহ যে ক্রোধেতে এবং অতিশয়
উষ্ণতাতে তোমারদের প্রতিকূলে ক্রুদ্ধ ছিলেন
তাহাতে আমি ভীত হইলাম কিন্তু য়িহুহ সে
সময়েও আমার কথায় কর্ণ দিলেন। [২০]
এবং য়িহুহ আহরোণকে নষ্ট করিতে তাহার প্র
তি অতিশয় ক্রুদ্ধ ছিলেন এবং আমি সে সময়ে
আহরোণের কারণও প্রার্থনা করিলাম। [২১]
এবং আমি তোমারদের পাপ অর্থাৎ তোমরা
যে বাছুর নির্ম্মাণ করিয়াছিলা তাহা আমি

লইয়া অগ্নিতে পোড়াইলাম ও তাহা পেষণ
দ্বারা চূর্ণ করিলাম এবং ধূলিবৎ অতিশয় সূক্ষ্ম
না হওনপর্য্যন্ত চূর্ণ করিলাম এবং পর্ব্বতহইতে
নির্গত নদীতে আমি তাহার ধূলি ফেলিয়া দি
লাম। [২২] এবং তাবেরাহে ও মাশাহে ও
কিবরোতহাত্তাবাহে তোমরা য়িহুহকে ক্রুদ্ধ
করিলা। [২৩] অপর যখন য়িহুহ কাদেশবার্
নেআহইতে তোমারদিগকে ইহা কহিয়া প্রেরণ
করিলেন যে উঠিয়া যাও এবং তোমারদিগকে
আমি যে দেশ দিয়াছি তাহা অধিকার কর তখন
তোমরা আপন ঈশ্বর য়িহুহের আজ্ঞাতিক্রম
করিলা এবং তাঁহাকে প্রত্যয় করিলা না ও তাঁ
হার কথায় অবধান করিলা না। [২৪] যে দি
বসাবধি করিয়া আমি তোমারদিগকে জানিয়া
ছি সে দিবসাবধি করিয়া তোমরা য়িহুহের প্রতি
কূলে অতিক্রামক হইয়াছ। [২৫] এতদ্রূপে
প্রথমে যেমত উবুড় হইয়া পড়িয়াছিলাম সেমত
আমি য়িহুহের সম্মুখে চল্লিশ দিবস ও চল্লিশ
রাত্রি পড়িয়া রহিলাম যেহেতুক য়িহুহ কহিয়া
ছিলেন যে তিনি তোমারদিগকে নষ্ট করিবেন।
[২৬] অতএব আমি য়িহুহের নিকটে প্রার্থনা
করিয়া কহিলাম হে ঈশ্বর য়িহুহ পরাক্রান্ত হস্তে
তে মিসরহইতে তুমি আপন অধিকাররূপ আ
পন যে লোকেরদিগকে বাহির করিয়া আনি
য়াছ ও আপন মহাত্ম্যতে মুক্ত করিয়াছ তা
হারদিগকে নষ্ট না করুন। [২৭] তোমার দাস
যে অবরাহাম ও য়িস্‌খাক ও য়আকুব তাহার
দিগকে স্মরণ করুন এ লোকেরদের কঠিনতার
প্রতি ও ইহারদের দুষ্টতার প্রতি ও ইহারদের
পাপপ্রতি দৃষ্টি না করুন। [২৮] পাছে যে দেশ
হইতে তুমি আমারদিগকে বাহির করিয়া আনি
লা সে দেশস্থেরা কহে যে য়িহুহ যে দেশবিষয়ে
তাহারদের প্রতি দিব্য করিয়াছিলেন সে দেশে
তাহারদিগকে আনয়নে অসমর্থহওয়াপ্রযুক্ত
এবং তাহারদিগকে ঘৃণা করিলেন তৎপ্রযুক্ত তি
নি তাহারদিগকে অরণ্যে মারিতে বাহির করিয়া
আনিলেন। [২৯] তথাপি যাহারদিগকে তুমি
আপন মহাবলেতে এবং আপন বিস্তীর্ণ বাহু
তে বাহির করিয়া আনিলা এমত তাহারাই তো
মার লোক এবং অধিকার।

১০ পর্ব্ব।

[১] সে কালে য়িহুহ আমাকে কহিলেন
প্রথম দুই প্রস্তরতক্তার মত তুমি দুই তক্তা নি
র্ম্মাণ কর এবং পর্ব্বতে আমার নিকটে উঠিয়া
আইস এবং কাষ্ঠের এক সিন্দুক নির্ম্মাণ কর।
[২] এবং তোমাকর্ত্তৃক ভগ্ন প্রথম তক্তাতে যে২
বাক্য ছিল তাহা আমি এ তক্তার উপরে লিখিব
এবং তুমি সে সকল সিন্দুকে রাখিবা। [৩]
পরে আমি শিটিম কাষ্ঠের এক সিন্দুক নির্ম্মাণ
করিলাম এবং প্রথমের মত দুই প্রস্তরের তক্তা
নির্ম্মাণ করিয়া ঐ দুই তক্তা হস্তে করিয়া পর্ব্বতা
রোহণ করিলাম। [৪] এবং প্রথম লিখনানুসা
রে তিনি তক্তার উপরে লিখিলেন অর্থাৎ সমা
গমদিবসে য়িহুহ পর্ব্বতে অগ্নিমধ্যহইতে যে দশ
আজ্ঞা তোমারদিগকে কহিয়াছিলেন তৎপরে
য়িহুহ তাহা আমাকে দিলেন। [৫] অপর
আমি ফিরিয়া পর্ব্বতহইতে নামিয়া আইলাম
এবং আমি যে সিন্দুক নির্ম্মাণ করিয়াছিলাম
তাহাতে সে দুই তক্তা রাখিলাম এবং যে মত
য়িহুহ আমাকে আজ্ঞা করিয়াছিলেন সেমত সে
গুলি সে স্থানে আছে।

[৬] অপর য়িশ্‌রাএলের সন্তানেরা য়অকা
নের সন্তানেরদের বিএরোতহইতে মোসেরাহ
যাত্রা করিল সেস্থানে আহরোণ মরিল এবং
সেস্থানে তাহার কবর হইল এবং তাহার পুত্র
এলিএজের তাহার পদে যাজকতাকার্য্য করিল।
[৭] সেস্থানহইতে তাহারা গুদ্‌গোদাহে যাত্রা
করিল এবং গুদ্‌গোদাহ্‌হইতে সজল নদীবিশিষ্ট
দেশ যে য়োটবাত তাহাতে গেল।

[৮] সেকালে অদ্যপর্য্যন্ত য়িহুহের নিয়মের
সিন্দুক বহনার্থে য়িহুহের সেবা করিবার নিমিত্তে
তাঁহার সাক্ষাৎ দাঁড়াওনার্থে এবং তাঁহার নামে
আশীর্ব্বাদ দেওনার্থে য়িহুহ লেবির বংশকে পৃ
থক্ করিলেন [৯] অতএব আপন ভ্রাতারদের
মধ্যে লেবির কোন অংশ কিম্বা অধিকার নাই
তোমার ঈশ্বর য়িহুহ তাহাকে যেমত অঙ্গীকার
করিয়াছিলেন সেমত য়িহুহই তাহার অধিকার।
[১০] এবং প্রথম সময়ের মত আমি চল্লিশ
দিবস ও চল্লিশ রাত্রি পর্ব্বতে রহিলাম এবং
য়িহুহ সে সময়েও আমার কথায় কর্ণ দিলেন
য়িহুহ তোমাকে নষ্ট করিলেন না। [১১] অপর
য়িহুহ আমাকে কহিলেন উঠ জনতাকে যে
দেশ দিতে আমি তাহারদের পিতৃলোকেরদের
প্রতি দিব্য করিয়াছিলাম সে দেশে তাহারা যাই
য়া অধিকার করে এনিমিত্তে তুমি তাহারদের
অগ্রগামী হইয়া যাত্রা কর।

[১২] অতএব এখন হে য়িশ্‌রাএল তোমার
মঙ্গলের নিমিত্তে আমি তোমাকে আজি যাহা২
আজ্ঞা করিয়াছি বিশেষতঃ তোমার ঈশ্বর য়িহু
হকে ভয়করণ তাঁহার সকল পথে চলন তাঁহারে
প্রেমকরণ তোমার সমস্ত অন্তঃকরণের ও তো
মার সমস্ত মনের সহিত তোমার ঈশ্বর য়িহুহের
সেবাকরণ [১৩] য়িহুহের আজ্ঞা ও তাঁহার বি
ধিপালন এতদ্ব্যতিরেকে য়িহুহ তোমার ঈশ্বর

তোমার স্থানে আর কি চাহেন। [১৪] দেখ
স্বর্গ ও স্বর্গেরদের স্বর্গ এবং পৃথিবী ও তাহার
যে কিছু সে সকল তোমার ঈশ্বর য়িহুহের। [১৫]
কেবল তোমার পিতৃলোকেরদের প্রতি স্নেহপ্র
যুক্ত য়িহুহ তাহারদের বিষয়ে তুষ্ট ছিলেন এবং
তাহারদের পরে তাহারদের বংশকে অর্থাৎ
অদ্য যেমত সেমত তিনি সর্ব্বলোকাপেক্ষা তো
মারদিগকে মনোনীত করিলেন। [১৬] অতএব
তোমারদের অন্তঃকরণের অগ্রত্বক্ ছেদন কর এবং
ইহার পর তোমরা আর ঠেটা হইও না। [১৭]
যেহেতুক তোমারদের ঈশ্বর য়িহুহই ঈশ্বরের
দের ঈশ্বর ও প্রভুরদের প্রভু মনুষ্যেরদের মুখা
নপেক্ষী এবং দানাগ্রাহী শক্তিমান ও ভয়ঙ্কর
বৃহদীশ্বর। [১৮] তিনি পিতৃহীনেরদের ও বিধ
বারদের বিচার নিষ্পন্ন করেন এবং ভক্ষ্যবস্ত্র
দানদ্বারা বিদেশিকে প্রেম করিতেছেন। [১৯]
অতএব বিদেশিকে প্রেম কর কেননা তোমরা মি
সরদেশে বিদেশী ছিলা। [২০] তোমার ঈশ্বর
য়িহুহকে তুমি ভয় কর তুমি তাঁহার সেবা কর
এবং তাঁহাতে তুমি দৃঢ়গ্রাহী হও এবং তাঁহার
নামেতে দিব্য কর। [২১] তিনিই তোমার প্রশং
সা এবং তোমার চক্ষুঃকর্ত্তৃক দৃষ্ট তোমার নিমি
ত্তে কৃত এই মহতী ও ভয়ঙ্কর ক্রিয়াকারি তো
মার ঈশ্বরই। [২২] তোমার পিতৃরা সর্ব্বসুদ্ধ
সত্তরি জন মিসরে উত্তীর্ণ হইল কিন্তু এখন তো
মার ঈশ্বর য়িহুহ সংখ্যাতে তোমাকে আকা
শের তারার মত বাড়াইয়াছেন।

## ১১ পৰ্ব্ব।

[১] অতএব তুমি সর্ব্বদা তোমার ঈশ্বর য়িহু
হকে প্রেম কর ও তাঁহার পালনীয় ও তাঁহার
বিধি ও তাঁহার বিচার ও তাঁহার আজ্ঞাপালন
কর। [২] এবং তোমরা আজি জ্ঞাত হও যে
হেতুক তাঁহার মহিমা ও তাঁহার পরাক্রান্ত হস্ত
ও তাহার বিস্তৃত বাহু ও তাঁহার আশ্চর্য্য [৩] এ
বং মিসর মধ্যে মিসররাজ ফরওহের প্রতি ও তা
হার সমস্ত দেশের প্রতি কৃত তাহার কার্য্য [৪]
এবং মিসরীয় সৈন্যের প্রতি ও তাহারদের অ
শ্বেরদের প্রতি ও তাহারদের রথের প্রতি বিশে
ষতঃ তাহারা তোমারদের পশ্চাৎ তাড়িয়া
আইসন সময়ে তিনি যে রূপে সূফার্ণবের জল
তাহারদের উপরে বহাইলেন এবং য়িহুহ তা
হারদিগকে অদ্যপর্য্যন্ত নষ্ট করিয়াছেন। [৫]
এবং এস্থানে তোমারদের আগমনপর্য্যন্ত তো
মারদের জন্যে তিনি অরণ্যেতে যাহা২ করিলেন
[৬] এবং রিউবেণের পুত্র এলিআবের সন্তান
যে দাতান এবং আবিরাম তাহারদের প্রতি তি
নি যাহা করিলেন বিশেষতঃ পৃথিবী যেরূপ করি
য়া আপন মুখ ব্যাদান করিয়া তাহারদিগকে ও
তাহারদের পরিজনেরদিগকে ও তাহারদের তাম্বু
ও তাবৎ য়িশ্রাএলের মধ্যে তাহারদের অধিকৃত
সমস্ত সম্পত্তিকে গ্রাস করিল [৭] তোমার ঈশ্বর
য়িহুহেতে কৃত এই সকল দণ্ড দেখিল না ও জা
নিল না এমত যে তোমারদের সন্তান তাহারদের
প্রতি আমি জানাই না। কিন্তু য়িহুহকর্ত্তৃক কৃত তাঁ
হার সমস্ত বৃহৎ কর্ম্ম তোমারদের চক্ষু দেখিয়া
ছে। [৮] অতএব তোমরা যে সমর্থ হও এবং
যে দেশ অধিকার করিতে তোমরা যেস্থানে যাই
তেছ সে দেশ অধিকার কর [৯] এবং যে দেশ
অর্থাৎ দুগ্ধমধুপ্রবাহি দেশ য়িহুহ তোমারদের
পিতৃলোকেরদিগকে ও তাহারদের বংশকে দি
তে তাহারদের প্রতি দিব্য করিয়াছিলেন সে দে
শেতে যে তোমারদের বহুকাল স্থিতি হয় এত
ন্নিমিত্তে আজি আমি তোমারদিগকে যে সকল
আজ্ঞা করি সে সকল আজ্ঞা তোমরা পালন
কর।

[১০] যেহেতুক যে দেশ অধিকার করিতে তো
মরা যাইতেছ তাহা তোমরা যে দেশহইতে বা
হির হইয়া আইলা ও যে স্থানে তুমি বীজ বুনি
লা ও তাহাতে শাকের উদ্যানের মত পাদদ্বারা
জল সেচিলা এমত যে মিসরদেশ তাহার মত নয়।
[১১] কিন্তু যে দেশ তোমরা অধিকার করিতে
যাইতেছ সে দেশ পর্ব্বতময় ও তলভূমিময় ও
আকাশের বৃষ্টি পানকারী। [১২] সে দেশনি
মিত্তে তোমার ঈশ্বর য়িহুহ চেষ্টা পান বৎসরের
প্রথমাবধি বৎসরের শেষপর্য্যন্ত তোমার ঈশ্বর
য়িহুহের দৃষ্টি তদুপরি নিত্য থাকে।

[১৩] এবং এমত হইবে তোমার সর্ব্বান্তঃকর
ণের ও তোমার সমস্ত মনের সহিত তোমার
ঈশ্বর য়িহুহকে প্রেমকরণার্থে ও তাঁহার সেবা
করণার্থে আমি আজি তোমারদিগকে যে আ
জ্ঞা করি তাহাতে যদি তোমরা সাবধানপূর্ব্বক
মনোযোগ দেও। [১৪] তবে উপযুক্ত কালে
আমি দেশের প্রথম ও শেষ বৃষ্টি দিব যে তুমি
আপন শস্য ও আপন দ্রাক্ষারস ও আপন
তৈলসংগ্রহ কর। [১৫] এবং তোমার পশুর
দের নিমিত্তে আমি তোমার ক্ষেত্রে ঘাস দিব যে
তুমি ভক্ষণ করিয়া তৃপ্ত হও। [১৬] তোমরা
আপনারদের বিষযে সাবধান হও যে তোমার
দের মন ভ্রান্ত না হয় তাহাতে তোমরা পথ ছা
ড়িয়া অন্য দেবেরদের সেবা কর ও তাহারদিগ
কে প্রণাম কর। [১৭] এবং য়িহুহের ক্রোধ
তোমারদের প্রতিকূলে প্রজ্বলিত হয় এবং তিনি
আকাশ রোধ করেন যে বৃষ্টি না হয় ও ভূমি
আপন শস্য উৎপন্ন না করে এবং য়িহুহ যে

উত্তম দেশ তোমারদিগকে দেন তদুপরহইতে
তোমরা ত্বরা নষ্ট হও।
[১৮] অতএব তোমরা আপনারদের অন্তঃ
করণে ও আপনারদের মনেতে আমার এই বা
ক্য তুলিয়া রাখিবা এবং চিহ্নের কারণ তোমার
দের হস্তোপরি সে সকল বদ্ধ করিবা যে তোমার
দের চক্ষুর্মধ্যস্থলে সে সমস্ত কপালালঙ্কারবৎ
হয়। [১৯] এবং আপন উপবেশনসময়ে ও
পথে গমনসময়েও শয়নসময়ে ও গাত্রোত্থান
সময়ে সে সকল বিষয়ে ব্যাখ্যা করত তোমরা
আপনারদের সন্তানেরদিগকে সে সকল শিক্ষা
করাও। [২০] এবং তুমি আপনার ঘরের দ্বার
পার্শ্বস্থ কাষ্ঠোপরি ও তোমার দ্বারোপরি সে
সমস্ত লিখিবা [২১] যে যে ভূমি তোমারদের পি
তৃলোকেরদিগকে দেওনার্থে যিহুহ তাহারদের
প্রতি দিব্য করিয়াছিলেন সে ভূমির উপরে তো
মারদের দিবস ও তোমারদের সন্তানেরদের দি
বস স্বর্গের দিবসের ন্যায় পৃথিবীতে বর্দ্ধিত হয়।
[২২] যেহেতুক আপনারদের ঈশ্বর যিহুহকে
প্রেমকরণার্থে তাঁহার সমস্ত পথে চলনার্থে তাঁ
হাতে দৃঢ়রূপে সংলগ্নহওনার্থে আমি যে সমস্ত
আজ্ঞা তোমারদিগকে বিধান করিয়াছি সে স
মস্ত যদি তোমরা যত্নপূর্ব্বক পালন কর। [২৩]
তবে যিহুহ তোমারদের সম্মুখহইতে এই সমস্ত
জাতিরদিগকে তাড়িয়া বাহির করিবেন এবং তো
মরা আপনারদিগহইতে বৃহৎ এবং বলবজ্জাতি
রদিগকে অধিকার করিবা। [২৪] তোমারদের
পদতল যে সমস্ত স্থানে পড়ে সে প্রত্যেক স্থান
তোমারদের হইবে বিশেষতঃ অরণ্যহইতে এবং
লিবানোনহইতে এবং নদীহইতে অর্থাৎ ফরাৎ
নদীহইতে অতিপ্রান্তস্থ সমুদ্রপর্য্যন্ত তোমারদের
সীমা হইবে। [২৫] তোমার সম্মুখে কোন
মনুষ্য দাঁড়ানে সমর্থ হইবে না তোমারদের
ঈশ্বর যিহুহ যেমন তোমারদিগকে কহিয়াছেন
তেমন যে দেশে তোমরা পাদবিক্ষেপ করিবা ত
ত্তাবদ্দেশোপরি তিনি তোমারদের বিষয়ি ভয়
ও তোমারদের বিষয়ি আশঙ্কা রাখিবেন।
[২৬] দেখ আমি আজি তোমারদের সম্মুখে
আশীর্ব্বাদ ও শাপ রাখি [২৭] আজি আমি
তোমারদের প্রতি যাহা আজ্ঞা করি সে তোমার
দের ঈশ্বর যিহুহের আজ্ঞা যদি তোমরা মান
তবে আশীর্ব্বাদ [২৮] এবং তোমারদের ঈশ্বর
যিহুহের আজ্ঞা যদি তোমরা না মান কিন্তু তো
মারদের প্রতি আমি আজি যে পথ আজ্ঞা করি
য়াছি যদি তোমারদিগেতে অজ্ঞাত অন্য দেবের
দের পশ্চাদ্গমনার্থে তাহা ছাড়িয়া যাও তবে
শাপ। [২৯] এবং এমত হইবে তুমি যে দেশ
অধিকার করিতে যাইতেছ সে দেশে যখন তো
মার ঈশ্বর যিহুহ তোমাকে প্রবেশ করাইবেন ত
খন তুমি গিরিজীম পর্ব্বতোপরি আশীর্ব্বাদ এবং
এবালপর্ব্বতোপরি শাপ রাখিবা। [৩০] তাহা
কি যরদন ওপারে সূর্য্যাস্ত পথসমীপে গিলগা
লের সম্মুখস্থ সমভূমিনিবাসি কনআনীয়েরদের
দেশে মোরেহমাঠের নিকটে নয়। [৩১] যেহে
তুক তোমারদের ঈশ্বর যিহুহ যে দেশ অধিকারা
র্থে তোমারদিগকে দেন সে দেশে প্রবেশকরণের
নিমিত্তে তোমরা যরদন পার হইয়া যাইবা এবং
তাহা অধিকার করিবা এবং তাহাতে বাস করি
বা। [৩২] এবং তোমারদের সম্মুখে আমি
আজি যে সমস্ত আজ্ঞা ও বিচার রাখি সে স
কল পালনবিষয়ে তোমরা মনোযোগ দিবা।

## ১২ পর্ব্ব।

[১] পৃথিব্যুপরি তোমরা যত দিবস বাঁচিবা
সে সমস্ত দিবস তোমার পিতৃলোকেরদের ঈশ্বর
যিহুহ যে দেশ অধিকার করিতে তোমাকে দেন
সে দেশে মাননার্থে যে২ ব্যবস্থা ও বিধিতে তো
মরা মনোযোগ দিবা তাহা এই২। [২] তোম
রা যে জাতিরদিগকে অধিকার করিবা তাহারা
উচ্চপর্ব্বতোপরি ও টিকরোপরি ও প্রত্যেক তেজ
স্বি বৃক্ষের নীচে যে২ স্থানে আপন দেবেরদের
সেবা করিয়াছে সে২ স্থান তোমরা নিঃশেষরূপে
নষ্ট কর [৩] এবং তোমরা তাহারদের বেদি উ
ল্টিয়া ফেল ও তাহারদের প্রতিমা ভাঙ্গিয়া ফেল
তাহারদের চৈত্য অগ্নি দিয়া দাহ কর এবং তা
হারদের দেবেরদের ছাঁচুয়া প্রতিমারদিগকে
তোমরা ছেদন কর এবং তৎস্থানহইতে তাহার
দের নাম লোপ কর। [৪] তোমারদের ঈশ্বর
যিহুহের প্রতি তোমরা সেমত করিও না। [৫]
কিন্তু স্বনামরক্ষার্থে তোমারদের ঈশ্বর যিহুহ
তোমারদের তাবদ্বংশেরদের মধ্যে যে স্থান ম
নোনীত করেন সেস্থান অর্থাৎ তাঁহার নিবাস
স্থান অন্বেষণ কর এবং সে স্থানে তুমি আইস।
[৬] এবং সে স্থানে তোমরা তোমারদের হব্য ও
তোমারদের নৈবেদ্য ও তোমারদের দশমাংশ
ও তোমারদের হস্তস্থ উত্তোলনীয় ও তোমার
দের মানত ও তোমারদের স্বেচ্ছাদত্ত নৈবেদ্য
এবং তোমারদের গোমেষাদিপালের প্রথমজা
তেরদিগকে আন। [৭] এবং সে স্থানে তোমরা
তোমারদের ঈশ্বর যিহুহের সম্মুখে ভোজন কর
এবং তোমারদের হস্তের যে সমস্ত কর্ম্মেতে তো
মার ঈশ্বর যিহুহ তোমাকে আশীর্ব্বাদ করিয়া
ছেন তাহাতে তোমরা ও তোমারদের পরিবারে
রা আহ্লাদ কর। [৮] এস্থানে আমরা আজি
প্রতিজন যেমন আপন২ দৃষ্ট্যভিলাষানুসারে

করি সেমত তোমরা করিও না। [৯] যেহেতুক
তোমার ঈশ্বর য়িহুহ যে বিশ্রাম ও অধিকার তো
মারদিগকে দিতেছেন তাহাতে তোমরা এইক্ষণে
পঁহুছ নাই। [১০] কিন্তু তোমরা যখন য়রদন
পার হইবা ও তোমারদের ঈশ্বর য়িহুহ তোমার
দিগকে যে দেশাধিকার দিবেন সে দেশে বাস
করিবা এবং তোমারদের সমস্ত শত্রুরদেরহই
তে চারিদিগে তিনি তোমারদিগকে বিশ্রাম দি
বেন তাহাতে তোমরা নিষ্কণ্টকে বাস করিবা।
[১১] তখন তোমারদের ঈশ্বর য়িহুহ আপন
নাম রক্ষা করিতে যে স্থান মনোনীত করিবেন
এমত এক স্থান হইবে সে স্থানে আমি যাহা
তোমারদিগকে আজ্ঞা করি তোমারদের সে স
মস্ত হব্য ও তোমারদের নৈবেদ্য ও তোমার
দের দশমাংশ ও তোমারদের হস্তস্থ উত্তোল
নীয় ও য়িহুহের উদ্দেশে তোমারদের মনোনীত
মানত তোমরা আনিবা। [১২] এবং তোমার
দের ঈশ্বর য়িহুহের সম্মুখে তোমরা ও তোমার
দের পুত্রেরা ও তোমারদের কন্যারা ও তোমার
দের দাসেরা ও তোমারদের দাসীরা ও তোমার
দের দ্বারমধ্যবর্ত্তি লৈব আহ্লাদ করিবা যেহে
তুক তোমারদের সহিত তাহার অংশ কিম্বা অধি
কার নাই। [১৩] আপন বিষয়ে সাবধান হও
যে তুমি আপনাতে দৃষ্ট প্রত্যেক স্থানে আপন
হব্য নিবেদন না কর [১৪] কিন্তু তোমার কোন
এক গোষ্ঠীর মধ্যে যেস্থান য়িহুহ মনোনীত ক
রেন সেস্থানে তুমি আপন হব্য নিবেদন করিবা
এবং আমি যাহা তোমাকে আজ্ঞা করি সেই স্থা
নে তুমি সে সমস্ত করিবা। [১৫] কিন্তু তোমার
ঈশ্বর য়িহুহ যে আশীর্ব্বাদ তোমাকে দিয়াছেন
তদনুসারে তোমার মনের ভাবদভিলাষানুযায়ি
তুমি আপন সমস্ত দ্বারে হনন করিয়া মাংস
ভোজন করিতে পার অশুচি ও শুচি লোক তাহা
ভোজন করিতে পারে যেমন কৃষ্ণসারের ও
যেমন হরিণের। [১৬] কেবল তোমরা রক্তপান
করিবা না তাহা তোমরা জলের মত পৃথিব্যুপরি
ঢালিয়া দিবা।

[১৭] আপন শস্যের ও আপন দ্রাক্ষারসের
ও আপন তৈলের দশমাংশ ও আপন গো
মেষাদির প্রথমজাত এবং যাহা মানত করিবা এ
মত আপন কোন মানত ও আপন স্বেচ্ছাদত্ত
নৈবেদ্য ও স্বহস্তদত্ত উত্তোলনীয় তুমি আপন
দ্বারমধ্যে খাইতে পারিবা না। [১৮] কিন্তু তো
মার ঈশ্বর য়িহুহ যেস্থান মনোনীত করেন সে
স্থানে তোমার ঈশ্বর য়িহুহের সম্মুখে তুমি ও
তোমার পুত্র ও তোমার কন্যা ও তোমার দাস
ও তোমার দাসী ও তোমার দ্বারমধ্যর্ত্তি লৈব
তাহা ভোজন করিবা এবং তুমি যে কিছুইতে আ
পনার হাত দেও সে সকলেতে তুমি আপন ঈ
শ্বর য়িহুহের সম্মুখে আহ্লাদ করিবা। [১৯]
আত্মবিষয়ে সাবধান হও যে পৃথিব্যুপরি তুমি
যাবৎ বাঁচিয়া থাক তাবৎ লৈবকে ত্যাগ না
কর।

[২০] তোমার ঈশ্বর য়িহুহ যেমন তোমার প্র
তি অঙ্গীকার করিয়াছেন তেমন যখন তিনি তো
মার সীমা বিস্তার করিবেন এবং তুমি কহিবা
আমি মাংসভক্ষণ করিব কেননা তোমার প্রাণ
মাংসভক্ষণে বাঞ্ছা করে তখন তোমার মনো
বাঞ্ছানুসারে তুমি মাংসভক্ষণ করিতে পার।
[২১] তোমার ঈশ্বর য়িহুহ আপন নাম রাখি
বার কারণ যে স্থান মনোনীত করিয়াছেন সে
স্থান যদি তোমাহইতে বহুদূর হয় তবে য়িহুহ
তোমাকে যে গোমেষাদিপাল দিয়াছেন তাহা
হইতে লইয়া তুমি আমার আজ্ঞানুসারে মারি
বা এবং তোমার প্রাণ যাহা বাঞ্ছা করে তাহা
তুমি আপন দ্বারে খাইবা। [২২] কৃষ্ণসার
এবং হরিণ যেমত খাওয়া যায় সেমত তুমি সে
সকল খাইবা শুচি ও অশুচি একইরূপে তাহা
খাইবে [২৩] কেবল রক্ত যে না খাও এতদ্বি
ষয়ে সাবধান হও কেননা রক্তই জীবন এবং
মাংসের সহিত তুমি জীবন খাইবা না। [২৪]
তুমি তাহা খাইবা না তাহা তুমি জলের মত পৃ
থিব্যুপরি ঢালিয়া ফেলিবা। [২৫] তুমি তাহা খা
ইবা না যে যখন তুমি য়িহুহের দৃষ্টিতে যথার্থ
কর্ম্ম কর তখন তোমার ও তোমার পর তোমার
পুত্রের কল্যাণ হয়। [২৬] কেবল তোমার যে২
পবিত্র বস্তু থাকে সে সকল এবং তোমার মা
নত সকল লইয়া তুমি য়িহুহের মনোনীত স্থানে
যাইবা। [২৭] এবং তুমি আপন হব্য নৈ
বেদ্য অর্থাৎ মাংস ও রক্ত তোমার ঈশ্বর য়ি
হুহের বেদ্যুপরি নিবেদন করিবা এবং তোমার
বলির রক্ত তোমার ঈশ্বর য়িহুহের বেদ্যুপরি
ঢালা যাইবে এবং তুমি তন্মাংসভক্ষণ করিবা।
[২৮] মৎকর্ত্তৃক আদিষ্ট সমস্ত বাক্য শুন এবং
পালন কর যে যখন তোমার ঈশ্বর য়িহুহের
গোচরে তুমি ভাল ও যথার্থ কর তখন তোমার
ও তোমার পরে তোমার পুত্রেরদের মঙ্গল হয়।

[২৯] যে জাতিরদিগকে তুমি অধিকার করি
তে যাও তোমার ঈশ্বর য়িহুহ তাহারদিগকে তো
মার সম্মুখহইতে যখন উচ্ছিন্ন করিবেন এবং
তুমি তাহারদের স্থানে অধিকার করিবা ও তা
হারদের দেশে বাস করিবা। [৩০] তখন তুমি
আত্মবিষয়ে সাবধান হও যে তোমার সম্মুখ
তাহারা নষ্ট হইলে তাহারদের পশ্চাদ্গামিত্ব

প্রযুক্ত তুমি ফাঁদগ্রস্ত না হও এবং এ জাতিরা
আপনারদের দেবতারদিগকে কি প্রকার সেবা
করিল আমিও সেইরূপ করিব এ কথা কহিয়া
তুমি তাহারদের দেবেরদিগকে অন্বেষণ না
কর। [৩১] তদ্রূপ. তোমার ঈশ্বর য়িহুহের
প্রতি তুমি করিবা না যেহেতুক য়িহুহকর্তৃক ঘৃ
ণিত তাবৎ ঘৃণার্হ ক্রিয়া তাহারা আপনারদের
দেবেরদের প্রতি করিয়াছে কেননা তাহারা আ
পনারদের দেবেরদের উদ্দেশে আপন পুত্রও
আপন কন্যারদিগকে অগ্নিতে পোড়াইয়াছে।
[৩২] আমি যে কোন বিষয় তোমারদিগকে আ
জ্ঞা করি তাহা মাননার্থে পালন কর তাহাতে
তুমি অধিক দিবা না এবং তাহাহইতে হরণ ক
রিবা না।

১৩ পর্ব্ব।

[১] তোমারদের মধ্যে কোন আচার্য্য কিম্বা
স্বপ্নদর্শক যদি উৎপন্ন হয় এবং তোমাকে চিহ্ন
কিম্বা আশ্চর্য্য ক্রিয়া দর্শায় [২] এবং তুমি যে২
অন্য দেবেরদিগকে জানিলা না আমরা তাহার
দের অনুগামী হই ও তাহারদের সেবা করি এ
কথা কহিয়া যে চিহ্নের ও আশ্চর্য্য ক্রিয়ার বিষ
য়ে সে তোমাকে কহে তাহা যদি প্রত্যক্ষ হয়।
[৩] তবে তুমি সে আচার্য্যের কিম্বা স্বপ্নদর্শকের
বাক্যে অবধান করিও না যেহেতুক তোমরা আ
পনারদের তাবৎ মনের সহিত ও আপনারদের
তাবদন্তঃকরণের সহিত আপনারদের ঈশ্বর য়িহু
হকে প্রেম কর কি না ইহা জানিতে তোমারদের
ঈশ্বর য়িহুহ তোমারদিগের পরীক্ষা লইতেছেন।
[৪] তোমরা আপনারদের ঈশ্বর য়িহুহের অনু
গামী হও এবং তাঁহাকে ভয় কর ও তাঁহার আ
জ্ঞাপালন কর ও তাঁহার বাক্য মান ও তাঁহার
সেবা কর ও তাঁহাতে লিপ্ত হও [৫] এবং সে
আচার্য্য কিম্বা সে স্বপ্নদর্শক মারা যাইবে যেহে
তুক মিসরদেশহইতে তোমাকে বাহির করিয়া
আনিলেন অর্থাৎ দাসআগারহইতে তোমাকে
মুক্ত করিলেন যে তোমার ঈশ্বর য়িহুহ তাঁহাহই
তে তোমাকে ফিরাইবার নিমিত্তে এবং তোমার
ঈশ্বর য়িহুহ যে পথে যাইতে তোমাকে আজ্ঞা
করিয়াছেন সে পথহইতে তোমাকে নির্গমন
করাণার্থে সে কহিয়াছে এতদ্রূপে তুমি আপন
মধ্যহইতে দুষ্কর্ম্ম দূর করিবা।

[৬] তোমার মাতৃপুত্র অর্থাৎ তোমার সহো
দর ভ্রাতা কিম্বা তোমার পুত্র কিম্বা তোমার কন্যা
কিম্বা তোমার বক্ষঃস্থলস্থায়িনী ভার্য্যা কিম্বা তো
মার প্রাণতুল্য মিত্র ইহা কহিয়া গুপ্তে তোমাকে
যদি ভুলায় যে আইস তুমি কিম্বা তোমার পিতৃ
লোকেরাও যাহারদিগকে জানে নাই এমত অন্য
দেবেরদের [৭] অর্থাৎ পৃথিবীর এক সীমাহই
তে পৃথিবীর অন্য সীমাপর্য্যন্ত নিকটস্থ কিম্বা দূ
রস্থ তোমারদের চতুর্দ্দিকস্থ লোকেরদের কোন
দেবেরদের সেবা করি [৮] তবে তুমি তাহাতে
সম্মত হইও না ও তাহার বাক্যে অবধান করিও
না ও তোমার চক্ষু তাহার প্রতি দয়াশীল না হ
উক এবং তাহার প্রতি ক্ষমা করিও না ও তাহাকে
গোপন করিয়া রাখিও না। [৯] কিন্তু তুমি তা
হাকে অবশ্য মারিয়া ফেলিবা এবং তাহাকে মা
রিয়া ফেলনবিষয়ে তাহার উপরে তোমার হস্ত
প্রথম হইবে তৎপরে সমস্ত লোকেরদের হস্ত।
[১০] এবং তুমি তাহাকে পাথরেতে প্রহার কর
যে সে মরে কেননা মিসরদেশহইতে অর্থাৎ দা
সত্মাগারহইতে তোমাকে বাহির করিলেন যে
তোমার ঈশ্বর য়িহুহ তাঁহাহইতে তোমাকে দূর
করণে সে চেষ্টা করিয়াছে। [১১] এবং তাবৎ
য়িশ্রাএল শুনিয়া ভয় করিবে ও তোমার মধ্যে
এ দুষ্ট কর্ম্মের মত আর দুষ্ট কর্ম্ম করিবে না।

[১২] সেস্থানে বাসকরণের জন্যে তোমার ঈ
শ্বর য়িহুহ তোমাকে যে নগর দেন সে নগরের
মধ্যে কোন এক নগরে যদি তুমি শুন [১৩] যে
কাপুরুষ কতক মনুষ্য তোমার মধ্যহইতে বা
হির হইয়া গিয়াছে এবং আপন নগরনিবাসির
দিগকে ইহা কহিয়া আকর্ষণ করিয়াছে যে আ
ইস যাহারদিগকে তোমরা জান নাই এমত অন্য
দেবেরদিগকে সেবা করি। [১৪] তখন তুমি
জিজ্ঞাসা কর ও অনুসন্ধান লও এবং যত্নপূ
র্ব্বক প্রশ্ন কর এবং দেখ যদি সে বিষয় সত্য ও
নিশ্চয় হয় যে তোমার মধ্যে এমত ঘৃণার্হ কর্ম্ম
কৃত হইয়াছে। [১৫] তবে তলোয়ার দিয়া
তুমি সে নগরনিবাসিরদিগকে প্রহার করত তাহা
ও তাহার মধ্যস্থিত সমস্তকে এবং তাহার পশুর
দিগকে তলোয়ারধারেতে অবশ্য নিঃশেষরূপে
সংহার কর। [১৬] এবং তাহার সমস্ত লু
ঠিত দ্রব্য তুমি তাহার পথমধ্যে সংগ্রহ করিয়া
সে নগর ও তাহার সমস্ত লুঠিত দ্রব্য তোমার ঈ
শ্বর য়িহুহের কারণ নিঃশেষরূপে অগ্নিতে জ্বা
লাও এবং সে নিত্য ঢিপি হইয়া থাকুক তাহা
পুনর্ব্বার গ্রথিত না হউক। [১৭] এবং ঐ শাপ
গ্রস্ত দ্রব্যের কিছুই তোমার হস্তলগ্ন না হউক যে
য়িহুহ আপন ক্রোধের চণ্ডতাহইতে ফিরিয়া
তোমার প্রতি কৃপা করেন এবং তোমার প্রতি দ
য়াশীল হইয়া তোমার পিতৃলোকেরদের প্রতি যে
মন দিব্য করিয়াছেন [১৮] তেমন তোমার ঈশ্বর
য়িহুহের দৃষ্টিতে যথার্থাচরণার্থে আজি আমি
তোমাকে যাহা আজ্ঞা করিলাম সে তোমার ঈ
শ্বর য়িহুহের তাবদাজ্ঞা পালনার্থে যখন তুমি

তাহার সমস্ত বাক্যে অবধান কর তখন তিনি তোমার বৃদ্ধি করেন ।

১৪ পর্ব্ব ।

[১] তোমরা আপনারদের ঈশ্বর য়িহুহের সন্তান তোমরা আপনাদের শরীরে ছেদ করিও না এবং মৃতেরদের কারণ আপনারদের জ্রূম ধ্যস্থল লেড়া করিও না । [২] যেহেতুক তুমি আপন ঈশ্বর য়িহুহের প্রতি পবিত্র লোক এবং আপন বিশেষ লোক হওনের নিমিত্তে য়িহুহ পৃথিবীস্থ তাবল্লোকাপেক্ষা তোমাকে মনোনীত করিয়াছেন ।

[৩] তুমি কোন ঘৃণার্হ বস্তু খাইও না । [৪] যেং পশুরদিগকে তোমরা খাইবা সে এইং গরু ও মেষ ও ছাগল । [৫] এবং হরিণ ও কৃষ্ণসার ও কন্দর্পী ও বনছাগল ও গবয় ও পৃষত ও বাতপ্রমী । [৬] এবং জন্তুরদের মধ্যে যে প্রত্যেক জন্তুর খুর বিভক্ত হইয়া দ্বিভাগ হয় এবং জাওর কাটে সেসকল জন্তু তোমরা খাও । [৭] কিন্তু দ্বিখুর কিম্বা যে জাওর কাটে তাহারদের মধ্যে ইহারদিগকে তোমরা খাইও না বিশেষতঃ উষ্ট্র ও খরগোশ ও শফন কেননা তাহারা জাওর কাটে কিন্তু দ্বিখুর নয় তাহারা তোমারদের প্রতি অপবিত্র । [৮] এবং শূকর কেননা সে দ্বিখুর কিন্তু জাওর কাটে না সে তোমারদের প্রতি অপবিত্র তোমরা তাহারদের মাংস খাইও না ও তাহারদের মরা স্পর্শ করিও না ।

[৯] জলচর সকলের মধ্যে তোমরা ইহারদিগকে খাও যাহারদের পাখা ও আঁইষ থাকে সে সকল তোমরা খাও । [১০] এবং যাহার পাখা ও আঁইষ নাই সে সকল তোমরা খাইও না তোমারদের প্রতি সে অপবিত্র ।

[১১] সকল পবিত্র পক্ষী তোমরা খাও কিন্তু এইং সকল তোমরা খাইও না । [১২] বিশেষতঃ উৎক্রোশ ও হাড়ভাঙ্গা ও কুরল । [১৩] এবং শঙ্করচিল ও চিল এবং আপনং জাত্যনুসারে গৃধ্র । [১৪] এবং আপনং জাত্যনুসারে সকল প্রকার কাক । [১৫] ও পেঁচা ও লক্ষ্মীপেঁচা ও কোকিল ও আপনং জাত্যনুসারে শিকরা । [১৬] এবং কালপেঁচা ও ভূতমপেঁচা ও তনশামেত । [১৭] ও ভেয়াপাখী ও গোড়গিলা ও মাছরাঙ্গা । [১৮] এবং সারস ও আপনং জাত্যনুসারে বক ও টিট্টিভ ও চামচিকা । [১৯] এবং প্রত্যেক উড্ডীয়মান কীট তোমারদের প্রতি অপবিত্র তাহারা খাওয়া যাইবে না । [২০] কিন্তু সমস্ত পবিত্র উড্ডীয়মান পক্ষী তোমরা খাও ।

[২১] স্বয়ংই মৃত কোন কিছু তোমরা খাইও না তাহা তুমি তোমার দ্বারমধ্যবর্ত্তি বিদেশিকে দেও যে সে তাহা খায় কিম্বা তুমি তাহা বিদেশির নিকটে বিক্রয় করিতে পার কেননা তুমি আপন ঈশ্বর য়িহুহের উদ্দেশে পবিত্র লোক । ছাগলের বাচ্চা তুমি তাহার মাতৃদুগ্ধেতে পাক করিও না ।

[২২] ক্ষেত্রেতে বৎসরং উৎপন্ন তোমার বীজের তাবদ্বাহুল্যের দশমাংশ তুমি যথার্থরূপে করিবা । [২৩] এবং তোমার ঈশ্বর য়িহুহ আপন নামরক্ষার্থে যে স্থান মনোনীত করেন সে স্থানে তুমি আপনার শস্যের ও আপনার দ্রাক্ষারসের ও আপনার তৈলের দশমাংশ এবং আপনার গোমেষাদিপালের প্রথমজাতেরদিগকে তাঁহার সম্মুখে খাইও যে তুমি আপনার ঈশ্বর য়িহুহকে সর্ব্বদা ভয় করিতে শিক্ষা কর । [২৪] কিন্তু পথ যদি তোমার বহুদূর হয় যে তুমি তাহা বহিয়া লইয়া যাইতে না পার কিম্বা যখন তোমার ঈশ্বর য়িহুহ তোমাকে আশীর্ব্বাদ করেন তখন তোমার ঈশ্বর য়িহুহ আপন নাম রাখিবার কারণ যে স্থান মনোনীত করিবেন সে স্থান যদি তোমাহইতে বহুদূর হয় [২৫] তবে তুমি সে দ্রব্যেতে টাকা করিয়া সে টাকা বাঁধিয়া আপন হাতে করিয়া তোমার ঈশ্বর য়িহুহের মনোনীত স্থানে যাও । [২৬] এবং যাহা তোমার প্রাণ ইচ্ছা করে তাহা তুমি সে টাকা দিয়া ক্রয় কর বিশেষতঃ গরু কিম্বা মেষাদি কিম্বা দ্রাক্ষারস কিম্বা মদ্য কিম্বা অন্য যে কোন দ্রব্য তোমার প্রাণ ইচ্ছা করে এবং তুমি সে স্থানে তোমার ঈশ্বর য়িহুহের সম্মুখে তাহা খাইও তাহাতে তুমি ও তোমার পরিবারেরা আহ্লাদ কর । [২৭] এবং তোমার দ্বারমধ্যবর্ত্তি লৈবকে তুমি ত্যাগ করিও না যেহেতুক তোমার সহিত তাহার কোন অধিকার কিম্বা অংশ নাই ।

[২৮] তিন বৎসরের অন্তে সে বৎসরেই তুমি উৎপন্ন আপন শস্যের তাবদ্দশমাংশ বাহির করিয়া আনিয়া তোমার দ্বারমধ্যে তাহা তুলিয়া রাখ । [২৯] তোমার সহিত লৈবের কোন কোন অংশ কি অধিকার নাই অতএব লৈব এবং তোমার দ্বারমধ্যবর্ত্তি বিদেশী ও পিতৃহীন এবং বিধবা আসিয়া তাহা ভক্ষণ করিয়া পরিতৃপ্ত হউক যে আমার ঈশ্বর য়িহুহ তোমার হস্তকৃত সমস্ত কর্ম্মেতে তোমাকে আশীর্ব্বাদ করেন ।

১৫ পর্ব্ব ।

[১] সাত বৎসরের অন্তে তুমি মোচন নিরূপণ করিও [২] এবং সে মোচনের ব্যবস্থা এই যে প্রত্যেক মহাজন আপন প্রতিবাসিকে ঋণ দেয় সে তাহা মোচন করুক তাহা সে আপনার

প্রতিবাসিহইতে কিম্বা আপনার ভ্রাতাহইতে গ্রহণ না করুক কেননা তাহা য়িহুহের মোচন নামে খ্যাত আছে। [৩] বিদেশিহইতে তুমি গ্রহণ করিতে পার কিন্তু তোমার ভ্রাতার নিকটে তোমার যাহা থাকে তাহা [৪] তোমারদের মধ্যে দরিদ্র না থাকা কালব্যতিরেকে তোমার হাত মোচন করুক যেহেতুক তোমার ঈশ্বর য়িহুহ যে দেশ অধিকারার্থে তোমাকে দেন সে দেশে য়িহুহ তোমাকে অতিশয় আশীর্ব্বাদ করিবেন। [৫] কিন্তু আমি আজি তোমাকে যে সমস্ত আজ্ঞা করিয়াছি সে সমস্ত করণার্থে তোমার ঈশ্বর য়িহুহের বাক্যে অতিসাবধানপূর্ব্বক অবধান কর। [৬] যেহেতুক তোমার ঈশ্বর য়িহুহ যেমন তোমার প্রতি অঙ্গীকার করিয়াছেন তেমন তিনি তোমাকে আশীর্ব্বাদ করেন এবং তুমি অনেক জাতিরদিগকে কর্জ্জ দিবা কিন্তু তুমি কর্জ্জ লইবা না এবং তুমি অনেক জাতিরদের উপরে প্রভুত্ব করিবা কিন্তু তাহারা তোমার উপরে প্রভুত্ব করিবে না।

[৭] তোমার ঈশ্বর য়িহুহ যে দেশ তোমাকে দেন সে দেশে তোমার কোন দ্বারমধ্যবর্ত্তি ভ্রাতারদের মধ্যে যদি কোন দরিদ্র থাকে তবে তুমি আপন অন্তঃকরণ কঠিন করিও না ও তোমার দরিদ্র ভ্রাতার প্রতি আপন হাত রুদ্ধ করিও না [৮] কিন্তু তাহার প্রতি আপন হাত অতিবিস্তৃত করিয়া তাহার দরিদ্রতানুসারে তুমি তাহার প্রয়োজন প্রচুর কর্জ্জ তাহাকে অবশ্য দিবা। [৯] সাবধান হও যে এতদ্বাক্যকথনশীল চিন্তা তোমার দুষ্ট অন্তঃকরণে না হয় যে সপ্তম বৎসর অর্থাৎ মোচনবৎসর নিকটবর্ত্তী হইয়াছে তাহাতে তোমার দরিদ্র ভ্রাতার প্রতি তোমার কুদৃষ্টি হয় এবং তুমি তাহাকে কিছু না দেও তাহাতে সে তোমার বিপরীতে য়িহুহের উদ্দেশে প্রার্থনা করে এবং তাহা তোমার পাপ হয়। [১০] তুমি তাহাকে অবশ্য দিবা এবং তুমি যখন তাহাকে দেও তখন তোমার অন্তঃকরণ দুঃখিত না হউক যেহেতুক এই কর্ম্মপ্রযুক্ত তোমার ঈশ্বর য়িহুহ তোমার সমস্ত কার্য্যেতে এবং যে সমস্ত কার্য্যেতে তুমি হাত দেও সে সমস্ত কার্য্যেতে তোমাকে আশীর্ব্বাদ করেন। [১১] কেননা তোমার দেশের মধ্যহইতে দরিদ্র নিবৃত্ত হইবে না অতএব আমি ইহা কহিয়া তোমাকে আজ্ঞা করি যে তোমার দেশস্থ তোমার দরিদ্রের ও তোমার দুঃখির ও তোমার ভ্রাতার প্রতি তুমি আপন হস্ত অতিশয় বিস্তৃত কর।

[১২] তোমার ভ্রাতা বিশেষতঃ এবরীয় কিম্বা এবরীয়া তোমার নিকটে যদি বিক্রীত হয় এবং সে তোমাকে ছয় বৎসর সেবা করে তবে সপ্তম বৎসরে তুমি তাহাকে তোমাহইতে মুক্ত হইয়া যাইতে দিবা। [১৩] এবং যখন তুমি তাহাকে আপন নিকটহইতে মুক্ত হইয়া যাইতে দেও তখন তুমি তাহাকে রিক্ত হস্তে বিদায় করিও না। [১৪] তুমি আপনার পালহইতে ও আপনার খামারহইতে ও আপন দ্রাক্ষাযন্ত্র হইতে তাহাকে বহুলরূপে দেও তোমার ঈশ্বর য়িহুহ তোমাকে যদ্দ্বারা আশীর্ব্বাদ দিয়াছেন তদ্দ্বারা তুমি তাহাকে দান কর। [১৫] এবং তুমি স্মরণ কর যে তুমি মিসরদেশে দাস ছিলা এবং তোমার ঈশ্বর য়িহুহ তোমাকে মুক্ত করিলেন অতএব আমি তোমাকে আজি এই বিষয়ে আজ্ঞা করি। [১৬] এবং এমত হইবে যদি সে তোমাকে কহে আমি তোমাকে ছাড়িয়া যাইব না কেননা সে তোমাকে ও তোমার বাটী ভাল বাসে যেহেতুক তোমার নিকটে তাহার মঙ্গল। [১৭] তবে তুমি এক গুঁজি লইয়া দ্বার পার্শ্বস্থ কাষ্ঠের সহিত তাহার কর্ণ বিন্ধিবা এবং সে সর্ব্বদা তোমার দাস হইয়া থাকিবে এবং তোমার দাসীর প্রতিও তুমি তদ্রূপ কর। [১৮] যখন তুমি তাহাকে মুক্ত করিয়া আপনহইতে বিদায় কর তখন তাহা তোমার প্রতি দুঃখের বিষয় না হউক কেননা ছয় বৎসর তোমার সেবা করাতে সে বেতনজীবী ভৃত্যাপেক্ষা তোমার প্রতি দ্বিগুণ ফলদায়ক তাহাতে তোমার ঈশ্বর য়িহুহ তোমার সকল ক্রিয়াতে তোমাকে আশীর্ব্বাদ করিবেন।

[১৯] তোমার গোমেষাদিহইতে এবং তোমার পশুপালহইতে উৎপন্ন সমস্ত প্রথমজাত পুরুষকে তুমি আপন ঈশ্বর য়িহুহের উদ্দেশে পবিত্র কর তোমার গরুর প্রথমজাতদ্বারা তুমি কোন কার্য্য করিও না ও তোমার প্রথমজাত মেষের লোমচ্ছেদন করিও না। [২০] তোমার ঈশ্বর য়িহুহের সম্মুখে য়িহুহের মনোনীত স্থানে তুমি এবং তোমার পরিজন প্রতিবৎসর তাহা খাইবা। [২১] কিন্তু যদি তাহাতে কোন খুঁত থাকে অর্থাৎ সে যদি খোঁড়া কিম্বা অন্ধ কিম্বা কোন দোষগ্রস্ত হয় তবে তোমার ঈশ্বর য়িহুহের উদ্দেশে তুমি তাহা হোম করিবা না। [২২] তোমার দ্বারমধ্যে তুমি তাহা ভোজন কর অশুচি ও শুচি একইরূপে তাহা ভোজন করিবে যেমন কৃষ্ণসার ও হরিণ খাওয়া যায়। [২৩] কেবল তুমি তাহার রক্তপান করিও না তুমি জলের মত তাহা পৃথিব্যুপরি ঢালিয়া ফেল।

## ১৬ পর্ব্ব।

[১] আবিবমাস মান এবং তোমার ঈশ্বর

য়িহুহের উদ্দেশে পেসাখ্ পালন কর যেহেতুক
তোমার ঈশ্বর য়িহুহ আবিব মাসে রাত্রিতে
তোমাকে মিস্রদেশহইতে বাহির করিয়া আনি
লেন। [২] অতএব যে স্থান য়িহুহ আপন
নামস্থাপনে মনোনীত করিবেন সে স্থানে তো
মার ঈশ্বর য়িহুহের উদ্দেশে তুমি গোমেষাদি
পালহইতে পেসাখের পশু হোম কর। [৩]
তাহার সহিত তুমি খমিরযুক্ত কোন রুটি খাইও
না তাহার সহিত তুমি সাত দিবস বেখমির রুটি
অর্থাৎ দুঃখসূচক রুটি ভোজন কর যেহেতুক
মিস্রদেশহইতে তুমি অরায় বাহির হইয়া আই
লা যে তুমি আপন আয়ুর তাবদ্দিবস মিস্রহই
তে আপন নির্গমনের দিবস স্মরণে রাখ। [৪]
এবং সাত দিবস তোমার তাবৎ সীমাতে তোমার
নিকটে খমিরযুক্ত রুটি দৃষ্ট না হউক এবং প্রথম
দিবসের সন্ধ্যাকালে যে মাংস তুমি হোম কর তা
হার কিছু প্রাতঃকালপর্য্যন্ত অবশিষ্ট না থাকুক।
[৫] তোমার ঈশ্বর য়িহুহ তোমাকে যে২ দ্বার
দেন সে তোমার কোন দ্বারমধ্যে তুমি পেসাখ্
বলিদান করিও না [৬] কিন্তু তোমার ঈশ্বর য়ি
হুহ আপন নাম রাখিবার কারণ যে স্থান মনো
নীত করিবেন সে স্থানে সন্ধ্যাকালে সূর্য্যাস্ত সম
য়েই নিরূপিত কালে মিস্রহইতে তোমার বাহি
র হইয়া আইসনের সময়ে তুমি পেসাখ্ হোম
কর। [৭] এবং তোমার ঈশ্বর য়িহুহের মনোনীত
স্থানে তুমি তাহা পাক করিয়া ভোজন কর পরে
প্রাতঃকালে তুমি ফিরিয়া আপন তাম্বুতে যাও।
[৮] ছয় দিবস তুমি বেখমির রুটি খাও কিন্তু
সপ্তম দিবস তোমার ঈশ্বর য়িহুহের উদ্দেশে মা
ন্যোৎসব তাহাতে তুমি কোন কার্য্য করিও না।

[৯] আপনারদের কারণ তুমি সাত সপ্তাহ গ
ণনা কর শস্যেতে কাস্তা দেওনসময় আরম্ভাবধি
করিয়া সে সাত সপ্তাহ গণনা করিতে আরম্ভ
কর। [১০] এবং তোমার ঈশ্বর য়িহুহ তোমাকে
যেমন আশীর্ব্বাদ করিয়াছেন তদনুসারে স্বহস্ত
প্রাপ্ত প্রাচুর্য্যানুযায়ি তুমি ইচ্ছাপূর্ব্বক নৈবেদ্যদ্বা
রা তোমার ঈশ্বর য়িহুহের উদ্দেশে সপ্তাহের উৎ
সবপালন কর। [১১] এবং তোমার ঈশ্বর য়ি
হুহ আপন নাম রাখিবার কারণ যে স্থান মনো
নীত করেন সে স্থানে তোমার ঈশ্বর য়িহুহের স
ম্মুখে তুমি ও তোমার পুত্র ও তোমার কন্যা ও
তোমার দাস ও তোমার দাসী ও তোমার দ্বারম
ধ্যবর্ত্তি লৈব ও তোমার মধ্যে নিবাসকারি বিদে
শী ও পিতৃহীন ও বিধবা আনন্দ কর। [১২]
এবং তুমি স্মরণ কর যে তুমি মিস্রে দাস ছিলা
এবং তুমি এই২ বিধিপালন করিয়া আচরণ কর।

[১৩] তোমার শস্য ও দ্রাক্ষারসসংগ্রহ করি
লে পর তুমি সাত দিবস আবাসোৎসব পালন
কর। [১৪] এবং তোমার উৎসবে তুমি ও তো
মার পুত্র ও তোমার কন্যা ও তোমার দাস ও
তোমার দাসী ও তোমার দ্বারমধ্যবর্ত্তি লৈব ও
বিদেশী ও পিতৃহীন ও বিধবা আনন্দ কর।
[১৫] য়িহুহের মনোনীত স্থানে তোমার ঈশ্বর
য়িহুহের উদ্দেশে তুমি সাত দিবস মান্যোৎসব
পালন কর কেননা তোমার ঈশ্বর য়িহুহ তোমার
সমস্ত বৃদ্ধিবিষয়ে তোমার হস্তকৃত তাবৎ কর্ম্মে
তে তোমাকে আশীর্ব্বাদ করিয়াছেন অতএব
তুমি অবশ্য আহ্লাদ করিবা।

[১৬] বেখমির রুটির উৎসবে ও সপ্তাহের
উৎসবে ও আবাসোৎসবে য়িহুহের মনোনীত
স্থানে তোমার ঈশ্বর য়িহুহের সম্মুখে তোমার
সমস্ত পুরুষ বৎসরের মধ্যে তিনবার দর্শন দিবে
তাহারা য়িহুহের সম্মুখে শূন্যহস্তে দর্শন দিবে
না। [১৭] তোমার ঈশ্বর য়িহুহ যে আশীর্ব্বাদ
তোমাকে দিয়াছেন তদনুসারে প্রতিজন স্বস্বশ
ক্ত্যনুসারে দিবে।

[১৮] তোমার ঈশ্বর য়িহুহ যে সমস্ত দ্বার তো
মাকে দেন সে সকলেতে তোমার বংশের সর্ব্বত্র
তুমি আপনার কারণ বিচারকর্ত্তারদিগকে ও শা
সনকর্ত্তারদিগকে নিযুক্ত কর এবং তাহারা য
থার্থ বিচারেতে লোকেরদের বিচার করুক।
[১৯] তুমি অন্যায় বিচার করিও না তুমি কাহা
রো অনুরোধ করিও না ঘুষও লইও না কেননা
ঘুষ জ্ঞানবানেরদের চক্ষু অন্ধীভূত করে এবং
ধার্ম্মিকেরদের বাক্যেতে ভাঁজ দেয়। [২০]
যাহা সর্ব্বতোভাবে ধর্ম্ম তদনুগত হও যে তুমি
বাঁচ ও তোমার ঈশ্বর য়িহুহ যে দেশ তোমাকে
দেন সে দেশাধিকার কর।

[২১] তোমার কারণ তোমার ঈশ্বর য়িহুহের
উদ্দেশে তুমি যে বেদি নির্ম্মাণ কর তাহার নিক
টে তুমি চৈত্যবৃক্ষ রোপণ করিও না। [২২]
এবং তোমার ঈশ্বর য়িহুহকর্ত্তৃক ঘৃণার্হ প্রতিমা
তুমি খাড়া করিও না।

## ১৭ পর্ব্ব।

[১] তোমার ঈশ্বর য়িহুহের উদ্দেশে তুমি খুঁত
যুক্ত কিম্বা কোন দোষযুক্ত গোমেষাদি হোম ক
রিও না তোমার ঈশ্বর য়িহুহের উদ্দেশে তাহা ঘৃ
ণার্হ।

[২] তোমারদের মধ্যে অর্থাৎ তোমার ঈশ্বর
য়িহুহকর্ত্তৃক তোমাকে দত্ত তোমার কোন দ্বার
মধ্যে তোমার ঈশ্বর য়িহুহের নিয়মলঙ্ঘনেতে
তাঁহার গোচরে দুষ্কর্ম্মকারি কোন পুরুষ কিম্বা
স্ত্রী যদি পাওয়া যায়। [৩] এবং সে যাইয়া
অন্য দেবের সেবা করে ও তাহারদিগকে অর্থাৎ

আমি যাহা আজ্ঞা করি নাই এমত যে সূর্য্য চ
ন্দ্রাদি স্বর্গীয় কোন সৈন্যেরদিগকে প্রণাম করে
[৪] এবং তাহা তোমার নিকটে কহা যায় এবং
তুমি তাহা শুনিয়া থাক এবং যত্নপূর্ব্বক অনু
সন্ধানানন্তর দেখ যে তাহা সত্য ও সে বিষয়ই
নিশ্চয় যে তদ্রূপ ঘৃণার্হ কার্য্য য়িশ্রাএলে কৃত
হইয়াছে [৫] তবেসে দুষ্কর্ম্মকারি পুরুষকে বা
স্ত্রীকে অর্থাৎ ঐ পুরুষকে কিম্বা ঐ স্ত্রীকে তুমি
আপন নগর দ্বারনিকটে বাহির করিয়া আন
এবং তাহারদের মরণ না হওয়াপর্য্যন্ত তাহারদি
গকে পাথরেতে মারিয়া ফেল। [৬] দুই কিম্বা
তিন সাক্ষির বাক্যেতে মৃত্যুযোগ্য ব্যক্তি মারা যা
ইবে কিন্তু এক সাক্ষির বাক্যেতে সে মারা যাই
বে না। [৭] তাহাকে বধ করিতে সাক্ষিরদের
হাত প্রথম তাহার উপরে হউক তৎপরে সকল
লোকের হাত এতদ্রূপে তুমি আপন মধ্যহইতে
দোষ দূর করিবা।

[৮] রক্ত ও রক্তের মধ্যে এবং বিবাদ ও বি
বাদের মধ্যে এবং প্রহার ও প্রহারের মধ্যে
অতিদুর্জ্ঞেয় তোমার দ্বারমধ্যে বিবাদবিষয়ক
কোন বিচার যদি উপস্থিত হয় তবে তুমি উঠি
য়া য়িহুহের মনোনীত স্থানে যাইবা। [৯]
এবং লৈব যাজকেরদের নিকটে এবং তৎকা
লীন বিচারকর্ত্তার নিকটে তুমি আসিয়া জিজ্ঞা
সা কর এবং তাহারা তোমাকে বিচারের নিষ্প
ত্তি জানাউক। [১০] এবং য়িহুহের মনোনীত
স্থানস্থেরা তোমাকে যে নিষ্পত্তি জানাইবে তদ
নুসারে তুমি কর এবং তাহারা যাহা তোমাকে
জ্ঞাত করাইবে তদনুসারে করণে তুমি মনোযোগ
দেও। [১১] তাহারা যে বিচারনিষ্পত্তি তো
মাকে জানাইবে তদনুসারে এবং যে ব্যবস্থা তা
হারা তোমাকে কহিবে তদনুসারে তুমি কর এবং
তাহারা তোমাকে যে নিষ্পত্তি জানায় সে নিষ্প
ত্তিহইতে তুমি দক্ষিণে কি বামে ফিরিও না।
[১২] কিন্তু যে মনুষ্য গর্ব্বপূর্ব্বক কার্য্য করে এবং
সে স্থানে তোমার ঈশ্বর য়িহুহের নিকটে সেবা
র্থে দণ্ডায়মান যাজকের কিম্বা বিচারকর্ত্তার বাক্যে
মনোযোগ না দেয় সে মনুষ্যই মারা যাইবে
এবং তুমি য়িশ্রাএলহইতে সে অমঙ্গল দূর ক
রিবা। [১৩] এবং সমস্ত লোকেরা শুনিয়া ভয়
করিবে ও গর্ব্বপূর্ব্বক আর আচরণ করিবে না।

[১৪] তোমার ঈশ্বর য়িহুহ যে দেশ তোমা
কে দেন সে দেশে যখন তুমি আইস ও তাহা
অধিকার কর ও তাহাতে বাস কর ও কহ [১৫]
যে আমার চতুর্দ্দিক্স্থ জাতিরদের মত আমি
আপন উপরে এক রাজাকে নিযুক্ত করিব তখন
তোমার ঈশ্বর য়িহুহ যাহাকে মনোনীত করি
বেন কোন প্রকারে তুমি তাহাকে আপন উপরে
রাজা নিযুক্ত করিবা তোমার ভ্রাতারদের মধ্যহ
ইতে তুমি আপন উপরে রাজা নিযুক্ত করিবা
তোমার ভ্রাতা নয় এমত অন্যদেশিকে তুমি
আপন উপরে নিযুক্ত করিবা না। [১৬] কিন্তু
সে আপনার কারণ বাহুল্যরূপে ঘোটকসংগ্রহ
না করুক এবং ঘোটকবর্দ্ধনার্থে সে লোকেরদি
গকে মিসরে পুনর্গমন না করাউক যেহেতুক য়ি
হুহ তোমারদিগকে কহিয়াছেন যে ইহার পর
তোমরা সে পথ হইয়া পুনর্ব্বার যাইবা না।
[১৭] এবং সে আপনার নিমিত্তে স্ত্রীবাহুল্য না
করুক যে তাহার অন্তঃকরণ পরাবৃত্ত না হয়
এবং রূপ্য কিম্বা স্বর্ণ সে আপনার কারণ অতি
শয়-সংগ্রহ না করুক। [১৮] এবং যখন সে
আপন রাজসিংহাসনোপরি উপবিষ্ট হয় তখন
লৈব যাজকেরদের সম্মুখস্থিত ব্যবস্থার এই আ
দর্শগ্রন্থহইতে সে এক অনুরূপ লিখিয়া লউক।
[১৯] এবং তাহা তাহার নিকটে থাকুক এবং
সে আপন তাবদায়ু তাহাতে পাঠ করুক যে সে
আপন ঈশ্বর য়িহুহকে ভয় করিতে ও এই ব্যব
স্থার সমস্ত বাক্য ও বিধ্যাচরণের কারণ তাহা পা
লনার্থে শিক্ষা করে [২০] যে সে ও তাহার সন্তা
নেরা য়িশ্রাএলের মধ্যে আপনারদের রাজ্যে
দিবসবর্দ্ধন করে এনিমিত্তে আপন ভ্রাতারদের
উপরে তাহার অন্তঃকরণ অহঙ্কারী না হয় এবং
আজ্ঞাহইতে দক্ষিণে বা বামে না ফিরে।

১৮ পর্ব্ব।

[১] লৈব যাজকেরা অর্থাৎ লেবির সমস্ত
বংশেরা য়িশ্রাএলের সহিত কোন অংশ কিম্বা
অধিকার পাইবে না তাহারা য়িহুহের অগ্নিকৃত
হোম এবং তাঁহার অধিকার ভোগ করিবে। [২]
অতএব আপনারদের ভ্রাতারদের মধ্যে তাহার
দের কোন অধিকার হইবে না য়িহুহ যেমন তা
হারদিগকে কহিয়াছেন তেমন তিনিই তাহারদের
অধিকার।

[৩] এবং গরু কিম্বা মেষাদি হোমকারি লো
কেরদেরহইতে যাজকের প্রাপ্য এই তাহারা যাজ
ককে স্কন্ধ ও দুই গাল ও ভুঁড়ি দিবে। [৪]
তোমার শস্যের ও তোমার দ্রাক্ষারসের ও তো
মার তৈলের প্রথমোৎপন্ন ও তোমার মেষের
ছিন্ন লোমের প্রথম তুমি তাহাকে দেও। [৫]
যেহেতুক য়িহুহের নামে দণ্ডায়মান হইয়া সেবা
করিবার কারণ তোমার ঈশ্বর য়িহুহ তোমার
সমস্ত বংশহইতে তাহাকে ও তাহার সন্তানের
দিগকে মনোনীত করিয়াছেন।

[৬] এবং কোন লৈব যে স্থানে প্রবাস করে
এমত য়িশ্রাএলের কোন দ্বারহইতে যদি সে

আইসে এবং আপন মনের যাবদীয় বাঞ্ছার
সহিত য়িহুহের মনোনীত স্থানে আইসে। [৭]
তবে তাহার যে সমস্ত লৈব ভ্রাতারা য়িহুহের
সম্মুখে সে স্থানে দাঁড়ায় তাহারদের মত সে
আপন ঈশ্বর য়িহুহের নামে সেবা করিবে। [৮]
তাহার পৈতৃক অধিকারের বিক্রয়মুল্যব্যতিরেকে
তাহারা ভোজনার্থে সমানাংশ পাইবে।

[৯] তোমার ঈশ্বর য়িহুহ যে দেশ তোমাকে
দেন সে দেশে যখন তুমি পঁহুছিবা তখন সে
জাতিরদের ঘৃণার্হ ক্রিয়ার মত করিতে তুমি শি
খিও না। [১০] আপন পুত্রকে কিম্বা আপন ক
ন্যাকে অগ্নিতে গমনকারয়িতঃ কিম্বা গণক কিম্বা
কালবিবেচক কিম্বা মায়াবী কিম্বা ডাইন [১১]
কিম্বা গুণী কিম্বা বশকারী কিম্বা শাকুন কিম্বা
ভৌতিক তোমার মধ্যে পাওয়া না যাউক।
[১২] যেহেতুক এ সকল ক্রিয়াকারী য়িহুহকর্ত্তৃক
ঘৃণার্হ এবং এই ঘৃণার্হ ক্রিয়াপ্রযুক্ত তোমার
ঈশ্বর য়িহুহ তোমার সম্মুখহইতে তাহারদিগকে
দূর করিতেছেন। [১৩] তুমি আপন ঈশ্বর য়িহু
হের সাক্ষাৎ সম্পূর্ণ ধর্ম্মক হও। [১৪] যেহেতুক
যে জাতিরদিগকে তুমি অধিকার করিবা তাহারা
কালবিবেচকেরদের এবং গণকেরদের বাক্যে
অবধান করে কিন্তু তোমার ঈশ্বর য়িহুহ তোমা
কে সেরূপ করিতে দেন না।

[১৫] তোমার ঈশ্বর য়িহুহ তোমার মধ্যহই
তে অর্থাৎ তোমার ভ্রাতারদের মধ্যহইতে আ
মার মত এক জন আচার্য্যকে উৎপন্ন করিবেন
তাহার বাক্যে তোমরা অবধান কর। [১৬] আ
মার ঈশ্বর য়িহুহের বাক্য আমি পুনর্ব্বার শ্রবণ
না করি এবং এই মহাগ্নি আরবার না দেখি যে
আমি না মরি খোরেবে সমারোহের দিবসে
ইহা কহিয়া তোমার ঈশ্বরহইতে তুমি যাহা প্রার্থ
না করিয়াছিলা। [১৭] তাহাতে য়িহুহ আ
মাকে কহিলেন তাহারা যাহা কহিয়াছে তাহা
উত্তম কহিয়াছে। [১৮] তাহারদের ভ্রাতার
দের মধ্যহইতে আমি তাহারদের কারণ তোমার
মত এক জন আচার্য্যকে উৎপন্ন করিব এবং
আমার বাক্য তাহার মুখে দিব এবং আমি তা
হাকে যে সমস্ত আজ্ঞা করিব সে সমস্ত সে তা
হারদিগকে কহিবে। [১৯] এবং এমত হইবে
আমার নামে সে যে২ বাক্য কহিবে যে জন তা
হা না শুনে তাহার স্থানে আমি তাহা জিজ্ঞা
সা করিব। [২০] কিন্তু আমি যে বাক্য কহি
তে আজ্ঞা না করিয়াছি সে বাক্য যে আচার্য্য
আমার নামে গর্ব্বপূর্ব্বক কহে কিম্বা অন্য কোন
দেবেরদের নামে কহে সে আচার্য্যই মারা যাই
বে। [২১] এবং যদি তুমি আপন অন্তঃকরণে
কহ য়িহুহ যে বাক্য কহেন নাই তাহা আমরা
কি প্রকারে জানিব। [২২] আচার্য্য য়িহুহের
নামে কথা কহিলে সে বিষয় যদি তদনন্তর না
হয় কিম্বা উপস্থিত না হয় তবে সে কথা য়িহু
হের অকথিত সে আচার্য্য গর্ব্বপূর্ব্বক তাহা কহি
য়াছে তুমি তাহাকে ভয় করিও না।

১৯ পর্ব্ব।

[১] যে জাতীয়েরদের দেশ তোমার ঈশ্বর
য়িহুহ তোমাকে দেন সে জাতীয়েরদিগকে যখন
তোমার ঈশ্বর য়িহুহ উচ্ছিন্ন করিবেন এবং তুমি
তাহারদের স্থানে অধিকার করিবা ও তাহার
দের নগরে ও তাহারদের ঘরে বাস করিবা।
[২] তখন তোমার ঈশ্বর য়িহুহ অধিকারার্থে
যে দেশ তোমাকে দেন সে তোমার দেশের
মধ্যে তুমি আপনার কারণ তিন নগর পৃথক্
কর। [৩] তুমি আপনার কারণ পথ প্রস্তুত
কর এবং তোমার ঈশ্বর য়িহুহ যে দেশ অধিকা
রার্থে তোমাকে দেন তুমি আপনার সে দে
শের সীমা তিন ভাগ কর যে প্রত্যেক নৃহন্তা সে
স্থানে পলাইয়া বাঁচে।

[৪] এবং রক্ষার্থে সে স্থানে পলায়নকারী
নৃহন্তৃর বিধান এই যে কেহ আপন প্রতিবাসি
কে অজ্ঞানতো বধ করে কিন্তু পূর্ব্বে তাহাকে
ঘৃণা করে নাই [৫] যথা কাষ্ঠ কাটিবার নিমিত্তে
কেহ আপন প্রতিবাসির সহিত বনে গেলে এবং
গাছ পাড়নার্থে হাত তুলিয়া কুঠার দিয়া কোপ
মারিলে কুঠার দণ্ডহইতে খসিয়া তাহার প্রতি
বাসির উপর পড়ে তাহাতে সে মরে তাহাহই
লে সে ঐ নগরের কোন এক নগরে পলাইয়া
বাঁচিবে। [৬] পাছে মনের উত্তাপ থাকিতে রক্ত
পাতের প্রতিফলদাতা সে হন্তার পশ্চাৎ দৌড়ে
এবং পথ বহুদূরহওয়াপ্রযুক্ত তাহার স্থানে উপ
স্থিত হয় ও তাহার প্রাণনাশ করে তথাপি সে
মরণযোগ্য নয় কেননা সে পূর্ব্বে তাহাকে ঘৃণা
করে নাই। [৭] অতএব আমি ইহা কহিয়া তো
মাকে আজ্ঞা করি তুমি আপনার কারণ তিন ন
গর পৃথক্ কর। [৮] এবং তোমার ঈশ্বর য়িহুহ
তোমার পিতৃলোকেরদের প্রতি যেমন দিব্য করি
য়াছেন তেমন যদি তিনি তোমার সীমা বাড়ান
এবং যে সমস্ত দেশ তোমার পিতৃলোকেরদিগ
কে দিতে প্রতিজ্ঞা করিলেন সে সমস্ত দেশ তোমা
কে দেন। [৯] এবং তোমার ঈশ্বর য়িহুহকে
প্রেম করণার্থে ও তাঁহার পথে নিত্য চলনার্থে
আমি তোমাকে যে সমস্ত আজ্ঞা করি তাহা যদি
তুমি পালন কর তবে সে তিন নগরভিন্ন তুমি
অন্য তিন নগর আপনার কারণ নিরূপণ করিবা
[১০] যে তোমার ঈশ্বর য়িহুহ অধিকারার্থে

যে দেশ তোমাকে দেন তোমার সে দেশের মধ্যে নিরপরাধির রক্তপাত না হয় এবং তোমার উপর রক্তপাতাপরাধ না আইসে।

[১১] কিন্তু যদি কোন মনুষ্য আপন প্রতিবাসিকে ঘৃণা করে ও তাহার কারণ লুক্কায়িত হইয়া থাকে ও তাহার প্রতিকূলে উঠিয়া অস্ত্রকাঘাত করে তাহাতে সে মরে এবং সে নগরের মধ্যের কোন এক নগরে পলায়। [১২] তবে সে নগরের প্রাচীনেরা লোক পাঠাইয়া সে স্থানহইতে তাহাকে আনিবে এবং রক্তপাতপ্রতিফলদাতার হস্তে তাহাকে অর্পণ করিবে যে সে মরে। [১৩] তোমার চক্ষু তাহার প্রতি দয়াশীল না হউক কিন্তু তুমি য়িশ্রাএলহইতে নিরপরাধির রক্তপাতাপরাধ দূর কর যে তোমার মঙ্গল হয়।

[১৪] তোমার ঈশ্বর য়িহুহ যে দেশ অধিকারার্থে তোমাকে দেন সে তোমার অধিকৃত দেশে প্রাচীন লোককর্ত্তৃক নিরূপিত তোমার প্রতিবাসির সীমাচিহ্ন তুমি স্থানান্তর করিও না।

[১৫] কোন অযাথার্থ্যপ্রযুক্ত কিম্বা মনুষ্যকৃত কোন পাপপ্রযুক্ত এক সাক্ষী কোন মনুষ্যের প্রতিকূলে না উঠুক দুই সাক্ষির মুখেতে কিম্বা তিন সাক্ষির মুখেতে মোকদ্দমা স্থির হইবে।

[১৬] কোন মনুষ্যের বিষয়ে অযথার্থ সাক্ষ্য দেওনার্থে যদি কোন মিথ্যা সাক্ষী তাহার প্রতিকূলে উঠে [.৭] তবে সে বাদী ও প্রতিবাদী দুই জন য়িহুহের সম্মুখে অর্থাৎ তৎকালীন যাজকেরদের ও বিচারকর্ত্তারদের সম্মুখে দাঁড়াউক। [১৮] এবং সে বিচারকর্ত্তারা যত্নপূর্ব্বক অনুসন্ধান লউক এবং দেখ সে সাক্ষী যদি মিথ্যা সাক্ষী হয় ও আপন ভ্রাতার প্রতিকুলে মিথ্যা প্রমাণ দিয়া থাকে [১৯] তবে সে আপন ভ্রাতার প্রতি যেমন করিতে মনস্থ করিয়াছিল তেমন তোমরা তাহার প্রতি কর ঐরূপে তোমরা আপনারদের মধ্যহইতে দুষ্কর্ম্ম দূর কর। [২০] এবং অবশিষ্ট লোকেরা শুনিয়া ভীত হইবে এবং তোমার মধ্যে সেমত কুকর্ম্ম তদবধি আর না করিবে। [২১] এবং তোমার চক্ষু দয়াশীল না হউক কিন্তু প্রাণের কারণ প্রাণ চক্ষুর কারণ চক্ষু দন্তের কারণ দন্ত হস্তের কারণ হস্ত পদের কারণ পদ হইবে।

২০ পর্ব্ব।

[১] যখন তুমি আপন শত্রুরদের প্রতিকূলে যুদ্ধ করিতে বাহির হইয়া যাও এবং আপন পক্ষাপেক্ষা অনেক ঘোড়া ও রথ ও জনতা দেখ তখন সে সকলেতে ভীত হইও না কেননা মিস্র দেশহইতে তোমাকে আনয়নকারি তোমার ঈশ্বর য়িহুহ তোমার সহিত আছেন। ২] এবং এমত হইবে তোমরা রণনিকটে উপস্থিত হইলে যাজক নিকটবর্ত্তী হইয়া লোকেরদের সহিত কথা কহিবে [৩] এবং তাহারদিগকে বলিবে হে য়িশ্রাএল শ্রবণ কর তোমরা আপনারদের শত্রুরদের সহিত যুদ্ধ করিতে আজি নিকটবর্ত্তী হইতেছ তোমারদের অন্তঃকরণ ব্যাকুল না হউক ভয় করিও না এবং কম্পমান হইও না ও তাহারদিগকে দেখিয়া সশঙ্ক হইও না। [৪] কেননা তোমারদিগকে রক্ষা করিবার কারণ তোমারদের শত্রুরদের প্রতিকূলে তোমারদের জন্যে যুদ্ধকরণার্থে তোমারদের ঈশ্বর য়িহুহ তোমারদের সহিত যান।

[৫] এবং অধ্যক্ষেরা এই কথা লোকেরদিগকে বলিবে নূতন গৃহ গ্রন্থন করিয়া তাহাতে বাস করে নাই এমত কোন্ মনুষ্য আছে সে আপন ঘরে ফিরিয়া যাউক পাছে যুদ্ধে সে মরে এবং অন্য মনুষ্য তাহাতে বাস করে। [৬] এবং দ্রাক্ষাক্ষেত্র রোপণ করিয়া তাহার ফল খায় নাই এমত কোন্ মনুষ্য আছে সে আপন ঘরে ফিরিয়া যাউক পাছে সে যুদ্ধে মরে এবং অন্য লোকে তদুৎপন্ন খায় [৭] এবং বিবাহ করিয়া ভার্য্যাকে গ্রহণ করে নাই এমত কোন্ মনুষ্য আছে সে আপন ঘরে ফিরিয়া যাউক পাছে সে যুদ্ধে মরে ও অন্য কেহ তাহাকে গ্রহণ করে। [৮] এবং অধ্যক্ষেরা লোকেরদিগকে আরো কহিয়া বলিবে ভীরু ও ভীতান্তঃকরণ কে আছে সে আপন ঘরে ফিরিয়া যাউক পাছে তাহার অন্তঃকরণের মত তাহার ভ্রাতারদের অন্তঃকরণ নিরাশ হয়। [৯] পরে এমত হইবে অধ্যক্ষেরা লোকেরদিগের সহিত কথাকথন সমাপ্ত করিলে লোকেরদিগকে রণে লইয়া যাওনার্থে তাহারা সৈন্যেরদের উপরে সেনাপতি নিযুক্ত করিবে।

[১০] কোন নগরের প্রতিকূলে যুদ্ধার্থে তুমি যখন তাহার নিকট উপস্থিত হও তখন তাহার প্রতি সন্ধির কথা ঘোষণা কর [১১] এবং এমত হইবে যদি সে সম্মতিপূর্ব্বক উত্তর দেয় এবং তোমার প্রতি দ্বার খুলে তবে এমত হইবে তন্নগরে প্রাপ্ত তাবল্লোক তোমাকে রাজস্ব দিবে এবং তাহারা তোমার সেবা করিবে। [১২] এবং যদি সে তোমার সহিত সন্ধি না করে কিন্তু তোমার সহিত যুদ্ধ করে তবে তুমি তাহার অবরোধ কর। [১৩] এবং তোমার ঈশ্বর য়িহুহ তাহা তোমার হাতে দিলে তুমি তাহার সমস্ত পুরুষকে তলোবারের ধারেতে হত কর। [১৪] কিন্তু স্ত্রীরদিগকে ও বালকেরদিগকে ও পশুইত্যাদি নগরে যে কিছু আছে অর্থাৎ তাহার সমস্ত লুট তুমি আপনার জন্যে গ্রহণ কর এবং তোমার

ঈশ্বর য়িহুহকর্ত্তৃক দত্ত তোমার শত্রুরদের লুঠ
তুমি ভোগ কর। [১৫] এই২ জাতিরদের নগর
ব্যতিরিক্ত তোমাহইতে অতিদূরস্থিত তাবন্নগরের
প্রতি তুমি এতদ্রূপ কর। [১৬] কিন্তু তোমার
ঈশ্বর য়িহুহ অধিকারার্থে তোমারদিগকে এলো
কেরদের যে২ নগর দেন সে২ নগরস্থ কোন জীব
কে তুমি জীবৎ রাখিও না। [১৭] কিন্তু তোমার
ঈশ্বর য়িহুহ যেমন তোমাকে আজ্ঞা করিয়াছেন
তেমন তুমি তাহারদিগকে অর্থাৎ খিত্তীয়েরদিগ
কে ও আমোরীয়েরদিগকে ও কনআনীয়েরদিগ
কে ও পিরীজীয়েরদিগকে ও খিবীয়েরদিগকে ও
য়িবুসীয়েরদিগকে নিঃশেষরূপে নষ্ট কর [১৮]
যে আপনারদের দেবেরদের প্রতি তাহারা যাহা
করে সে সকল ঘৃণার্হ ক্রিয়ানুসারে করিতে তো
মারদিগকে না শিক্ষায় তাহা হইলে তোমরা আ
পনারদের ঈশ্বর য়িহুহের প্রতিকূলে অপরাধ
করিবা।

[১৯] যুদ্ধেতে যখন তুমি কোন নগর বহুকাল
ব্যাপিয়া আক্রমণার্থে অবরোধ কর তখন সে
নগরের বৃক্ষের উপরে কুঠারক্ষেপদ্বারা তাহা
নষ্ট করিও না যেহেতুক তুমি তদুৎপন্ন ফলাদি
ভক্ষণ করিতে পারিবা এবং নগরাবরোধ কা
র্য্যের নিমিত্তে সে সকল তুমি কাটিও না কেননা
ভূমির বৃক্ষ মনুষ্যের জীবনরক্ষক। [২০] কিন্তু
যে বৃক্ষ তুমি জান যে তাহা ভক্ষণীয় ফলজনক
নয় সে সকল তুমি নষ্ট কর ও কাটিয়া ফেল এ
বং তোমার সহিত যুদ্ধকারি নগর যাবৎ পরাস্ত
না হয় তাবৎ তুমি সে নগরের প্রতিকূলে গড়
গুম্বুন কর।

২১ পর্ব্ব।

[১] তোমার ঈশ্বর য়িহুহ অধিকারার্থে যে
দেশ তোমাকে দেন তাহাতে যদি ক্ষেত্রেতে
পতিত কোন মরা পাওয়া যায় কিন্তু তাহাকে
কে মারিয়াছে ইহা জানা না যায় [২] তবে তো
মার প্রাচীনেরা ও তোমার বিচারকর্ত্তারা বাহিরে
আসিয়া মরার চতুর্দ্দিকস্থ সমস্ত নগরপর্য্যন্ত
মাপিবে। [৩] পরে এমত হইবে মরার নিকট
স্থিত নগরের প্রাচীনেরা যদ্দ্বারা কোন কর্ম্ম করা
যায় নাই ও যোঁয়ালিতে বহে নাই এমন এক
বাছুর গ্রহণ করুক। [৪] এবং সে নগরের প্রা
চীনেরা সে বাছুরকে অকৃষ্ট ও অনুপ্ত এক অস
মান মাঠেতে আনিয়া সে মাঠে ঐ বাছুরের
গলা ছেদন করিবে। [৫] এবং লেবির সন্তান
যাজকেরা নিকটে আসিবে কেননা তোমার ঈ
শ্বর য়িহুহ আপনার সেবার নিমিত্তে ও য়িহুহের
নামে আশীর্ব্বাদ করিবার নিমিত্তে তাহারদিগ
কে মনোনীত করিয়াছেন এবং তাহারদের বা
ক্যানুসারে প্রত্যেক বিবাদের ও প্রত্যেক দণ্ডের
বিচার হইবে। [৬] এবং মরার নিকটস্থিত নগ
রের সমস্ত প্রাচীনেরা সে মাঠেতে ছিন্নমস্তক ঐ
বাছুরের উপরে আপন২ হাত প্রক্ষালন করুক।
[৭] এবং তাহারা প্রত্যুত্তর করিয়া কহুক আ
মারদের হাত এ রক্তপাত করে নাই এবং আ
মারদের চক্ষুও তাহা দেখে নাই। [৮] হে য়ি
হুহ আপন যে য়িশ্রাএল লোকেরদিগকে তুমি
মুক্ত করিয়াছ তাহারদের প্রতি দয়াশীল হও
এবং আপন লোক য়িশ্রাএলের উপরে নির
পরাধরক্তপাতদোষ দিও না তাহাতে তাহার
দের প্রতি সে রক্তপাত ক্ষমা করা যাইবে। [৯]
এতদ্রূপে যখন তুমি য়িহুহের গোচরে ধর্ম্ম
করিবা তখন তুমি আপনার মধ্যহইতে নিরপ
রাধের রক্তপাতদোষ দূর করিবা।

[১০] যদি তুমি আপন শত্রুরদের প্রতিকূলে
যুদ্ধ করিতে যাও এবং তোমার ঈশ্বর য়িহুহ
তাহারদিগকে তোমার হস্তে অর্পণ করেন এবং
তুমি তাহারদিগকে বন্দী করিয়া থাক [১১] এবং
সে বন্দীরদের মধ্যে রূপবতী স্ত্রী দেখ এবং
তুমি তাহাকে ভার্য্যার কারণ গ্রহণার্থে বাঞ্ছা
কর। [১২] তবে তুমি তাহাকে আপন ঘরে
আনিবা এবং সে আপন মস্তকমুণ্ডন করিবে
ও আপন নখ ফেলিবে। [১৩] এবং সে আ
পন বন্দীঅবস্থার বস্ত্র ত্যাগ করিবে এবং তো
মার ঘরে থাকিয়া এক মাস আপন পিতামা
তার বিষয়ে বিলাপ করিবে তাহার পরে তুমি
তাহাতে অভিগমন করিয়া তাহার স্বামী হইবা
ও সে তোমার ভার্য্যা হইবে। [১৪] এবং এ
মত হইবে তুমি যদি তাহাতে সন্তুষ্ট না হও তবে
তাহার যে স্থানে ইচ্ছা সে স্থানে তুমি তাহাকে
যাইতে দেও কিন্তু তুমি কোন প্রকারে টাকার
জন্যে তাহাকে বিক্রয় করিও না ও তুমি তাহাকে
ব্যবসায়দ্রব্য করিও না কেননা তুমি তাহার অপ
মান করিয়াছ।

[১৫] যদি কোন পুরুষের দুই স্ত্রী থাকে তা
হার মধ্যে এক প্রিয়া অন্য অপ্রিয়া এবং সে প্রি
য়া ও অপ্রিয়া দুই জনেই পুত্র প্রসব করিয়া থা
কে এবং জ্যেষ্ঠ সন্তান অপ্রিয়ার পুত্র হয় [১৬]
তবে সে যখন আপন পুত্রেরদিগকে আপন
সর্ব্বস্ব অধিকার করায় তখন সে অপ্রিয়াজাত
জ্যেষ্ঠ পুত্র থাকিতে প্রিয়াজাত পুত্রকে জ্যেষ্ঠ
করিবে না [১৭] কিন্তু সে আপন সর্ব্বস্বের দুই
অংশদানদ্বারা অপ্রিয়ার পুত্রকে জ্যেষ্ঠ বলিয়া
স্বীকার করিবে কেননা সে তাহার বলের আরম্ভ
জ্যেষ্ঠাধিকারই তাহার।

[১৮] কোন মনুষ্যের যদি ঢেঁটা এবং বিপথ

গামি আপন পিতামাতার বাক্যামানক পুত্র থাকে এবং তাহারা তাহাকে শাসন করিলেও সে তাহারদের বাক্যে অবধান না করে। [১৯] তবে তাহার পিতামাতা তাহাকে ধরিয়া নগরের প্রাচীনেরদের নিকটে এবং তাহার নিবাস স্থানের দ্বারনিকটে তাহাকে বাহির করিয়া আনিবে [২০] এবং তাহারা তাহার নগরের প্রাচীনেরদিগকে কহিবে এই আমারদের পুত্র ঢেঁটা ও বিপথগামী এ আমারদের কথা মানে না এ অতিভোক্তা ও মদ্যপায়ী। [২১] তাহাতে তাহার নগরের সমস্ত মনুষ্যেরা তাহাকে পাথরেতে প্রহার করিবে যে সে মরে এই রূপে তুমি আপন মধ্যহইতে দোষ দূর করিবা এবং তাবৎ য়িশ্রাএল শুনিয়া ভয় করিবে।

[২২] এবং যদি কোন মনুষ্য বধযোগ্য পাপ করে এবং বধ্য হয় এবং তুমি তাহাকে বৃক্ষের উপরে লটকাইয়া দেও। [২৩] তবে তাহার শব বৃক্ষের উপর সমস্ত রাত্রি থাকিবে না কিন্তু তুমি কোন প্রকারে সেই দিনে তাহাকে গাড়িবা যেহেতুক বৃক্ষোদ্বদ্ধ লোক ঈশ্বরকর্ত্তৃক শপ্ত যে তোমার ঈশ্বর য়িহুহ অধিকারার্থে তোমাকে যে দেশ দেন সে দেশ অপবিত্র না হয়।

## ২২ পর্ব্ব।

[১] তোমার ভ্রাতার বলদ কিম্বা তাহার মেষাদি হারিয়া যাইতে দেখিয়া তুমি তাহারদের হইতে আপনাকে গোপন করিও না কোনরূপে তুমি তাহারদিগকে আপন ভ্রাতার নিকটে পুনরুপস্থিত কর। [২] এবং তোমার ভ্রাতা যদি তোমার নিকটস্থ না হয় কিম্বা তুমি তাহাকে না চিন তবে তুমি তাহাকে আপন ঘরে আন এবং তোমার ভ্রাতার অন্বেষণ না করাপর্য্যন্ত তাহা তোমার নিকটে থাকুক এবং তুমি তাহাকে তাহা পুনর্ব্বার দিবা। [৩] তাহার গর্দ্দভের প্রতিও তুমি তদ্রূপ কর এবং তাহার বস্ত্রের প্রতিও তুমি সেমত কর এবং তোমার ভ্রাতৃকর্ত্তৃক নষ্ট এবং তোমাকর্ত্তৃক প্রাপ্ত তোমার ভ্রাতার তাবৎ নষ্ট দ্রব্যের প্রতি তুমি তদ্রূপ কর তুমি আপনাকে গোপন করিও না।

[৪] পথে তোমার ভ্রাতার গর্দ্দভকে কিম্বা তাহার বলদকে পড়িতে দেখিয়া তাহারদিগহইতে তুমি আপনাকে গোপন করিও না তাহারদিগকে পুনর্ব্বার খাড়াকরণে তুমি অবশ্যই তাহার উপকার করিবা।

[৫] স্ত্রী পুরুষের বস্ত্র না পরুক এবং পুরুষ স্ত্রীলোকের বস্ত্র পরিধান না করুক কেননা যে কেহ সে রূপ করে সে সকলে তোমার ঈশ্বর য়িহুহের ঘৃণার্হ।

[৬] কোন বৃক্ষোপরি কিম্বা ভূমির উপরে তোমার সম্মুখে পথে যদি দৈবাৎ পক্ষির বাসা থাকে তাহাতে বাচ্চা কিম্বা ডিম্ব থাকে এবং বাচ্চার উপরে কিম্বা ডিম্বের উপরে মাতা বসিয়া থাকে তবে তুমি বাচ্চার সহিত মাতাকে ধরিও না। [৭] কোনপ্রকারে তুমি মাতাকে ছাড়িয়া দেও ও আপনার জন্যে বাচ্চা গ্রহণ কর যে তোমার মঙ্গল হয় ও তোমার দিবস বর্দ্ধিত হয়।

[৮] নূতন গৃহ গাঁথিলে তুমি আপনার ছাতের উপরে আলিসা করিবা যে তাহাহইতে কোন মনুষ্য পড়িলে তুমি আপন ঘরের উপরে রক্তপাতাপরাধ না আন।

[৯] আপন দ্রাক্ষাক্ষেত্রে তুমি মিশ্রিত বীজ বুনিও না পাছে তোমার উপ্ত বীজের উৎপত্তি ও তোমার দ্রাক্ষাক্ষেত্রের উৎপত্তি অপবিত্র হয়।

[১০] একত্র যুক্ত বলদেতে ও গর্দ্দভেতে তুমি ভূমিচাস করিও না।

[১১] পশম ও তিসীসূত্র মিশ্রিত নানাদ্রব্যেতে নির্ম্মিত বস্ত্র তুমি পরিধান করিও না।

[১২] আপনার পরিধেয় বস্ত্রের চারি কিনারায় তুমি দশা নির্ম্মাণ কর।

[১৩] কোন মনুষ্য যদি স্ত্রী গ্রহণ করিয়া তাহাতে অভিগমন করে পরে তাহাকে ঘৃণা করে [১৪] এবং তাহার প্রতিকূলে অপবাদের কারণ দেয় ও তাহার দুর্নাম জন্মায় এবং কহে যে আমি এ স্ত্রীকে গ্রহণ করিয়াছিলাম ও ইহাতে উপগত কালে ইহার কৌমার্য্য পাই নাই। [১৫] তবে সে কন্যার পিতা ও মাতা সে কন্যার কৌমার্য্যের চিহ্ন লইয়া দ্বারমধ্যবর্ত্তি নগরের প্রাচীনেরদের নিকটে বাহির করিয়া আনিবে। [১৬] এবং কন্যার পিতা প্রাচীনেরদিগকে কহিবে আমি আপন কন্যা এই মনুষ্যকে ভার্য্যার্থে দিয়াছিলাম কিন্তু এ তাহাকে ঘৃণা করে [১৭] এবং দেখ আমি তোমার কন্যাকে কুমারী পাই নাই সে ইহা কহিয়া অপবাদের হেতু জন্মাইয়াছে তথাচ আমার কন্যার কৌমার্য্য চিহ্ন এই২ তাহাতে তাহারা নগরের প্রাচীনেরদের সম্মুখে সে বস্ত্র বিস্তীর্ণ করিবে। [১৮] পরে সে নগরের প্রাচীনেরা সে পুরুষকে লইয়া তাহাকে শাস্তি দিবে। [১৯] এবং তাহারা তাহার একশত শেকেল রূপা দণ্ড করিয়া কন্যার পিতাকে দিবে কেননা সে য়িশ্রাএলস্থা এক কন্যার প্রতিকূলে দুর্নাম উঠাইয়াছে পরে সে তাহার ভার্য্যা হইবে তাহার যাবজ্জীবন সে তাহাকে ত্যাগ করিবে না। [২০] কিন্তু এই বিষয় যদি সত্য হয় এবং কন্যার কৌমার্য্যের চিহ্ন না পাওয়া যায়। [২১]

তবে তাহারা সে কন্যাকে তাহার পিতার ঘরের দ্বারনিকটে বাহির করিয়া আনিবে এবং তাহার নগরের মনুষ্যেরা তাহাকে পাথরেতে প্রহার করিবে যে সে মরে কেননা য়িশ্‌রাএলেতে আপনার পিতার ঘরে ব্যভিচার করাতে সে উন্মত্ততা করিয়াছে এপ্রকারে তোমরা আপনারদের মধ্য হইতে দোষ দূর কর।

[২২] স্বামির বিবাহিতা কোন স্ত্রীর সহিত সংসর্গ করত কোন পুরুষ যদি ধরা পড়ে তবে সে স্ত্রীর সহিত সংসর্গকারি সে পুরুষ ও সে স্ত্রী উভয়ে মারা যাইবে এই রূপে তুমি য়িশ্‌রাএলের মধ্যহইতে দোষ দূর কর।

[২৩] যদি কোন কুমারী কন্যা স্বামিতে বাগদত্তা হইয়া থাকে এবং তাহাকে নগরমধ্যে পাইয়া যদি কেহ তাহাতে উপগত হয়। [২৪] তবে সে দুই জনকে তোমরা সে নগরদ্বারনিকটে বাহির করিয়া আনিবা এবং তাহারদিগকে পাথরেতে প্রহার কর যে তাহারা মরে কন্যা নগরস্থা হইয়াও চেঁচায় নাই এইপ্রযুক্ত তাহাকে এবং আপন প্রতিবাসির ভার্য্যাকে অপমানিতাকরণ প্রযুক্ত পুরুষকে এইরূপ তোমরা আপন মধ্য হইতে দোষ দূর কর।

[২৫] কিন্তু কোন বাগ্‌দত্তা কন্যাকে যদি কোন পুরুষ মাঠেতে পাইয়া বল করিয়া তাহাতে উপগত হয় তবে তাহাতে উপগত পুরুষমাত্র মারা যাইবে। [২৬] কিন্তু কন্যার প্রতি তুমি কিছুই করিও না মরণযোগ্য কোন দোষ কন্যাতে নাই যেহেতুক কোন মনুষ্য আপন প্রতিবাসির প্রতিকূলে উঠিয়া তাহাকে হনন করে তদ্রূপ বিষয়ের মত এই বিষয়। [২৭] কেননা সে তাহাকে মাঠমধ্যে পাইয়াছিল বাগ্‌দত্তা কন্যা চেঁচাইল কিন্তু তাহার রক্ষক কেহ ছিল না।

[২৮] অবাগ্‌দত্তা কুমারী কন্যাকে যদি কোন পুরুষ পায় এবং তাহাকে ধরিয়া তাহাতে উপগত হয় [২৯] এবং তাহারা ধরা পড়ে তবে তাহাতে উপগত পুরুষ সে কন্যার পিতাকে পঞ্চাশ শেকেল রূপা দিবে পরে সে তাহার ভার্য্যা হইবে তাহার অপমানকরণপ্রযুক্ত সে তাহার যাবজ্জীবন তাহাকে ত্যাগ না করুক।

[৩০] মনুষ্য আপন পিতার ভার্য্যাকে গ্রহণ না করুক এবং আপন পিতার বস্ত্রাঞ্চল উত্তোলন না করুক।

## ২৩ পর্ব্ব।

[১] ভগ্নাণ্ডকোষ কিম্বা ছিন্নলিঙ্গ ব্যক্তি য়িহুহের মণ্ডলীতে প্রবেশ না করুক। [২] জারজ য়িহুহের মণ্ডলীতে প্রবেশ না করুক তাহার দশম পুরুষপর্য্যন্তও সে য়িহুহের মণ্ডলীতে প্রবেশ না করুক। [৩] আম্মোনীয় কিম্বা মোআবীয় য়িহুহের মণ্ডলীতে প্রবেশ না করুক তাহারদের দশম পুরুষপর্য্যন্তও তাহারা য়িহুহের মণ্ডলীতে প্রবেশ না করুক। [৪] যেহেতুক তোমরা যখন মিসরহইতে বাহির হইয়া আইলা তখন তাহারা পথে অন্নজল লইয়া তোমারদের সহিত সাক্ষাৎ করিল না এবং তোমার প্রতিকূলে তোমাকে শাপদেওনার্থে তাহারা আরম নহরয়িমস্থ পেতোরবাসি বেওরের পুত্র বলআমকে বেতন দিয়া রাখিল। [৫] তথাপি তোমার ঈশ্বর য়িহুহ বলআমের কথায় কর্ণ দিলেন না কিন্তু তোমার ঈশ্বর য়িহুহ তোমার প্রতি স্নেহকরণপ্রযুক্ত তোমার প্রতিকূলে দত্ত শাপকে তোমার ঈশ্বর য়িহুহ আশীর্ব্বাদস্বরূপ করিলেন। [৬] তাহারদের শান্তি কিম্বা তাহারদের মঙ্গল তোমার তাবদায়ু তুমি কদাপি অন্বেষণ করিও না।

[৭] তুমি এদোমীয়কে ঘৃণা করিও না কেননা সে তোমার ভ্রাতা তুমি মিসরীয়কে ঘৃণা করিও না কেননা তুমি তাহার দেশে বিদেশী ছিলা। [৮] তাহারদিগহইতে যে সন্তান উৎপন্ন হয় তাহারা তৃতীয় পুরুষে য়িহুহের মণ্ডলীতে প্রবেশ করিবে।

[৯] তোমার শত্রুরদের বিরুদ্ধে যখন সৈন্য বাহির হয় তখন তুমি আপনাকে সর্ব্বপ্রকার দুষ্কর্ম্মহইতে রক্ষা কর।

[১০] তোমার মধ্যে যদি কোন মনুষ্য রাত্রিতে ঘটিত কোন অপবিত্র বিষয়েতে অপবিত্র হয় তবে সে ছাউনিহইতে বাহির হউক সে ছাউনির মধ্যে প্রবেশ না করুক। [১১] কিন্তু এমন হইবে সন্ধ্যা উপস্থিতা হইলে সে জলে স্নান করুক এবং সূর্য্য অস্ত গেলে সে ছাউনির মধ্যে আইসুক।

[১২] এবং বাহ্যগমনার্থে ছাউনির বাহিরে তোমার এক স্থান নিরূপণ কর। [১৩] এবং তোমার অস্ত্রেতে এক খন্তী থাকিবে এবং বাহ্য গেলে এমত হইবে তুমি তাহা দিয়া খনন কর এবং ফিরিয়া তোমাহইতে নির্গত বিষ্ঠা ঢাক। [১৪] যেহেতুক তোমার রক্ষার্থে তোমার সম্মুখে তোমার শত্রুরদিগকে অর্পণার্থে তোমার ঈশ্বর য়িহুহ তোমার ছাউনির মধ্যে ভ্রমণ করেন তৎপ্রযুক্ত তোমার ছাউনি পবিত্র হউক যে তোমাতে তিনি কোন অপবিত্রতা না দেখেন এবং তোমাহইতে পরাঙ্মুখ না হন।

[১৫] আপন স্বামির নিকটহইতে তোমার নিকটে পলায়নকারি দাসকে তুমি তাহার স্বামির নিকটে সমর্পণ করিও না। [১৬] তোমার কোন এক দ্বারে তাহার মনোনীত স্থানে তাহার

অভিমতানুসারে সে তোমার সহিত অর্থাৎ তোমারদের মধ্যে বাস করুক তুমি তাহার প্রতি কঠিন ব্যবহার করিও না।

[১৭] য়িশ্রাএলের কন্যারদের মধ্যে কেহ বেশ্যা না হউক এবং য়িশ্রাএলের সন্তানের মধ্যে কেহ পুঙ্গামী না হউক। [১৮] কোন মানতের নিমিত্তে তুমি বেশ্যার বেতন কিম্বা কুকুরের মূল্য তোমার ঈশ্বর য়িহুহের ঘরে আনিও না কেননা সে উভয়ই তোমার ঈশ্বর য়িহুহের ঘৃণার্হ।

[১৯] সুদজন্যে তুমি তোমার ভ্রাতাকে কর্জ্জ দিও না বিশেষতঃ রূপার সুদার্থে কিম্বা ভক্ষ্যদ্রব্যের সুদার্থে কিম্বা সুদনিমিত্তে দেয় কোন দ্রব্যের সুদার্থে। [২০] বিদেশিকে সুদার্থে তুমি কর্জ্জ দিতে পার কিন্তু আপন ভ্রাতাকে সুদার্থে তুমি কর্জ্জ দিও না যে তুমি যে দেশ অধিকার করিতে যাইতেছ সে দেশে তোমার হস্তকৃত সমস্ত কর্ম্মেতে তোমার ঈশ্বর য়িহুহ তোমাকে আশীর্ব্বাদ করেন।

[২১] তোমার ঈশ্বর য়িহুহের উদ্দেশে তুমি যখন মানত কর তখন তাহা পূর্ণ করণে শ্লথ হইও না কেননা তোমার ঈশ্বর য়িহুহ অবশ্যই তাহা তোমাহইতে দাওয়া করিবেন এবং তাহা তোমার পাপ হইবে। [২২] কিন্তু তুমি যদি মানত না কর তবে তাহাতে তোমার পাপ হইবে না। [২৩] তোমার মুখনির্গত বাক্যানুসারে তোমার ঈশ্বর য়িহুহের প্রতি তুমি যেমত মানত করিয়াছ তদনুসারে তোমার ওষ্ঠনির্গত বাক্য তুমি পালন কর অর্থাৎ স্বেচ্ছাপূর্ব্বক এক নৈবেদ্য পূর্ণ কর।

[২৪] যখন তুমি আপন প্রতিবাসির দ্রাক্ষাক্ষেত্রে আইস তখন তুমি আপন মনের তৃপ্তি নাহওয়াপর্য্যন্ত আপন অভিমতানুসারে দ্রাক্ষা খাইতে পার কিন্তু তোমার পাত্রে তুমি দিও না। [২৫] যখন তুমি আপন প্রতিবাসির শস্যক্ষেত্রেতে আইস তখন তুমি আপন হাত দিয়া শীষ ছিঁড়িতে পার কিন্তু তোমার প্রতিবাসির শস্যক্ষেত্রেতে তুমি কাস্ত্যা চালাইও না।

## ২৪ পর্ব্ব।

[১] কোন পুরুষ কোন স্ত্রীকে বিবাহ করণানন্তর এমত যদি হয় যে তাহাতে কোন অসৎক্রিয়া প্রাপ্তিপ্রযুক্ত সে তাহার দৃষ্টিতে অনুগ্রহ না পায় তবে সে তাহার ত্যাগপত্র লিখিয়া তাহার হাতে দিয়া তাহাকে আপন ঘরহইতে বিদায় করুক। [২] এবং সে তাহার ঘরহইতে বাহিরহওনানন্তর অন্য পুরুষের ভার্য্যা হইতে পারে। [৩] এবং সেই শেষস্বামী যদি তাহাকে ঘৃণা করে ও তাহার ত্যাগপত্র লিখিয়া তাহার হাতে দেয় ও তাহাকে আপন ঘরহইতে বিদায় করে কিম্বা ভার্য্যার্থে গ্রহণকারি ঐ শেষ স্বামী মরে। [৪] তবে তাহাকে ত্যাগকারি তাহার প্রথম স্বামী তাহার অশুদ্ধহওনের পর তাহাকে ভার্য্যার্থে পুনর্ব্বার গ্রহণ না করুক যেহেতুক য়িহুহের সম্মুখে সে কর্ম্ম ঘৃণার্হ এবং তোমার ঈশ্বর য়িহুহ অধিকারার্থে যে দেশ তোমাকে দেন সে দেশকে তুমি পাপেতে লিপ্ত করিও না।

[৫] কোন মনুষ্য নূতন বিবাহ করিয়া যুদ্ধার্থে বাহিরে না যাউক এবং কোন কর্ম্মের ভার তাহাকে দেওয়া না যাউক সে এক বৎসর আপন ঘরে নিষ্কর্ম্মা হইয়া থাকিয়া যে ভার্য্যা গ্রহণ করিয়াছে তাহার মনোরঞ্জন করুক।

[৬] কোন মনুষ্য যাঁতার ঊর্দ্ধস্থ বা নীচস্থ চাকী বন্ধকার্থে গ্রহণ না করুক কেননা সে বন্ধকার্থে জীবন গ্রহণ করে।

[৭] য়িশ্রাএলের সন্তানস্থ আপন কোন ভ্রাতাকে চুরি করত কোন মনুষ্য যদি পাওয়া যায় এবং তাহাকে বাণিজ্যদ্রব্য করে কিম্বা তাহাকে বিক্রয় করে তবে সে চোর মারা যাইবে এবং তুমি আপন মধ্যহইতে দোষ দূর কর।

[৮] কুষ্ঠরোগবিষয়ে সাবধান হও যে লৈব যাজকেরা তোমাকে যে সকল উপদেশ দেয় সে সকল অনুসারে তুমি কর এবং যত্নপূর্ব্বক মান আমি তাহারদিগকে যেমত আজ্ঞা করিয়াছি সে মত করণে যত্ন কর। [৯] তোমরা মিস্রহইতে বাহির হইয়া আইলে পর তোমারদের ঈশ্বর য়িহুহ মিরিয়ামের প্রতি পথে যাহা করিলেন তাহা স্মরণ কর।

[১০] যখন তুমি আপন ভ্রাতাকে কোন কিছু কর্জ্জ দেও তখন তাহার স্থানে বন্ধক লইবার কারণ তাহার ঘরে প্রবেশ করিও না। [১১] তুমি বাহিরে দাঁড়াও এবং যে মনুষ্যকে তুমি কর্জ্জ দেও সেই বন্ধক তোমার নিকটে বাহির করিয়া আনুক। [১২] এবং যদি সে মনুষ্য দরিদ্র হয় তবে তাহার বন্ধক লইয়া তুমি নিদ্রা যাইও না। [১৩] সূর্য্যাস্তকালে তুমি কোন প্রকারে সে বন্ধক তাহাকে ফিরিয়া দিবা যে সে আপন বস্ত্রেতে শোয় এবং তোমাকে আশীর্ব্বাদ করে এবং তাহা তোমার ঈশ্বর য়িহুহের গোচরে তোমার ধর্ম্ম হয়।

[১৪] তোমার ভ্রাতারদের কিম্বা তোমার দেশস্থ তোমার দ্বারবাস্ত বিদেশীয়েরদের কোন বেতনজীবি দরিদ্র দানহীন ভৃত্যকে তুমি দুঃখ দিও না। [১৫] তাহার দিবসানুসারে তুমি তাহার বেতন দেও এবং তদুপরি তুমি সূর্য্য অস্তহইতে দিও না যেহেতুক সে গরীব এবং তাহাতে তাহার

প্রাণ অবলম্বন করে পাছে সে তোমার প্রতিকূ
লে য়িহুহের নিকট প্রার্থনা করে এবং তাহা তো
মার পাপ হয়।

[১৬] পুত্রেরদের বদলে পিতারদিগের বধ
না হউক এবং পিতারদের বদলে পুত্রেরা মারা
না যাউক প্রতিজন আপন২ পাপপ্রযুক্ত মারা
যাউক।

[১৭] বিদেশির কিম্বা পিতৃহীনের বিচারনিষ্প
ত্তি তুমি উল্টাইও না ও বিধবার বস্ত্র বন্ধকার্থে
গ্রহণ করিও না। [১৮] কিন্তু স্মরণ কর যে তুমি
মিসরেতে দাস ছিলা এবং তোমার ঈশ্বর য়িহুহ
সে স্থানহইতে তোমাকে মুক্ত করিলেন অতএব
এতৎকর্ম্মকরণার্থে আমি তোমাকে আজ্ঞা করি।

[১৯] তোমার ক্ষেত্রে শস্যচ্ছেদনকালে ক্ষে
ত্রেতে এক আটি বিস্মৃত হইলে তাহা লইতে ফি
রিয়া যাইও না তাহা বিদেশির ও পিতৃহীনের
ও বিধবারদের কারণ হউক যে তোমার ঈশ্বর
য়িহুহ তোমার হস্তকৃত তাবৎ কর্ম্মেতে তোমা
কে আশীর্ব্বাদ করেন। [২০] যখন তুমি আ
পন জিতবৃক্ষ ঝাড় তখন সে ডাল পুনর্ব্বার ঝা
ড়িও না তাহা বিদেশির ও পিতৃহীনের ও বিধ
বার কারণ হউক। [২১] যখন তুমি আপন
দ্রাক্ষাক্ষেত্রের দ্রাক্ষাফল চয়ন কর তখন তৎপরে
অবশিষ্ট কুড়াইও না তাহা বিদেশির ও পিতৃহী
নের ও বিধবার কারণ হউক। [২২] এবং স্ম
রণ কর যে মিসরদেশে তুমি দাস ছিলা অতএব
এই কর্ম্মকরণার্থে আমি তোমাকে আজ্ঞা করি।

২৫ পৰ্ব্ব।

[১] মনুষ্যেরদের মধ্যে যদি বিবাদ হয় ও তা
হারা বিচারার্থে বিচারকর্ত্তার নিকটে আইসে
তবে তাহারা ধার্ম্মিককে ধার্ম্মিক করুক এবং
দোষিকে দোষী করুক। [২] এবং দুষ্ট ব্যক্তি
যদি প্রহার্য্য হয় তবে বিচারকর্ত্তা তাহাকে শা
সন করাইয়া আপন সাক্ষাৎ তাহার অপরাধা
নুসারে পরিমিতসংখ্যক প্রহারেতে তাহাকে প্র
হার করুক। [৩] তাহাকে চল্লিশ আঘাত করি
তে পারে অধিক নয় পাছে অধিক দণ্ড দেওনে
তে অধিক প্রহারপ্রযুক্ত তোমার ভ্রাতা তোমার
গোচরে অপমানিত হয়।

[৪] শস্যমাড়নের সময়ে তমি বলদের মুখ
বান্ধিও না।

[৫] ভ্রাতারা যদি একত্র বাস করে ও তাহার
দের মধ্যে এক জন মরে এবং তাহার সন্তান না
থাকে তবে মৃতের ভার্য্যা বাহিরে অন্য পুরুষ
কে বিবাহ না করুক তাহার দেবর তাহাতে উপ
গত হউক এবং ভার্য্যার্থে তাহাকে গ্রহণ করিয়া
দেবরব্যবহার তাহার প্রতি করুক। [৬] এবং
এই মত হইবে যে সে জ্যেষ্ঠ সন্তানকে প্রসব করে
সে তাহার মৃত ভ্রাতার নামেতে উত্তরাধিকারী
হইবে যে য়িশ্রাএলহইতে তাহার নাম লুপ্ত না
হয়। [৭] এবং সে পুরুষ যদি আপন ভ্রাতার
স্ত্রীকে গ্রহণ করিতে ইচ্ছা না করে তবে তাহার
ভ্রাতার স্ত্রী দ্বারের নিকটে প্রাচীনেরদের স্থানে
যাইয়া কহুক যে আমার দেবর য়িশ্রাএলের
মধ্যে আপন ভ্রাতার নাম উৎপন্নকরণে অস
ম্মত আছে আমার দেবরের কর্ত্তব্য কর্ম্ম সে করি
তে চাহে না। [৮] তবে তাহার নগরের প্রাচী
নেরা তাহাকে ডাকিয়া তাহার সহিত কথা কহি
বে তাহাতে যদি সে স্থগিত হইয়া কহে আমি
তাহাকে গ্রহণ করিতে চাহি না। [৯] তবে তা
হার ভ্রাতার স্ত্রী প্রাচীনেরদের সাক্ষাৎ তাহার
নিকটে আসিয়া তাহার পাহইতে তাহার জুতা
খুলুক ও তাহার মুখে থুথূ দিয়া প্রত্যুত্তর করিয়া
কহুক যে মনুষ্য আপন ভ্রাতার ঘর না গাঁথে
তাহার প্রতি এই মত করা যাইবে। [১০] এবং
মুক্তপাদুকা বংশ এই নামে সে য়িশ্রাএলে প্র
সিদ্ধ হইবে।

[১১] পুরুষেরা যখন পরস্পর বিরোধ করে
ও তাহারদের মধ্যে এক জনের স্ত্রী যদি আপন
স্বামিকে প্রহারকের হস্তহইতে মুক্ত করণার্থে আ
পন হস্ত বিস্তার করিয়া প্রহারকের পুরুষাঙ্গ
ধরে। [১২] তবে তুমি তাহার হস্তচ্ছেদন কর
তোমার চক্ষু দয়া না করুক।

[১৩] এক বড় এক ছোট এমত নানাপ্রকার
বাঁটখারা তুমি আপন থৈলীতে রাখিও না।
[১৪] এক বড় এক ক্ষুদ্র এই মত নানাবিধ পরি
মাণ আপন ঘরে রাখিও না। [১৫] তোমার
ধর্ম্ম ও ন্যায্য বাঁটখারা হউক তোমার ধর্ম্ম ও
ন্যায্য পরিমাণ হউক যে তোমার ঈশ্বর য়িহুহ
তোমাকে যে দেশ দেন তদ্দেশে তোমার দিবস
বর্দ্ধিত হয়। [১৬] যেহেতুক তদ্রূপ কর্ম্মকারি
সকলে ও সমস্ত অন্যায়কারী তোমার ঈশ্বর য়ি
হুহেতে ঘৃণিত।

[১৭] তোমরা যখন মিসরহইতে বাহির হই
য়া আইলা তখন পথে তোমার প্রতি অমালেক
যাহা করিল তাহা স্মরণ কর। [১৮] তুমি যখন
ক্লান্ত ও শ্রান্ত ছিলা তখন সে যে প্রকার করিয়া
পথে তোমারদের সহিত মিলিয়া তোমার প্রান্ত
স্থ ভাগকে অর্থাৎ তোমার পশ্চাদ্বর্ত্তি সমস্ত দু
র্ব্বলেরদিগকে প্রহার করিল এবং সে ঈশ্বরকে
ভয় করিল না। [১৯] অতএব এমত হইবে
তোমার ঈশ্বর য়িহুহ যে দেশ অধিকারার্থে তো
মাকে দেন সে দেশে তোমার ঈশ্বর য়িহুহ তো
মার সকল শত্রুদিগহইতে তোমাকে চতুর্দ্দিগে

বিশ্রাম দিলে পর তুমি স্বর্গের নীচহইতে অমালে
কের স্মরণ লোপ কর তুমি বিস্মৃত হইও না।

## ২৬ পর্ব্ব।

[১] এবং এমত হইবে তোমার ঈশ্বর য়িহুহ
অধিকারার্থে যে দেশ তোমাকে দেন সে দেশে
যখন প্রবেশ করিবা ও তাহা অধিকার করিবা
ও তাহাতে বাস করিবা। [২] তখন তোমার
ঈশ্বর য়িহুহ যে দেশ তোমাকে দেন সে দেশের
সমস্ত প্রথমোৎপন্ন ফলের কিঞ্চিৎ তুমি গ্রহণ
কর এবং টুকরিতে রাখিয়া তোমার ঈশ্বর য়ি
হুহ আপন নাম রাখিবার কারণ যে স্থান মনো
নীত করিয়াছেন সে স্থানে যাও। [৩] এবং
তুমি তৎকালে নিযুক্ত যাজকের নিকটে যাইয়া
তাহাকে কহ তোমার ঈশ্বর য়িহুহের স্থানে আ
মি আজি স্বীকার করি যে আমারদিগকে দানা
র্থে আমারদের পিতারদের প্রতি য়িহুহ যে দে
শবিষয়ে দিব্য করিয়াছিলেন সে দেশে আমি
আসিয়াছি। [৪] তাহাতে যাজক তোমার হস্ত
হইতে টুকরি লইয়া তোমার ঈশ্বর য়িহুহের বে
দির সম্মুখে রাখিবে। [৫] এবং তোমার ঈশ্বর
য়িহুহের সম্মুখে তুমি প্রত্যুত্তর করিয়া কহ আ
মার পিতা মৃতকল্প অমোরীয় ছিল এবং সে
মিসরদেশে উত্তীর্ণ হইয়া সে স্থানে অল্প পরি
বার সঙ্গে প্রবাস করিল এবং সে স্থানে মহতী ও
পরাক্রান্তা ও বহুপ্রজাবিশিষ্ট জাতি হইল [৬]
এবং মিসরীয়েরা আমারদের উপদ্রব করিল ও
আমারদিগকে ক্লেশ দিল এবং আমারদের উপ
রে কঠিন দাসত্ব চাপাইল। [৭] এবং আম
রা যখন আপনারদের পিতারদের ঈশ্বর য়িহু
হের উদ্দেশে প্রার্থনা করিলাম তখন য়িহুহ আ
মারদের বাক্য শুনিলেন এবং আমারদের দুঃখ
ও আমারদের কষ্ট ও আমারদের উপদ্রবের প্র
তি দৃষ্টি করিলেন। [৮] এবং য়িহুহ পরাক্রান্ত
হস্তেতে ও বিস্তীর্ণ বাহুতে ও মহাতঙ্কেতে ও চি
হ্নেতে ও আশ্চর্য্য ক্রিয়াদ্বারা মিসরহইতে আ
মারদিগকে বাহির করিয়া আনিলেন। [৯]
এবং তিনি আমারদিগকে এস্থানে আনিয়াছেন
এবং এই দেশ অর্থাৎ দুগ্ধমধুপ্রবাহি দেশ আ
মারদিগকে দিয়াছেন। [১০] এবং এখন দেখ
হে য়িহুহ আপনি আমাকে যে ভূমি দিয়াছেন
তাহার প্রথম ফল আমি আনিয়াছি এবং তো
মার ঈশ্বর য়িহুহের সম্মুখে তুমি তাহা রাখিয়া
তোমার ঈশ্বর য়িহুহের সম্মুখে অর্চ্চনা করিবা।
[১১] এবং তোমার ঈশ্বর য়িহুহ তোমার প্রতি
ও তোমার ঘরের প্রতি যে সমস্ত মঙ্গলদান করি
য়াছেন সে সকলেতে তুমি ও লৈব ও তোমার
মধ্যবাসি বিদেশী আনন্দ করিবা।



[১২] তৃতীয় বৎসরে অর্থাৎ দশমাংশকরণ
বৎসরে যখন তোমার উৎপন্ন শস্যের সমস্ত দশ
মাংশকরণ সমাপ্ত করিয়াছ এবং লৈবকে ও বি
দেশিকে ও পিতৃহীনকে ও বিধবাকে দিয়াছ যে
তাহারা তোমার দ্বারমধ্যে খায় ও তৃপ্ত হয়।
[১৩] তখন্ তোমার ঈশ্বর য়িহুহের সম্মুখে তুমি
কহিবা যে আমার প্রতি আদিষ্ট তোমার সমস্ত
আজ্ঞানুসারে আমি আপন ঘরহইতে পবিত্র
বস্তু আনিয়াছি এবং সে সকল লৈবকে ও বি
দেশিকে ও পিতৃহীনকে ও বিধবাকে দিয়াছি
আমি তোমার আজ্ঞালংঘন করি নাই এবং
বিস্মৃতও হই নাই। [১৪] শোকসময়ে আমি
তাহার কিছু খাই নাই ও অপবিত্রবিষয়জন্যে
আমি তাহার কিঞ্চিৎ লই নাই এবং মরার নি
মিত্তেও তাহার কিঞ্চিৎ দি নাই আমার ঈশ্বর
য়িহুহের আজ্ঞাতে আমি অবধান করিয়াছি
এবং তুমি আমাকে যে সমস্ত আজ্ঞা করিয়াছ
তদনুসারে করিয়াছি। [১৫] আপন পবিত্র নি
বাসহইতে অর্থাৎ স্বর্গহইতে দৃষ্টি করুন এবং
তোমার লোক য়িশ্রাএলের প্রতি এবং আমার
দের পিতৃলোকেরদের প্রতি আপনি যেমন দিব্য
করিয়াছিলেন তেমন আমারদিগকে স্বদত্ত দুগ্ধ
মধুপ্রবাহি দেশের প্রতিও আশীর্ব্বাদ করুন।
[১৬] তোমার ঈশ্বর য়িহুহ এই বিধি ও বি
চারপালন করিতে অদ্য তোমাকে আজ্ঞা করি
য়াছেন অতএব তুমি আপন সমস্ত অন্তঃকরণের
ও আপন সমস্ত মনের সহিত সে সকল পালন
কর। [১৭] য়িহুহই তোমার ঈশ্বর ইহা তুমি
প্রতিজ্ঞা করিয়াছ এবং তাঁহার পথে চলিতে ও
তাঁহার ব্যবস্থা ও তাঁহার আজ্ঞা ও তাঁহার বি
চারপালন করিতে ও তাঁহার বাক্যে অবধান
করিতেও তুমি অদ্য প্রতিজ্ঞা করিয়াছ। [১৮]
এবং য়িহুহ তোমার প্রতি যেমন প্রতিজ্ঞা করিয়া
ছেন তেমন তমি যে তাঁহার বিশেষ লোক হও
এবং তাঁহার সমস্ত আজ্ঞাপ্রতিপালন কর [১৯]
এবং তিনি যেমন কহিয়াছেন তেমন স্তবে ও
নামে ও সম্মানে তাঁহাকর্ত্তৃক সৃষ্ট তাবদ্দেশী
য়েরদিগহইতে তোমাকে শ্রেষ্ঠতরকরণার্থে এবং
তোমার ঈশ্বর য়িহুহের উদ্দেশে তুমি যে পবিত্র
লোক হও এনিমিত্তেও তিনি আজি তোমার
প্রতি প্রতিজ্ঞা করিয়াছেন।

## ২৭ পর্ব্ব।

[১] অনন্তর মোশহ্ ও য়িশ্রাএলের প্রাচী
নেরা লোকেরদিগকে ইহা কহিয়া আজ্ঞা করিল
তোমারদিগকে আমি আজি যে২ আজ্ঞা দি সে
সমস্ত আজ্ঞাপালন কর। [২] এবং এমত হ
ইবে তোমার ঈশ্বর য়িহুহ তোমাকে যে দেশ

যেন সে দেশে তোমরা যে দিবসে য়রদন পার হইয়া যাও সে দিবসে তুমি আপনার কারণ বৃহৎ প্রস্তর খাড়া কর ও সে সকল চূণ দিয়া লেপন কর। [৩] এবং পার হইলে পর তুমি তদুপরি এই বিধির সমস্ত বাক্য লিখ যে তোমার পিতৃলোকেরদের ঈশ্বর য়িহুহ তোমাকে যেমন অঙ্গীকার করিয়াছেন তেমন তোমার ঈশ্বর য়িহুহ তোমাকে যে দেশ দিতেছেন সে দুগ্ধমধুপ্রবাহি দেশে তুমি প্রবেশ কর। [৪] অতএব এই মত হইবে তোমরা যখন য়রদন পার হইয়াছ তখন আমি অদ্য যে প্রস্তরবিষয়ে আজ্ঞা করি সে প্রস্তর তোমরা এবালপর্ব্বতে খাড়া কর এবং তুমি তাহা চূণ দিয়া লেপন কর। [৫] এবং সে স্থানে তুমি আপন ঈশ্বর য়িহুহের উদ্দেশে বেদি অর্থাৎ প্রস্তরবেদি গাঁথ তুমি তদুপরি লৌহাস্ত্র তুলিও না। [৬] তোমার ঈশ্বর য়িহুহের বেদি তুমি অখণ্ড প্রস্তর দিয়া গাঁথ এবং তদুপরি তোমার ঈশ্বর য়িহুহের উদ্দেশে হব্য নিবেদন কর। [৭] এবং তুমি স্বস্ত্যয়ননৈবেদ্য নিবেদন কর এবং সেস্থানে ভোজন করিয়া তোমার ঈশ্বর য়িহুহের সম্মুখে আহ্লাদ কর। [৮] এবং তুমি অতিস্পষ্টরূপে এ বিধির সমস্ত বাক্য সে প্রস্তরের উপরে লিখ।

[৯] অরো মোশহ্ ও লৈব যাজকেরা তাবৎ য়িশ্রাএলকে কহিল যে হে য়িশ্রাএল সাবধান হইয়া মনোযোগ কর অদ্য তুমি আপন ঈশ্বর য়িহুহের লোক হইয়াছ। [১০] অতএব তুমি তোমার ঈশ্বর য়িহুহের কথা মান এবং আমি আজি তোমাকে যাহা আজ্ঞা করি সে তাঁহার আজ্ঞা ও তাঁহার বিধি পালন কর।

[১১] পরে মোশহ্ ইহা কহিয়া লোকেরদিগকে তদ্দিবসে আজ্ঞা করিল। [১২] তোমরা য়রদন পার হইলে পর শিমিওন ও লেবি ও য়িহুদাহ্ ও য়িশ্শাকর ও য়ুসফ ও বেন্যামিন ইহারা লোকেরদিগকে আশীর্ব্বাদকরণার্থে গেরিজিম পর্ব্বতে দাঁড়াইবে। [১৩] এবং রিউবেণ ও গাদ ও আশের ও জিবূলুন ও দান ও নপ্তালি ইহারা লোকেরদিগকে শাপদেওনার্থে এবাল পর্ব্বতে দাঁড়াইবে।

[১৪] পরে লৈবেরা য়িশ্রাএলের সমস্ত লোকেরদিগকে উচ্চৈঃস্বরেতে প্রত্যুত্তর করিয়া কহিবে। [১৫] য়িহুহকর্ত্তৃক ঘৃণিত অথচ শিল্পকরের হাতেতে কৃত কোন খোদা কিম্বা ছাঁচুয়া প্রতিমা যে মনুষ্য নির্ম্মাণ করিয়া গুপ্তস্থানে রাখে সে শপ্ত তাহাতে সমস্ত লোকেরা প্রত্যুত্তর করিয়া কহিবে আমিন্। [১৬] আপন পিতা কিম্বা আপন মাতা অবজ্ঞাকারী শপ্ত তাহাতে সমস্ত লোকেরা কহিবে আমিন্। [১৭] আপন প্রতিবাসির ভূমিচিহ্ন স্থানান্তরকারী শপ্ত তাহাতে সমস্ত লোকেরা কহিবে আমিন্। [১৮] অন্ধকে পথহইতে ভ্রমণকারয়িতা শপ্ত তাহাতে সমস্ত লোকেরা কহিবে আমিন। [১৯] বিদেশির ও পিতৃহীনের ও বিধবার ন্যায়ব্যাঘাতক শপ্ত তাহাতে সমস্ত লোকেরা কহিবে আমিন্। [২০] স্বপিতৃভার্য্যাভিগামী শপ্ত কেননা সে আপন পিতার বস্ত্রাঞ্চল উত্তোলন করে তাহাতে সমস্ত লোকেরা কহিবে আমিন্। [২১] কোন প্রকার পশ্বভিগামী শপ্ত তাহাতে সমস্ত লোকেরা কহিবে আমিন্। [২২] আপন ভগিনী অর্থাৎ আপন পিতার কন্যা কিম্বা আপন মাতার কন্যাভিগামী শপ্ত তাহাতে সমস্ত লোকেরা কহিবে আমিন্। [২৩] আপন শাশুড়ীতে অভিগামি জন শপ্ত তাহাতে সমস্ত লোকেরা কহিবে আমিন্। [২৪] গোপনে আপন প্রতিবাসিকে প্রহারকারী শপ্ত তাহাতে সমস্ত লোকেরা কহিবে আমিন। [২৫] নিরপরাধি প্রাণের হত্যানিমিত্তে ঘুষগ্রাহক শপ্ত তাহাতে সমস্ত লোকেরা কহিবে আমিন্। [২৬] এ বিধির সমস্ত বাক্যপালনার্থে যে না থাকে সে শপ্ত তাহাতে সমস্ত লোকেরা কহিবে আমিন্।

## ২৮ পর্ব্ব।

[১] অপর এমত হইবে আজি আমি তোমাকে যে আজ্ঞা করি সে তোমার ঈশ্বর য়িহুহের সমস্ত আজ্ঞাপালনার্থে তাঁহার বাক্যে যদি তুমি সাবধানপূর্ব্বক মনোযোগ কর তবে তোমার ঈশ্বর য়িহুহ পৃথিবীর সমস্ত জাত্যপেক্ষা তোমাকে গুরুতর করিবেন। [২] তোমার ঈশ্বর য়িহুহের বাক্যে যদি তুমি অবধান কর তবে এই সমস্ত আশীর্ব্বাদ তোমার উপরে আসিয়া পড়িবে ও তোমাতে ঘটিবে। [৩] নগরে তুমি আশীঃপ্রাপ্ত এবং ক্ষেত্রে তুমি আশীঃপ্রাপ্ত। [৪] তোমার শরীরের ফলেতে ও তোমার ভূমির ফ[illegible]তে ও তোমার পশুরদের ফলেতে ও [illegible]ার গোমেষাদি পালের বৃদ্ধিতে তুমি আ[illegible]ঃপ্রাপ্ত। [৫] তোমার টুকরিতে ও তো[illegible] সম্পত্তিতে তুমি আশীঃপ্রাপ্ত। [৬] ত[illegible] যখন অন্তরে প্রবেশ কর তখন আশীঃপ্[illegible] এবং যখন বাহিরে যাও তখন আশীঃপ্[illegible]। [৭] তোমার প্রতিকূলে উত্থিত তো[illegible] শত্রুরদিগকে য়িহুহ তোমার সম্মুখে সং[illegible]র করাইবেন তাহারা এক পথ হইয়া [illegible]মার প্রতিকূলে বাহির হইয়া আসিবে [illegible] তোমার সম্মুখহইতে সাত পথ হইয়া পলাইবে। [৮] তোমার ভাণ্ডারে এবং যে সমস্ত কার্য্যেতে তুমি হস্ত দেও সে সকলেতেও য়িহুহ

তোমার প্রতি আশীরাজ্ঞা করিবেন এবং তো
মার ঈশ্বর য়িহুহ যে দেশ তোমাকে দেন সে দে
শে তিনি তোমাকে আশীর্ব্বাদ দিবেন। [৯]
তুমি যদি আপন ঈশ্বর য়িহুহের আজ্ঞাপালন
কর ও তাঁহার পথে চল তবে য়িহুহ যেমন তো
মার প্রতি দিব্য করিয়াছেন তেমন তিনি আপন
পবিত্র লোকরূপে তোমাকে স্থাপন করিবেন।
[১০] এবং পৃথিবীর সমস্ত লোক দেখিবে যে
তুমি য়িহুহের নামে প্রসিদ্ধ আছ এবং তাহারা
তোমাতে ভীত হইবে। [১১] এবং য়িহুহ যে
দেশ তোমাকে দেওনার্থে তোমার পিতারদের
প্রতি দিব্য করিয়াছেন সে দেশে য়িহুহ তোমার
শরীরের ফলেতে ও তোমার পশুর ফলেতে ও
তোমার ভূমিফলবিষয়ে তোমাকে সম্পত্তিতে
বর্দ্ধিষ্ণু করিবেন। [১২] উপযুক্ত কালানুসারে
তোমার দেশের উপরে বৃষ্টিদেওনার্থে এবং
তোমার হস্তকৃত তাবৎ কর্ম্মেতে আশীর্ব্বাদদেও
নার্থে য়িহুহ তোমার কারণ আপন উত্তম ভা
ণ্ডার অর্থাৎ আকাশ উন্মুক্ত করিবেন এবং তুমি
অনেক জাতিরদিগকে কর্জ দিবা কিন্তু তুমি কর্জ
লইবা না। [১৩] এবং মাননার্থে ও পালন
করিতে আজি আমি যাহা আজ্ঞা করি সে তো
মার ঈশ্বর য়িহুহের আজ্ঞাতে যদি তুমি অবধান
কর তবে য়িহুহ তোমাকে মস্তকরূপাভিষিক্ত ক
রিবেন কিন্তু পুচ্ছরূপ নয় তুমি কেবল গুরুতর
হইবা কিন্তু নীচ হইবা না। [১৪] এবং আমি
আজি যাহা তোমাকে আজ্ঞা করি সে সমস্ত বা
ক্যহইতে অন্য দেবেরদের সেবাকরণার্থে তুমি
দক্ষিণে কিম্বা বামে তাহারদের পশ্চাদ্গমন করি
ও না।

[১৫] কিন্তু এমত হইবে আপন ঈশ্বর য়িহু
হের বাক্যপালনার্থে আমি আজি তোমাকে
যাহা আজ্ঞা করি সে তাঁহার সমস্ত আজ্ঞা ও
তাঁহার বিধিরক্ষণে যদি তুমি মনোযোগ না কর
তবে এই সমস্ত শাপ তোমার উপরে আসিয়া
[illegible]বে ও তোমাতে ঘটিবে। [১৬] নগরে
তুমি [illegible] এবং ক্ষেত্রে তুমি শপ্ত। [১৭] তোমার
টুকরিতে [illegible] তোমার সম্পত্তিতে তুমি শপ্ত। [১৮]
তোমার শরী[illegible] ফলেতে ও তোমার ভূমির ফ
লেতে ও তোমার [illegible]র বৃদ্ধিতে ও তোমার মে
ষাদি পালেতে তুমি শ[illegible] [১৯] তুমি যখন অ
ন্তরে প্রবেশ কর তখন শ[illegible] এবং যখন বাহিরে
যাও তখন শপ্ত। [২০] তুমি [illegible] সমস্ত কর্ম্মেতে
আমাকে ত্যাগ করিয়াছ তদ্দুষ্টতাপ্র[illegible] তোমার
সংহার নাহওয়াপর্য্যন্ত ও তোমার শীঘ্র [illegible]শ না
হওয়াপর্য্যন্ত তুমি করিবার নিমিত্তে যাহাতে হা[illegible]
দেও তোমার সে সমস্ত কর্ম্মেতে য়িহুহ তোমার
উপরে শাপ ও উদ্বেগ ও শাস্তি পাঠাইবেন।
[২১] এবং তুমি যে দেশাধিকার করিতে যাও
সে দেশোপরিহইতে তোমার সংহার না হওয়া
পর্য্যন্ত য়িহুহ তোমাতে মরক সংঘটনা করাই
বেন। [২২] যক্ষ্মা ও জ্বর ও জ্বালা ও অতি
দাহ ও তলোয়ার ও শস্যঝোড়ন ও শংখকীট
দ্বারা য়িহুহ তোমাকে আঘাত করিবেন এবং সে
সমস্ত তোমার বিনাশ না হওয়াপর্য্যন্ত তোমাকে
তাড়াইয়া লইয়া যাইবে। [২৩] এবং তোমার
মস্তকোপরিস্থিত তোমার আকাশ পিত্তল ও তো
মার অধঃস্থিত পৃথিবী লৌহ হইবে। [২৪] তো
মার দেশের বৃষ্টি য়িহুহ অণু ও ধূলি করিবেন
তোমার বিনাশ না হওয়াপর্য্যন্ত তাহা আকাশ
হইতে তোমার উপরে আসিয়া পড়িবে। [২৫]
তোমার শত্রুরদের সম্মুখে য়িহুহ তোমাকে প্র
হার করাইবেন এক পথ হইয়া তুমি তাহারদের
প্রতিকূলে বাহির হইবা ও তাহারদের সম্মুখ
হইতে সাত পথ দিয়া পলাইবা এবং পৃথিবীস্থ
তাবদ্রাজ্যেতে স্থানান্তরীকৃত হইবা। [২৬]
এবং তোমার শব খেচর সর্ব্বপক্ষিরদের ও ভূ
চর পশুরদের ভক্ষণীয় হইবে ও কেহ তাহারদিগ
কে তাড়াইয়া দূর করিবে না। [২৭] অপ্র
তীকার্য্য মিসরীয় নাড়ীব্রণেতে ও অর্শোরোগে
তে ও পামারোগেতে ও খুজলিতে য়িহুহ তো
মাকে প্রহার করিবেন। [২৮] বাতুলতাতে ও
অন্ধতাতে ও অন্তঃকরণের বিস্ময়েতে য়িহুহ তো
মাকে প্রহার করিবেন। [২৯] এবং অন্ধলোক
অন্ধকারে যেমন হাতড়িয়া বেড়ায় তেমন তুমি
মধ্যাহ্নকালে হাতড়িয়া বেড়াইবা এবং আপন
পথে তুমি সফলকার্য্য হইবা না এবং তুমি সর্ব্ব
দা উপদ্রুত ও নষ্টীকৃতমাত্র হইবা এবং কোন
কেহ উদ্ধার করিবে না। [৩০] তুমি ভার্য্যার্থে
বিবাহসম্বন্ধ করিবা ও অন্য পুরুষ তাহাতে উ
পগত হইবে তুমি ঘর গাঁথিবা কিন্তু তাহাতে বাস
করিবা না তুমি দ্রাক্ষাক্ষেত্ররোপণ করিবা কিন্তু
তুমি তাহার দ্রাক্ষাচয়ন করিবা না। [৩১] তো
মার গরু তোমার সম্মুখে মারা যাইবে কিন্তু
তুমি তাহা ভক্ষণ করিবা না তোমার গাধা তো
মার দৃষ্টিগোচরে বলদ্বারা হরণ করা যাইবে
এবং তোমাকে পুনর্ব্বার দেওয়া যাইবে না তো
মার মেষাদি তোমার শত্রুরদিগকে দেওয়া যাই
বে ও তদুদ্ধারকর্ত্তা তোমার কেহ থাকিবে না।
[৩২] তোমার পুত্রেরা ও তোমার কন্যারা অন্য
জাতীয়েরদের প্রতি দত্ত হইবে এবং তোমার
নেত্র সমস্ত দিবস তাহারদের অপেক্ষা চাহিয়া
দেখনেতে ক্ষয় পাইবে এবং তোমার হস্তেতে
সা[illegible] থাকিবে না। [৩৩] তোমাতে অজ্ঞাত

জাতি তোমার ভূমির ফল ও তোমার তাবৎ
শ্রম খাইয়া ফেলিবে এবং তুমি সর্ব্বদা কেবল
উপক্রন্ত ও দম্য হইবা। [৩৪] তাহাতে তোমা
কর্ত্তৃক দৃষ্ট তোমার চক্ষুদৃষ্টিপ্রযুক্ত তুমি বাতুল
হইবা। [৩৫] জানুতে ও জংঘাতে তোমার
পদতলাবধি মূর্দ্ধপর্য্যন্ত অপ্রতীকার্য্য ব্যথাদায়ক
নাড়ীব্রণেতে য়িহুহ তোমাকে প্রহার করিবেন।
[৩৬] তোমাতে ও তোমার পিতারদিগেতে অ
জ্ঞাত এক জাতির স্থানে য়িহুহ তোমাকে এবং
তুমি আপন উপরে যে রাজা নিযুক্ত করিবা তা
হাকেও আনাইবেন এবং সেস্থানে তুমি অন্যদে
বেরদের অর্থাৎ প্রস্তরের ও কাষ্ঠের সেবা করি
বা। [৩৭] এবং য়িহুহ তোমাকে যে সমস্ত জা
তিরদের মধ্যে আনাইবেন সে সমস্ত জাতিরদের
মধ্যে তুমি চমৎকারভূমি ও গপ্পস্থান ও উপকথা
হইবা। [৩৮] তুমি ক্ষেত্রেতে বহু বীজ বহিয়া
লইয়া যাইবা কিন্তু অল্প সংগ্রহ করিবা কেননা
পঙ্গপাল ফড়িঙ্গ তাহা নষ্ট করিবে। [৩৯] তুমি
দ্রাক্ষাক্ষেত্র রোপণ করিয়া কর্ষণ করিবা কিন্তু
দ্রাক্ষারসপান ও দ্রাক্ষাফলসংগ্রহ করিবা না
কেননা কীট সে সকল খাইয়া ফেলিবে। [৪০]
তোমার সমস্ত সীমাতে তোমার জিতবৃক্ষ হইবে
কিন্তু তুমি তৈলেতে আপনাকে লিপ্ত করিবা না
কেননা তোমার জিতবৃক্ষ ফলপাত করিবে।
[৪১] তুমি পুত্রেরদিগকে ও কন্যারদিগকে জন্মা
ইবা কিন্তু তুমি তাহারদিগেতে সুখভোগ করিবা
না কেননা তাহারা বন্দীত্বেতে যাইবে। [৪২]
তোমার দেশস্থ সমস্ত বৃক্ষ ও ফল পঙ্গপালফড়ি
ঙ্গে সংহার করিবে। [৪৩] তোমার মধ্যবর্ত্তি বি
দেশী তোমাহইতে অতিশয় বর্দ্ধিত হইবে এবং
তুমি অতিনীচ হইবা। [৪৪] সে তোমাকে কর্জ
দিবে কিন্তু তুমি তাহাকে কর্জ দিবা না সে মস্তক
হইবে এবং তুমি পুচ্ছ হইবা। [৪৫] অপর এ
সমস্ত শাপ তোমার বিনাশ না হওয়াপর্য্যন্ত তো
মার উপরে আসিয়া পড়িবে ও তোমার পশ্চাৎ
তাড়িয়া যাইবে ও তোমাকে আক্রমণ করিবে
যেহেতুক তোমার ঈশ্বর য়িহুহ তোমার প্রতি যে
আজ্ঞা ও বিধি বিধান করিয়াছিলেন সে সকল
পালনার্থে তাঁহার বাক্যেতে তুমি অবধান করি
লা না। [৪৬] এবং সে সকল তোমার প্রতি ও
তোমার বংশের প্রতি নিত্য চিহ্নের ও আশ্চ
র্য্যের বিষয় হইবে। [৪৭] কেননা সমস্ত দ্রব্যের
বাহুল্যপ্রযুক্ত তুমি আনন্দেতে ও অন্তঃকরণের
আহ্লাদেতে আপন ঈশ্বর য়িহুহের সেবা করি
লা না। [৪৮] অতএব য়িহুহ তোমার প্রতিকূলে
যে শত্রুরদিগকে পাঠাইবেন তাহারদিগকে তুমি
ক্ষুধাতে ও তৃষ্ণাতে ও উলঙ্গতাতে ও সকলের
হীনতাতে সেবা করিবা এবং তোমার বিনাশ না
হওয়াপর্য্যন্ত সে তোমার ঘাড়েতে লোহার যো
য়ালি দিবে। [৪৯] উৎক্রোশ পক্ষী যেমন উড়ে
তেমন য়িহুহ তোমার প্রতিকূলে অতিদূরহইতে
অর্থাৎ পৃথিবীর সীমাহইতে তোমার অবোধ্য
ভাষাবাদি এক জাতি [৫০] অর্থাৎ বৃদ্ধের মুখা
নপেক্ষি ও বালকেরদের প্রতি অদয়াকারি ভয়
ঙ্করবদন এক জাতি আনিবেন। [৫১] এবং তো
মার বিনাশ না হওয়াপর্য্যন্ত সে তোমার পশু
ফল ও তোমার ভূমিফল খাইবে তোমার বিনাশ
না হওয়াপর্য্যন্ত সে তোমার কারণ শস্য কিম্বা
দ্রাক্ষারস কিম্বা তৈল কিম্বা গোমেষাদি পালের
উৎপত্তি অবশিষ্ট রাখিবে না। [৫২] এবং তো
মার দেশের সর্ব্বত্র যাহাতে তুমি প্রত্যয় করিলা
এমন তোমার উচ্চ অথচ সুরক্ষিত প্রাচীর যাবৎ
না পড়ে তাবৎ সে তোমার সমস্ত দ্বারেতে তো
মাকে অবরোধ করিবে এবং তোমার ঈশ্বর য়ি
হুহ যে দেশ তোমাকে দেন সে তোমার সমস্ত
দেশে তোমার সমস্ত দ্বারেতে সে তোমাকে অব
রোধ করিবে। [৫৩] এবং তোমার শত্রু যাহা
তে তোমাকে ক্লেশ দিবে সে ক্লেশেতে ও অবরো
ধেতে তুমি আপন শরীরের ফল অর্থাৎ তোমার
ঈশ্বর য়িহুহকর্ত্তৃক তোমাতে দত্ত তোমার পুত্রের
দের ও তোমার কন্যারদের মাংস ভক্ষণ করি
বা। [৫৪] তোমারদের মধ্যে যে পুরুষ কো
মল ও মৃদুস্বভাব তাহার চক্ষু আপনার ভ্রাতার
প্রতি ও আপনার বক্ষঃস্থলস্থিত ভার্য্যার প্রতি ও
সে যাহার অবশিষ্ট রাখে এমত তাহার অব
শিষ্ট সন্ততির প্রতি কুদৃষ্টি হইবে। [৫৫] তাহা
তে যাহারদিগকে খায় এমন যে তাহার সন্ততির
দের মাংস সে তাহারদের কোন কাহাকে দিবে
না যেহেতুক তোমার শত্রুরা তোমার সমস্ত দ্বা
রেতে যে অবরোধ ও ক্লেশদ্বারা তোমাকে ক্লেশ
দিবে তাহাতে তাহার কিছুই অবশিষ্ট নাই।
[৫৬] কোমলতাপ্রযুক্ত এবং সুখপ্রযুক্ত আপন
পদতল ভূমিতে রাখিতে যে স্ত্রীর সাহস কুলায়
নাই তোমার মধ্যবাসিনী এমত কোমলান্তঃকর
ণা সুখিনী স্ত্রীর চক্ষু আপন বক্ষঃস্থলস্থিত স্বা
মির প্রতি এবং আপন পুত্রের প্রতি ও আপন
কন্যার প্রতি [৫৭] ও আপন দুই পায়ের মধ্য
হইতে নির্গত বালকের প্রতি ও যাহারদিগকে
সে প্রসবিবে এমন আপন সন্ততিরদের প্রতি কু
দৃষ্টি হইবে কেননা তোমার শত্রু তোমার দ্বারে
যে অবরোধ ও ক্লেশদ্বারা তোমাকে ক্লেশ দিবে
তাহাতে সকল দ্রব্যের অভাবপ্রযুক্ত সে তাহার
দিগকে গোপনে খাইবে। [৫৮] শ্রীযুক্ত অথচ
ভয়ানক এই নামবিশিষ্ট তোমার ঈশ্বর য়িহুহকে

যে ভয় কর এতদর্থে যদি তুমি এ পুস্তকে লিখিত
এ ব্যবস্থার সমস্ত বাক্যপালনার্থেমনোযোগ না
কর। [৫৯] তবে তোমার আঘাত ও তোমার
বংশের আঘাত য়িহুহ আশ্চর্য্য করিবেন বিশে
ষতঃ বহুকালস্থায়ি মহাঘাত ও বহুকালস্থায়ি
ব্যথাজনক রোগ। [৬০] তদ্ভিন্ন তুমি যদ্বিষয়ে
ভীত ছিলা এমন মিসরের সমস্ত ব্যাধি তিনি তো
মার মধ্যে আনিবেন এবং সে সকল তোমাতে
সংলগ্ন হইবে। [৬১] আরো এ ব্যবস্থাপুস্তকে
যাহা লিখা যায় নাই এমন প্রত্যেক রোগ ও প্র
ত্যেক আঘাত তোমার বিনাশ না হওয়াপর্য্যন্ত
য়িহুহ তোমার উপরে আনিবেন। [৬২] এবং
তোমরা বহুঅপ্রযুক্ত স্বর্গের তারার মত হইলেও
অল্পসংখ্যকরূপে অবশিষ্ট রহিবা যেহেতুক
তুমি আপন ঈশ্বর য়িহুহের কথা মানিলা না।
[৬৩] এবং এমত হইবে য়িহুহ তোমার মঙ্গলা
র্থে এবং তোমাকে বর্দ্ধিষ্ণুকরণার্থে তোমার উ
পরে যেমন আহ্লাদিত ছিলেন তেমন তোমারদি
গকে নাশ করিতে ও তোমারদিগকে লোপ করি
তে তিনি তোমারদের উপরে আহ্লাদ করিবেন
এবং যে দেশ অধিকার করিতে তুমি যাইতেছ
তদুপরিহইতে তোমরা উপড়ান যাইবা। [৬৪]
এবং পৃথিবীর এক সীমাহইতে অন্য সীমাপর্য্যন্ত
সমস্ত জাতীয়েরদের মধ্যে য়িহুহ তোমাকে ছিন্ন
ভিন্ন করিবেন এবং তোমাতে ও তোমার পি
তারদিগেতে অজ্ঞাত অন্য দেবেরদিগকে অর্থাৎ
কাষ্ঠ ও প্রস্তর সেবা তুমি সে স্থানে করিবা।
[৬৫] এবং সে জাতিরদের মধ্যে তুমি কোন
সুখ পাইবা না এবং তোমার পদতলের বিশ্রাম
হইবে না কিন্তু সে স্থানে য়িহুহ তোমাকে কম্পি
তান্তঃকরণতা ও চক্ষুর ক্ষীণতা ও মনের দুঃখ দি
বেন। [৬৬] এবং তোমার প্রাণ তোমার গো
চরে সন্দেহেতে মগ্ন হইবে এবং তুমি দিবারাত্রি
ভয় করিবা এবং আপন প্রাণরক্ষাবিষয়ে তো
মার কোন ভরসা থাকিবে না। [৬৭] এবং
তোমার অন্তঃকরণের যে আশঙ্কাতে তুমি ভীত
হইবা এবং তোমার চক্ষুর যে দর্শনেতে তুমি
দৃষ্টি করিবা তৎপ্রযুক্ত তুমি প্রাতঃকালে কহিবা
হায় যদি সন্ধ্যা হইত ও সন্ধ্যাকালে তুমি কহিবা
হায় যদি প্রাতঃকাল হইত। [৬৮] এবং যে প
থের বিষয়ে আমি তোমাকে কহিয়াছি যে ই
হার পর তুমি তাহা আর দেখিবা না সে পথ
দিয়া য়িহুহ তোমাকে জাহাজদ্বারা পুনর্ব্বার মি
সরেতে আনাইবেন এবং সেস্থানে তোমারদের
শত্রুরদের নিকটে দাসের ও দাসীরদের কারণ
তোমরা বিক্রেয় হইবা কিন্তু কেহ ক্রয় করিবে
না।

## ২৯ পর্ব্ব।

[১] য়িহুহ খোরেবে য়িশ্রাএলের সন্তানের
দের সহিত যে নিয়ম করিলেন তদ্ব্যতিরেকে মো
আবদেশে তাহারদের সহিত যাহা করিতে তি
নি মোশহ্কে আজ্ঞা করিয়াছিলেন সে নিয়মের
বাক্য এই।

[২] এবং মোশহ্ সমস্ত য়িশ্রাএলকে ডাকি
য়া তাহারদিগকে কহিলেন তোমারদের দৃষ্টি
গোচরে মিসরদেশে ফরওহের ও তাহার সমস্ত
দাসের ও তাহার তাবদ্দেশের প্রতি য়িহুহ যে
সমস্ত করিয়াছিলেন তাহা তোমরা দেখিয়াছ
[৩] অর্থাৎ তোমারদের চক্ষুর্দৃষ্ট সে মহাপরী
ক্ষা ও সেই চিহ্ন ও সেই মহাশ্চর্য্যক্রিয়া। [৪]
তথাপি জ্ঞানার্থে অন্তঃকরণ ও দর্শনার্থে চক্ষু ও
শ্রবণার্থে কর্ণ য়িহুহ আজিপর্য্যন্ত তোমারদিগকে
দেন নাই। [৫] এবং আমি অরণ্যেতে তোমার
দিগকে চল্লিশবৎসর লইয়া বেড়াইয়াছি তোমার
দের বস্ত্র তোমারদের গাত্রে জীর্ণ হয় নাই ও
তোমারদের পায়ে তোমারদের জুতা ও পুরাতন
হয় নাই [৬] এবং তোমরা রুটি খাও নাই ও
দ্রাক্ষারস বা তেজস্বি পানীয় পান কর নাই সে
তোমরা জ্ঞাত হও যে আমিই তোমারদের ঈশ্বর
য়িহুহ। [৭] এবং তোমরা যখন এই স্থানে পঁহু
ছিলা তখন খেসবোনের সীখোন রাজ ও বাশা
নের ওগরাজ আমারদের সহিত যুদ্ধ করিতে
বাহির হইয়া আইল এবং আমরা তাহারদিগ
কে মারিলাম। [৮] এবং আমরা তাহারদের
দেশ আক্রমণ করিয়া রিউবেণীয়েরদিগকে ও
গাদীয়েরদিগকে ও মনশেহের অর্দ্ধবংশকে অ
ধিকারার্থে দিলাম। [৯] অতএব তোমারদের
তাবৎ করণীয়বিষয়ে তোমরা যে কৃতার্থ হও এ
নিমিত্তে এই নিয়মের বাক্যপালন কর এবং সে
সকল কর।

[১০] তোমরা সকলে অদ্য তোমারদের ঈ
শ্বর য়িহুহের সাক্ষাৎ দাঁড়াইয়া আছ বিশেষতঃ
তোমারদের বংশেরদের সেনাপতিরা ও তো
মারেদর প্রাচীনেরা ও তোমারদের অধ্যক্ষেরা
অর্থাৎ য়িশ্রাএলের তাবল্লোক। [১১] এবং
তোমার কাষ্ঠচ্ছেদকাবধি করিয়া তোমার জল
তোলকপর্য্যন্ত তোমারদের সন্তানেরা ও তো
মারদের ভার্য্যারা এবং তোমার ছাউনির মধ্য
বর্ত্তি তোমার বিদেশী। [১২] যে য়িহুহ তোমা
কে যেমন কহিয়াছেন ও তিনি তোমার পিতৃ
লোকেরদের প্রতি অর্থাৎ অবরাহামের ও য়িস্
খাকের ও যআকুবের প্রতি যেমন দিব্য করি
য়াছেন। [১৩] তেমন তিনি আপন লোক রূপ
অদ্য তোমাকে স্থাপন করেন এবং তোমার প্রতি

ঈশ্বর হন। [১৪] এই নিয়ম ও এই দিব্য আমি
তোমারদের সহিতমাত্র করি না [১৫] কিন্তু আ
মারদের ঈশ্বর য়িহুহের সম্মুখে আমারদের স
হিত আজি এই স্থানে যে দাঁড়িয়া আছে তাহার
দের সহিত এবং আমারদের সহিত যে আজি
এ স্থানে নহে তাহারদেরও সহিত। [১৬] যে
হেতুক মিস্রদেশে আমরা যেরূপ বাস করিয়া
ছি এবং যে জাতিরদের নিকট হইয়া তোমরা
আসিয়াছিলা সে জাতিরদের মধ্য হইয়া আম
রা যেরূপ আসিয়াছি তাহা তোমরা জান। [১৭]
এবং তাহারদের ঘৃণ্য ক্রিয়া ও তাহারদের মধ্য
বর্ত্তি কাষ্ঠের ও প্রস্তরের ও রূপার ও স্বর্ণের প্রতি
মা তোমরা দেখিয়াছ। [১৮] পাছে এই জাতির
দের দেবতারদের সেবাকরণার্থে অদ্য আমার
দের ঈশ্বর য়িহুহের সেবাহইতে পরাবর্ত্তনশীলা
ন্তঃকরণবিশিষ্ট কোন পুরুষ কিম্বা স্ত্রী কিম্বা কুল
কিম্বা বংশ তোমারদের মধ্যে হয় পাছে নাগ
দোনা ও পিত্তোৎপাদক মূল তোমারদের মধ্যে
থাকে। [১৯] এবং এমত হয় যখন সে এই
শাপের কথা শুণে তখন আপন অন্তঃকরণে
ইহা কহিয়া আপনাকে আশীর্ব্বাদ করে যে আ
মি আপন অন্তঃকরণাভিলাষানুসারে চলিয়া তৃ
ষ্ণার সহিত মত্ততা সংযুক্ত করিলেও আমার ম
ঙ্গল হইবে। [২০] য়িহুহ তাহাকে ক্ষমা করি
বেন না কিন্তু সে সময়ে য়িহুহের ক্রোধ ও তাঁ
হার জ্বলন সে মনুষ্যের প্রতিকূলে ধিকি২ করি
য়া জ্বলিবে এবং এ পুস্তকে লিখিত তাবৎ শাপ
তাহার উপরে পড়িবে এবং য়িহুহ স্বর্গের নীচ
হইতে তাহার নাম লোপ করিবেন। [২১] এবং
এ ব্যবস্থাগ্রন্থে লিখিত নিয়মের তাবৎ শাপানু
সারে য়িহুহ অমঙ্গলের নিমিত্তে তাহাকে য়িশ্
রাএলের সমস্ত বংশহইতে পৃথক্ করিবেন।
[২২] তাহাতে তোমারদের পরে উৎপন্ন তো
মারদের সন্তানেরদের বংশ এবং দূরদেশহইতে
আগত বিদেশী সে দেশের আঘাত এবং য়ি
হুহ তদুপরি যে রোগ আনিয়াছেন তাহা। [২৩]
এবং সে তাবদ্দেশ যে গন্ধক ও লবণ ও দহন এ
বং য়িহুহ আপন ক্রোধ ও আপন প্রতাপে যে
সদোম ও অমরাহ্ ও আদমাহ্ ও সিবোয়িম
নষ্ট করিলেন তাহার মত যে সে সমস্ত দেশ বু
না যায় নাই ও ফলোৎপন্ন করে না ও তাহাতে
কোন ঘাস হয় না এ সকলও দেখিয়া কহিবে।
[২৪] অর্থাৎ সমস্ত জাতীয়েরা কহিবে যে এ দে
শের প্রতি য়িহুহ কেন এমন করিলেন তাঁহার
মহাক্রোধের কারণ কি। [২৫] তখন লোকেরা
কহিবে যখন য়িহুহ তাহারদিগকে মিস্রদেশহ
ইতে বাহির করিয়া আনিলেন তখন তাহারদের
সহিত তিনি যে নিয়ম করিয়াছিলেন তাহারা
আপনারদের পিতৃলোকেরদের ঈশ্বর য়িহুহের
সে নিয়মত্যাগ করিয়াছে তৎপ্রযুক্ত। [২৬] যে
হেতুক তাহারা যাইয়া অন্যদেবেরদের সেবা
করিল এবং যে দেবেরদিগকে জানিল না এবং
তিনি তাহারদিগকে দেন নাই এমত দেবেরদিগ
কে তাহারা প্রণাম করিল। [২৭] এবং এ পুস্তকে
লিখিত সমস্ত শাপ তদুপরি আনিতে য়িহুহের
ক্রোধ সে দেশের প্রতিকূলে প্রজ্বলিত ছিল।
[২৮] এবং ক্রোধে ও প্রতাপে ও মহাকোপে তা
হারদের দেশহইতে য়িহুহ তাহারদিগকে উৎপা
টন করিয়া আজি যদ্রূপ তদ্রূপ তাহারদিগকে
অন্য দেশে ফেলিলেন। [২৯] গুপ্ত বিষয় আ
মারদের ঈশ্বর য়িহুহের কিন্তু প্রকাশিত বিষয়
সকল সর্ব্বদা আমারদের ও আমারদের সন্তা
নেরদের যে আমরা এ ব্যবস্থার তাবদ্বাক্যানু
যায়ি করি।

## ৩০ পর্ব্ব।

[১] অপর এমত হইবে তোমার উপরে এ স
মস্ত বিষয় যখন উপস্থিত হয় বিশেষতঃ তোমার
সম্মুখে আমি যে আশীর্ব্বাদ ও শাপ রাখিয়া
ছি এবং তোমার ঈশ্বর য়িহুহ যে সমস্ত জাতির
দের মধ্যে তোমাকে দূর করিবেন সে সমস্ত স্থা
নে যখন তুমি সে সকল স্মরণ করিবা। [২] এবং
তুমি আপন ঈশ্বর য়িহুহের প্রতি ফির এবং আ
জি আমি যে সমস্ত তোমাকে আজ্ঞা করি তদনু
সারে তুমি ও তোমার সন্তানেরা আপন সর্ব্বান্তঃ
করণের ও আপন সমস্ত মনের সহিত তাঁহার বা
ক্য মান। [৩] তখন তোমার ঈশ্বর য়িহুহ তো
মার বন্দীত্ব ঘুচাইবেন এবং তোমার প্রতি দয়া
করিবেন এবং ফিরিয়া তোমার ঈশ্বর য়িহুহ যে২
স্থানে তোমাকে ছড়াইয়া ফেলিয়াছেন সে সমস্ত
জাতীয়েরদিগহইতে তোমাকে একত্র করিবেন।
[৪] স্বর্গের প্রান্তস্থ সীমাপর্য্যন্ত যদি তোমার
কেহ দূরীকৃত হইয়া থাকে তবে সে স্থানহইতে
তোমার ঈশ্বর য়িহুহ তোমাকে একত্র করিবেন ও
সে স্থানহইতে আনিবেন। [৫] এবং তোমারপি
তৃলোকেরা যে দেশাধিকার করিয়া রহিয়াছিল
সে দেশে তোমার ঈশ্বর য়িহুহ তোমাকে আনি
বেন এবং তুমি তাহা অধিকার করিবা এবং
তিনি তোমার মঙ্গল করিবেন এবং তোমার পি
তৃলোকেরদের অপেক্ষা তোমাকে বাড়াইবেন।
[৬] এবং তুমি যে বাঁচিয়া থাক এনিমিত্তে আ
পন সর্ব্বান্তঃকরণের সহিত এবং আপন সমস্ত
মনের সহিত আপন ঈশ্বর য়িহুহকে প্রেমকর
ণার্থে তোমার ঈশ্বর য়িহুহ তোমার অন্তঃকরণ
ও তোমার বংশের অন্তঃকরণ ছিন্নত্বক্ করি

বেন। [৭] এবং তোমার ঈশ্বর য়িহুহ তোমার
দের নিগ্রহকারি এবং ঘৃণাকারি শত্রুরদের উপরে
এ সমস্ত শাপ দিবেন। [৮] এবং তুমি ফিরিয়া
য়িহুহের বাক্য মানিবা এবং আজি আমি তো
মাকে যে সমস্ত আজ্ঞা করি তাঁহার সে সমস্ত
আজ্ঞাপালন করিবা। [৯] এবং মঙ্গলার্থে
তোমার হস্তকৃত প্রত্যেক কর্ম্মেতে এবং তোমার
শরীরের ফলেতে ও তোমার পশুফলেতে ও তো
মার ভূমির ফলেতে তোমার ঈশ্বর য়িহুহ তো
মাকে বর্দ্ধিষ্ণু করিবেন। [১০] যেহেতুক এ ব্যব
স্থাগ্রন্থেতে লিখিত আপন ঈশ্বর য়িহুহের আজ্ঞা
ও তাঁহার বিধিপালনার্থে তুমি যদি তাঁহার বা
ক্যে অবধান কর এবং আপন তাবদন্তঃকরণের
সহিত ও আপন সমস্ত মনের সহিত যদি আপন
ঈশ্বর য়িহুহের প্রতি ফির তবে য়িহুহ যেমত তো
মার পিতৃলোকেরদের উপরে আনন্দ করিয়াছি
লেন তেমন তিনি তোমার উপরে মঙ্গলার্থে আ
নন্দ করিবেন।

[১১] কেননা এ যে আদেশ আমি আজি তো
মাকে আজ্ঞা করি তাহা তোমাহইতে গুপ্ত নহে
এবং দূরও নহে। [১২] তাহা স্বর্গে নহে যে তু
মি কহিবা আমারদের কারণ স্বর্গে কে উঠিবে ও
তাহা আমারদের নিকটে আনিবে যে আমরা
তাহা শ্রবণ করি ও তাহা করি। [১৩] তাহা
সমুদ্রের পারেও নহে যে তুমি কহিবা আমার
দের কারণ সমুদ্রপারে কে যাইবে ও তাহা আ
মারদের নিকটে আনিবে যে আমরা তাহা শ্র
বণ করি এবং তাহা করি। [১৪] কিন্তু তুমি যে
তাহা কর এতদর্থে সে বাক্য তোমার অতিনিকট
বর্ত্তি তোমার মুখে ও তোমার অন্তঃকরণেই।

[১৫] তোমার ঈশ্বর য়িহুহকে প্রেমকরণার্থে
ও তাঁহার পথে চলনার্থে ও তাঁহার আজ্ঞা ও তাঁ
হার বিধি ও তাঁহার বিচারপালনার্থে তোমার
প্রতি আজি আজ্ঞাকরাতে দেখ আমি আজি
তোমার সম্মুখে জীবন ও মঙ্গল ও মৃত্যু ও অম
ঙ্গল রাখিয়াছি [১৬] যে তুমি বাঁচ ও বর্দ্ধিষ্ণু হও
এবং তুমি যে দেশাধিকার করিতে যাইতেছ সে
দেশে তোমার ঈশ্বর য়িহুহ তোমাকে আশীর্ব্বাদ
করেন। [১৭] কিন্তু তোমার অন্তঃকরণ যদি
পরাবৃত্ত হয় তাহাতে তুমি না শুণ কিন্তু আকৃষ্ট
হইয়া অন্য দেবেরদিগকে প্রণাম কর ও তাহার
দের সেবা কর [১৮] তবে আমি আজি তোমার
দিগকে জানাই যে তোমরা নিতান্ত নষ্ট হইবা
এবং যে দেশাধিকারকরণার্থে সে স্থানে প্র
বেশ করিতে তোমরা য়রদন পার হইতেছ সে
দেশোপরি তোমারদের আয়ুর্দ্দিবস বর্দ্ধিত হই
বে না। [১৯] তোমারদের প্রতিকূলে আমি
আজি স্বর্গকে ও পৃথিবীকে সাক্ষী করি যে আমি
জীবন ও মৃত্যু ও আশীর্ব্বাদ ও শাপ তোমারদের
সম্মুখে রাখিয়াছি অতএব জীবন মনোনীত কর
যে তুমি ও তোমার বংশ বাঁচে এবং তুমি তো
মার ঈশ্বর য়িহুহকে প্রেম কর ও তাঁহার বাক্য
মান ও তাহাতে লিপ্ত হও [২০] যেহেতুক য়িহুহ
তোমার পিতৃগণ অবরাহামকে ও য়িস্‌খাককে
ও য়অাকুবকে যে দেশদেওনার্থে দিব্য করিয়া
ছিলেন সে দেশোপরি তোমার স্থিতি যে হয়
এতদর্থে তিনি তোমার জীবন ও তোমার আয়ু
র্দ্দিবসের দৈর্ঘ্য।

## ৩১ পর্ব্ব।

[১] অনন্তর মোশহ্ যাইয়া এই সমস্ত বাক্য
তাবৎ য়িশ্‌রাএলকে কহিল। [২] এবং সে তা
হারদিগকে কহিল যে আমি আজি একশত বিং
শতি বৎসরবয়স্ক হইয়াছি আমি বাহিরে যা
ইতে এবং অন্তরে প্রবেশ করিতে আর পারি
না এবং য়িহুহ আমাকে কহিয়াছেন যে তুমি
য়রদন পার হইবা না। [৩] তোমার ঈশ্বর য়ি
হুহই তোমার সম্মুখ হইয়া পার হইয়া যাইবেন
এবং তিনি তোমার সম্মুখহইতে ঐ জাতিরদিগ
কে সংহার করিবেন এবং তুমি তাহারদিগকে অ
ধিকার করিবা য়িহুহের বাক্যানুসারে য়িহোশু
আ তোমার অগ্রসর হইয়া পার হইবে। [৪]
এবং আমোরীয়েরদের সীখোনরাজের প্রতি
এবং ওগের প্রতি এবং যাহারদের সংহার করি
লেন তাহারদের দেশের প্রতি য়িহুহ যেমন করি
লেন তেমন তিনি তাহারদের প্রতি করিবেন।
[৫] এবং য়িহুহ তাহারদিগকে তোমারদের স
ম্মুখে সমর্পণ করিবেন যে আমি তোমারদিগকে
যে২ আজ্ঞা করিয়াছি সে সমস্ত আজ্ঞানুসারে
তোমরা তাহারদের প্রতি কর। [৬] সমর্থ হও ও
বহুসাহসবান্ হও ভীত হইও না ও তাহারদিগে
তে ভয় করিও না কেননা তোমার ঈশ্বর য়িহুহই
তোমার সহিত যাইতেছেন তোমাতে তিনি ত্রুটি
করিবেন না এবং তোমাকে ত্যাগ করিবেন না।

[৭] পরে মোশহ্ সমস্ত য়িশ্‌রাএলের গোচ
রে য়িহোশুআকে ডাকিয়া কহিল সমর্থ হও ও
বহুসাহসবান্ হও যেহেতুক য়িহুহ তাহারদিগ
কে যে দেশদেওনার্থে তাহারদের পিতৃলোকের
দের প্রতি দিব্য করিয়াছেন সে দেশে তুমি এই
লোকেরদের সহিত যাইবা এবং তুমি তাহারদি
গকে তাহা অধিকার করাইবা। [৮] এবং য়ি
হুহই তোমার অগ্রে যাইতেছেন তিনি তোমার
সহবর্ত্তী হইবেন তিনি তোমাবিষয়ে ত্রুটি করি
বেন না ও তোমাকে ত্যাগ করিবেন না ভীত হ
ইও না ও ব্যাকুল হইও না।

[৯] পরে মোশহ্ এই ব্যবস্থা লিখিয়া য়িহু
হের নিয়মসিন্দুকবাহক লেবির সন্তানযাজকের
দিগকে ও য়িশ্রাএলের সমস্ত প্রাচীনেরদিগকে
অর্পণ করিল। [১০] এবং মোশহ্ ইহা কহি
য়া তাহারদিগকে আজ্ঞা করিল যে সাত বৎস
রের অন্তে মোচনবৎসরের মান্য সময়ে আবা
সোৎসবে তোমার ঈশ্বর য়িহুহের মনোনীত স্থা
নে [১১] যখন সমস্ত য়িশ্রাএল তাঁহার সম্মুখে
উপস্থিত হয় তখন সমস্ত য়িশ্রাএলের গোচরে
তাহারদের শ্রবণে তুমি এই ব্যবস্থা পাঠ কর।
[১২] লোকেরদিগকে একত্র কর অর্থাৎ পুরু
ষেরদিগকে ও স্ত্রীরদিগকে ও বালকেরদিগকে ও
তোমার দ্বারমধ্যবর্ত্তি বিদেশিরদিগকে যে তাহা
রা শুনে ও শিক্ষা করে ও তোমার ঈশ্বর য়িহুহ
কে ভয় করে ও ব্যবস্থার তাবদ্বাক্যপালনে ম
নোযোগ করে। [১৩] এবং কিছু জানে নাই
এমত যে তাহারদের সন্তানেরা যে শুনে এবং
যে দেশাধিকারকরণার্থে তোমরা য়রদন পার
হইয়া যাও সে দেশমধ্যে তোমরা যত দিবস বাস
কর তত কাল তাহারা তোমারদের ঈশ্বর য়িহুহ
কে ভয় করিতে শিক্ষে।

[১৪] এবং য়িহুহ মোশহ্কে কহিলেন দেখ
তোমার মরণের দিবস সমীপবর্ত্তী হইতেছে য়ি
হোশুআকে ডাক ও মণ্ডল্যাবাসেতে তোমরা আ
পনারদিগকে উপস্থিত কর যে আমি তাহাকে
কার্য্যাজ্ঞা দি। তাহাতে মোশহ্ ও য়িহোশুআ
যাইয়া মণ্ডল্যাবাসেতে আপনারদিগকে উপস্থি
ত করিল। [১৫] পরে মেঘস্তম্ভে য়িহুহ আবা
সে দর্শন দিলেন এবং সে মেঘস্তম্ভ দ্বারোপরি
দাঁড়াইয়া রহিল।

[১৬] এবং য়িহুহ মোশহ্কে কহিলেন দেখ
তুমি আপন পিতৃলোকেরদের সহিত শোইবা
এবং এ লোকেরা উঠিয়া যে দেশে প্রবেশ করিতে
যায় সে দেশস্থ বিদেশিরদের দেবেরদের সহিত
ব্যভিচার করিবে এবং আমাকে ত্যাগ করিয়া তা
হারদের সহিত আমাকৃত নিয়মভঞ্জন করিবে।
[১৭] তখন সে দিবসে আমার ক্রোধ তাহার
দের প্রতিকূলে প্রজ্বলিত হইবে এবং আমি তা
হারদিগকে ত্যাগ করিব এবং তাহারদিগহইতে
আপন মুখ গোপন করিব এবং তাহারা নষ্ট হ
ইবে এবং অনেক অমঙ্গল ও ক্লেশ তাহারদিগকে
ঘটিবে তাহাতে তাহারা সে দিবসে কহিবে আ
মারদের ঈশ্বর আমারদের মধ্যে নাই এতৎপ্র
যুক্ত কি এই অমঙ্গল সমস্ত আমারদের উপরে
আসিয়া পড়ে নাই। [১৮] এবং অন্য দেবের
দের প্রতি ফিরাতে তাহারা যে সমস্ত দোষ করি
বে তৎপ্রযুক্ত আমি সে দিবসে অবশ্য আপন
মুখ গোপন করিব। [১৯] অতএব এখন এই
গীত আপনারদের কারণ লিখ এবং য়িশ্রাএ
লের সন্তানেরদিগকে তাহা শিখাও এবং তাহার
দের মুখে রাখ যে এ গীত য়িশ্রাএলের সন্তা
নেরদের প্রতিকূলে আমার কারণ সাক্ষী হয়।
[২০] যেহেতুক তাহারদের পিতৃলোকেরদিগকে
দেওনার্থে আমি দুগ্ধমধুপ্রবাহি যে দেশবিষয়ে
দিব্য করিয়াছি সে দেশে আমি তাহারদিগকে য
খন আনি এবং তাহারা খাইয়া আপনারদিগ
কে তৃপ্ত করে এবং পুষ্ট হয় তখন তাহারা অন্য
দেবেরদের প্রতি ফিরিবে এবং তাহারদের সে
বা করিবে ও আমাকে ক্রুদ্ধ করিবে ও আমার
নিয়ম ভাঙ্গিবে। [২১] এবং এমত হইবে যখন
বহু অমঙ্গল ও ক্লেশ তাহারদের ঘটে তখন এই
গীত তাহারদের প্রতিকূলে সাক্ষিস্বরূপ সাক্ষ্য দি
বে কেননা তাহারদের বংশের মুখহইতে তাহা
বিস্মৃত হইবে না যেহেতুক যে দেশবিষয়ে আমি
দিব্য করিয়াছি সে দেশে তাহারদিগকে প্রবেশ
করাণের পূর্ব্বেই এইক্ষণে তাহারদের চেষ্টিত
কল্পনা আমি জ্ঞাত আছি।

[২২] অতএব মোশহ্ সেই দিবসে সে গীত
লিখিল এবং য়িশ্রাএলের সন্তানেরদিগকে তা
হা শিখাইল। [২৩] এবং নূনের পুত্র য়িহো
শুআকে সে কার্য্যাজ্ঞা দিয়া কহিল বলবান এবং
বহুসাহসবান হও কেননা আমি যে দেশবিষয়ে
য়িশ্রাএলের সন্তানেরদের প্রতি দিব্য করিয়াছি
লাম সে দেশে তুমি তাহারদিগকে আনাইবা
এবং আমি তোমার সহবর্ত্তী হইব।

[২৪] অপর এমত হইল এ ব্যবস্থার সমুদয়
বাক্যের লেখন মোশহ্ যখন পুস্তকে সমাপ্ত
করিয়াছিল। [২৫] তখন মোশহ্ য়িহুহের
নিয়মসিন্দুকবাহি লৈবেরদিগকে ইহা আজ্ঞা ক
রিল। [২৬] এই ব্যবস্থাগ্রন্থ গ্রহণ করিয়া তো
মারদের ঈশ্বর য়িহুহের নিয়মসিন্দুকপার্শ্বে রাখ
যে তাহা সে স্থানে তোমার প্রতিকূলে সাক্ষ্যের
নিমিত্তে হয়। [২৭] যেহেতুক তোমার আজ্ঞা
তিক্রম ও তোমার ঠেঁটাস্বভাব আমি জানি দেখ
আমি তোমারদের সহিত জীবৎ থাকিতেই আজি
তোমরা য়িহুহের আজ্ঞালঙ্ঘক হইয়াছ তবে
আমার মরণের পরে কি পুন না হইবা।

[২৮] তোমারদের বংশের সমস্ত প্রাচীনের
দিগকে ও তোমারদের অধ্যক্ষেরদিগকে আমার
নিকটে একত্র কর যে তাহারদের কর্ণে আমি এই
বাক্য কহি এবং তাহারদের প্রতিকূলে স্বর্গকে ও
পৃথিবীকে সাক্ষী করি। [২৯] যেহেতুক আমি
জানি যে আমার মরণের পর তোমরা আপ
নারদিগকে সর্ব্বতোভাবে দুষ্ট করিবা এবং আমি

তোমারদিগকে যে পথ আজ্ঞা করিয়াছি সে
পথ ত্যাগ করিবা এবং শেষকালে তোমারদের
অমঙ্গল ঘটিবে যেহেতুক আপনারদের হস্তকৃত
ক্রিয়াতে য়িহুহকে ক্রুদ্ধকরণার্থে তাঁহার গোচ
রে তোমরা পাপ করিবা। [৩০] এবং সমাপ
নপর্য্যন্ত মোশহ্ য়িশ্‌রাএলের তাবৎমণ্ডলীর কর্ণে
তে এ গীতবাক্য কহিল।

৩২ পর্ব্ব।

[১] হে স্বর্গ কর্ণ দেও এবং আমি কহিব
এবং হে পৃথিবী আমার মুখবাক্য শুন। [২]
আমার উপদেশ বৃষ্টির মত বর্ষিবে এবং আ
মার বচন শিশিরন্যায় ক্ষরিবে অর্থাৎ কোমল
তৃণোপরি ফুড়ফুড়ীয়া বৃষ্টির ন্যায় ও ঘাসের উ
পরে ঝমকা বৃষ্টির মত। [৩] আমি য়িহুহের
নাম প্রচার করিব এতৎপ্রযুক্ত তোমরা আমার
দের ঈশ্বরের উদ্দেশে মহিমা কীর্ত্তন কর। [৪]
তিনিই পর্ব্বত তাঁহার ক্রিয়া সম্পূর্ণ কেননা তাঁ
হার সমস্ত পথই বিচার তিনি সত্যবাদী ও নি
র্দ্দোষ ঈশ্বর তিনি ন্যায়বান ও ধর্ম্মস্বরূপ। [৫]
তাহারা আপনারদিগকে দুষ্ট করিয়াছে তাহার
দের কলঙ্ক তাঁহার সন্তানেরদের কলঙ্ক নহে তা
হারা বিপথগামী ও কুটিল বংশ্য। [৬] হে মূঢ়
ও অজ্ঞান লোক তোমরা কি য়িহুহের এরূপ প্র
তিফল দিতেছ তোমার ক্রেতা তোমার পিতা কি
তিনি নন তিনি কি তোমাকে সৃষ্টি ও স্থাপন ক
রেন নাই।

[৭] পূর্ব্বকালের দিবস স্মরণ কর ও গত বহু
পুরুসের বৎসর আলোচনা কর তোমার পিতা
কে জিজ্ঞাসা কর তাহাতে সে তোমাকে জানাই
বে তোমার প্রাচীনেরদিগকে জিজ্ঞাস তাহাতে তা
হারা তোমাকে কহিবে। [৮] জাতিরদের অধি
কারনিরূপণকালে যখন সর্ব্বাধ্যক্ষ আদামের
সন্তানেরদিগকে পৃথক্ করিলেন তখন য়িশ্‌রাএ
লের সন্তানেরদের সংখ্যানুসারে তিনি লোকের
দের সীমানিরূপণ করিলেন। [৯] যেহেতুক য়ি
হুহের অংশ তাঁহার লোকই য়অ্যাকুবই তাহার
অধিকারাংশ। [১০] তিনি তাহাকে অরণ্যদে
শে এবং শব্দায়মান মরু অরণ্যে পাইলেন তি
নি এদিগ ওদিগ তাহাকে লইয়া বেড়াইলেন তি
নি তাহাকে শিক্ষা দিলেন ও আপনার চক্ষুর
তারার ন্যায় তাহাকে রক্ষা করিলেন। [১১]
যেমত উৎক্রোশ পক্ষী আপন বাসা সৈর করে
ও আপন বাচ্চার উপরে ডেনা ঝাড়ে ও আ
পন পাখা বিস্তার করে ও তাহারদিগকে লইয়া
আপন ডেনার উপরে বহন করে। [১২] সে
মত য়িহুহ একাকী তাহাকে লওয়াইলেন এবং
তাহার সহিত কোন দেবতা ছিল না। [১৩]
তিনি পৃথিবীর উচ্চস্থানোপরি তাহাকে আরো
হণ করাইলেন যে সে ক্ষেত্রের বাহুল্য খায় এবং
তিনি তাহাকে পর্ব্বতহইতে মধু ও চকমকি প্রস্তর
ময় শৈলহইতে তৈল চোয়াইলেন [১৪] বিশে
ষতঃ গোমের মেটিয়াকৃতি উত্তম দানার সহিত গ
রুর নবনীত ও মেষের দুগ্ধ ও মেষের বাচ্চার ও
বাশানদেশের মেষের ও ছাগলের চরবী এবং
তুমি দ্রাক্ষার রক্তরূপ নির্ম্মলরস পান করিলা।

[১৫] কিন্তু য়িশুরূণ পুষ্টকায় হইয়া লাতি মা
রিল তুমি পুষ্টকায় হইয়াছ তুমি স্থূলকায় হই
য়াছ তুমি আচ্ছাদিত আছ তখন সে স্বসৃষ্টিকা
রি ঈশ্বরকে ত্যাগ করিল এবং আপন ত্রাণের
পর্ব্বতকে লঘুজ্ঞান করিল। [১৬] তাহারা অন্য
দেবতারদের পূজা করিয়া তাঁহাকে জ্বলনশীল
করিল এবং ঘৃণ্য ক্রিয়াদ্বারা তাঁহাকে ক্রুদ্ধ ক
রিল। [১৭] তাহারা অজ্ঞাতপূর্ব্ব দেবেরদের
উদ্দেশে অর্থাৎ যাহারদিগকে তোমারদের পিতৃ
লোকেরা ভয় করে নাই এমত আধুনিক দেবের
দের উদ্দেশে হোম করিল কিন্তু ঈশ্বরের প্রতি
নহে। [১৮] তোমার জন্মদাতৃপর্ব্বতবিষয়ে তুমি
অমানক হইয়াছ এবং তোমার নির্ম্মাণকারি ঈ
শ্বরকে ভুলিয়াছ। [১৯] এবং য়িহুহ দেখিয়া
আপন পুত্রেরদের ও কন্যারদের উত্তাপজন্মান
প্রযুক্ত ঘৃণা করিলেন। [২০] এবং তিনি কহি
লেন আমি তাহারদিগহইতে আপন মুখ গো
পন করিব তাহারদের শেষ কি হইবে ইহা আমি
দেখিব যেহেতুক তাহারা বিপথগামি কুল বি
শ্বাসহীন সন্তান। [২১] তাহারা অনীশ্বরদ্বারা
আমাকে জ্বলনশীল করিয়াছে তাহারা আপ
নারদের মায়াদ্বারা আমাকে ক্রোধান্বিত করি
য়াছে এবং অমনুষ্যদ্বারা আমি তাহারদিগকে
উত্তাপবিশিষ্ট করিব বাতুল জাতিদ্বারা আমি
তাহারদিগকে ক্রোধান্বিত করিব। [২২] যে
হেতুক আমার ক্রোধেতে অগ্নি প্রজ্বলিত হইয়া
ছে এবং অধঃস্থ নরকপর্য্যন্ত দহন করিয়া পৃথি
বীকে তদুৎপত্তির সহিত সংহার করিবে এবং
পর্ব্বতের মূলদাহ করিবে। [২৩] আমি তা
হারদের উপরে অমঙ্গলরাশি করিব এবং তা
হারদের উপরে আমি আপন বাণব্যয় করিব।
[২৪] তাহারা দুর্ভিক্ষেতে দগ্ধ এবং জ্বালাযুক্ত
গ্রীষ্মেতে ও তিক্ত সংহারদ্বারা নষ্ট হইবে জন্তুর
দের দন্ত ও ধূলিগ সর্পের বিষ আমি তাহার
দের মধ্যে প্রেরণ করিব। [২৫] বাহিরে তলো
য়ার ও মধ্যে ভয় যুবপুরুষকে ও কুমারীকে
এবং দুগ্ধপায়িকে ও শুক্লকেশযুক্ত বৃদ্ধকে সং
হার করিবে। [২৬] আমি কহিলাম যে শত্রুর
ক্রোধে যদি আমি ভয় না করিতাম যে পাছে

তাহারদের শত্রুরা অসঙ্গত আচরণ করে ও পা
ছে তাহারা কহে আমারদের বাহু বড় এবং
য়িহুহ এ সমস্ত করেন নাই [২৭] তবে আমি
তাহারদিগকে কোণেতে ছিতরাইব মানুষেরদের
মধ্যহইতে আমি তাহারদের স্মরণলোপ করিব।
[২৮] যেহেতুক তাহারা যুক্তিরহিত জাতি তা
হারদের বুদ্ধি নাই। [২৯] আহা যদি তাহারা
জ্ঞানবান হইত ইহা তাহারা যদি বুঝিত যদি
আপনারদের শেষদশা আলোচনা করিত।
[৩০] তাহারদের পর্ব্বত তাহারদিগকে বিক্রয়
না করিলে এবং য়িহুহ তাহারদিগকে রুদ্ধ না
করিলে এক জন কি প্রকারে সহস্র জনকে তাড়া
ইয়া লইয়া যাইত এবং দুই জন দশ হাজার
জনকে পরাঙ্মুখ করাইত। [৩১] কেননা আ
মারদের শত্রুরাই বিচারকর্ত্তা হইলেও তাহার
দের পর্ব্বত আমারদের পর্ব্বতের মত নহে
[৩২] যেহেতুক তাহারদের দ্রাক্ষা সদোমের দ্রা
ক্ষাহইতে এবং অমোরাহের ক্ষেত্রেতে উৎপন্ন
হইয়াছে তাহারদের দ্রাক্ষা বিষদ্রাক্ষা তাহার
দের থোপা তিক্ত। [৩৩] তাহারদের দ্রাক্ষা
রস সর্পের বিষ এবং উটিয় সর্পেরদের দুর্জ্জয়
গরল। [৩৪] ইহা কি আমার নিকটে সং
রক্ষিত নহে আমার ধনের সহিত মোহরকরা
নহে। [৩৫] প্রতীকার ও প্রতিফলদানই আ
মার নিরূপিত কালে তাহারদের পা পিচ্ছলিবে
কেননা তাহারদের দুর্গতির দিবস নিকটবর্ত্তী
এবং তাহারদের উপরি আগমনকারি দুর্দ্দশা
ত্বরা করে। [৩৬] যেহেতুক যখন তিনি দেখেন
যে তাহারদের সামর্থ্য গিয়াছে এবং বদ্ধ তাক্তই
বা কেহ থাকে না তখন য়িহুহ আপন লোকের
দের বিচার করিবেন এবং আপন দাসেরদের
বিষয়ে পরামনন করিবেন। [৩৭] এবং তিনি
কহিবেন তাহারদের নৈবেদ্য খাইল এবং তাহা
রদের পানীয় নৈবেদ্যের দ্রাক্ষারস পান করিল
[৩৮] যে তাহারদের ভরসাপাত্র পর্ব্বতরূপ
তাহারদের দেবতারাই কোথায় তাহারা উঠিয়া
তোমারদের উপকার করুক ও তোমারদের আ
শ্রয় হউক। [৩৯] দেখ এখন আমি আমিই
তিনি আমার সহিত কোন ঈশ্বর নাই আমি মা
রি এবং আমি বাঁচাই আমি ক্ষত করি এবং আ
মি সুস্থ করি আমার হাতহইতে যে উদ্ধার করে
এমত কেহ নাই। [৪০] যেহেতুক আমি স্বর্গের
প্রতি আপন হাত উঠাইয়া কহি যে আমি নিত্য
জীবী। [৪১] আমি যদি আপনার চক্চকীয় ত
লোয়ার শান দি এবং আমার হস্ত ন্যায়কে আ
ক্রমণ করিয়া ধরে তবে আমি আপন শত্রুরদিগ
কে প্রতীকার এবং মদ্ঘৃণাকারিরদিগকে প্রতি
ফল দিব। [৪২] আমি আপন বাণ রক্তেতে
মত্ত করিব এবং আমার তলোয়ার মাংসভক্ষণ
করিবে অর্থাৎ শত্রুরদের প্রতীকারদানারম্ভাবধি
করিয়া মৃতেরদের ও বন্দীরদের রক্তেতে। [৪৩]
হে জাতীয়েরা তাঁহার লোক তোমরা আনন্দ
কর কেননা তিনি আপন দাসেরদের রক্তপা
তের প্রতিফল দিবেন এবং আপন বৈরিরদের
প্রতীকার করিবেন এবং আপন দেশপ্রতি ও
আপন লোকেরদের প্রতি দয়াশীল হইবেন।

[৪৪] অপর মোশহ্ ও নূনের পুত্র য়িহোশূ
অ আসিয়া এ গীতের সমস্ত বাক্য লোকেরদের
শ্রবণেতে কহিল। [৪৫] এবং মোশহ্ সমস্ত
য়িশ্রাএলের প্রতি এ সমস্ত বাক্য কহনে সমাপ্ত
করিল। [৪৬] অপর সে তাহারদিগকে কহিল
যে আমি আজি যাহা তোমারদের মধ্যে সাক্ষি
করিয়া কহি অর্থাৎ এ ব্যবস্থার যে সমস্ত বাক্য
করণার্থে তোমরা আপন সন্তানেরদিগকে পা
লন করিতে আজ্ঞা করিবা সে সমস্ত বাক্যের প্রতি
তোমরা আপনারদের অন্তঃকরণ লাগাও।
[৪৭] যেহেতুক ইহা তোমারদের প্রতি নিরর্থক
বিষয় নহে কেননা তাহাই তোমারদের জীবন
এবং তোমরা যে দেশ অধিকার করিতে য়রদন
পার হইয়া যাও সে দেশমধ্যে এই বিষয়দ্বারা
তোমরা আপনারদের কালবর্দ্ধন করিবা।

[৪৮] অপর য়িহুহ সেই দিবসে মোশহ্কে
কহিলেন [৪৯] যে তুমি এই অবারিমপর্ব্বতে
অর্থাৎ মোআব দেশস্থ য়িরিখুর সম্মুখস্থিত নি
বো পর্ব্বতে উঠিয়া যাও এবং য়িশ্রাএলের স
ন্তানেরদিগকে অধিকারার্থে আমি যে কনআন
দেশ দি তাহা দর্শন কর। [৫০] এবং তোমার
ভ্রাতা আহরোণ যেমন হোরপর্ব্বতে মরিয়া
আপন লোকেরদের সহিত সংগৃহীত হইল তে
মন তুমি যে পর্ব্বতে আরোহণ কর সে পর্ব্বতে
মর এবং আপন লোকেরদের সহিত সংগৃহীত
হও। [৫১] যেহেতুক য়িশ্রাএলের সন্তানের
দের মধ্যে তোমরা সীনারণ্যস্থিত কাদেশস্থ মি
রিবাহ্জলনিকটে আমার আজ্ঞাতিক্রম করিলা
কেননা য়িশ্রাএলের সন্তানেরদের মধ্যে তোম
রা আমাকে পবিত্র করিলা না। [৫২] তথাপি
তুমি সম্মুখে দেশদর্শন করিবা কিন্তু আমি য়িশ্
রাএলের সন্তানেরদিগকে যে দেশ দি তাহাতে
তুমি প্রবেশ করিতে সে স্থানে যাইবা না।

## ৩৩ পর্ব্ব।

[১] অপর ঈশ্বরের মানুষ মোশহ্ আপন
মরণের পূর্ব্বে যে আশীর্দ্বারা য়িশ্রাএলের সন্তা
নেরদিগকে আশীর্ব্বাদ করিল তাহা এই। [২]
সে কহিল য়িহুহ সীনাহইতে আইলেন ও শে

ঈরহইতে তাহারদের উপরে উদয় পাইলেন
তিনি পারাণপর্ব্বতহইতে দীপ্তি করিলেন ও দশ
সহস্র পুণ্যবানেরদিগকে সঙ্গে করিয়া আইলেন
ও তাহারদের কারণ তাঁহার দক্ষিণ হস্তহইতে
অগ্নিময় ব্যবস্থা বাহির হইল। [৩] তিনি আ
পন লোকেরদিগকে প্রেম করিলেন তাঁহার স
মস্ত পুণ্যবানেরা তোমার হাতে এবং তাহারা
তোমার চরণসমীপে বসিল এবং তোমার কথা
গ্রহণ করিবে। [৪] মোশহ্ আমারদিগকে ব্য
বস্থা অর্থাৎ য়অ্যাকুবের মণ্ডলীর অধিকারই আ
জ্ঞা করিল। [৫] এবং লোকেরদের প্রধানের
দের এবং য়িশ্রাএলের বংশেরদের একত্র হওন
কালে সে য়িশুরূণের মধ্যে রাজা ছিল।

[৬] রিউবেণ বাঁচুক ও না মরুক এবং তাহার
লোক অল্প না হউক।

[৭] য়িহুদাহের আশীর্ব্বাদ এই। এবং সে
কহিল হে য়িহুহ য়িহুদাহের কথা শুন এবং তা
হার লোকের নিকটে তাহাকে আন তাহার
হাত তাহার কারণ প্রচুর হউক এবং তাহার
ক্লেশদায়িরদিগহইতে তুমি তাহার উপকারী
হও।

[৮] এবং লেবির বিষয়ে সে কহিল মসাহে
তে তুমি যাঁহার পরীক্ষা করিয়াছিলা ও মিরিবা
হের জলনিকটে যাঁহার সহিত বিরোধ করিয়া
ছিলা সে তোমার পুণ্যবানের সহিত তোমার ত
মিম ও তোমার উরিম হউক। [৯] সে আপন
পিতার ও মাতার বিষয়ে কহিয়াছে আমি তা
হাকে দেখি নাই সে আপন ভ্রাতারদিগকে স্বী
কার করিল না ও আপন পুত্রেরদিগকে চি
নিল না কেননা তাহারা তোমার বাক্যে মনো
যোগ করিয়াছে ও তোমার নিয়মপালন করি
য়াছে। [১০] তাহারা তোমার বিচার য়অ্যাকু
বের প্রতি ও তোমার ব্যবস্থা য়িশ্রাএলের প্রতি
শিক্ষা করাইবে তাহারা তোমার সম্মুখে ধূপ ও
তোমার বেদ্যুপরি সমূচ হব্য ধরিয়া দিবে। [১১]
হে য়িহুহ তাহার সম্পত্তিতে আশীর্ব্বাদ কর ও
তাহার হস্তক্রিয়া গ্রহণ কর তাহার প্রতিকূলে যা
হারা উঠে ও তাহাকে যাহারা ঘৃণা করে তাহার
দের কোমর বিন্ধিয়া ফেল যে তাহারা না উঠে।

[১২] বেন্যামিনের বিষয়ে সে কহিল য়িহু
হের প্রিয় তাহার নিকটে নির্ব্বিঘ্নরূপে বাস করি
বে তিনি তাহাকে সমস্ত দিবস আচ্ছাদন করি
বেন এবং সে তাঁহার স্কন্ধের মধ্যে বাস করিবে।

[১৩] যুসফের বিষয়ে সে কহিল যে স্বর্গের
উত্তম দ্রব্যপ্রযুক্ত ও নীহারপ্রযুক্ত ও অধোবর্ত্তি
গাম্ভীর্য্যপ্রযুক্ত [১৪] ও সূর্য্যজাত উত্তম ফলপ্রযুক্ত
ও চন্দ্রহইতে প্রক্ষিপ্ত বহুমূল্য দ্রব্যপ্রযুক্ত [১৫] ও
অনাদিপর্ব্বতের শ্রেষ্ঠ দ্রব্যপ্রযুক্ত ও চিরস্থায়ি গি
রির বহুমূল্য দ্রব্যপ্রযুক্ত ও পৃথিবীর বহুমূল্য দ্রব্য
এবং তৎপূর্ণতাপ্রযুক্ত ও ঝোপবাসির আনুকূল্য
প্রযুক্ত তাহার দেশ য়িহুহকর্ত্তৃক আশীঃপ্রাপ্ত আ
ছে। [১৬] ইহা যুসফের মস্তকোপরি ও আ
পন ভ্রাতৃগণেতে ভিন্নীকৃত জনের মূর্দ্ধোপরি আ
সুক। [১৭] তাহার গরুর প্রথমজাত তাহার মা
হাত্ম্যই এবং তাহার শৃঙ্গ গণ্ডারের খড়্গের মত
তাহা দিয়া সে দেশের সীমাপর্য্যন্ত লোকেরদিগ
কে ঠেলিয়া একত্র করিবে এবং তাহারা এফরায়ি
মের দশ২ সহস্র এবং তাহারাই মনশেহের
সহস্র২।

[১৮] এবং জিবূলূনের বিষয়ে সে কহিল হে
জিবূলূন তুমি আত্মনির্গমনে আনন্দ কর এবং
হে য়িশ্শাকর তুমি আপন তাম্বুতে। [১৯]
তাহারা লোকেরদিগকে পর্ব্বতে আহ্বান করিবে
তাহারা সে স্থানে ধর্ম্মরূপ হব্য নিবেদন করিবে
কেননা তাহারা সমুদ্রের বাহুল্য ও বালুতে গুপ্ত
ধন চুষিবে।

[২০] এবং গাদের বিষয়ে সে কহিল যে গা
দের বিস্তারকর্ত্তা আশীঃপ্রাপ্ত সে সিংহের মত
বাস করে এবং সে বাহু ও মস্তকের চান্দি ছিন্ন
করে। [২১] এবং সে আপনার কারণ প্রথ
মাংশ প্রস্তুত করিল যেহেতুক সে সেস্থানে ব্যব
স্থাপকের কিয়দংশে বাস করিল এবং সে লো
কেরদের প্রধানেরদের সহিত আইল সে য়িহু
হের নীতি ও তাঁহার বিচার য়িশ্রাএলে নিষ্পন্ন
করিল।

[২২] এবং দানের বিষয়ে সে কহিল যে দান
সিংহবৎসের মত সে বাশানহইতে লাফ দিবে।

[২৩] এবং নপ্তালির বিষয়ে সে কহিল যে
অনুগ্রহেতে তৃপ্ত ও য়িহুহের আশীর্ব্বাদেতে পূর্ণ
হে নপ্তালি তুমি পশ্চিম ও দক্ষিণ অধিকার কর।

[২৪] এবং আশেরের বিষয়ে সে কহিল যে
আশের সন্তানেতে আশীঃপ্রাপ্ত সে আপন
ভ্রাতারদের প্রতি মনোনেতব্য হউক এবং সে
আপন পা তৈলেতে চুবড়াউক। [২৫] তোমার
জুতা লৌহ ও পিত্তল এবং যেমন তোমার দিবস
তেমন তোমার বল।

[২৬] তোমার উপকারেতে স্বর্গারূঢ় ও আ
পন মহত্ত্বেতে আকাশারোহি য়িশুরূণের ঈশ্ব
রের মত কেহ নাই। [২৭] অনন্তর ঈশ্বর তো
মার আশ্রয় ও তোমার নীচে সর্ব্বকালস্থায়ি
বাহু এবং তিনি শত্রুরদিগকে তোমার সম্মুখহই
তে দূর করিবেন ও কহিবেন যে সংহার কর।
[২৮] তখন য়িশ্রাএল একা নির্ব্বিঘ্নরূপে বাস
করিবে শস্যাঢ্য ও দ্রাক্ষারসাঢ্য দেশের প্রতি য়

আকুবের উনই এবং তাহার স্বর্গ নীহারবৃষ্টি করিবে। [২৯] হে য়িশ্রাএল তুমি ধন্য তোমার উপকারক ঢাল এবং তোমার মহত্ত্বরূপ তলোআর য়িহুহকর্ত্তৃক রক্ষিত হে লোক তোমার মত কে এবং তোমার শত্রুরা তোমার প্রতি মিথ্যাবাদিস্বরূপ হইবে এবং তুমি তাহারদের দেবপীঠ দলিবা।

## ৩৪ পর্ব্ব।

[১] অপর মোশহ্ মোআবারণ্যহইতে নিবো পর্ব্বতে অর্থাৎ য়িরিখুসম্মুখস্থিত পিসগাহ্শৃঙ্গে আরোহণ করিল [২] এবং য়িহুহ গিলিআদ হইতে দানপর্য্যন্ত সমস্ত দেশ ও সমস্ত নপ্তালি ও এফরয়িমের ও মনশেহের দেশ এবং প্রান্তস্থিত সমুদ্রপর্য্যন্ত য়িহুদাহের তাবদ্দেশ [৩] এবং দক্ষিণ এবং সোআরপর্য্যন্ত খর্জুরনগর য়িরিখুর তলভূমিস্থিত মাঠ তাহাকে দেখাইলেন। [৪] এবং য়িহুহ তাহাকে কহিলেন আমি যে দেশের বিষয়ে অবরাহামের ও য়িস্খাকের ও য়অাকুবের প্রতি ইহা কহিয়া দিব্য করিয়াছিলাম যে তোমার বংশকে সে দেশ দিব সে দেশ এই তোমার চক্ষুর্দ্বারা আমি তাহা তোমাকে দেখাইয়াছি কিন্তু তুমি সে স্থানে পার হইয়া যাইবা না।

[৫] তাহাতে য়িহুহের দাস মোশহ্ সে স্থানে মোআবদেশে য়িহুহের বাক্যানুসারে মরিল। [৬] এবং তিনি বীৎপিওরসম্মুখস্থিত মোআব দেশস্থ এক তলভূমিতে তাহাকে কবর দিলেন কিন্তু আজিপর্য্যন্ত কেহই তাহার কবরস্থান জানে না।

[৭] এবং মোশহ্ মরণকালে একশতবিংশতিবৎসরবয়স্ক ছিল তাহার চক্ষু ঢিমা হইল না এবং তাহার স্বাভাবিক বল ন্যূন হইল না।

[৮] এবং য়িশ্রাএলের সন্তানেরা মোশহের কারণ মোআবের মাঠে ত্রিশ দিবস শোক করিল এরূপে মোশহের নিমিত্তে ক্রন্দনের ও শোকের দিবস সম্পূর্ণ হইল।

[৯] এবং নূনের পুত্র য়িহোশুঅা জ্ঞানাত্মাতে পরিপূর্ণ ছিল কেননা মোশহ্ তাহার উপরে আপন হস্ত অর্পণ করিয়াছিল এবং য়িশ্রাএলের সন্তানেরা তাহার বাক্যে অবধান করিল এবং য়িহুহ মোশহ্কে যেমন আজ্ঞা করিয়াছিলেন তেমন করিল।

[১০] এবং মিস্রদেশেতে ফরওহের ও তাহার সমস্ত দাসেরদের ও তাহার তাবদ্দেশের প্রতি যাহা করণার্থে য়িহুহ তাহাকে প্রেরণ করিলেন সে সমস্ত চিহ্নেতে ও আশ্চর্য্যক্রিয়াতে [১১] এবং সে সমস্ত বলবান হস্তেতে এবং সমস্ত য়িশ্রাএলের দৃষ্টিতে মোশহ্কৃত সমস্ত মহাশঙ্কাতে [১২] য়িহুহকর্ত্তৃক সম্মুখাসম্মুখি জ্ঞাত মোশহের মত কোন আচার্য্য য়িশ্রাএলে তৎপরে উঠিল না।

---

# য়িহোশুআপুস্তক।

## ১ প্রথম পর্ব্ব।

[১] য়িহুহের সেবক মোশহের মরণের পরে এমত হইল নুনের পুত্র য়িহোশুঅা মোশহের সেবককে য়িহুহ এ কথা কহিলেন। [২] আমার সেবক মোশহ্ মরিয়াছে অতএব এখন উঠ আমি যে দেশ এ লোকেরদিগকে অর্থাৎ য়িশ্রাএলের সন্তানেরদিগকে দি তুমি এই য়রদন পার হইয়া সে দেশে যাও অর্থাৎ তুমি ও এ সমস্ত লোক।

[৩] আমি মোশহ্কে যেমন কহিয়াছি তেমন যে প্রত্যেক স্থানোপরি তোমার পদতল পড়ে সে প্রত্যেক স্থান আমি তোমাকে দিয়াছি। [৪] অরণ্য এবং এই লিবানোনঅবধি করিয়া মহানদী অর্থাৎ ফরাতনদীপর্য্যন্ত খিতীয়েরদের তাবদ্দেশে এবং সূর্য্যাস্তস্থানের দিগে মহাসমুদ্রপর্য্যন্ত তোমার সীমা হইবে। [৫] তোমার পরমায়ুর সমস্ত দিবস তোমার সম্মুখে কোন মনুষ্যের দাঁড়াইবার সামর্থ্য হইবে না আমি যেমন মোশহের সহিত ছিলাম তেমন তোমার সহিত হইব তোমার প্রতি আমার ত্রুটি হইবে না এবং তোমাকে ত্যাগ করিব না। [৬] বলবান এবং অতিসাহসবান হও কেননা এ লোকেরদের পিতৃলোকেরদিগকে দেওনার্থে আমি যে দেশবি

যয়ে দিব্য করিয়াছিলাম সে দেশ তাহারদের অ
ধিকারার্থে তুমি অংশ করিয়া দিবা। [৭] কেবল
যে শাস্ত্র আমার সেবক মোশহ্ তোমাকে আজ্ঞা
করিল সে তাবচ্ছাস্ত্রানুসারে করণে সাবধান হ
ওনার্থে তুমি বলবান এবং অতিসাহসবান হও
যে কোন স্থানে তুমি যাও সে স্থানে ভাগ্যবান
হওনার্থে তুমি তচ্ছাস্ত্রহইতে দক্ষিণে বা বামে
ফিরিও না। [৮] এই ব্যবস্থাগ্রন্থ তোমার মুখ
হইতে কখন যাইবে না কিন্তু তন্মধ্যে লিখিত তা
বদ্বাক্যানুযায়ি আচরণার্থে তুমি তাহাতে দিবা
রাত্রি আলোচনা কর কেননা তাহা করিলে তুমি
আপনার পথ সফল করিবা এবং তোমার কা
র্য্য সুসিদ্ধ হইবে। [৯] আমি কি তোমাকে আ
জ্ঞা দি নাই বলবান ও বড় সাহসিক হও ভীত
হইও না এবং নিরাশও হইও না যেহেতুক যেং
স্থানে তুমি যাইবা সেং স্থানে য়িহুহ তোমার ঈ
শ্বর তোমার সহবর্ত্তী।

[১০] তখন য়িহোশুআ এ কথা কহিয়া লো
কেরদের অধ্যক্ষেরদিগকে আজ্ঞা করিল। [১১]
ছাউনির মধ্য হইয়া যাও এবং এ কথা কহিয়া
লোকেরদিগকে আজ্ঞা কর আপনারদের জন্যে
ভক্ষ্যদ্রব্য প্রস্তুত কর কেননা য়িহুহ তোমারদের
ঈশ্বর অধিকারের নিমিত্তে যে দেশ তোমারদিগ
কে দেন সে দেশে প্রবেশ করিয়া তদধিকার কর
ণার্থে তিন দিবসের মধ্যে তোমারদিগকে এ য়র
দন পার হইয়া যাইতে হইবে। [১২] অপর
রিউবেণীয়েরদিগকে ও গাদীয়েরদিগকে ও মন
শেহের অর্দ্ধগোষ্ঠীকে য়িহোশুআ এ কথা কহিল
[১৩] যে বাক্য য়িহুহের সেবক মোশহ্ তোমার
দিগকে আজ্ঞা করিল সে বাক্য স্মরণ কর বিশে
ষতঃ য়িহুহ তোমারদের ঈশ্বর তোমারদিগকে
বিশ্রাম দিয়াছেন এবং এ দেশ তোমারদিগকে
দিয়াছেন। [১৪] য়রদনের এপার যে দেশ
মোশহ্ তোমারদিগকে দিয়াছেন সে দেশে তো
মারদের স্ত্রীলোকেরা ও বালকেরা ও পশুরা থা
কিবে [১৫] কিন্তু তোমারদিগকে যেমত দিয়া
ছেন সেমত তোমারদের ভ্রাতারদিগকে য়িহুহ
যাবৎ বিশ্রাম না দেন এবং যে দেশ য়িহুহ তো
মারদের ঈশ্বর তাহারদিগকে দেন তাহারাও সে
দেশাধিকার যাবৎ না করে তাবৎ তোমরা অ
র্থাৎ বীরত্ববিশিষ্ট সমস্ত বলবান লোক আপন
ভ্রাতারদের অগ্রে সসজ্জ হইয়া গমন করত তা
হারদের উপকার করিবা পরে তোমরা য়রদ
নের এপার সূর্য্যোদয়দিগে য়িহুহের সেবক মো
শহ্কর্ত্তৃক দত্ত আপনারদের অধিকারে ফিরিয়া
যাইয়া তাহা উপভোগ করিবা। [১৬] তাহা
তে তাহারা য়িহোশুআকে প্রত্যুত্তর করিয়া কহি
ল তুমি আমারদিগকে যে সমস্ত আজ্ঞা কর সে
সমস্ত আমরা করিব এবং তুমি আমারদিগকে
যে স্থানে প্রেরণ করিবা সে স্থানে আমরা যা
ইব। [১৭] সমস্ত বিষয়ে আমরা যেমন মোশ
হের বাক্যে অবধান করিয়াছিলাম তেমন তো
মার বাক্যে অবধান করিব মাত্র য়িহুহ তোমার
ঈশ্বর যেমন মোশহের সহিত ছিলেন তেমন তো
মার সঙ্গী হউন। [১৮] তোমার আজ্ঞা যে
কেহ অতিক্রম করে ও তুমি যে সমস্ত বিষয়ে তা
হাকে আজ্ঞা কর সে সমস্ত বিষয়ে তোমার বা
ক্যে যে অবধান না করে সে বধ্য হইবে মাত্র
বলবান ও অতিসাহসবান হও।

## ২ পর্ব্ব।

[১] অপর নূনের পুত্র য়িহোশুআ এই কথা
কহিয়া গুপ্তরূপে অনুসন্ধানার্থে শিটিমহইতে
দুই জনকে প্রেরণ করিয়া কহিল দেশ অর্থাৎ য়ি
রিখু পর্য্যালোকন কর তাহাতে তাহারা যাইয়া
রাখাব নামে এক বেশ্যার ঘরে প্রবেশ করিয়া
সে স্থানে প্রবাস করিল। [২] পরে য়িরিখুর রা
জার নিকটে কহা গেল যে দেখ দেশানুসন্ধানা
র্থে য়িশ্রাএলের সন্তানেরদের মধ্যহইতে অদ্য
রাত্রিতে লোক এ স্থানে আসিয়াছে। [৩] তাহা
তে য়িরিখুর রাজা রাখাবের নিকটে লোক প্রেরণ
করিয়া কহিল তোমার নিকটে আগত তোমার
ঘরে প্রবিষ্ট লোকেরদিগকে বাহির করিয়া আন
যেহেতুক তাহারা তাবদ্দেশানুসন্ধানার্থে আসি
য়াছে। [৪] পরে ঐ স্ত্রী সে দুই লোককে গো
পনে রাখিয়া কহিল আমার নিকটে লোক আ
ইল বটে কিন্তু তাহারা কোথাকার ইহা আমি
জানি না। [৫] এবং অন্ধকার হইলে দ্বাররোধ
সময়ে এইমত হইল ঐ লোকেরা বাহির হইয়া
গেল সে লোকেরা কোথায় গিয়াছে ইহা আমি
জানি না শীঘ্র করিয়া তাহারদের পাছেং যাও
কেননা তোমরা তাহারদের লাগাইল পাইবা।
[৬] কিন্তু সে তাহারদিগকে ঘরের ছাতের উপ
রে আনিয়া ছাতের উপরে মসিনার যে ডাঁটা
সে সাজাইয়া থুইয়াছিল তাহা দিয়া তাহারদিগ
কে গোপন করিয়া রাখিয়াছিল। [৭] এবং
ঐ লোকেরা য়রদনের পথে ঘাটপর্য্যন্ত তাহার
দের পাছেং গেল পরে তাহারদের পাছেং গ
মনকারি লোকেরা বাহির হইয়া যাইবামাত্রে তা
হারা দ্বার বন্ধ করিল।

[৮] এবং তাহারদের শয়নপূর্ব্বে সে স্ত্রী ছা
তের উপরে তাহারদের নিকটে আইল। [৯]
এবং সে ঐ মানুষেরদিগকে কহিল আমি জানি
যে ঈশ্বর এ দেশ তোমারদিগকে দিয়াছেন এবং
তোমারদের ভয় আমারদের উপরে পড়িয়াছে

এবং তোমারদিগপ্রযুক্ত দেশনিবাসি সকলে ব্যা
কুল হইয়াছে। [১০] যেহেতুক তোমরা যখন
মিসরহইতে বাহির হইয়া আসিয়াছিলা তখন য়ি
হুহ তোমারদের নিমিত্তে আরবীয় সমুদ্রের জল
যে রূপে শুকাইলেন এবং য়রদনের ওপারস্থিত
তোমারদিগকর্ত্তৃক নিঃশেষরূপে বিনষ্ট অমোরী
য়েরদের দুই রাজা শীহোনের ও ওগের প্রতি
তোমরা যাহা করিয়াছিলা তাহা আমরা শুনিয়া
ছি। [১১] এবং শুনিবামাত্রে আমারদের অন্তঃ
করণ গলিয়া গেল এবং তোমারদিগপ্রযুক্ত কাহা
রো মনে কিছু সাহস রহিল না কেননা উপরিস্থ
স্বর্গে এবং অধঃস্থ পৃথিবীতে য়িহুহ তোমারদের
ঈশ্বরই ঈশ্বর। [১২] অতএব এখন আমি তোমার
দের স্থানে প্রার্থনা করি যে তোমরা য়িহুহের
নাম লইয়া আমার নিকটে দিব্য কর যে আমি
তোমারদের প্রতি অনুগ্রহ করিয়াছি এতৎপ্রযুক্ত
তোমরা আমার পিতার বাটীর প্রতি অনুগ্রহ ক
রিবা এবং আমাকে এক সত্য চিহ্ন দেও। [১৩]
এবং তোমরা আমার পিতাকে ও আমার মাতা
কে ও আমার ভ্রাতারদিগকে ও আমার ভগি
নীরদিগকে ও তাহারদের সর্ব্বস্ব বাঁচাইয়া রাখি
য়া আমারদের প্রাণ মরণহইতে রক্ষা কর। [১৪]
তাহাতে সে মনুষ্যেরা ঐ স্ত্রীকে উত্তর করিল
তুমি যদি আমারদের এ কার্য্য প্রকাশ না কর
তবে তোমার প্রাণের বদলে আমারদের প্রাণই
এবং এমত হইবে যখন য়িহুহ আমারদিগকে
দেশ দেন তখন আমরা তোমার প্রতি অনুগ্রহ
ও সত্যাচার করিব। [১৫] পরে সে স্ত্রী তাহার
দিগকে জানলা দিয়া দড়িতে করিয়া নামাইয়া
দিল যেহেতুক তাহার বাটী নগরভিত্ত্যুপরি ছিল
এবং সে প্রাচীরোপরি বাস করিল। [১৬]
এবং সে তাহারদিগকে কহিল তোমরা পর্ব্বতে
গতি কর পাছে পশ্চাদ্গন্তারা তোমারদের স
হিত মিলে এবং পশ্চাদ্গন্তারদের ফিরিয়া আ
ইসনপর্য্যন্ত তোমরা আপনারদিগকে তিন দিব
স গোপন করিয়া রাখ তারপর তোমরা চলিয়া
যাইতে পার। [১৭] পরে সে লোকেরা তাহা
কে কহিল এই যে দিব্য তুমি আমারদিগকে করা
ইয়াছ তদ্বিষয়ে আমরা নিরপরাধী। [১৮]
দেখ আমরা যখন দেশে আইসি তখন এই যে
সিন্দূরীয় সূতার দড়িতে তুমি আমারদিগকে না
মাইয়াছিলা তাহা তুমি জানলাতে বাঁধিবা এবং
তোমার পিতাকে ও মাতাকে ও ভ্রাতারদিগকে
ও তোমার পিতৃপরিবার সমস্ত লোকেরদিগকে
তুমি আপন বাটীতে আনিবা। [১৯] এবং এ
মত হইবে তোমার বাটীর দ্বারহইতে পথেতে নি
র্গত জনের রক্তপাতাপরাধ তাহার মস্তকোপরি
হইবে এবং আমরা নির্দ্দোষী হইব এবং তোমার
সহিত বাটীতে যে কেহ থাকে তাহার উপরে
যদি কাহারো হাত হয় তবে তাহার রক্তপাতাপ
রাধ আমারদের মস্তকোপরি হইবে। [২০]
এবং আমারদের এ কার্য্য যদি তুমি প্রচার কর
তবে যে দিব্য তুমি আমারদিগকে করাইয়াছ তা
হাহইতে আমরা মুক্ত হইব। [২১] তাহাতে সে
কহিল তোমারদের বাক্যানুসারে হউক পরে সে
তাহারদিগকে বিদায় করিলে তাহারা প্রস্থান
করিল এবং সে ঐ সিন্দূরীয় সূতা জানলাতে বাঁ
ধিয়া রাখিল। [২২] অপর তাহারা যাইয়া
পর্ব্বতে পঁহুছিল এবং পশ্চাদ্গন্তারদের ফিরি
য়া আইসনপর্য্যন্ত সে স্থানে তিন দিবস প্রবাস
করিল এবং পশ্চাদ্গন্তারা সমস্ত পথে তাহার
দের অন্বেষণ করিল কিন্তু উদ্দেশ পাইল না।

[২৩] অপর সে দুই লোক ফিরিয়া আসিয়া
পর্ব্বতহইতে নামিল এবং পার হইয়া নূনের
পুত্র য়িহোশূয়ার নিকটে আসিয়া আপনার
দের প্রতি যে২ বিষয় ঘটিয়াছিল সে সকল কহি
ল। [২৪] এবং তাহারা য়িহোশূয়াকে কহিল
যে এ তাবদ্দেশ য়িহুহ আমারদের হস্তে অবশ্য
সমর্পণ করিয়াছেন যেহেতুক দেশের তাবন্নিবা
সিরা আমারদিগপ্রযুক্ত ভয়াকুল আছে।

৩ পর্ব্ব।

[১] অনন্তর য়িহোশূয়া অতিপ্রত্যূষে উঠিল
এবং সে ও য়িশ্রাএলের সমস্ত সন্তানেরা শিটিম
হইতে প্রস্থান করিয়া য়রদনের নিকটে উত্তরিল
এবং তাহারদের পারহওনের পূর্ব্বে সে স্থানে
প্রবাস করিল। [২] অপর তিন দিবস পরে এমত
হইল সেনাপতিরা ছাউনির মধ্য হইয়া যাই
য়া এ কথা কহিয়া লোকেরদিগকে আজ্ঞা করিল
[৩] য়িহুহ তোমারদের ঈশ্বরের নিয়মসিন্দুককে
এবং তদ্বাহক যাজক লেবিরদিগকে যখন তো
মরা দেখ তখন তোমরা আপনারদের স্থানহই
তে অগ্রসর হইয়া তৎপশ্চাৎ যাইবা। [৪] কিন্তু
তোমারদের ও তাহার মধ্যস্থানে পরিমাণে হাত
সহস্র দুই এক ভূমি থাকিবে যে তোমরা আপ
নারদের গন্তব্য পথ জ্ঞাত হও এই নিমিত্তে তা
হার নিকটবর্ত্তী হইও না কেননা ইহার পূর্ব্বে
তোমরা এ পথ হইয়া যাও নাই। [৫] পরে য়ি
হোশূয়া লোকেরদিগকে কহিল আপনারদিগ
কে পবিত্র কর যেহেতুক তোমারদের মধ্যে য়ি
হুহ কল্য আশ্চর্য্য ক্রিয়া করিবেন। [৬] পরে
য়িহোশূয়া এই কথা যাজকেরদিগকে কহিল নি
য়মসিন্দুক তুলিয়া লোকেরদের অগ্রগামী হইয়া
পার হও তাহাতে তাহারা নিয়মসিন্দুক তুলি
য়া লোকেরদের অগ্রগামী হইয়া চলিল।

[৭] অপর য়িহুহ য়িহোশুআকে কহিলেন
মোশহের সহিত আমি যেমত ছিলাম সেমত
যে তোমার সহিত হই য়িশ্‌রাএলের সন্তানেরা
যে ইহা জানে এ নিমিত্তে আমি সমস্ত য়িশ্‌রাএ
লের গোচরে অদ্য তোমাকে বাড়াইতে আরম্ভ
করিব। [৮] এবং নিয়মসিন্দুকবাহি যাজকের
দিগকে তুমি এ কথা কহিয়া আজ্ঞা কর তোমরা
যখন য়রদনের জলকিনারায় উপস্থিত হও তখন
তোমরা য়রদনে স্থগিত হও।

[৯] অপর য়িহোশুআ য়িশ্‌রাএলের সন্তানে
রদিগকে কহিল তোমরা এ স্থানে আসিয়া তো
মারদের ঈশ্বর য়িহুহের বাক্য শুন। [১০] এবং
য়িহোশুআ কহিল য়িহুহ যে তোমারদের মধ্যে
আছেন এবং তিনি যে নিঃসন্দেহে কনআনীয়ে
রদিগকে ও খিত্তীয়েরদিগকে ও খিব্বীয়েরদিগকে
ও পিরিজ্জীয়েরদিগকে ও গির্গাশীয়েরদিগকে ও
অমোরীয়েরদিগকে ও য়িবুসীয়েরদিগকে তোমা
রদের সম্মুখহইতে বাহির করিয়া তাড়িয়া দিবেন
তাহা তোমরা এতদ্দ্বারা জানিবা। [১১] দেখ
তাবৎ পৃথিবীর য়িহুহের নিয়মসিন্দুক তোমার
দের অগ্রগামী হইয়া য়রদনে যায়। [১২] অত
এব য়িশ্‌রাএলের গোষ্ঠীরদের মধ্যহইতে তোম
রা বার মনুষ্য গ্রহণ কর অর্থাৎ এক২ গোষ্ঠীহই
তে এক২ মানুষ। [১৩] এবং এমত হইবে য়িহু
হের অর্থাৎ সর্ব্বপৃথিবীর য়িহুহের নিয়মসিন্দুক
বাহি যাজকেরদের পদতল য়রদনজলে প্রবিষ্ট
হইবামাত্রে য়রদনজল উজনের জলহইতে ছিন্ন
হইবে এবং তাহা রাশীভূত হইয়া রহিবে।

[১৪] পরে এমত হইল য়রদন পার হওনা
র্থে লোকেরা যখন আপনারদের তাম্বু ছাড়িয়া
ছিল এবং যাজকেরা নিয়মসিন্দুক বহন করত
লোকেরদের অগ্রগামী হইয়াছিল [১৫] এবং
সিন্দুকবাহকেরা যখন য়রদননিকটে আসিয়া
ছিল এবং সিন্দুকবাহি যাজকেরদের পা য়রদ
নের জলকিনারা স্পর্শ করিল কেননা ফসলকা
টনসময়ে য়রদননদীর জল সমস্ত তীরোপরি
উঠিত [১৬] তখন উজনের জল স্থগিত হইয়া সা
রেতানের নিকটবর্ত্তি আদাম নগরহইতে অতি
দূর রাশীভূত হইয়া রহিল এবং মাঠের সমুদ্র
প্রতি অর্থাৎ লবণসমুদ্র প্রতিগামী ভাটির জল
হ্রাস হইয়া ছিন্ন হইল তাহাতে লোকেরা য়িরি
খুর নিজসম্মুখে পার হইয়া গেল। [১৭] এবং
যেপর্য্যন্ত সমস্ত লোকেরা নিঃশেষরূপে পার না
হইল সেপর্য্যন্ত য়িহুহের নিয়মসিন্দুকবাহি যাজ
কেরা য়রদনের মধ্যস্থলে শুষ্ক ভূমিতে স্থির হই
য়া দাঁড়িয়া রহিল এবং সমস্ত য়িশ্‌রাএলীয় শুষ্ক
ভূমিতে পার হইয়া গেল।

## ৪ পর্ব্ব।

[১] অপর সমস্ত লোকেরা নিঃশেষরূপে য়র
দন পার হইলে এমত হইল য়িহুহ য়িহোশুআ
কে এ কথা কহিলেন [২] লোকেরদের মধ্যহই
তে বার জন গ্রহণ কর এক২ গোষ্ঠীর মধ্যহইতে
এক২ জন। [৩] এবং এ কথা কহিয়া তাহার
দিগকে আজ্ঞা কর এই স্থানহইতে অর্থাৎ যে
স্থানে যাজকেরদের পা স্থির দাঁড়াইয়া রহিয়া
ছিল য়রদনের মধ্যের সেই স্থানহইতে তোমরা
বার প্রস্তর গ্রহণ কর এবং সে প্রস্তর আপনার
দের সঙ্গে পার করিয়া লইয়া যাও এবং অদ্য
রাত্রিতে তোমরা যে স্থানে প্রবাস কর সেই তো
মারদের প্রবাসস্থানে রাখ। [৪] অপর য়ি
হোশুআ প্রত্যেক গোষ্ঠীর এক২ জন করিয়া যে
দ্বাদশ মানুষকে য়িশ্‌রাএলের সন্তানেরদের মধ্য
হইতে প্রস্তুত করিয়া রাখিয়াছিল তাহারদিগকে
ডাকিল। [৫] এবং য়িহোশুআ তাহারদিগকে
কহিল য়িহুহ তোমারদের ঈশ্বরের সিন্দুকাগ্রগা
মী হইয়া য়রদনের মধ্যস্থানে যাইয়া তোমার
দের মধ্যে এক চিহ্ন হওনের নিমিত্তে তোমরা
য়িশ্‌রাএলের সন্তানেরদের গোষ্ঠীসংখ্যানুযায়ি
প্রত্যেক জন এক২ প্রস্তর স্কন্ধে করিয়া লও। [৬]
যে ভবিষ্যৎ সময়ে যখন তোমারদের সন্তানেরা
জিজ্ঞাসা করিয়া কহে যে এ প্রস্তরেতে তোমার
দের অভিপ্রায় কি তখন ইহা তোমারদের মধ্যে
চিহ্ন হয়। [৭] তখন তোমরা তাহারদিগকে প্র
ত্যুত্তর করিবা য়িহুহের নিয়মসিন্দুকসম্মুখে য়র
দনের জল ছিন্ন হইল তাহা যখন য়রদন পার
হইতেছিল তখন য়রদনের জল ছিন্নই হইল
এবং এ প্রস্তর য়িশ্‌রাএলের সন্তানেরদের প্রতি
নিত্য স্মারকার্থে হইবে। [৮] এবং য়িহোশুআ
যেমন আজ্ঞা করিয়াছিল তেমন য়িশ্‌রাএলের
সন্তানেরা করিয়া যেমত য়িহুহ য়িহোশুআকে
কহিয়াছিলেন সেমত তাহারা য়িশ্‌রাএলের স
ন্তানেরদের গোষ্ঠীসংখ্যানুযায়ি য়রদননদীহই
তে বার প্রস্তর তুলিয়া লইয়া যে স্থানে তাহারা
প্রবাস করিল আপনারদের সঙ্গে পারে লইয়া
সে স্থানে রাখিল। [৯] এবং যে স্থানে নিয়ম
সিন্দুকবাহি যাজকেরদের পা দাঁড়াইল সে স্থা
নে য়রদনের মধ্যে য়িহোশুআ বার প্রস্তর খাড়া
করিল এবং সে সকল আজিপর্য্যন্ত সে স্থানে
আছে। [১০] যেহেতুক মোশহ্‌ য়িহোশুআ
কে যে সমস্ত আজ্ঞা দিয়াছিল তদনুযায়ি প্রত্যে
ক বিষয়করণার্থে লোকেরদের প্রতি কহিবার নি
মিত্তে য়িহুহ য়িহোশুআকে যে সমস্ত আজ্ঞা করি
য়াছিলেন সে সমস্ত সাঙ্গ না হওয়াপর্য্যন্ত সিন্দুক
বাহি যাজকেরা য়রদনের মধ্যে দাঁড়াইয়া রহিল

এবং লোকেরা ত্বরা করিয়া পার হইল। [১১]
সমস্ত লোক নিঃশেষরূপে পার হইলে এমত
হইল য়িহুহের সিন্দুক এবং যাজকেরা লোকের
দের সাক্ষাৎ পার হইয়া গেল। [১২] এবং
মোশহ্ য়িশ্রাএলের সন্তানেরদিগকে যেমন ক
হিয়াছিল তেমন রিউবেণের সন্তানেরা ও গাদের
সন্তানেরা ও মনশেহের গোষ্ঠীর অর্দ্ধেক জন স
সজ্জ হইয়া তাহারদের সম্মুখে পার হইয়া
গেল। [১৩] যুদ্ধার্থে প্রস্তুত চল্লিশ সহস্র লোক
য়িরিখু মাঠে রণার্থে য়িহুহের সম্মুখে পার
হইয়া গেল।

[১৪] সে দিবসে তাবৎ য়িশ্রাএলের দৃষ্টিতে
য়িহুহ য়িহোশুআকে মান্য করিলেন এবং মো
শহ্কে তাহারা যেমন তাহার তাবদায়ুঃ ব্যাপি
য়া ভয় করিয়াছিল তেমন তাহারা য়িহোশুআ
কে ভয় করিল।

[১৫] অপর য়িহুহ এ কথা কহিয়া য়িহোশু
আকে কহিলেন [১৬] সাক্ষ্যসিন্দুকবাহি যাজকে
রদিগকে য়রদনহইতে উঠিয়া আসিতে আজ্ঞা
কর। [১৭] তাহাতে য়রদনহইতে উঠিয়া আ
ইস এই কথা কহিয়া য়িহোশুআ যাজকেরদিগ
কে আজ্ঞা করিল। [১৮] এবং য়িহুহের নিয়ম
সিন্দুকবাহি যাজকেরা যখন য়রদনমধ্যহইতে
উঠিয়া আসিয়াছিল এবং যাজকেরদের পদতল
শুষ্ক ভূমিস্পর্শ করিয়াছিল তখন এই মত হইল
য়রদনের জল স্বস্থানে ফিরিয়া আইল এবং পূ
র্ব্বের মত আপন সমস্ত তীর ভাসাইল।

[১৯] অপর প্রথম মাসের দশম দিবসে লো
কেরা য়রদনহইতে উঠিয়া আসিয়া য়িরিখুর পূ
র্ব্বসীমানার গিলগালে ছাউনি করিল।

[২০] এবং যে দ্বাদশ প্রস্তর তাহারা য়রদন
মধ্যহইতে লইয়াছিল সে প্রস্তর য়িহোশুআ গিল
গালে স্থাপন করিল। [২১] এবং সে য়িশ্রাএ
লের সন্তানেরদিগকে কহিল ভবিষ্যৎ কালে তো
মারদের সন্তানেরা এ প্রস্তরের আশয় কি এই
কথা কহিয়া আপনারদের পিতারদিগকে যখন
জিজ্ঞাসা করে [২২] তখন তোমরা এ কথা কহি
য়া আপনারদের সন্তানেরদিগকে জানাইবা যে
য়িশ্রাএল শুষ্ক ভূমি হইয়া এ য়রদনপার হই
য়া আসিয়াছিল। [২৩] যেহেতুক আমারদের
পার না হওনপর্য্যন্ত য়িহুহ তোমারদের ঈশ্বর আ
মারদের সম্মুখে শুকাইয়াছিলেন যে আরবীর
সমুদ্র তাহাতে তিনি যেরূপ করিলেন তেমন তো
মরা যেপর্য্যন্ত পার না হইলা সেপর্য্যন্ত য়িহুহ
তোমারদের ঈশ্বর তোমারদের সম্মুখহইতে য়র
দনের জল শুষ্ক করিলেন। [২৪] যে পৃথি
বীস্থ সমস্ত লোক জানে যে য়িহুহের হস্ত পরা
ক্রান্ত এবং তোমারদের ঈশ্বর য়িহুহকে তোমরা
নিত্য ভয় কর।

## ৫ পর্ব্ব।

[১] য়রদনের পশ্চিমদিক্স্থ অমোরীয়েরদের
সমস্ত রাজারা এবং সমুদ্রনিকটস্থ কনআনীয়ের
দের সমস্ত রাজারা যখন শুনিল যে আমরা যা
বৎ পার না হইলাম তাবৎ য়িহুহ য়িশ্রাএলের
সন্তানেরদের সম্মুখে য়রদনের জল শুকাইলেন।
তখন এমত হইল তাহারদের অন্তঃকরণ গলিয়া
গেল এবং য়িশ্রাএলের সন্তানপ্রযুক্ত তাহার
দের মধ্যে আর সাহস রহিল না।

[২] তৎকালে য়িহুহ য়িহোশুআকে কহিলেন
তুমি তীক্ষ্ণ ছুরিকা নির্ম্মাণ কর এবং দ্বিতীয়বার
য়িশ্রাএলের সন্তানেরদের ত্বক্‌ছেদন কর।
[৩] তাহাতে য়িহোশুআ তীক্ষ্ণ ছুরিকা নির্ম্মাণ ক
রিয়া পর্ব্বসমীপে য়িশ্রাএলের সন্তানেরদের মে
ঢ্রাগ্রত্বক্‌ছেদন করিল। [৪] এবং য়িহোশুআর
দ্বারা ত্বক্‌ছেদনের কারণ এই মিস্রহইতে বাহির
হইয়া যে সমস্ত পুরুষমানুষ আসিয়াছিল অ
র্থাৎ সমস্ত যোদ্ধৃলোক মিস্রহইতে বাহির হইয়া
আইসনের পরে পথে অরণ্যেতে মরিল। [৫]
যে সমস্ত লোক মিস্রহইতে বাহির হইয়া আ
সিয়াছিল তাহারা ছিন্নত্বক্ ছিল বটে কিন্তু মি
স্রহইতে বাহির হইয়া আইলে পর যত লোক
পথে অরণ্যে জন্মিল তাহারদের ত্বক্‌ছেদন তা
হারা করে নাই। [৬] যেহেতুক মিস্রদেশ
হইতে নির্গত তাবৎ যোদ্ধারদের যেপর্য্যন্ত সং
হার না হইল সেপর্য্যন্ত য়িশ্রাএলের সন্তানেরা
চল্লিশ বৎসর অরণ্যে ভ্রমণ করিল কেননা তাহা
রা য়িহুহের বাক্য মানিল না তাহারদের প্রতি
য়িহুহ দিব্য করিলেন যে দুগ্ধমধুপ্রবাহি যে দেশ
আমারদিগকে দেওনার্থে য়িহুহ তাহারদের পি
তৃলোকেরদের প্রতি দিব্য করিয়াছিলেন সে দেশ
তিনি তাহারদিগকে দেখাইবেন না। [৭] এবং
তাহারদের বদলে তিনি তাহারদের যে সন্তানে
রদিগকে উৎপন্ন করিয়াছিলেন তাহারদের ত্বক্
য়িহোশুআ ছেদন করিল কেননা পথে তাহার
দের ত্বক্‌ছেদন না করণপ্রযুক্ত তাহারা অচ্ছিন্ন
ত্বক্ ছিল। [৮] অপর তাহারা সমস্ত লোকের
দের ত্বক্‌ছেদ সাঙ্গ করিলে এই মত হইল তাহা
রা যাবৎ সুস্থ না হইল তাবৎ ছাউনিতে আপ
ন২ স্থানে রহিল। [৯] পরে য়িহুহ য়িহোশুআ
কে কহিলেন অদ্য তোমারদের উপরহইতে আ
মি মিস্রের অপমান গড়াইয়া দিয়াছি অতএব
আজিপর্য্যন্ত সে স্থানের নাম গিলগাল।

[১০] এবং য়িশ্রাএলের সন্তানেরা গিলগালে
ছাউনি করিল এবং মাসের চতুর্দ্দশী সায়ংকা

লে যিরিখুমাঠে পেসাখ্পর্ব্বপালন করিল। [১১] এবং পেসাখের পর দিবসে তদ্দিবসেই তাহারা দেশের পুরাতন শস্যেতে নির্ম্মিত বেখমির রুটি ও ভাজা শস্য ভোজন করিল।

[১২] এবং তাঁহারা দেশের পুরাতন শস্য ভোজন করিলে তাহার পর দিবসে মান্না নিবৃত্ত হইল এবং যিশ্রাএলের সন্তানেরদের আর মান্না হইল না কিন্তু সেই বৎসর তাহারা কনআনদেশের ফলভোজন করিল।

[১৩] অপর যিহোশুয়া যিরিখুসমীপবর্ত্তী হইলে এই মত হইল সে ঊর্দ্ধদৃষ্টি করিয়া দেখিল এবং দেখ খোলা তলোআরহস্তে এক ব্যক্তি তাহার সম্মুখে দাঁড়াইয়াছিল তাহাতে যিহোশুয়া তাঁহার নিকটে যাইয়া তাঁহাকে কহিল তুমি কি আমারদের পক্ষে কিম্বা আমারদের বৈরিরদের পক্ষে। [১৪] তাহাতে তিনি কহিলেন না কিন্তু যিহুহের সৈন্যের সেনাপতিরূপ হইয়া আমি আসিয়াছি পরে যিহোশুয়া মৃত্তিকাতে উবুড় হইয়া তাঁহাকে পূজা করিয়া কহিল আপন দাসের প্রতি মহাশয় কি কহেন। [১৫] তাহাতে যিহুহের সৈন্যের সেনাপতি যিহোশুয়াকে কহিলেন তোমার পাহইতে তোমার জুতা খোল কেননা যে স্থানে তুমি দাঁড়াইয়া আছ সে স্থান পবিত্র তাহাতে যিহোশুয়া সেমত করিল।

## ৬ পর্ব্ব।

[১] তৎকালে যিশ্রাএলের সন্তানপ্রযুক্ত যিরিখু কঠিনরূপে অবরুদ্ধ ছিল কেহ বাহিরে গেল না এবং কেহ অন্তরে প্রবেশ করিল না।

[২] পরে যিহুহ যিহোশুয়াকে কহিলেন দেখ আমি যিরিখু ও তাহার রাজাকে ও বলবান্ যোদ্ধৃলোকেরদিগকে তোমার হস্তে অর্পণ করিয়াছি। [৩] এবং তোমরা অর্থাৎ সমস্ত যোদ্ধা সে নগর বেষ্টন করিয়া তাহা একবার প্রদক্ষিণ করিবা এতদ্রূপ তুমি ছয় দিবস করিবা। [৪] এবং সাত যাজক সিন্দুকাগ্রগামী হইয়া মেষশৃঙ্গনির্ম্মিত সাত তূরী বহিবে এবং সপ্তম দিবসে তোমরা সে নগর সাতবার প্রদক্ষিণ করিবা এবং যাজক তূরী দিয়া বাজাইবে। [৫] এবং এ মত হইবে যখন তাহারা মেষশৃঙ্গেতে দীর্ঘ শব্দ করে এবং তোমরা তূরীশব্দ শুন তখন সমস্ত লোক বড় চীৎকারশব্দ করিবে তাহাতে নগরের প্রাচীর মৃত্তিকাতে সমান হইয়া পড়িবে এবং লোকেরা প্রত্যেক জন আপন২ সম্মুখস্থ পথ দিয়া সোজা উঠিয়া যাইবে।

[৬] অপর নূনের পুত্র যিহোশুয়া যাজকেরদিগকে ডাকিয়া কহিল নিয়মসিন্দুক তুল এবং সাত জনযাজক যিহুহের সিন্দুকাগ্রগামী হইয়া মেষশৃঙ্গনির্ম্মিত সাত তূরী বহুক। [৭] পরে সে লোকেরদিগকে কহিল অগ্রসর হইয়া নগরবেষ্টন কর এবং সসজ্জ যে জন সে যিহুহের সিন্দুকাগ্রগামী হইয়া চলিয়া যাউক।

[৮] অপর এমত হইল যখন যিহোশুয়া লোকেরদের সহিত কথা কহিয়াছিল তখন মেষশৃঙ্গনির্ম্মিত সাত তূরীবাহি সাত যাজক যিহুহের অগ্রগামী হইয়া তূরী বাজাইল এবং যিহুহের নিয়মসিন্দুক তাহারদের পশ্চাৎ চলিল।

[৯] এবং সমস্ত লোকেরা তূরীবাদক যাজকেরদের অগ্রগামী হইয়া চলিল এবং যাজকেরা গমন করত তূরী শব্দ করিলে পশ্চাদ্গামি লোকেরা সিন্দুকের পশ্চাদ্গামী হইয়া আইল। [১০] এবং যিহোশুয়া লোকেরদিগকে এ কথা কহিয়া আজ্ঞা করিয়াছিল যে তোমরা চীৎকার করিবা না এবং আপন রবেতে কিছু শব্দ করিবা না এবং আমি যে দিবসপর্য্যন্ত চীৎকার কর এ কথা না কহি সে দিবসপর্য্যন্ত কোন কথা তোমারদের মুখহইতে না নিঃসরুক কিন্তু তখন তোমরা চীৎকার কর। [১১] অতএব যিহুহের সিন্দুক নগরচতুর্দ্দিগে একবার প্রদক্ষিণ করিয়া তাহা বেষ্টন করিল পরে তাহারা ছাউনিতে আসিয়া ছাউনিতে প্রবাস করিল। [১২] পরে যিহোশুয়া প্রভাতে উঠিল এবং যাজকেরা যিহুহের সিন্দুক তুলিল। [১৩] এবং যিহুহের সিন্দুকের অগ্রগামী হইয়া সাত তূরীধারি সাত জনযাজক নিত্য অগ্রে২ যাইয়া তূরী বাজাইল এবং সজ্জমান লোকেরা তাহারদের অগ্রে২ চলিল কিন্তু যাজকেরা পথগামী হইয়া তূরীবাদ্য করিলে পশ্চাদ্গামি লোকেরা যিহুহের সিন্দুকের পাছে২ চলিয়া আইল। [১৪] এবং দ্বিতীয় দিবসে তাহারা নগর একবার প্রদক্ষিণ করিয়া ছাউনিতে ফিরিয়া আইল তাহারা এতদ্রূপে ছয় দিবস করিল। [১৫] পরে সপ্তম দিবসে এমত হইল তাহারা প্রত্যূষে রাত্রি প্রভাতসময়ে উঠিয়া সেই মত সাত বার নগর প্রদক্ষিণ করিল সে দিবস তাহারা নগর সাতবার বেষ্টন করিল এই বিশেষমাত্র। [১৬] অপর এমত হইল সপ্তম বারে যখন যাজকেরা তূরী বাজাইল তখন যিহোশুয়া লোকেরদিগকে কহিল চীৎকার শব্দ কর যেহেতুক যিহুহ তোমারদিগকে নগর দিয়াছেন।

[১৭] এবং সে নগর যিহুহের উদ্দেশে শাপগ্রস্ত হইবে অর্থাৎ তাহা ও তন্মধ্যস্থিত সমস্ত রাখাববেশ্যামাত্র বাঁচিবে অর্থাৎ সে ও তাহার সঙ্গে ঘরে স্থিত সমস্ত লোক যেহেতুক সে আমারদের দ্বারা প্রেরিত দূতেরদিগকে লুকাইয়া রা

খিয়াছিল। [১৮] এবং তোমরা শাপগ্রস্ত দ্রব্য
হইতে কোন প্রকারে আপনারদিগকে রক্ষা কর
পাছে তোমরা সে শাপগ্রস্ত বস্তুগ্রহণ করিয়া
আপনারদিগকে শাপগ্রস্ত কর এবং য়িশ্রাএ
লের ছাউনি শাপগ্রস্ত কর এবং তাহা ব্যাকুল
কর। [১৯] কিন্তু সমস্ত রূপার ও স্বর্ণের এবং
পিত্তলের ও লোহার পাত্র য়িহুহের উদ্দেশে
পবিত্র সে সমস্ত য়িহুহের ভাণ্ডারে আসিবে।

[২০] অতএব তূরী বাজাইলে লোকেরা চীৎ
কার শব্দ করিল পরে এমত হইল যখন লোকে
রা তূর্য্য ধ্বনি শুনিল এবং লোকেরা বড় শব্দদ্বারা
চীৎকার করিল তখন প্রাচীর মৃত্তিকাতে সমান
হইয়া পড়িল তাহাতে লোকেরা প্রত্যেক জন আ
পন২ সম্মুখস্থ পথ হইয়া নগরে উঠিয়া যাইয়া
নগরাক্রমণ করিল। [২১] এবং তাহারা স্ত্রীপু
রুষ বালবৃদ্ধ গরু মেষ গাধাদি নগরে যত ছিল
সমস্ত তলোআরের ধারেতে নিঃশেষরূপে নষ্ট
করিল। [২২] কিন্তু য়িহোশুআ দেশানুসন্ধান
কারি দুই লোককে কহিয়াছিল তোমরা সে বে
শ্যার বাটীতে যাইয়া যেমন তাহার নিকটে দি
ব্য করিয়াছিলা তেমন সে স্ত্রীকে ও তাহার সক
লকে বাহির করিয়া আন। [২৩] এবং যুবা
মনুষ্য সে দূতেরা প্রবেশ করিয়া রাখাবকে ও
তাহার পিতাকে ও তাহার মাতাকে ও তাহার
ভ্রাতারদিগকে ও তাহার যে কিছু ছিল সে সমস্ত
বাহির করিয়া আনিল এবং তাহারা তাহার
সমস্ত কুটুম্বেরদিগকে বাহির করিয়া আনিয়া
য়িশ্রাএলের ছাউনির বাহিরে তাহারদিগকে রা
খিল। [২৪] পরে সে নগর ও তন্মধ্যে যে সমস্ত
ছিল তাহা তাহারা অগ্নিতে পোড়াইয়া ফেলিল
কিন্তু রূপা ও স্বর্ণ এবং পিত্তলের ও লোহার
পাত্র তাহারা য়িহুহের ঘরের ভাণ্ডারে থুইল।
[২৫] এবং য়িহোশুআ রাখাববেশ্যাকে ও তা
হার পিতার পরিবারকে ও তাহার সমস্তকে বাঁ
চাইয়া রাখিল এবং অদ্যপর্য্যন্ত সে য়িশ্রাএ
লের মধ্যে বসতি করে। [২৬] যেহেতুক য়িরিখু
অনুসন্ধানার্থে য়িহোশুআ যে দূতেরদিগকে প্রে
রণ করিয়াছিল তাহারদিগকে সে গোপন করিয়া
রাখিয়াছিল।

[২৭] এবং সে সময়ে য়িহোশুআ তাহারদি
গকে শপথ করাইয়া কহিল যে জন উঠিয়া য়ি
রিখুনগর পুনর্ব্বার নির্ম্মাণ করে সে য়িহুহের
সম্মুখে শপ্ত সে আপন জ্যেষ্ঠ পুত্রে তাহার ভি
ত্তিমূলস্থাপন করিবে এবং আপন কনিষ্ঠ পুত্রে
তাহার দ্বার খাড়া করিবে। [২৮] এবং য়িহুহ
য়িহোশুআর সহিত ছিলেন এবং তাহার কীর্ত্তি
সে দেশের সর্ব্বত্র ব্যাপিল।

৭ পর্ব্ব।

[১] কিন্তু য়িশ্রাএলের সন্তানেরা শপ্ত বস্তু
তে অতিক্রম করিল যেহেতুক য়িহুদাহ্গোষ্ঠীর
জেরখের পুত্র জব্দির পুত্র কার্ম্মির পুত্র আখান
সে শপ্ত বস্তুগ্রহণ করিয়াছিল এবং য়িহুহের
ক্রোধ য়িশ্রাএলের সন্তানেরদের প্রতিকূলে প্র
জ্বলিত ছিল। [২] পরে য়িহোশুআ য়িরিখুহই
তে বীৎএলের পূর্ব্বদিক্স্থিত বীৎআবেনসমীপ
স্থ আঈতে লোক প্রেরণ করিয়া তাহারদিগকে
কহিল তোমরা উঠিয়া যাইয়া দেশদর্শন কর তা
হাতে সে লোকেরা যাইয়া আঈদর্শন করিল।
[৩] পরে তাহারা য়িহোশুআর নিকটে ফিরিয়া
আসিয়া তাহাকে কহিল সমস্ত লোক উঠিয়া না
যাউক কিন্তু সহস্র দুই তিনেক লোক যাইয়া আ
ঈকে মারুক সেস্থানে সমস্ত লোকেরদের শ্রম ক
রাইও না কেননা তাহারা অল্প। [৪] অতএব
সে স্থানে লোকেরদের সহস্র তিনেক মানুষ উঠি
য়া গেল এবং তাহারা আঈর লোকেরদের সম্মু
খে পলাইল। [৫] এবং আঈর লোকেরা
তাহারদের মধ্যে জন ছত্রিশকে মারিল কেননা
দ্বারহইতে শিবারিমপর্য্যন্ত তাহারা তাহারদিগ
কে তাড়াইয়া লইয়া গেল এবং অধোগমনপ
থে তাহারদিগকে মারিল তাহাতে লোকেরদের
অন্তঃকরণ দ্রব হইয়া জলবৎ হইল।

[৬] অপর য়িহোশুআ আপন বস্ত্র ছিঁড়িল
এবং সে ও য়িশ্রাএলের প্রাচীনেরা সায়ংকাল
পর্য্যন্ত অধোমুখে মৃত্তিকাতে য়িহুহের সিন্দুক
সম্মুখে পড়িয়া রহিল এবং আপন২ মস্তকোপ
রি ধূলা দিল। [৭] এবং য়িহোশুআ কহিল
হায় হে পরমেশ্বর য়িহুহ আমারদের বিনাশার্থে
আমারদিগকে অমোরীয়েরদের হাতে সমর্পণ
করিবার নিমিত্তে আপনি কেন এ লোকেরদিগ
কে কোন প্রকারে য়রদন পার করিয়া আনিয়া
ছেন হায় আমরা নিরস্ত হইয়া যদি য়রদনের ও
পারে থাকিতাম [৮] হে প্রভু যখন য়িশ্রাএল
আপনারদের শত্রুরদের সম্মুখে পৃষ্ঠ ফিরায়
তখন আমি কি কহিব। [৯] যেহেতুক কনআ
নীয়েরা এবং দেশস্থ সমস্ত নিবাসিরা তাহা
শুনিয়া আমারদিগকে বেষ্টন করিবে এবং পৃথি
বীহইতে আমারদের নামলোপ করিবে এবং
আপন মহানামের প্রতি তুমি কি করিবা।

[১০] পরে য়িহুহ য়িহোশুআকে কহিলেন
উঠ এতদ্রূপ অধোমুখ হইয়া তুমি কেন পড়িয়া
রহিতেছ। [১১] য়িশ্রাএল পাপ করিয়াছে
এবং আমি যে নিয়ম তাহারদিগকে আজ্ঞা করি
য়াছিলাম আমার সে নিয়ম তাহারা লংঘন ক
রিয়াছে যেহেতুক তাহারা সেই শপ্ত দ্রব্যগ্রহণ

করিয়াছে এবং চুরি করিয়াছে এবং প্রতারণাও করিয়াছে এবং আপনারদের সংস্থানের মধ্যেই থুইয়াছে। [১২] তৎপ্রযুক্ত য়িশ্রাএলের সন্তানেরা আপনারদের শত্রুরদের সম্মুখে দাঁড়াইতে পারিল না কিন্তু শত্রুরদের প্রতি আপনারদের পৃষ্ঠ ফিরাইল যেহেতুক তাহারাই শাপগ্রস্ত সে শাপগ্রস্তকেও তোমারদের মধ্যহইতে বিনাশ না করিলে আমি তোমারদের সঙ্গী আর হইব না। [১৩] উঠ লোকেরদিগকে পবিত্র কর এবং কহ কল্যের নিমিত্তে আপনারদিগকে পবিত্র কর কেননা য়িহুহ য়িশ্রাএলের ঈশ্বর ইহা কহেন হে য়িশ্রাএল তোমার মধ্যে শাপগ্রস্ত বিষয় আছে সে শাপগ্রস্ত বিষয় তোমারদের মধ্যহইতে দূর না করিলে তুমি আপন শত্রুরদের সম্মুখে দাঁড়াইতে পারিবা না। [১৪] অতএব প্রাতঃকালে তোমারদের গোষ্ঠ্যনুক্রমে তোমরা আনীত হইবা এবং এমত হইবে যে গোষ্ঠী য়িহুহ ধরেন সে গোষ্ঠী তদ্বংশানুক্রমে আসিবে এবং যে বংশ য়িহুহ ধরেন সে বংশ পরিজনানুক্রমে আসিবে এবং যে পরিজন য়িহুহ ধরেন সে পরিজন প্রাণ্যনুক্রমে আসিবে। [১৫] এবং এমত হইবে শপ্ত দ্রব্য লইয়া যে জন ধরা পড়ে সে জন অগ্নিতে পোড়ান যাইবে সে ও তাহার সর্ব্বস্ব কেননা সে য়িহুহের নিয়মলংঘন করিয়াছে এবং য়িশ্রাএলে অজ্ঞান ক্রিয়া করিয়াছে।

[১৬] অতএব য়িহোশুআ প্রত্যূষে উঠিয়া য়িশ্রাএলকে আপন২ গোষ্ঠ্যনুক্রমে আনিল এবং য়িহুদাহের গোষ্ঠী ধরা পড়িল। [১৭] পরে সে য়িহুদাহের গোষ্ঠী আনিল তাহাতে জারখীয়েরদের বংশ ধরা পড়িল পরে সে জারখীয়েরদের বংশ প্রাণ্যনুক্রমে আনিল তাহাতে জব্দি ধরা পড়িল। [১৮] পরে সে তাহার পরিবার লোকেরদিগকে প্রাণ্যনুক্রমে আনিল তাহাতে য়িহুদাহ্গোষ্ঠীর জেরখের পুত্র জব্দির পুত্র কার্ম্মির পুত্র আখান ধরা পড়িল। [১৯] পরে য়িহোশুআ আখানকে কহিল হে আমার বৎস আমি তোমারে মিনতি করি তুমি য়িশ্রাএলের ঈশ্বর য়িহুহের গৌরবপ্রশংসা কর এবং তাঁহার নিকটে স্বীকৃত হও এবং তুমি যাহা করিয়াছ তাহা এখন আমাকে কহ আমাহইতে তাহা গোপন করিও না। [২০] অপর আখান য়িহোশুআকে প্রত্যুত্তর করিয়া কহিল আমি য়িশ্রাএলের ঈশ্বর য়িহুহের প্রতিকূলে পাপ করিয়াছি সত্য এবং অমুক২ কার্য্য করিয়াছি। [২১] লোঠনীয় দ্রব্যের মধ্যে উত্তম এক বাবেলীয় বস্ত্র এবং দুই শত শেকেল রূপা এবং পঞ্চাশ শেকেল তৌলের এক স্বর্ণখান আমি যখন দেখিলাম তখন আমি লোভ করিয়া সে সকল গ্রহণ করিলাম এবং দেখ মৃত্তিকায় আমার তাম্বুর মধ্যে সে সকল গুপ্ত আছে এবং রূপা তাহার নীচে।

[২২] তাহাতে য়িহোশুআ দূতপ্রেরণ করিল এবং তাহারা তাম্বুতে দৌড়িয়া গেল এবং দেখ তাহা তাহার তাম্বুর মধ্যে গুপ্ত ছিল এবং রূপা তাহার নীচে। [২৩] পরে তাহারা সে সকল তাম্বুর মধ্যহইতে লইয়া য়িহোশুআর ও য়িশ্রাএলের সমস্ত সন্তানেরদের নিকটে আনিল এবং য়িহুহের সম্মুখে সে সমস্ত মেলিয়া দিল।

[২৪] পরে য়িহোশুআ এবং তাহার সহিত সমস্ত য়িশ্রাএল জেরখের পুত্র আখানকে ও সে রূপা ও বস্ত্র ও স্বর্ণখান ও তাহার পুত্র কন্যা গরু গাধা মেষ তাম্বু আদি তাহার যে কিছু ছিল সে সমস্ত গ্রহণ করিল এবং তাহারা সে সকল আখোরের তলভূমিতে আনিল। [২৫] পরে য়িহোশুআ তাহাকে কহিল তুমি আমারদিগকে কেন ক্লেশ দিয়াছ আজি য়িহুহ তোমাকে ক্লেশ দিবেন এবং সমস্ত য়িশ্রাএল পাথরেতে তাহাকে মারিয়া ফেলিল এবং পাথরেতে তাহারদিগকে মারিয়া ফেলিলে অগ্নিতে দগ্ধ করিল। [২৬] পরে তাহারা তাহার উপরে অদ্যপর্য্যন্ত বর্ত্তমান পাথরের বড় রাশি করিল এতদ্রূপে য়িহুহ আপন ক্রোধের প্রচণ্ডতাহইতে ফিরিলেন তন্নিমিত্তে অদ্যপর্য্যন্ত সে স্থানের নাম আখোররে তলভূমি বলিয়া বিখ্যাত হইল।

## ৮ পর্ব্ব।

[১] অনন্তর য়িহুহ য়িহোশুআকে কহিলেন ভীত হইও না এবং নিরাশও হইও না সমস্ত যোদ্ধৃরদিগকে সঙ্গে লইয়া উঠিয়া আঈতে যাও দেখ আঈর রাজাকে ও তাহার লোকেরদিগকে ও তাহার নগর ও তাহার দেশ আমি তোমার হস্তগত করিয়াছি। [২] এবং তাহার লুঠ ও তাহার পশু তোমরা আপনারদের কারণ গ্রহণ করিবা এ বিশেষে য়িরিখুর প্রতি ও তাহার রাজার প্রতি তুমি যেমন করিয়াছিলা তেমন তুমি আঈর প্রতি ও তাহার রাজার প্রতি করিবা নগরাক্রমণার্থে তৎপশ্চাৎ সৈন্য গোপনে রাখ।

[৩] অতএব আঈর প্রতিকূল গমনার্থে য়িহোশুআ ও সমস্ত যোদ্ধৃলোকেরা উঠিল এবং য়িহোশুআ বীর ও বলবান ত্রিশসহস্র মনুষ্যেরদিগকে বাছিয়া লইয়া রাত্রিতে তাহারদিগকে বিদায় করিল। [৪] এবং তাহারদিগকে আজ্ঞা করিয়া কহিল দেখ তোমরা নগরের প্রতিকূলে অর্থাৎ নগরের পশ্চাৎ গোপনে রহিবা নগরহইতে বড় দূর যাইও না কিন্তু সকলে প্রস্তুত থাক। [৫] পরে আমি ও আমার সঙ্গে যত

লোক নগর নিকটবর্ত্তী হইব এবং এমত হইবে
তাহারা প্রথমের মত আমারদের বিরুদ্ধে বাহি
রে আইলে আমরা তাহারদের অগ্রে২ পলা
য়ন করিব। [৬] কেননা আমরা তাহারদিগ
কে নগরহইতে যাবৎ আকর্ষণ না করি তাবৎ তা
হারা আমারদের পাছে২ বাহির হইয়া আসি
বে যেহেতুক তাহারা কহিবে যে প্রথমে তাহারা
যেমন আমারদের সম্মুখে পলাইয়াছিল তেমন
পলাইতেছে অতএব আমরা তাহারদের সম্মু
খে পলায়ন করিব। [৭] তৎকালে তোমরা
ওতে থাকনহইতে উঠিয়া নগরাক্রমণ করিবা যে
হেতুক য়িহুহ তোমারদের ঈশ্বর তাহা তোমার
দের হস্তগত করিবেন। [৮] অপর এমত হইবে
নগরাক্রমণানন্তর তোমরা সে নগরে অগ্নি লাগা
ইবা য়িহুহের আজ্ঞানুযায়ি তোমরা করিবা দেখ
আমি তোমারদিগকে আজ্ঞা করিয়াছি।

[৯] অতএব য়িহোশূয়া তাহারদিগকে প্রে
রণ করিল এবং তাহারা ওতে থাকনার্থে যাইয়া
আঈর পশ্চিমে বীৎএলের ও আঈর মধ্যস্থলে
রহিল কিন্তু য়িহোশূয়া সে রাত্রি লোকেরদের
মধ্যে প্রবাস করিল। [১০] অপর য়িহোশূয়া
এবং য়িশ্রাএলের প্রাচীনেরা প্রত্যূষে উঠিয়া
লোকেরদিগকে গণনা করিয়া লোকেরদের অগ্র
গামী হইয়া আঈতে উঠিয়া গেল। [১১] পরে
সমস্ত লোক অর্থাৎ তাহার সহিত যত যোদ্ধৃ
লোক উঠিয়া যাইয়া নিকটবর্ত্তী হইয়া নগরসম্মু
খে উপস্থিত হইল এবং আঈর উত্তরভাগে ছা
উনি করিল তাহারদের ও আঈর মধ্যস্থানে এক
তলভূমি ছিল। [১২] পরে সে সহস্র পাঁচেক
লোক লইয়া নগরের পশ্চিমভাগে বীৎএলের ও
আঈর মধ্যস্থানে গোপনে রাখিল। [১৩]
পরে তাহারা লোকেরদিগকে অর্থাৎ নগরের
উত্তরভাগস্থ সমস্ত সৈন্যেরদিগকে এবং নগরের
পশ্চিমভাগস্থ তাহারদের ওৎবাসিরদিগকে যখন
নিরূপিত স্থানে রাখিয়াছিল তখন য়িহোশূয়া
সে রাত্রিতে তলভূমিমধ্যস্থানে গেল।

[১৪] অপর এমত হইল আঈর রাজা যখন
দেখিল তখন তাহারা ত্বরা করিয়া প্রত্যূষে উ
ঠিল এবং নগরের লোক অর্থাৎ সে ও তাহার
সমস্ত লোক নিরূপিত সময়ে মাঠের সম্মুখে
য়িশ্রাএলের প্রতিকূলে যুদ্ধার্থে বাহিরে গেল
কিন্তু সে জানিল না যে নগরপশ্চাদ্ভাগে তাহার
বিরুদ্ধে ওতে থাকা লোক ছিল [১৫] পরে য়ি
হোশূয়া ও তাবৎ য়িশ্রাএল আপনারদিগকে
তাহারদের সাক্ষাৎ পরাস্তপ্রায় দেখাইয়া অর
ণ্যের পথ হইয়া পলায়ন করিল। [১৬] তাহা
তে আঈস্থ তাবল্লোক তাহারদের পশ্চাৎ তাড়া
ইয়া যাওনার্থে একত্র হইল এবং তাহারা য়ি
হোশূয়ার পাছে২ তাড়াইয়া গেল এবং নগর
হইতে আকৃষ্ট হইল। [১৭] এবং য়িশ্রাএ
লের পাছে২ যে যায় নাই এমত এক জন আঈ
তে কিম্বা বীৎএলে রহিল না এবং তাহারা নগর
মুক্তদ্বার ছাড়িয়া য়িশ্রাএলের পাছে২ তাড়াই
য়া গেল। [১৮] অপর য়িহুহ য়িহোশূয়াকে
কহিলেন তোমার হস্তস্থ শল্য আঈর দিগে বি
স্তার কর কেননা আমি তাহা তোমার হস্তগত ক
রিব তাহাতে য়িহোশূয়া আপন হস্তস্থ শল্য নগ
রের দিগে বিস্তার করিল। [১৯] এবং সে হস্ত বি
স্তার করিবামাত্রেতে ওতে থাকা লোকেরা শীঘ্র
করিয়া স্বস্থানহইতে উঠিয়া দৌড়িল এবং নগরে
প্রবিষ্ট হইয়া তাহা আক্রমণ করিল এবং ত্বরা
করিয়া নগরে আগুন লাগাইল। [২০] পরে
আঈর লোকেরা যখন পশ্চাদ্দৃষ্টি করিল তখন
তাহারা দেখিল এবং দেখ নগরের ধূম স্বর্গপ্রতি
উর্দ্ধগামী হইল তাহাতে এদিগে বা ওদিগে পলা
য়নে তাহারদের শক্তি হইল না এবং অরণ্যে প
লায়নকারি লোকেরা তাড়িয়া আইসনকারি লো
কেরদের প্রতি উল্টিয়া আইল। [২১] পরে য়ি
হোশূয়া এবং তাবৎ য়িশ্রাএল যখন দেখিল
যে ওতে থাকা লোকেরা নগরাক্রমণ করিয়াছে
এবং নগরের ধূম উর্দ্ধগামী হইয়াছে তখন তা
হারা পুনর্ব্বার ফিরিয়া আঈর লোকেরদিগকে
হনন করিল। [২২] এবং অন্য লোকেরা তা
হারদের প্রতিকূলে নগরহইতে নির্গত হইল তাহা
তে তাহারা য়িশ্রাএলের মধ্যবর্ত্তী হইল কতক
এপার্শ্বে এবং কতক ওপার্শ্বে এবং তাহারা তা
হারদিগকে এমত প্রহার করিল যে তাহারদের
কেহ অবশিষ্ট রহিল বা বাঁচিল না। [২৩] এবং
তাহারা আঈর রাজাকে জীবৎ ধরিয়া য়িহোশূ
য়ার নিকটে আনিল। [২৪] অপর এমত হইল
যখন য়িশ্রাএল মাঠে এবং যে অরণ্যে তাহারা
তাহারদিগকে তাড়িয়া লইয়া গিয়াছিল তাহাতে
ও যখন আঈর সমস্ত লোকেরদিগকে মারণে
সাঙ্গ করিয়াছিল এবং সংহার না হওয়াপর্য্যন্ত
যখন তাহারা তলোআরের ধারেতে পতিত হই
য়াছিল তখন সমস্ত য়িশ্রাএলীয়েরা ফিরিয়া
আঈতে আইল এবং তলোআরের ধারেতে তা
হা প্রহার করিল। [২৫] এবং সে দিবস স্ত্রীপু
রুষ যত লোক মারা পড়িল তাহারা দ্বাদশ সহস্র
অর্থাৎ আঈর সমস্ত লোক। [২৬] যেহেতুক
য়িহোশূয়া আঈর সমস্ত নিবাসিরদিগকে যাবৎ
নিঃশেষরূপে সংহার না করিয়াছিল তাবৎ সে
যে হস্ত দিয়া শল্য বিস্তার করিয়া ধরিয়াছিল সে
হস্ত পুনর্ব্বার টানিয়া লইল না। [২৭] য়িহুহ

য়িহোশুআকে যেমন আজ্ঞা করিয়াছিলেন তে
মন তদ্বাক্যানুসারে য়িশ্রাএল সে নগরের পশু
ও লুঠমাত্র আপনারদের জন্যে গ্রহণ করিল।
[২৮] এবং য়িহোশুআ আইকে জ্বালাইয়া দিল
এবং তাহা নিত্য ঢিপি করিল অর্থাৎ এ দিবস
পর্য্যন্ত অরণ্য। [২৯] এবং সন্ধ্যাকালপর্য্যন্ত
সে আইর রাজাকে বৃক্ষেতে উদ্বন্ধ করিল এবং
সূর্য্য অস্ত হইলে য়িহোশুআ তাহার শব বৃক্ষহই
তে নামাইয়া নগরের দ্বারপ্রবেশস্থানে ফেলিতে
এবং এক বৃহদ্রাশি তদুপরি করিতে আজ্ঞা ক
রিল তাহা অদ্যাপর্য্যন্ত আছে।

[৩০] অপর য়িহোশুআ য়িশ্রাএলের ঈশ্বর
য়িহুহের উদ্দেশে এবালপর্ব্বতে এক যজ্ঞবেদি নি
র্ম্মাণ করিল [৩১] অর্থাৎ য়িহুহের সেবক মো
শহকর্ত্তৃক য়িশ্রাএলের সন্তানেরদের প্রতি দত্তা
জ্ঞানুযায়ী মোশহের ব্যবস্থাগ্রন্থে যেমত লিখিত
আছে যে যদুপরি কেহ লোহা উঠায় নাই অ
খণ্ড প্রস্তরের সেমত এক যজ্ঞবেদি এবং তাহারা
তদুপরি য়িহুহের উদ্দেশে হোম এবং শান্তিকর
নৈবেদ্য নিবেদন করিল। [৩২] এবং সে সেই
স্থানে য়িশ্রাএলের সন্তানেরদের সম্মুখে লি
খিত মোশহের ব্যবস্থার এক অনুলেখন ঐ প্রস্ত
রের উপরে লিখিল। [৩৩] এবং য়িহুহের সে
বক মোশহ্ য়িশ্রাএললোকেরদিগকে আশীর্ব্বা
দকরণার্থে পূর্ব্বেতে যেমত আজ্ঞা করিয়াছিল
সেমত সমস্ত য়িশ্রাএল ও তাহারদের প্রাচীনে
রা ও সেনাপতিরা ও তাহারদের বিচারকর্ত্তারা
বিদেশ ও স্বদেশজাত সমস্ত লোক অর্দ্ধ গেরি
জিমপর্ব্বতসম্মুখে এবং অর্দ্ধ এবালপর্ব্বতসম্মু
খে য়িহুহের নিয়মসিন্দুকবাহি লেবি যাজকের
দের সম্মুখস্থ হইয়া সিন্দুকের এদিগে এবং ও
দিগে দাঁড়াইয়া রহিল। [৩৪] পরে ব্যবস্থাগ্র
ন্থে যেমত লিখিত আছে তদনুসারে সে আশী
র্ব্বাদশাপাদি ব্যবস্থার তাবদ্বাক্য পাঠ করিল।
[৩৫] স্ত্রীবালক ও তাহারদের মধ্যে পরিচিত
বিদেশীয় ইত্যাদি য়িশ্রাএলের সমস্ত মণ্ডলীর
সম্মুখে য়িহোশুআ যাহা পাঠ করে নাই মোশহ্
যে সমস্ত আজ্ঞা করিয়াছিল সে সকলের মধ্যে
এমন এক বাক্য ছিল না।

## ৯ পর্ব্ব।

[১] অপর এমত হইল পর্ব্বতস্থ ও তলভূমিস্থ
ও লিবানোনসম্মুখস্থ মহাসমুদ্রের তাবত্তটস্থায়ি
খিত্তীয় ও অমোরীয় ও কনআনীয় ও পিরিজ্জীয়
ও খিব্বীয় ও য়িবূসীয় য়রদন এপারস্থ সমস্ত রা
জারাই যখন শুনিল [২] তখন তাহারা একমনে
য়িহোশুআর ও য়িশ্রাএলের প্রতিকূলে যুদ্ধ ক
রিতে আপনারদিগকে একত্র করিল।

[৩] অপর য়িরিখুর প্রতি ও আইর প্রতি য়িহো
শুআ যাহা করিয়াছিল গিবিওনবাসিরা যখন
তাহা শুনিল [৪] তখন তাহারা ছলপূর্ব্বক আ
চরণ করিয়া উকীলবেশ ধারণ করিল এবং আপ
নারদেরগাধারদের উপরে পুরাতন ছালা এবং
পুরাতন ছেঁড়া ও বাঁধা দ্রাক্ষারসের কুপা [৫]
এবং পায়ে বন্ধীকৃত পুরাতন জুতা এবং গাত্রে
পুরাতন বস্ত্র লইল এবং তাহারদের খাদ্যদ্রব্যস্থ
রুটি সমস্ত শুষ্ক ও ছাতাপড়া ছিল। [৬] পরে
তাহারা গিল্গালস্থ ছাউনিতে য়িহোশুআর নি
কটে যাইয়া তাহাকে ও য়িশ্রাএলের লোকের
দিগকে কহিল আমরা দূরদেশহইতে আসিয়া
ছি অতএব তোমরা এখন আমরদের সহিত সন্ধি
কর। [৭] তাহাতে য়িশ্রাএলের লোকেরা ঐ
খিব্বীয়েরদিগকে কহিল হইতে পারে যে তোম
রা আমারদের মধ্যে বসতি কর অতএব আমরা
তোমারদের সহিত কেমন করিয়া সন্ধি করিতে
পারি। [৮] তাহাতে তাহারা য়িহোশুআকে ক
হিল আমরাই আপনকার দাস পরে য়িহোশুআ
তাহারদিগকে কহিল তোমরা কে এবং তোমরা
কোথাহইতে আসিয়াছ। [৯] তাহাতে তাহারা
তাহাকে কহিল তোমার ঈশ্বর য়িহুহের নামের
হেতু আপনকার দাসেরা অতিদূরদেশহইতে আ
সিয়াছে যেহেতুক তাঁহার খ্যাতি এবং মিস্রে
তাঁহাকর্ত্তৃক কৃত সমস্ত কার্য্য [১০] এবং য়রদনের
ওপারস্থ খেশবোনের সীখোন এবং অশতারোত
বাসি বাশানের ওগ অমোরীয়েরদের এই দুই রা
জার প্রতি তিনি যে সমস্ত করিয়াছিলেন সে সমস্ত
আমরা শুনিয়াছি। [১১] অতএব আমারদের
প্রাচীনেরা ও আমারদের দেশস্থ তাবদ্বিবাসিরা
আমারদিগকে এ কথা কহিল পথের কারণ তোম
রা খাদ্য দ্রব্য লইয়া তাহারদের সহিত মিলিতে
যাও এবং তাহারদিগকে কহ আমরাই তোমার
দের দাস অতএব এইক্ষণে আমারদের সহিত
সন্ধি কর। [১২] তোমারদের নিকটে আসিতে
যে দিবস আমরা বাহির হইলাম সে দিবসে আ
মরা এই খাদ্যার্থে রুটি ঘরহইতে তপ্ত লইয়াছি
লাম কিন্তু দেখ এখন তাহা শুষ্ক ও ছাতাপড়া।
[১৩] এবং দ্রাক্ষারসের এই যে কুপা আমরা
পূর্ণ করিয়াছিলাম তাহা নূতন ছিল এবং দেখ
সে সকল ছেঁড়া এবং পথ অতিদূরহওয়াপ্রযুক্ত
আমারদের এই বস্ত্র ও জুতা জীর্ণ হইয়া গিয়া
ছে। [১৪] পরে লোকেরা তাহারদের খাদ্য দ্রব্য
গ্রহণ করিল এবং য়িহুহের নিকটে পরামর্শ প্রা
র্থনা করিল না। [১৫] এবং য়িহোশুআ তাহার
দের সহিত মিল করিল এবং তাহারা যে বাঁচে
এমত সন্ধি তাহারদের সহিত করিল এবং মণ্ড

লীর অধ্যক্ষেরা তাহারদের স্থানে শপথ করিল।
[১৬] অপর এমত হইল তিন দিবসের পরে
তাহারদের সহিত সন্ধিকরণানন্তর তাহারা শুনিল
যে তাহারা তাহারদের নিকটস্থ এবং তাহার
দের মধ্যে বাস করিল। [১৭] পরে যিশ্রাএ
লের সন্তানেরা যাত্রা করত তৃতীয় দিবসে তাহার
দের নগরের নিকটে পঁহুছিল তাহারদের নগ
রের নাম গিবিওন ও কিফীরাহ্ ও বিএরোত ও
কির্য্যাৎযিআরিম। [১৮] এবং মণ্ডলীর অধ্য
ক্ষেরা যিশ্রাএলের ঈশ্বর যিহুহের নাম লইয়া
তাহারদের নিকটে শপথকরণপ্রযুক্ত যিশ্রাএ
লের সন্তানেরা তাহারদিগকে মারিল না তাহা
তে তাবৎমণ্ডলী অধ্যক্ষেরদের প্রতিকূলে কচ২ ক
রিতে লাগিল। [১৯] কিন্তু সমস্ত অধ্যক্ষেরা
তাবন্মণ্ডলীকে কহিল আমরা যিশ্রাএলের ঈশ্বর
যিহুহের নাম লইয়া তাহারদের নিকটে দিব্য
করিয়াছি অতএব আমরা এখন তাহারদিগকে
স্পর্শ করিতে পারি না। [২০] আমরা তাহার
দের প্রতি ইহা করিব আমরা তাহারদের স্থানে
যে শপথ করিয়াছি সেই শপথপ্রযুক্ত তাহারদিগ
কে বাঁচিতেই দিব পাছে ক্রোধ আমারদের উপ
রে পড়ে। [২১] এবং অধ্যক্ষেরা তাহারদের
স্থানে যেমন অঙ্গীকার করিয়াছে তেমন তাহারা
বাঁচুক কিন্তু তাহারা তাবন্মণ্ডলীর নিমিত্তে কাষ্ঠ
চ্ছেদক ও জলতোলক হউক।
[২২] পরে যিহোশুআ তাহারদিগকে ডাকা
ইয়া কহিল তোমরা আমারদের মধ্যনিবাসী হ
ইয়াও আমরা তোমারদিগহইতে অতিদূরস্থ এই
কথা কহিয়া কেন আমারদিগকে প্রবঞ্চনা করি
য়াছ। [২৩] অতএব এখন তোমরা শপ্ত এবং
আমার ঈশ্বরের ঘরের নিমিত্তে দাস ও কাষ্ঠচ্ছে
দন ও জলতোলনকার্য্যহইতে তোমারদের মধ্যে
কেহ মুক্ত হইবে না। [২৪] তাহাতে তাহারা
যিহোশুআকে প্রত্যুত্তর করিয়া কহিল তোমার
ঈশ্বর যিহুহ তোমারদিগকে এ সমস্ত দেশদানা
র্থে এবং তোমারদের সম্মুখহইতে দেশস্থ তাব
ন্নিবাসিরদিগকে বিনাশকরণার্থে আপন সেবক
মোশহ্কে যে প্রকার আজ্ঞা দিলেন ইহা নিশ্চয়
তোমার দাসেরদের প্রতি কথিত হইয়াছিল তৎ
প্রযুক্ত আমরা তোমারদিগপ্রযুক্ত আপনারদের
প্রাণের বিষয়ে অতিভয়ার্ত্ত হইয়া এ কার্য্য করি
য়াছি। [২৫] এবং দেখ এখন আমরা তোমার
হাতে আছি আমারদের প্রতি করণার্থে আপন
কার মনে যাহা ভাল ও ধর্ম্ম বোধ হয় তাহা ক
রুন। [২৬] তাহাতে সে তাহারদিগের প্রতি এত
দ্রূপ করিল এবং তাহারদিগকে যিশ্রাএলের
সন্তানেরদের হাতহইতে মুক্ত করিল তাহাতে
তাহারা তাহারদিগকে মারিল না। [২৭] এবং
যিহোশুআ তদ্দিবসে যে স্থান যিহুহ মনোনীত
করিবেন সে স্থানে এবং যিহুহের বেদির কারণ
ও মণ্ডলীর কারণ অদ্যপর্য্যন্তই তাহারদিগকে কা
ষ্ঠচ্ছেদক ও জলতোলক করিল।

১০ পর্ব্ব।

[১] অপর যিহোশুআ আঈকে আক্রমণ
করিয়া তাহা নিঃশেষরূপে নষ্ট করিয়াছিল
এবং যেমন যিরিখু ও তাহার রাজার প্রতি করি
য়াছিল তেমন আঈ ও তাহার রাজার প্রতি ক
রিল [২] এবং গিবিওননিবাসিরা যিশ্রাএলের
সহিত মিল করিয়া তাহারদের মধ্যে বাস করিল
ইহা যিরুশালমের আদোনিসেদেক রাজা যখন
শুনিল তখন এই মত হইল তাহারা অতিশয়
ভীত হইল যেহেতুক গিবিওন কোন এক রাজ
কীয় নগরের মত বড় ছিল এবং তাহা আঈঅপে
ক্ষা বড় এবং তত্রস্থ সমস্ত লোক বলবান। [৩]
অতএব যিরুশালমের আদোনিসেদেকরাজ খে
বরোণের হোহামরাজের নিকটে ও যরমুতের
পীরাম রাজের নিকটে ও লাকীশের যাফীআ
রাজের নিকটে ও এগলোনের দিবীররাজের নি
কটে লোককে প্রেরণ করিয়া কহিল। [৪] আ
মারদের নিকটে আইস এবং আমারদের উপ
কার কর যে আমরা গিবিওনের সহিত যুদ্ধ করি
কেননা তাহা যিহোশুআর ও যিশ্রাএলের স
ন্তানেরদের সহিত মিল করিয়াছে। [৫] অত
এব অমোরীয়েরদের পাচ রাজা বিশেষতঃ যিরু
শালমের রাজা ও খেবরোণের রাজা ও যরমু
তের রাজা ও লাকীশের রাজা ও এগলোনের
রাজা আপনারদিগকে একত্র করিয়া সসৈন্য উ
ঠিয়া যাইয়া গিবিওনের সম্মুখে ছাউনি করিয়া
তাহার প্রতিকূলে যুদ্ধ করিল।
[৬] তাহাতে গিবিওনের মনুষ্যেরা গিলগা
লস্থ ছাউনিতে যিহোশুআর নিকটে লোক প্রে
রণ করিয়া কহিল আপনার দাসেরদের বিষয়ে
আপন হাত শ্লথ না করুন শীঘ্র করিয়া আমার
দের নিকটে আসিয়া আমারদিগকে নিস্তার ক
রুন এবং আমারদের উপকার করুন কেননা
পর্ব্বতবাসি অমোরীয়েরদের সমস্ত রাজারা আ
মারদের বিরুদ্ধে একত্র হইয়াছে। [৭] অত
এব যিহোশুআ সমস্ত যোদ্ধারদিগকে ও সমস্ত
বলবান লোকেরদিগকে সঙ্গে করিয়া গিলগালহ
ইতে ঊর্দ্ধগামী হইল।
[৮] অপর যিহুহ যিহোশুআকে কহিলেন
তাহারদিগকে ভয় করিও না কেননা আমি তা
হারদিগকে তোমার হস্তে অর্পণ করিয়াছি তাহা
রদের মধ্যে এক জন তোমার অগ্রে দাঁড়াইবে

ম্না। [৯] অতএব য়িহোশূয়া সমস্ত রাত্রি গিল
গালহইতে গমন করিয়া অকস্মাৎ তাহারদের
উপরে পড়িল। [১০] এবং য়িহুহ য়িশ্রাএলের
সম্মুখে তাহারদিগকে পরাজয় করিয়া মহাহন
নেতে তাহারদিগকে গিবিওনে মারিলেন এবং
বীৎখোরোণের গমনপথ দিয়া তাহারদিগকে
তাড়াইলেন এবং অজেকাহ্ ও মক্কেদাহ্পর্য্যন্ত
তাহারদিগকে মারিলেন। [১১] এবং য়িশ্রা
এলের সম্মুখহইতে তাহারদের বীৎখোরোণগ
মনপথে পলায়নকালে এমত হইল অজেকাহ্
পর্য্যন্ত য়িহুহ তাহারদের উপরে স্বর্গহইতে মহা
শিলাবৃষ্টি করিলেন তাহাতে তাহারা মরিল য়িশ্
রাএলের সন্তানেরা তলোআরের কোপেতে
যত মারিল তদপেক্ষা অধিক শিলাবর্ষণেতে ম
রিল।

[১২] য়িহুহ যে দিবসে য়িশ্রাএলের সন্তা
নেরদের সম্মুখে অমোরীয়েরদিগকে সমর্পণ করি
লেন তদ্দিবসে য়িহোশূয়া য়িহুহকে কহিল এবং
সে য়িশ্রাএলের সন্তানেরদের চক্ষুর্গোচরই ক
হিল হে সূর্য্য গিবিওনোপরি তুমি স্থগিত হও
এবং হে চন্দ্রতুমিও আয়ালোন তলভূমিতে।
[১৩] তাহাতে লোকেরা আপন শত্রুরদের উপ
রে আপন২ জিঘাংসা যাবন্নিবৃত্ত না করিল তা
বৎ সূর্য্য দাঁড়িয়া রহিল এবং চন্দ্র স্থগিত হইল
এ বিষয় কি য়াশেরগ্রন্থে লিখিত নাই এতদ্রূপে
স্বর্গের মধ্যস্থলে সূর্য্য দাঁড়িয়া রহিল এবং পূর্ণ
একদিবসপ্রায় অস্তহওনে ত্বরা করিল না। [১৪]
এবং তাহার পূর্ব্বে কিম্বা তাহার পরে য়িহুহ মা
নুষের বাক্যেতে যে কর্ণ দিলেন এমত তাহার
তুল্য কোন দিবস ছিল না কেননা য়িহুহ য়ি
শ্রাএলের পক্ষ হইয়া যুদ্ধ করিলেন।

[১৫] অপর সমস্ত য়িশ্রাএলকে সঙ্গে করি
য়া য়িহোশূয়া গিলগালস্থ ছাউনিতে ফিরিয়া আ
ইল। [১৬] কিন্তু সে পাঁচ রাজা পলাইয়া ম
ক্কেদাহে আপনারদিগকে এক গুহায় গোপন
করিল। [১৭] পরে য়িহোশূয়ার নিকটে কথিত
হইল যে সে পাঁচ রাজা মক্কেদাহে এক গুহা
তে লুক্কায়িত পাওয়া গিয়াছে। [১৮] তাহা
তে য়িহোশূয়া কহিল গুহার মুখেতে মহাপ্রস্তর
গড়াইয়া চাপাও এবং তাহারদিগকে রক্ষা করি
তে লোক নিযুক্ত কর। [১৯] এবং তোমরা থা
কিও না কিন্তু আপনারদের শত্রুরদের পাছে২
তাড়িয়া যাও এবং তাহারদের পশ্চাৎস্থ লোকে
রদিগকে প্রহার কর তাহারদিগকে আপনারদের
নগরে প্রবেশ করিতে দিও না যেহেতুক য়িহুহ
তোমারদের ঈশ্বর তাহারদিগকে তোমারদের
হস্তগত করিয়াছেন। [২০] অপর এমত হইল
য়িহোশূয়া ও য়িশ্রাএলের সন্তানেরা বিনাশ
পর্য্যন্ত যখন অতিশয় হননদ্বারা তাহারদিগকে
হননকরণে সমাপ্ত করিল তখন তাহারদের অব
শিষ্ট লোকেরা প্রাচীরবেষ্টিত নগরে প্রবেশ ক
রিল। [২১] পরে সমস্ত লোক কুশলপূর্ব্বক
মক্কেদাহে য়িহোশূয়ার নিকটে ছাউনিতে ফিরি
য়া আইল কেহ য়িশ্রাএলের কোন সন্তানের
দের প্রতিকূলে আপন জিহ্বা নাড়িল না।

[২২] পরে য়িহোশূয়া কহিল গুহাদ্বার মুক্ত
করিয়া সে পাঁচ রাজাকে গুহাহইতে আমার
নিকটে বাহির করিয়া আন। [২৩] তাহাতে
তাহারা সেমত করিয়া সে পাঁচ রাজাকে গুহা
হইতে বাহির করিয়া তাহার নিকটে আনিল
বিশেষতঃ য়িরূশালমের রাজা ও খেবরোণের
রাজা ও য়রমূতের রাজা ও লাকীশের রাজা ও
এগ্লোনের রাজা। [২৪] অপর এমত হইল
তাহারা য়িহোশূয়ার নিকটে যখন সে রাজার
দিগকে বাহির করিয়া আনিল তখন য়িহোশূ
য়া য়িশ্রাএলের সমস্ত লোকেরদিগকে ডাকাই
য়া আপনার সহিত গমনকারি যোদ্ধারদের সে
নাপতিরদিগকে কহিল নিকটে আসিয়া এই রা
জারদের ঘাড়ে আপনারদের পা দেও তাহা
তে তাহারা নিকটে আসিয়া তাহারদের ঘাড়ে
আপনারদের পা দিল। [২৫] এবং য়িহোশূ
য়া তাহারদিগকে কহিল ভীত হইও না এবং নি
রাশ হইও না বলবান ও অতিসাহসবান হও
যেহেতুক তোমারদের যে২ শত্রুরদের সহিত তো
মরা যুদ্ধ করিবা সে সকলের প্রতি য়িহুহ এত
দ্রূপ করিবেন। [২৬] তার পর য়িহোশূয়া তা
হারদিগকে আঘাত করিল ও বধ করিল এবং
পাঁচ বৃক্ষোপরি তাহারদিগকে উদ্বদ্ধ করিল এবং
তাহারা সায়ংকালপর্য্যন্ত বৃক্ষোপরি লট্কান
রহিল। [২৭] অপর এমত হইল সূর্য্যাস্তহওন
কালে য়িহোশূয়া আজ্ঞা করিলে তাহারা তাহার
দিগকে বৃক্ষহইতে নামাইয়া যে গুহায় তাহারা
গুপ্ত ছিল সেই গুহায় তাহারদিগকে ফেলিল এ
বং আজপর্য্যন্ত বর্ত্তমান মহাপ্রস্তর গুহার মুখে
চাপাইল।

[২৮] অপর য়িহোশূয়া সে দিবসে মক্কেদাহ্
আক্রমণ করিয়া তলোআরের ধারেতে তাহা
প্রহার করিল এবং তাহার রাজাকে নিঃশেষ
রূপে বিনাশ করিল অর্থাৎ তাহারদিগকে ও
তন্মধ্যস্থিত সমস্ত প্রাণিরদিগকে সে কোন কাহা
কে ছাড়িল না পরে সে যেমত য়িরীখূর রাজার
প্রতি করিয়াছিল সেমত মক্কেদাহের রাজার
প্রতি করিল।

[২৯] অপর য়িহোশূয়া সমস্ত য়িশ্রাএলকে

সঙ্গে করিয়া মক্কেদাহ্‌হইতে লিবনাহেতে যাই
য়া লিবনাহের প্রতিকূলে যুদ্ধ করিল [৩০] এবং
য়িহুহ তাহা ও তাহার রাজাকে য়িশ্‌রাএলের
হস্তগত করিলেন এবং সে তাহা ও তাহার মধ্যে
যত প্রাণী ছিল সে সকলকে তলোয়ারের ধারে
তে মারিল সে কাহাকে অবশিষ্ট রাখিল না কিন্তু
য়িরিখুর রাজার প্রতি যেমত করিয়াছিল সেমত
তাহার রাজার প্রতিও করিল ।

[৩১] অপর য়িহোশুআ সমস্ত য়িশ্‌রাএলকে
সঙ্গে করিয়া লিবনাহ্‌ ছাড়িয়া লাকীশে আইল
এবং তাহার বিপরীতে ছাউনি করিয়া তাহার
প্রতিকূলে যুদ্ধ করিল [৩২] এবং য়িহুহ লাকী
শকে য়িশ্‌রাএলের হস্তগত করিলেন এবং তাহা
রা দ্বিতীয় দিবসে তাহা আক্রমণ করিয়া লিবনা
হের প্রতি যেমত করিয়াছিল তদনুরূপে তাহা ও
তন্মধ্যবাসি সমস্ত প্রাণিরদিগকে তলোয়ারের ধা
রেতে মারিল ।

[৩৩ তৎকালে গেজেরের হোরামরাজ লাকী
শের উপকারকরণার্থে উঠিয়া আইল এবং তা
হার কেহ যাবৎ অবশিষ্ট না রহিল তাবৎ য়িহো
শুআ তাহাকে ও তাহার লোকেরদিগকে প্রহার
করিল ।

[৩৪] পরে য়িহোশুআ এবং সমস্ত য়িশ্‌রাএল
তাহার সহিত লাকীশহইতে এগলোনে চলিয়া
গেল এবং তাহারা তাহার সম্মুখে ছাউনি
করিয়া তাহার প্রতিকূলে যুদ্ধ করিল [৩৫] এবং
তাহারা সেই দিবসে তাহা আক্রমণ করিয়া ত
লোয়ারের ধারেতে প্রহার করিল এবং লাকী
শের প্রতি যেমন সকল বিষয়ে করিয়াছিল তে
মন সেই দিবসে তন্মধ্যস্থিত সমস্ত প্রাণিরদিগকে
সে নিঃশেষরূপে নষ্ট করিল ।

[৩৬] পরে য়িহোশুআ সমস্ত য়িশ্‌রাএলকে
সঙ্গে করিয়া এগ্‌লোন ছাড়িয়া খেবরোণে আ
ইল এবং তাহারা তাহার প্রতিকূলে যুদ্ধ করিল ।
[৩৭] এবং তাহারা তাহা আক্রমণ করিয়া তাহা
ও তাহার রাজাকে ও তাহার সমস্ত উপনগর
ও তন্মধ্যস্থিত সমস্ত প্রাণিরদিগকে তলোয়ারের
ধারেতে মারিল এগলোনের প্রতি যেমন করিয়া
ছিল তেমন সে কোন কাহাকে অবশিষ্ট রাখিল
না কিন্তু তাহা ও তন্মধ্যস্থিত সমস্ত প্রাণিরদিগকে
নিঃশেষরূপে নষ্ট করিল ।

[৩৮] য়িহোশুআ এবং তাহার সহিত সমস্ত
য়িশ্‌রাএল দিবিরে ফিরিয়া আসিয়া তাহার
প্রতিকূলে যুদ্ধ করিল । [৩৯] এবং সে তাহা
ও তাহার রাজাকে ও তাহার সমস্ত উপনগর
আক্রমণ করিল এবং তাহারা তলোয়ারের ধা
রেতে তাহারদিগকে মারিয়া তন্মধ্যস্থিত সমস্ত প্রা
ণিরদিগকে নিঃশেষরূপে বিনষ্ট করিল সে কোন
কাহাকে অবশিষ্ট রাখিল না সে খেবরোণের
প্রতি যেমন এবং লিবনাহের প্রতি ও তাহার রা
জার প্রতি যেমন করিয়াছিল তেমন দিবিরের
প্রতি ও তাহার রাজার প্রতি করিল ।

[৪০] এতদ্রূপে য়িহোশুআ পর্ব্বতের ও দক্ষি
ণের ও তলভূমিরও উৎইযুক্ত স্থানের সমস্ত দেশ
ও তাহারদের সমস্ত রাজারদিগকে মারিল সে
কোন কাহাকে অবশিষ্ট রাখিল না কিন্তু য়িশ্‌রা
এলের ঈশ্বর য়িহুহ যেমন আজ্ঞা করিয়াছিলেন
তেমন সে নিঃশ্বাসপ্রশ্বাসবিশিষ্ট সমস্তকে নিঃশেষ
রূপে সংহার করিল । [৪১] এবং য়িহোশুআ
কাদেশবারণেআহইতে অজাহ্‌পর্য্যন্তই তাহার
দিগকে এবং গিবিওনপর্য্যন্তই গোশেনের সমস্ত
দেশকে প্রহার করিল । [৪২] এবং এই সমস্ত
রাজারদিগকে এবং তাহারদের দেশ য়িহোশুআ
একই কালে আক্রমণ করিল কেননা য়িশ্‌রাএ
লের ঈশ্বর য়িহুহ য়িশ্‌রাএলের পক্ষ হইয়া যুদ্ধ
করিলেন । [৪৩] পরে য়িহোশুআ ও তাহার
সহিত সমস্ত য়িশ্‌রাএল গিলগালস্থ ছাউনিতে
ফিরিয়া আইল ।

১১ পর্ব্ব ।

[১] অপর খাসোরের রাজা য়াবীন শুনিলে
এমত হইল যে মাদোনের য়োবাবরাজের নিক
টে ও শিমরোণের রাজার নিকটে ও আকশা
ফের রাজার নিকটে [২] এবং পর্ব্বতের উত্তর
দেশীয় এবং কিনরোতের দক্ষিণদিক্‌স্থিত মাঠস্থ
ও তলভূমিস্থ ও পশ্চিমদেশস্থ দোর সীমাবাসি
রাজারদের নিকটে [৩] এবং পূর্ব্ব ও পশ্চিম দে
শীয় কনআনীয়েরদের ও অমোরীয়েরদের ও
খিতীয়েরদের ও পিরিজীয়েরদের ও পর্ব্বতস্থ য়ি
বূসীয়েরদের ও মিস্‌পাহ্‌দেশীয় খের্মোণাধঃস্থ
খিবীয়েরদের নিকটে লোক প্রেরণ করিল । [৪]
তাহাতে তাহারা সমস্ত সসৈন্য হইয়া অর্থাৎ
সমুদ্রতীরস্থ বালির ন্যায় বহুলোক অনেক অশ্ব
ও রথ সঙ্গে লইয়া বাহির হইল । [৫] পরে
এ সমস্ত রাজারা একত্র হইয়া য়িশ্‌রাএলের প্র
তিকূলে যুদ্ধ করিবার কারণ মেরোমের জলনিক
টে আসিয়া একত্র ছাউনি করিল ।

[৬] অপর য়িহুহ য়িহোশুআকে কহিলেন যে
তাহারদিগকে ভয় করিও না যেহেতুক কল্য এই
সময়ে আমি তাহারদের সমস্তকে হতরূপে য়িশ্‌
রাএলের নিকটে অর্পণ করিব তুমি তাহারদের
অশ্বের জংঘাশিরা কাটিবা এবং তাহারদের রথ
অগ্নিতে পোড়াইবা । [৭] তাহাতে সমস্ত যো
দ্ধাসমভিব্যাহারে য়িহোশুআ তাহারদের বিরু
দ্ধে অকস্মাৎ আসিয়া মেরোমের জলনিকটে তা

হারদের উপরে পড়িল। [৮] এবং য়িহুহ তা
হারদিগকে তাহারদের হননকারি এবং সীদোন
পর্য্যন্ত ও মিশরিফোৎময়ীমপর্য্যন্ত ও পূর্ব্বদিগে
মিস্পেহের তলভূমিপর্য্যন্ত তাহারদের তাড়ন
কারি য়িশ্রাএলের হস্তগত করিলেন এবং তা
হারদের কোন কাহাকে যাবৎ অবশিষ্ট না রা
খিল তাবৎ তাহারা তাহারদিগকে মারিল। [৯]
এবং য়িহুহ য়িহোশুআকে যেমন আজ্ঞা করিয়া
ছিলেন তেমন সে তাহারদের প্রতি করিল সে
তাহারদের অশ্বের জংঘাশিরাচ্ছেদন করিল এ
বং তাহারদের রথ অগ্নিতে পোড়াইল।

[১০] অপর ঐ সময়ে য়িহোশুআ ফিরিয়া যা
ইয়া হাসোর আক্রমণ করিয়া তাহার রাজাকে
তলোয়ারেতে বধ করিল যেহেতুক পূর্ব্বকালে
হাসোর সেই সমস্ত রাজ্যের প্রধান ছিল। [১১]
এবং নিঃশেষরূপে সংহার করত তাহারা তন্ম
ধ্যবাসি সমস্ত প্রাণিরদিগকে তলোয়ারের ধারে
তে মারিয়া ফেলিল নিঃশ্বাসত্যাগকারী কেহ অ
বশিষ্ট রহিল না এবং সে হাসোরকে অগ্নিতে
দগ্ধ করিল। [১২] এবং ঐ রাজারদের সমস্ত
নগর ও তাহারদের সমস্ত রাজারদিগকে য়িহো
শুআ করতল করিয়া তলোয়ারের কোপেতে তা
হারদিগকে মারিল য়িহুহের সেবক মোশহ্ যে
মত আজ্ঞা করিয়াছিল সেমত সে তাহারদিগ
কে নিঃশেষরূপে নষ্ট করিল। [১৩] কিন্তু যে ন
গর সে সময়ে স্বশক্তিতে রহিল সে নগরের মধ্যে
হাসোরব্যতিরেকে য়িশ্রাএল কোন নগর দগ্ধ
করিল না তাহা য়িহোশুআ পোড়াইয়া ফেলি
ল। [১৪] এবং সে সমস্ত নগরের লুঠ ও পশুর
দিগকে য়িশ্রাএলের সন্তানেরা আপনারদের
আক্রমণীয়ার্থে গ্রহণ করিল কিন্তু তাহারদের
সংহার না হওয়াপর্য্যন্ত তাহারা প্রত্যেক মনু
ষ্যেরদিগকে তলোয়ারের ধারেতে মারিল এবং
নিঃশ্বাসত্যাগনিমিত্তে তাহারা কোন কাহাকে অ
বশিষ্ট রাখিল না। [১৫] য়িহুহ আপন সেবক
মোশহ্কে যেমন আজ্ঞা করিয়াছিলেন সেমত
মোশহ্ য়িহোশুআকে আজ্ঞা করিল এবং য়িহো
শুআ সেমত করিল য়িহুহ মোশহ্কে যে সমস্ত
আজ্ঞা করিয়াছিলেন তাহার কিছুই সে অকৃত
রাখিল না।

[১৬] এতদ্রূপে পর্ব্বতসমস্ত এবং সমস্ত দ
ক্ষিণ দেশ এবং গোশেনের তাবদ্দেশ এবং তল
ভূমি এবং মাঠ এবং য়িশ্রাএলের পর্ব্বত এবং
তাহার তলভূমি [১৭] অর্থাৎ শেয়ীরপ্রতিগামি
খালাকপর্ব্বতঅবধি খেরমোণপর্ব্বতের নীচস্থা
য়ি লিবানোনের তলভূমিতে স্থিত বআলগাদ
পর্য্যন্ত সে তাবদ্দেশ য়িহোশুআ আক্রমণ করিল
এবং তাহারদের সমস্ত রাজারদিগকে সে ধরিয়া
প্রহার করিয়া মারিয়া ফেলিল। [১৮] ঐ সমস্ত
রাজারদের সহিত য়িহোশুআ বহুকাল যুদ্ধ ক
রিল। [১৯] গিবিওনবাসি খিব্বীয়েরদের ব্যতিরে
কে কোন এক নগর য়িশ্রাএলের সন্তানেরদের
সহিত মিল করিল না অন্য সমস্তকে তাহারা যুদ্ধ
করিয়া হস্তগত করিল। [২০] যেহেতুক তা
হারদের অন্তঃকরণ কঠিনকরণই য়িহুহের মনস্থ
ছিল যে তাহারা য়িশ্রাএলের সহিত যুদ্ধ করি
তে আইসে এবং সে তাহারদিগকে নিঃশেষরূপে
সংহার করে এবং তাহারা কিছু অনুগ্রহ না
পায় কিন্তু য়িহুহ মোশহ্কে যেমন আজ্ঞা করি
য়াছিলেন তেমন সে যে তাহারদিগকে নষ্ট
করে।

[২১] অপর সেই কালে য়িহোশুআ আসি
য়া পর্ব্বতহইতে বিশেষতঃ খেব্রোণহইতে ও
দিবিরহইতে ও অনাবহইতে ও য়িহুদাহের সম
স্ত পর্ব্বতহইতে ও য়িশ্রাএলের সমস্ত পর্ব্বতহই
তে অনাকীয়েরদিগকে উচ্ছিন্ন করিল তাহার
দের নগরসুদ্ধ য়িহোশুআ তাহারদিগকে নিঃশে
ষরূপে সংহার করিল। [২২] য়িশ্রাএলের স
ন্তানেরদের দেশে অনাকীয়েরদের কেহ ছাড়া
গেল না মাত্র অজাহ্তে ও গাতে ও অশদোদে
অবশিষ্ট রহিল। [২৩] এতদ্রূপে য়িহুহ মো
শহ্কে যে সমস্ত কহিয়াছিলেন তদনুসারে য়ি
হোশুআ সে সমস্ত দেশ হস্তগত করিল এবং
য়িশ্রাএলের গোষ্ঠীক্রমে তাহারদের বংশানু
সারে য়িহোশুআ অধিকারের নিমিত্তে তাহা
য়িশ্রাএলকে দিল এবং যুদ্ধবিষয়ে দেশ নিরস্ত
হইল।

## ১২ পর্ব্ব।

[১] অপর য়রদনের পার সূর্য্যোদয়দিগে আ
রণোননদীঅবধি খেরমোণপর্ব্বতপর্য্যন্ত এবং
পূর্ব্বদিক্স্থ সমস্ত মাঠস্থ দেশের যে২ রাজারদি
গকে য়িশ্রাএলের সন্তানেরা মারিয়া তাহার
দের দেশাধিকার করিল সে২ রাজা এই। [২]
আরণোননদীতীরস্থ অরোএর অবধি এবং ন
দীর মধ্যাবধি এবং অর্দ্ধ গিলিআদঅবধি অমো
নের সন্তানেরদের সীমাস্থ য়বোকনদীপর্য্যন্ত
এবং পূর্ব্বদিগে মাঠঅবধি কিনিরোতসমুদ্রপ
র্য্যন্ত এবং মাঠস্থ সমুদ্রপর্য্যন্ত [৩] অর্থাৎ বৈৎ
য়িসিমোতের পথস্থিত পূর্ব্বদিক্স্থ লবণসমুদ্রপ
র্য্যন্ত এবং অশদোতপিসগাহের অধঃস্থিত দক্ষি
ণাবধি কর্ত্তৃত্বকারি খেশবোনবাসি অমোরীয়ের
দের সীখোনরাজ [৪] এবং খেশবোনের সী
খোনরাজের সীমাস্থ গিশূরীয়েরদের ও মঅকা
তীয়েরদের সীমা ও অর্দ্ধ গিলিআদপর্য্যন্ত খের

মোণপর্ব্বত [৫] ও সলকাহে ও তাবৎবাশানে কর্তৃত্বকারি অর্থচ অশতারোতে ও এদ্রেঈনিবাসি বৃহৎকায়গোষ্ঠ্যবশিষ্ট বাশানের ওগরাজের সীমা। [৬] সে সমস্ত য়িহুহের সেবক মোশহ্ ও য়িশ্রাএলের সন্তানেরা প্রহার করিল এবং য়িহুহের সেবক মোশহ্ তাহা অধিকারার্থে রিউবেণীয়েরদিগকে ও গাদীয়েরদিগকে ও মনশেহের অর্দ্ধগোষ্ঠীকে দিল।

[৭] এবং লিবানোনের তলভূমিস্থিত বআলগাদঅবধি শেঈরপ্রতিগামি খালাকপর্ব্বতপর্য্যন্তই পর্ব্বতস্থ ও তলভূমিস্থ ও মাঠস্থ ও উণইদেশস্থ ও অরণ্যস্থ ও দক্ষিণদেশস্থ [৮] খিত্তীয়েরদের ও অমোরীয়েরদের ও কনআনীয়েরদের ও পিরিজীয়েরদের ও খিব্বীয়েরদের ও য়িবুসীয়েরদের যে দেশ য়িহোশূয়া ও য়িশ্রাএলের সন্তানেরা য়রদনের এপারে পশ্চিমদিগে প্রহার করিয়া য়িশ্রাএলের সন্তানেরদের গোষ্ঠীরদের অংশানুসারে তাহারদিগকে অধিকারার্থে দিল সে দেশের রাজা এইং।

[৯] য়িরিখুর রাজা এক বীৎএলের নিকটস্থ আঈর রাজা এক। [১০] য়িরূশালমের রাজা এক খেবরোণের রাজা এক। [১১] য়রমূতের রাজা এক লাকীশের রাজা এক। [১২] এগলোনের রাজা এক গেজেরের রাজা এক। [১৩] দিবিরের রাজা এক গেদেরের রাজা এক। [১৪] হোরমাহের রাজা এক অরাদের রাজা এক। [১৫] লিব্নাহের রাজা এক অদুলামের রাজা এক। [১৬] মক্কেদাহের রাজা এক বীৎএলের রাজা এক। [১৭] তপূখের রাজা এক খেফেরের রাজা এক। [১৮] অফেকের রাজা এক লশারোণের রাজা এক। [১৯] মাদোনের রাজা এক খাসোরের রাজা এক। [২০] শিম্রোণমিরোণের রাজা এক অকশাফের রাজা এক। [২১] তঅনকের রাজা এক মিগিদোর রাজা এক। [২২] কেদেশের রাজা এক করমেলস্থ য়াকনিআমের রাজা এক। [২৩] দোরসীমাস্থ দোরের রাজা এক গিলগাল দেশীয়েরদের রাজা এক। [২৪] তিরসাহের রাজা এক সমস্ত রাজারা একত্রিশ।

## ১৩ পর্ব্ব।

[১] অপর য়িহোশূয়া বহুবৎসরবয়স্ক বৃদ্ধ হইল এবং য়িহুহ তাহাকে কহিলেন তুমি বহুবৎসরবয়স্ক বৃদ্ধ হইয়াছ এবং এখনও বহুদেশ অধিকার করিতে অবশিষ্ট আছে। [২] এইক্ষণে অবশিষ্ট যে দেশ তাহা এই [৩] বিশেষতঃ মিস্রসম্মুখস্থ শীখোরঅবধি উত্তরদিগে এক্রোণসীমাপর্য্যন্তই কনআনীয়েরদের অধিকাররূপগণ্য পলশতীয়েরদের সমস্ত সীমা এবং সমস্ত গিশূরী অর্থাৎ পলশতীয়েরদের পাঁচ অধ্যক্ষ অজ্জাতীয়েরা ও অশদোদীয়েরা ও আশকিলোনীয়েরা ও গিত্তীয়েরা এবং এক্রোণীয়েরা এবং অব্বীয়েরা। [৪] দক্ষিণাবধি কনআনীয়েরদের সমস্ত দেশ ও সীদোনীয়েরদের নিকটস্থ মিআরাহ্অবধি অমোরীয়েরদের সীমা অফেকপর্য্যন্ত। [৫] এবং গিবলীয়েরদের দেশ এবং বআলগাদঅবধি খেরমোণপর্ব্বতপর্য্যন্ত খামাত প্রবেশ স্থানপর্য্যন্ত সূর্য্যোদয়দিক্‌স্থ তাবৎ লিবানোন। [৬] লিবানোনঅবধি মিশরিফোত ময়ীমপর্য্যন্ত পর্ব্বতদেশীয় তাবন্নিবাসিরদিগকে এবং সমস্ত সীদোনীয়েরদিগকে আমি য়িশ্রাএলের সন্তানেরদের সম্মুখহইতে বাহির করিয়া খেদাইয়া দিব মাত্র আমি যেমন তোমাকে আজ্ঞা করিয়াছি তেমন তুমি অধিকারার্থে তাহা য়িশ্রাএলের সন্তানেরদের প্রতি গুলিবাঁটদ্বারা অংশ করিয়া দেও। [৭] অতএব এইক্ষণে নব গোষ্ঠীর প্রতি ও মনশেহের অর্দ্ধ গোষ্ঠীর প্রতি অধিকারার্থে এ দেশ অংশ করিয়া দেও। [৮] তদন্যার্দ্ধ বংশ এবং রিউবেণীয়েরা এবং গাদীয়েরা য়রদন পারে পূর্ব্বদিগে মোশহ্কর্ত্তৃক তাহারদের প্রতি দত্ত স্বস্বাধিকার য়িহুহের সেবক মোশহ্ যেমন তাহারদিগকে দিয়াছিল তেমন পাইয়াছে। [৯] বিশেষতঃ অরণোননদীতীরস্থ অরোএর অবধি এবং নদীমধ্যস্থিত নগর এবং দীবোনপর্য্যন্ত মীদিবার সমস্ত মাঠ। [১০] এবং অম্মোনের সন্তানেরদের সীমাপর্য্যন্ত খেশবোনে কর্তৃত্বকারি অমোরীয়েরদের সীখোনরাজের সমস্ত নগর। [১১] এবং গিলিআদ ও গিশূরীয়েরদের ও মআকাতীয়েরদের সীমা এবং তাবৎ খেরমোণপর্ব্বত এবং সলকাহ্পর্য্যন্ত [১২] সমস্ত বাশান এবং অশতারোত ও এদ্রেঈতে কর্তৃত্বকারি বৃহৎকায় বংশাবশিষ্টাংশের অবশিষ্ট থাকা বাশানস্থ ওগের রাজ্য যেহেতুক ইহারদিগকে মোশহ্ প্রহার করিয়া বাহির করিয়া দিয়াছিল। [১৩] তথাপি য়িশ্রাএলের সন্তানেরা গিশূরীয়েরদিগকে এবং মআকাতীয়েরদিগকে বাহির করিয়া দিল না কিন্তু গিশূরীয়েরা এবং মআকাতীয়েরা অদ্যপর্য্যন্ত য়িশ্রাএলের সন্তানেরদের মধ্যে বাস করে। [১৪] মাত্র লেবির গোষ্ঠীকে সে কিছু অধিকার দিল না য়িহুহ যেমন তাহারদিগকে কহিয়াছিলেন তেমন অগ্নিতে কৃত য়িশ্রাএলের ঈশ্বর য়িহুহের নৈবেদ্য তাহারদের অধিকার।

[১৫] অপর রিউবেণের সন্তানের গোষ্ঠীর পরিজনানুক্রমে মোশহ্ তাহারদিগকে অধিকার

ক্তি। [১৬] এবং অরণোননদীতীরস্থ অরো
এরঅবধি তাহারদের সীমা ছিল এবং নদীম
ধ্যস্থিত নগর এবং মেদিবার নিকটস্থ সমস্ত মাঠ।
[১৭] খেশবোন ও মাঠস্থ তাহার সমস্ত নগর দি
বোন এবং বামোতবআল এবং বীৎবআলমি
ওন। [১৮] য়খসাহ্ এবং কেদেমোত ও মেফ
অত। [১৯] এবং কির্যাতায়ীম ও শিবমাহ্ ও
তলভূমিতে স্থিত পর্ব্বতস্থ সেরেতশখর। [২০]
এবং বীৎপিওর ও অশদোতপিসগাহ্ ও বীৎয়ি
শিমোত। [২১] এবং মাঠস্থ সমস্ত নগর এবং
দেশনিবাসি মিদিআনের অধ্যক্ষ সীখোনের
অগ্রণী এবীর ও রেকেমের ও সূরের ও খূরের
ও রেবার সহিত মোশহ্কর্ত্তৃক হত খেশবোনে
কর্ত্তৃত্বকারি অমোরীয়েরদের সীখোনরাজের তা
বদ্রাজ্য।

[২২] য়িশ্রাএলের সন্তানকর্ত্তৃক তলোআরে
তে হতেরদের মধ্যে তাহারা বিওরের পুত্র বিল
আম গণককেও মারিল। [২৩] এবং য়রদন
ও তৎসীমা রিউবেণের সন্তানেরদের সীমা ছিল
রিউবেণের সন্তানেরদের পরিজনানুক্রমে তাহার
দের অধিকার এই ঐ২ নগর এবং ঐ২ গ্রাম।

[২৪] অপর মোশহ্ গাদগোষ্ঠীকে অধিকার
দিল অর্থাৎ গাদের সন্তানেরদিগকে তাহারদের
পরিজনানুক্রমে। [২৫] এবং য়অজের ও গি
লিআদের সমস্ত নগর এবং রবাহের সম্মুখস্থিত
অরোএরপর্য্যন্ত অমোনের সন্তানেরদের অর্দ্ধ
দেশ তাহারদের সীমা ছিল। [২৬] এবং খেশ
বোনাবধি রামতমিস্পেহ্পর্য্যন্ত ও বিটোনীম
এবং মখনয়ীমঅবধি দিবিরের সীমাপর্য্যন্ত।
[২৭] এবং তলভূমিতে বীৎআরাম ও বীৎনিম
রাহ্ ও সুকোত ও সাফান ও খেশবোনের সী
খোনরাজের অবশিষ্ট রাজ্য এবং য়রদন ও তৎ
সীমা অর্থাৎ পূর্ব্বদিগে য়রদনপারস্থিত কিনে
রেত সমুদ্রতীরপর্য্যন্ত। [২৮] ইহা গাদের সন্তা
নেরদের পরিজনানুক্রমে তাহারদের অধিকার
অর্থাৎ ঐ২ নগর ও তাহার গ্রাম।

[২৯] অপর মোশহ্ মনশেহের অর্দ্ধগোষ্ঠী
কে অধিকার দিল এবং মনশেহের অর্দ্ধগোষ্ঠীর
পরিজনানুক্রমে ইহা তাহারদের অধিকার ছিল
[৩০] এবং তাহারদের সীমা মখনয়ীমঅবধি
তাবৎবাশান এবং বাশানের ওগরাজের সমস্ত
রাজ্য এবং বাশানস্থ য়ায়িরের তাবন্নগর অর্থাৎ
ষাইট নগর। [৩১] এবং অর্দ্ধগিলিআদ এবং
বাশানস্থ ওগের রাজ্যস্থিত অশতারোত ও এদ
রেঈনগর মনশেহের পুত্র মাকীরের সন্তানের
দের অর্থাৎ স্বস্বপরিজনানুক্রমে মাকীরের অর্দ্ধ
সন্তানেরদের অধিকার ছিল। [৩২] য়রদন
পারে পূর্ব্বদিগে য়িরিখুসমীপে মোআবের মা
ঠে মোশহ্ ঐ২ দেশ অধিকারের নিমিত্তে অংশ
করিয়া দিল। [৩৩] কিন্তু লেবির গোষ্ঠীকে মো
শহ্ অধিকার দিল না য়িশ্রাএলের ঈশ্বর য়িহুহ
যেমন তাহারদিগকে কহিয়াছিলেন তেমন তি
নিই তাহারদের অধিকার।

## ১৪ পর্ব্ব।

[১] অপর কনআনদেশে য়িশ্রাএলের স
ন্তানকর্ত্তৃক অধিকৃত এলিএজেরযাজক ও নুনের
পুত্র য়িহোশুআ এবং য়িশ্রাএলের সন্তানের
দের গোষ্ঠীরদের পিতৃগণেরদের প্রধানকর্ত্তৃক
অধিকারের নিমিত্তে তাহারদের প্রতি অংশী
কৃত দেশ এই২। [২] নবগোষ্ঠী ও অর্দ্ধগোষ্ঠীর
বিষয়ে য়িহুহ মোশহ্দ্বারা যেমন আজ্ঞা করি
য়াছিলেন তেমন তাহারদের অধিকার গুলিবাঁট
দ্বারা ছিল। [৩] যেহেতুক য়রদনের ওপারে
মোশহ্ আড়াই গোষ্ঠীকে অধিকার দিয়াছিল
কিন্তু সে তাহারদের মধ্যে লৈবেরদিগকে কোন
অধিকার দিল না। [৪] কেননা যুসফের সন্তা
নেরা দুই গোষ্ঠী ছিল অর্থাৎ মনশেহ্ ও এফ
রায়িম অতএব বাসনগরব্যতিরেকে এবং তা
হারদের পশু ও সংস্থানের নিমিত্তে তদুপনগর
ব্যতিরেকে তাহারা দেশে লৈবেরদিগকে কোন
অংশ দিল না। [৫] য়িহুহ মোশহ্কে যেমন
আজ্ঞা করিয়াছিলেন তদনুসারে য়িশ্রাএলের
সন্তানেরা করিল এবং তাহারা দেশ বিভাগ
করিল।

[৬] ঐ সময়ে য়িহুদাহের সন্তানেরা গিল
গালে য়িহোশুআর নিকটে আইল এবং কিনি
জীয় য়িফুনেহের পুত্র কালেব তাহাকে কহিল
তোমার ও আমার বিষয়ে য়িহুহ যে কথা কা
দেশবারণেআতে য়িহুহের মানুষ মোশহ্কে ক
হিলেন সে কথা তুমি অবগত আছ। [৭] দেশা
নুসন্ধানার্থে য়িহুহের সেবক মোশহ্ যখন আ
মাকে কাদেশবারণেআহইতে প্রেরণ করিল ত
খন আমি চল্লিশ বৎসরবয়স্ক ছিলাম এবং আ
মার অন্তঃকরণ যেমন লইল তেমন আমি তাহার
নিকটে সম্বাদ ফিরিয়া আনিলাম। [৮] তথা
পি আমার যে ভ্রাতারা আমার সহিত উঠিয়া
গিয়াছিল তাহারা লোকেরদের মন গলাইল
কিন্তু আমি সম্পূর্ণরূপে আমার ঈশ্বর য়িহুহের
অনুগামি ছিলাম। [৯] এবং মোশহ্ সে দিবসে
দিব্য করিয়া কহিল যে ভূম্যুপরি তোমার পাদ প
ড়িয়াছে সে দেশ অবশ্য তোমার ও তোমার স
ন্তানেরদের অধিকার সর্ব্বদা হইবে যেহেতুক
তুমি সম্পূর্ণরূপে আমার ঈশ্বর য়িহুহের অনুগত
ছিলা। [১০] এবং এখন দেখ য়িহুহ যেমন ক

হিয়াছিলেন তেমন তিনি পঁয়ত্রিশ বৎসর অর্থাৎ
যিশ্রাএলের সন্তানেরদের অরণ্যে ভ্রমণসময়ে
যিহুহ এই কথা মোশহ্কে কহিয়াছিলেন সে
সময়াবধি আমাকে বাঁচিয়া রাখিয়াছেন এবং
দেখ আমি আজি পঞ্চাশীতি বৎসরবয়স্ক হই
য়াছি। [১১] মোশহ্ যে দিবসে আমাকে প্রে
রণ করিল সে দিবসে আমি যেমন বলবান
ছিলাম তেমন বলবান আমি অদ্য আছি যুদ্ধ
বিষয়ে বহির্গমনার্থে বা অন্তরে আগমনার্থে সে
সময়ে আমার বল যেমন ছিল সেমত আমার
বল এখনও আছে। [১২] অতএব সে দিবসে
যে পর্ব্বতবিষয়ে যিহুহ কহিয়াছিলেন সে এই
পর্ব্বত আমাকে দেও যেহেতুক তুমি সে দিবসে
শুনিয়াছিলা যে অনাকীয়েরা সে স্থানে থাকে
এবং নগর সমস্ত বড় এবং প্রাচীরেতে বেষ্টিত
আছে যিহুহ যদি আমার সহিত হন তবে যি
হুহ যেমন কহিয়াছেন তেমন আমি তাহারদিগ
কে তাড়িয়া বাহির করিতে পারিব। [১৩] তা
হাতে যিহোশুয়া তাহাকে আশীর্ব্বাদ করিল
এবং যিফুনেহের পুত্র কালেবকে অধিকারার্থে
খেবরোণ দিল। [১৪] অতএব খেবরোণ অদ্য
পর্য্যন্ত কিনিজীয় যিফুনেহের পুত্র কালেবের
অধিকার হইল যেহেতুক সে সম্পূর্ণরূপে যিশ্
রাএলের ঈশ্বর যিহুহের অনুগত ছিল। [১৫]
এবং পূর্ব্বকালে খেবরোণের নাম কির্য্যতঅর
বঅ্ ছিল ঐ অরবঅ্ অনাকীয়েরদের মধ্যে এক
প্রধান লোক ছিল পরে দেশ যুদ্ধবিষয়ে নিরস্ত
হইল।

## ১৫ পর্ব্ব।

[১] অতএব স্বস্ববংশানুক্রমে যিহুদাহের স
ন্তানেরদের গোষ্ঠীর বাঁট এই বিশেষতঃ দক্ষিণ
দিগে এদোমের সীমা সিনারণ্যপর্য্যন্তই দক্ষিণ
সীমার প্রান্ত। [২] এবং তাহারদের দক্ষিণ
সীমা লবণসমুদ্রতীরাবধি দক্ষিণদিগভিমুখ ঘো
লাবধি ছিল। [৩] এবং সে সীমা দক্ষিণ
দিক্‌প্রতি মঅ্লেহ্অক্রবীম হইয়া সিনপর্য্যন্ত
গেল এবং দক্ষিণ পার্শ্বে ঊর্দ্ধগামি হইয়া কা
দেশবারণেঅ্া হইয়া খেসরোণপর্য্যন্ত গেল
পরে আদার প্রতি ঊর্দ্ধগামি হইয়া করকাআপ
র্য্যন্ত ঘুরিয়া গেল। [৪] তার পর অস্‌মোনপ্রতি
হইয়া মিসরনদীপর্য্যন্ত নির্গমন করিল এবং ঐ
সীমার নির্গমন সমুদ্রে ছিল এই তোমারদের
দক্ষিণ সীমা হইবে। [৫] এবং পূর্ব্বসীমা লবণ
সমুদ্র অর্থাৎ যরদনের শেষপর্য্যন্ত এবং উত্তর
দিগে ঐ সীমা যরদনপ্রান্তস্থ সমুদ্রঘোলাবধি
ছিল। [৬] এবং ঐ সীমা বীৎখাগলাহ্‌প্রতি
গমন করিয়া বীৎঅরাবাহের উত্তরদিগ হইয়া
গেল এবং সে সীমা রিউবেণের সন্তান বোহ
নের প্রস্তরপর্য্যন্ত উঠিয়া গেল। [৭] পরে সে
সীমা অকোর তলভূমিহইতে দিবিরের দিগে
গেল তার পর নদীর দক্ষিণপারস্থ অদমিমের
দিগে যাওনপথের সম্মুখস্থ গিলগালপ্রতি মুখ
করিয়া উত্তরদিগে গেল পরে সে সীমা এনশে
মেশনাম জলের প্রতি চলিয়া গেল এবং তন্নির্গ
মন এনরোগেলে ছিল। [৮] এবং সে সীমা
বেনহিনোমনামে তলভূমি দিয়া উঠিয়া যিবুসী
য়ের দক্ষিণপার্শ্বে অর্থাৎ যিরূশালমপর্য্যন্ত গেল
পরে ঐ সীমা পশ্চিমদিক্‌স্থ হিনোমনামে তল
ভূমির সম্মুখস্থিত উত্তরদিক্‌স্থ বৃহৎকায়বংশীয়
তলভূমির অন্তে স্থিত পর্ব্বতোপরিপর্য্যন্ত গেল।
[৯] পরে ঐ সীমা সেই পর্ব্বতের চূড়াবধি করি
য়া নেফ্তোখের জলের উণইপর্য্যন্ত টানা গেল
এবং এফরোণপর্ব্বতস্থ নগরপর্য্যন্ত নির্গতা
হইল। [১০] এবং সে সীমা বঅ্লাহ্‌নামে কি
র্য্যতযিআরিমপর্য্যন্ত টানা গেল। পরে সে সী
মা পশ্চিমদিগে বঅ্লাহ্‌হইতে ঘূরিয়া শেঈর
পর্ব্বতপর্য্যন্ত এবং যিআরিমপর্ব্বতের পার্শ্বপ
র্য্যন্ত অর্থাৎ উত্তরপার্শ্বে কিসালোনপর্য্যন্ত গেল
পরে বীৎশেমেশে অধোগামিনী হইয়া তিমনাহ্
পর্য্যন্ত চলিয়া গেল। [১১] এবং সে সীমা
উত্তরদিগে এফরোণপার্শ্বপর্য্যন্ত নির্গমন করিল
পরে সে সীমা শিকরোণপর্য্যন্ত টানা গেল এবং
বঅ্লাহ্‌পর্ব্বত হইয়া যবনিএলপর্য্যন্ত নির্গতা
হইল এবং সে সীমার নির্গমন সমুদ্রে ছিল।
[১২] এবং পশ্চিম সীমা মহাসমুদ্র এবং তা
হার তটপর্য্যন্ত ছিল স্বস্ববংশানুসারে যিহুদা
হের সন্তানেরদের চতুর্দ্দিক্‌স্থা সীমা এই।

[১৩] অপর যিহোশুয়ার প্রতি যিহুহের আ
জ্ঞানুসারে সে যিফুনেহের পুত্র কালেবকে যিহু
দাহের সন্তানেরদের মধ্যে এক অংশ দিল অ
র্থাৎ অনাকের পিতা অরবঅের নগর সে নগর
খেবরোণ। [১৪] এবং কালেব সে স্থানহই
তে অনাকের সন্তান শেশঈ ও অখীমান ও
তলমই নামে তিন পুত্রকে তাড়িয়া দিল। [১৫]
পরে সে স্থানহইতে দিবিরনিবাসিরদের নি
কটে গেল পূর্ব্বকালে দিবিরের নাম কির্য্যত সে
ফের।

[১৬] তৎকালে কালেব কহিল যে জন কি
র্য্যতসেফেরকে মারিয়া আক্রমণ করে তাহাকে
আমি অকসাহ্‌নামে আপন কন্যাকে ভার্য্যা
র্থে দিব। [১৭] তাহাতে কালেবের ভ্রাতা কি
নজের পুত্র ওতনীএল তাহা আক্রমণ করিল
এবং সে অকসাহ্ নামে আপন কন্যা তাহাকে
ভার্য্যার্থে দিল। [১৮] অপর এমত হইল যে

কন্যা তাহার নিকটে আইসনকালে আপন পি
তার স্থানে এক ক্ষেত্র চাহিতে তাহাকে পরামর্শ
দিল পরে আপন গাধাহইতে নামিলে কালেব
তাহাকে কহিল যে তুমি কি চাহ। [১৯] সে প্র
ত্যুত্তর করিল আমাকে আশীঃপ্রদান করুন যে
হেতুক আপনি আমাকে দক্ষিণস্থা এক ভূমি দি
য়াছেন জলের উণইও আমাকে দিউন তাহাতে
সে উপরিস্থ ও অধঃস্থ উণই তাহাকে প্রদান ক
রিল। [২০] স্বস্ববংশানুক্রমে য়িহুদাহের সন্তা
নেরদের গোষ্ঠীর অধিকার এই। [২১] অপর
দক্ষিণদিগে এদোমের সীমার দিক্‌স্থিত য়িহুদা
হের সন্তানেরদের প্রান্তস্থ নগর কবসীএল ও এ
দের ও য়াগূর। [২২] এবং কীনাহ্ ও দীমো
নাহ্ ও অদাদাহ্। [২৩] এবং কেদেশ ও খা
সোর ও য়িত্নান। [২৪] এবং সীফ ও টেলেম
ও বিআলোত। [২৫] এবং খাসোর ও খদতাহ্
ও কিরিওত ও খেসরোণ অর্থাৎ খাসোর।
[২৬] অমাম ও শিমআ ও মোলাদাহ্। [২৭]
এবং খেসারগদ্দাহ্ ও খেশমোন ও বীৎপা
লেট। [২৮] এবং হসরশূআল ও বিএরশেবআ
ও বিজিয়োৎয়াহ্। [২৯] বআলাহ্ ও ঈয়িম ও
আসেম। [৩০] এবং এলতোলদ ও কিসীল ও
খারমাহ্। [৩১] এবং সিকলগ ও মদমনাহ্
ও সনসনাহ্। [৩২] এবং লিবাওত ও শিল
খীম ও অইন ও রিমোণ সমস্ত নগর তাহারদের
গ্রামসুদ্ধ ঊনত্রিশ। [৩৩] এবং তলভূমিতে এশ
তাওল ও সারিআহ ও অশনাহ্। [৩৪] এবং
জানোখ ও এনগনীম ও তাপূখ ও এনাম।
[৩৫] ও য়রমুত ও অদুলাম ও শোকোহ্ ও অ
জিকাহ্। [৩৬] এবং শঅরয়িম ও অদীতায়ীম
ও গিদেরাহ্ ও গিদেরোতায়ীম তাহার২ গ্রাম
সুদ্ধ চৌদ্দ নগর। [৩৭] সিনান ও খদাশাহ্
ও মিগদেলগাদ। [৩৮] এবং দিলিআন ও মি
সপেহ্ ও য়াকতিএল। [৩৯] লাকীশ ও বাস
কত ও এগলোন। [৪০] এবং কবোন ও লখ
মাম ও কিৎলীশ। [৪১] এবং গিদেরোত ও
বীৎদাগোন ও নআমাহ্ ও মক্কেদাহ্ তাহার
দের গ্রামসুদ্ধ ষোল নগর। [৪২] লিবনাহ্ ও
এতের ও আশান। [৪৩] এবং য়িফতাখ ও
অশনাহ্ ও নিসীব। [৪৪] এবং কিঈলাহ্ ও
অকজীব ও মারিশাহ্ তাহারদের গ্রামসুদ্ধ নব
নগর। [৪৫] এক্রোণ তাহার নগর ও উপনগর
সুদ্ধ। [৪৬] এক্রোণঅবধি সমুদ্রপর্য্যন্তই স্ব স্ব
গ্রামসুদ্ধ অশদোদনিকটস্থ সমস্ত। [৪৭] স্ব স্ব
নগর ও স্বস্বোপনগরসুদ্ধ অশদোদ মিসরনদী
ও মহাসমুদ্র ও তাহার সীমাপর্য্যন্ত স্বস্বনগর ও
স্বস্বোপনগরসুদ্ধ অজ্জাহ্।

[৪৮] এবং পর্ব্বতে শামীর ও য়ত্তীর ও শো
কোহ্। [৪৯] এবং দন্নাহ্ ও কির্য্যতসন্নাহ্ অ
র্থাৎ দিবির। [৫০] এবং অনাব ও এশতি
মোহ্ ও আনীম। [৫১] এবং গোশেন ও খো
লোন ও গিলোহ্ তাহারদের গ্রামসুদ্ধ এগার
নগর। [৫২] অরাব ও দূমাহ্ ও এশিআন।
[৫৩] এবং য়ানীম ও বীৎতপূখ ও অফেকাহ্।
[৫৪] এবং খুমটাহ্ ও কির্য্যতঅরবআ অর্থাৎ
খেবরোণ ও সীওর তাহারদের গ্রামসুদ্ধ নব ন
গর। [৫৫] মাওন ও করমেল ও জীফ ও য়ূটাহ্
[৫৬] এবং য়িজরিএল ও য়াকদিআম ও জা
নোখ। [৫৭] কঈন ও গিবিআহ্ ও তিমনাহ্
তাহারদের গ্রামসুদ্ধ দশ নগর। [৫৮] খালখূল
ও বীৎসূর ও গিদোর। [৫৯] এবং মআরাত ও
বীৎঅনোত ও এলতিকোন তাহারদের গ্রামসুদ্ধ
ছয় নগর। [৬০] কির্য্যতবআল অর্থাৎ কির্য্যত
য়িআরিম ও রব্বাহ্ তাহারদের উপনগরসুদ্ধ
দুই নগর।

[৬১] অরণ্যে বীৎআরাবাহ্ ও মিদ্দীন ও সি
কাকাহ্। [৬২] এবং নিবশান ও লবণনগর
ও এনগেদি তাহারদের গ্রামসুদ্ধ ছয় নগর।
[৬৩] কিন্তু য়িরূশালমবাসি য়িবুসীয়েরদিগকে
য়িহুদাহের সন্তানেরা তাড়িয়া বাহির করিয়া
দিতে পারিল না কিন্তু আজিপর্য্যন্ত য়িবুসীয়েরা
য়িশ্রাএলের সন্তানেরদের সহিত য়িরূশালমে
বাস করে।

## ১৬ পর্ব্ব।

[১] অপর যুসফের সন্তানেরদের বাঁট য়িরি
খূর নিকটস্থিত য়রদনাবধি পূর্ব্বদিক্‌স্থ য়িরিখূর
জল হইয়া য়িরিখূহইতে বীৎএলপর্ব্বতের সর্ব্বত্র
গমনকারি অরণ্যপর্য্যন্ত পড়িল [২] ঐ বাঁট
বীৎএলহইতে লূজে গমন করে এবং অরকীর
সীমা হইয়া অটারোতে গমন করে। [৩] এবং
পশ্চিমদিগে য়ফলেটীর সীমাবধি নীচস্থ বীৎ
খোরোণের সীমা ও গাজেরপর্য্যন্ত গমন করে
এবং তাহার নির্গমন সমুদ্রেতে আছে। [৪]
এতদ্রূপে যুসফের সন্তান মনশেহ্ ও এফরায়িম
আপন২ অধিকার গ্রহণ করিল।

[৫] অপর স্বস্ববংশানুক্রমে এফরায়িমের
সন্তানেরদের সীমা এইরূপ বিশেষতঃ পূর্ব্বদিগে
ঊর্দ্ধস্থ বীৎখোরোণপর্য্যন্ত অটারোতঅদ্দার তা
হারদের অধিকারের সীমা ছিল। [৬] এবং
সে সীমা উত্তরদিগে মিকমিতাহ্‌পর্য্যন্ত সমুদ্রদি
গে নির্গতা হইল পরে সে সীমা পূর্ব্বদিগ ঘুরি
য়া তঅনতশীলোহ্‌পর্য্যন্ত যাইয়া পূর্ব্বদিগে তন্নি
কট হইয়া য়ানোখাহে গেল। [৭] পরে য়া
নোখাহ্‌হইতে অটারোত ও নআরাত হইয়া য়ি

রিখুপর্য্যন্ত গেল এবং যরদনে নির্গতা হইল।
[৮] পরে সে সীমা তাপূখ্হইতে পশ্চিমদিগে
হইয়া কানাহ্ নদীপর্য্যন্ত গেল এবং তাহার নি
র্গমন সমুদ্রেতে ছিল স্বস্ববংশানুসারে এফরায়ি
মের সন্তানেরদের গোষ্ঠ্যধিকার এই। [৯]
এবং এফরায়িমের সন্তাননিমিত্তে পৃথক্২ নগর
সমস্ত মনশেহের সন্তানেরদের অধিকারের
মধ্যে ছিল অর্থাৎ সমস্ত নগর এবং তাহার
গ্রাম। [১০] এবং যাজেরবাসি কনআনীয়ের
দিগকে তাহারা বাহির করিয়া খেদিয়া দিল না
কিন্তু অদ্যপর্য্যন্ত কনআনীয়েরা এফরায়িমীয়ের
দের সহিত বাস করে এবং করাধীন হইয়া সে
বা করে।

১৭ পর্ব্ব।

[১] মনশেহের গোষ্ঠীর জন্যেও এক বাঁট
ছিল কেননা সে যুসফের প্রথমজাত বিশেষতঃ
গিলিআদের পিতা মনশেহের জ্যেষ্ঠ পুত্র মাকী
রের জন্যে যেহেতুক সে যোদ্ধা অতএব গিলি
আদ ও বাশান পাইল। [২] তদ্ভিন্ন স্বস্ববংশা
নুক্রমে মনশেহের অন্য২ সন্তানেরদের জন্যেও
বাঁট ছিল বিশেষতঃ আবিএসেরের সন্তানেরদের
কারণ ও খেলেকের সন্তানেরদের কারণ ও আ
শ্রীএলের সন্তানেরদের কারণ ও শেকেমের
সন্তানেরদের কারণ ও খেফেরের সন্তানেরদের
কারণ ও শিমীদআর সন্তানেরদের কারণ এই২
স্বস্ববংশানুক্রমে যুসফের পুত্র মনশেহের পু
রুষ সন্তান।

[৩] কিন্তু মনশেহের পুত্র মাকীরের পুত্র গি
লিআদের পুত্র খেফেরের পুত্র সিলোফিখা
দের পুরুষসন্তান ছিল না কেবল কন্যা এবং তা
হার কন্যারদের নাম এই২ মখলাহ্ ও নোআহ্
ও খোগলাহ্ ও মিলকাহ্ ও তিরসাহ্। [৪]
এবং তাহারা এলিএজেরযাজকের ও নূনের
পুত্র যিহোশুআর ও অধ্যক্ষেরদের সাক্ষাৎ আ
সিয়া কহিল আমারদের ভ্রাতারদের মধ্যে আ
মারদিগকে এক অধিকারদানার্থে যিহুহ মো
শহ্কে আজ্ঞা করিলেন অতএব যিহুহের আজ্ঞা
নুসারে সে তাহারদের পিতৃভ্রাতারদের মধ্যে
তাহারদিগকে এক অধিকার দিল। [৫] এবং
যরদনের ওপারস্থ গিলিআদ ও বাশান ছাড়া
মনশেহের দশ অংশ পড়িল। [৬] যেহেতুক
মনশেহের পুরুষসন্তানেরদের মধ্যে তাহার
কন্যা সন্তানেরদের অধিকার ছিল এবং মনশে
হের অবশিষ্ট পুরুষসন্তানেরা গিলিআদের দেশ
পাইল।

[৭] অপর মনশেহের সীমা আশেরঅবধি
শিকেমসম্মুখস্থিত মিকমিতাহ্পর্য্যন্ত ছিল এবং
ঐ সীমা দক্ষিণ দিগ হইয়া এনতাপূখনিবাসির
দের নিকটপর্য্যন্ত গেল। [৮] মনশেহ্ তপূখ
দেশ পাইয়াছিল কিন্তু মনশেহ্সীমাস্থ তপূখ
এফরায়িমের সন্তানেরদের অধিকার ছিল।

[৯] এবং সে সীমা কানাহ্নদীপর্য্যন্ত নদীর
দক্ষিণদিগে নামিয়া গেল এফরায়িমের এই২
নগর মনশেহের নগরমধ্যস্থিত মনশেহের সীমা
নদীর উত্তর ভাগে ও ছিল এবং তন্নির্গমন সমুদ্রে
তে ছিল। [১০] দক্ষিণদিগে এফরায়িমের এবং
উত্তরদিগে মনশেহের ছিল এবং সমুদ্র তাহার
সীমা এবং উত্তরদিগে সে সকল আশেরে এবং
পূর্ব্বদিগে যিশাকরে মিলিল। [১১]এবং যিশা
করের মধ্যে এবং আশেরের মধ্যে বীৎশিআন
ও তাহার গ্রাম এবং যিবলিআম ও তাহার গ্রাম
এবং দোরবাসী ও তাহার গ্রাম এবং এনদোর
বাসী ও তাহার গ্রাম এবং তআনাখবাসী ও তা
হার গ্রাম এবং মেগিদ্দোবাসী ও তাহার গ্রাম
অর্থাৎ তিন দেশ মনশেহ পাইল। [১২] তথা
পি মনশেহের সন্তানেরা সে নগরস্থেরদিগকে
তাড়িয়া বাহির করিতে পারিল না কিন্তু কনআ
নীয়েরা সে দেশে বাসই করিল। [১৩] তথাচ
এমত হইল যিশ্রাএলের সন্তানেরা যখন পরা
ক্রান্ত হইল তখন তাহারা কনআনীয়েরদিগকে
করাধীন করিল কিন্তু নিঃশেষরূপে তাহারদিগ
কে তাড়িয়া বাহির করিয়া দিল না।

[১৪] অপর যুসফের সন্তানেরা এ কথা কহি
য়া যিহোশুআর স্থানে নিবেদন করিল যে অধি
কারার্থে তুমি কেন আমাকে এক বাঁট ও এক
অংশমাত্র দিয়াছ যেহেতুক এই সময়পর্য্যন্ত যি
হুহ আমাকে আশীর্ব্বাদকরণেতে আমি বৃহ
ল্লোক হইয়াছি। [১৫] তাহাতে যিহোশুআ তা
হারদিগকে উত্তর করিল যে যদি তুমি বৃহল্লোক
তবে অরণ্যে যাও এবং এফরায়িমপর্ব্বত যদি
তোমার জন্যে অতিসঙ্কীর্ণ হয় তবে সে স্থানে
পিরিজীয়েরদের এবং বৃহৎকায়বংশীয়েরদের
দেশে আপনার জন্যে কাষ্ঠচ্ছেদন কর। [১৬]
পরে যুসফের সন্তানেরা কহিল যে সে পর্ব্বত
আমারদের কারণ প্রচুর নয় এবং তলভূমিনিবা
সি তাবৎ কনআনীয়েরদের লৌহের রথ আছে
বিশেষতঃ বীৎশিআনস্থেরদের ও তদ্গ্রামস্থের
দের এবং যিজ্রিএল তলভূমি নিবাসিরদের।
[১৭] পরে যিহোশুআ যুসফের বংশকে অ
র্থাৎ এফরায়িমকে ও মনশেহ্কে কহিল তুমি
বৃহল্লোক এবং তোমার মহাপরাক্রম তোমার
এক বাঁটমাত্র হইবে না। [১৮] কিন্তু পর্ব্বত
তোমার হইবে কেননা তাহা বন এবং তুমি তা
হা কাটিয়া ফেলিবা এবং তাহার নির্গমন তো

স্বার হইবে যেহেতুক কনআনীয়েরদের লৌহের
রথ হইলেও এবং তাহারা পরাক্রান্ত হইলেও
তুমি তাহারদিগকে তাড়িয়া বাহির করিয়া দিবা।

১৮ পর্ব্ব।

[১] অনন্তর য়িশ্রাএলের সন্তানেরদের তাব
ৎমণ্ডলী শীলোহে সমারোহী হইয়া সে স্থানে মণ্ড
ল্যাবাস খাড়া করিল এবং দেশ তাহারদের স
ম্মুখে পরাজিত ছিল। [২] অপর য়িশ্রাএলের
সন্তানেরদের মধ্যে সে সময়ে অধিকারাপ্রাপ্ত
সাত গোষ্ঠী অবশিষ্ট রহিল। [৩] তাহাতে য়ি
হোশুয়া য়িশ্রাএলের সন্তানেরদিগকে কহিল
যে তোমারদের পিতৃরদের ঈশ্বর য়িহুহকর্ত্তৃক
তোমারদিগকে দত্ত দেশঅধিকারকরণার্থে গমন
বিষয়ে তোমরা কতকাল শ্লথ থাকিবা। [৪] আ
পনারদের মধ্য হইতে এই২ গোষ্ঠীর জন্যে তিন২
জন দেও এবং আমি তাহারদিগকে প্রেরণ করিব
এবং তাহারা উঠিয়া দেশের সর্ব্বত্র পরিভ্রমণ
করিয়া আপনারদের অধিকারানুসারে তাহার
নির্ণয় করিবে পরে তাহারা আমার নিকটে ফি
রিয়া আসিবে। [৫] এবং তাহারা তাহার সাত
অংশ করিয়া ভাগ করিবে দক্ষিণদিগে য়িহুদাহ্
আপন সীমাতে বাস করিবে এবং উত্তর দিগে
যুসফের বংশ আপনারদের সীমাতে বাস করি
বে। [৬] অতএব তোমরা দেশকে সাত অংশ
করিয়া নির্ণয় করিয়া তন্নির্ণয় আমার এস্থানে
আনিবা যে আমি এস্থানে আমারদের ঈশ্বর য়ি
হুহের সম্মুখে তোমারদের নিমিত্তে গুলিবাঁট
করি। [৭] কিন্তু তোমারদের মধ্যে লৈবেরদের
কোন অংশ নাই কেননা য়িহুহের যাজকতাই
তাহারদের অধিকার এবং গাদ ও রিউবেণ ও
মনশেহের অর্দ্ধগোষ্ঠী য়িহুহের সেবক মোশহ্
কর্ত্তৃক তাহারদের প্রতি দত্ত আপনারদের অধি
কার পূর্ব্বদিগে য়রদনের ওপারে পাইয়াছে।

[৮] অপর সে লোকেরা উঠিয়া প্রস্থান করি
ল এবং দেশনির্ণয়ার্থে গমনকারিরদিগকে য়ি
হোশুয়া এ কথা কহিয়া আজ্ঞা করিল তোমরা
যাইয়া দেশের সর্ব্বত্র ভ্রমণ করিয়া দেশনির্ণয়ান
ন্তর আমার নিকটে পুনর্ব্বার আইস যে আমি
এই স্থান শীলোহে য়িহুহের সম্মুখে তোমার
দের কারণ গুলিবাঁট করি। [৯] পরে ঐ লোকে
রা যাইয়া দেশের সর্ব্বত্র ভ্রমণ করিল এবং ন
গর২ অনুসারে সাত অংশ করিয়া এক গ্রন্থে তা
হার নির্ণয় করিল পরে শীলোহস্থ সৈন্যস্থলে
য়িহোশুয়ার নিকটে ফিরিয়া আইল।

[১০] অপর য়িহোশুয়া শীলোহে য়িহুহের
সম্মুখে তাহারদের জন্যে গুলিবাঁট ফেলিল এ
বং য়িশ্রাএলের সন্তানেরদের অংশানুসারে
য়িহোশুয়া সে স্থানে দেশ অংশ করিয়া তাহার
দিগকে দিল।

[১১] এবং বেন্যামিনের সন্তানেরদের গো
ষ্ঠীর বাঁট স্বস্ববংশানুসারে উঠিল এবং তাহার
দের বাঁটের সীমা য়িহুদাহের সন্তানেরদের ও
যুসফের সন্তানেরদের বাঁটের মধ্যস্থলে নির্গতা
হইল। [১২] এবং উত্তরদিগে তাহারদের সীমা
য়রদনাবধি ছিল এবং ঐ সীমা উত্তরপার্শ্বে য়ি
রিখূনিকটপর্য্যন্ত উঠিয়া গেল পরে পশ্চিমদিগে
পর্ব্বতমধ্য দিয়া উঠিয়া গেল এবং তন্নির্গমন বীৎ
আবেনারণ্যে ছিল। [১৩] পরে ঐ সীমা সে
স্থানহইতে পার হইয়া দক্ষিণদিগে লূজপ্রতি লূ
জের পার্শ্বপর্য্যন্ত গেল এবং সে সীমা নীচস্থ
বীৎখোরোণের দক্ষিণদিকস্থগিরিসমীপস্থিত অ
টরোতঅদারপ্রতি নামিয়া গেল। [১৪] পরে সে
স্থানহইতে ঐ সীমা আকৃষ্টা হইল এবং বীৎখো
রোণের দক্ষিণদিকস্থ গিরিঅবধি দক্ষিণদিগে সমু
দ্রের কোণ প্রদক্ষিণ করিল এবং তাহার নির্গমন
কির্য্যাতবআলে অর্থাৎ কির্য্যাতয়িআরিমনামে
য়িহুদাহের সন্তানেরদের এক নগরে ছিল ইহা
পশ্চিমভাগ। [১৫] অপর দক্ষিণভাগ কির্য্যাত
য়িআরিমের সীমাবধি ছিল এবং সে সীমা প
শ্চিমদিগে নির্গতা হইয়া নেপ্তোখের জলকূপপ
র্য্যন্ত গমন করিল। [১৬] এবং ঐ সীমা উত্তর
দিকস্থ বৃহৎকায়বংশীয়েরদের তলভূমিস্থিত হি
নোমের পুত্রের তলভূমির সম্মুখস্থ পর্ব্বতের সী
মাপর্য্যন্ত নামিয়া আসিয়া হিনোমের তলভূমি
তে দক্ষিণদিগে য়িবূসীর পার্শ্বপর্য্যন্ত নামিয়া আ
ইল পরে এনরোগেলে উত্তরিয়া গেল। [১৭]
অপর উত্তরদিগহইতে আকৃষ্টা হইয়া এনশেমে
শে গমন করিল এবং অদুমীমগামি পথসম্মুখস্থ
গিলীলোতের প্রতি নির্গতা হইয়া রিউবেণের
পুত্র বোহনের প্রস্তরপর্য্যন্ত উত্তরিয়া গেল।
[১৮] এবং উত্তরদিগে অরাবাহ্সম্মুখস্থ পার্শ্ব
প্রতি যাইয়া অরাবাহে উত্তরিয়া গেল। [১৯]
পরে ঐ সীমা উত্তরদিগে বীৎখোগলাহ্পার্শ্বপ
র্য্যন্ত চলিয়া গেল। এবং সে সীমার নির্গমন
য়রদনের দক্ষিণভাগস্থ লবণসমুদ্রের উত্তরঘো
লেতে ছিল দক্ষিণ সীমা এই। [২০] এবং পূর্ব্ব
দিগে য়রদন তাহার সীমা ছিল বেন্যামিনের
সন্তানেরদের বংশানুসারে চতুর্দ্দিকস্থ তত্তৎসী
মানুক্রমে তাহারদের অধিকার ঐ। [২১]
অপর স্বস্ববংশানুসারে বেন্যামিনের সন্তানের
দের গোষ্ঠীর নগর য়িরিখূ ও বীৎখোগলাহ্ ও
কেসীসের তলভূমি। [২২] এবং বীৎঅরাবাহ্
ও সিমারয়ীম ও বীৎএল। [২৩] এবং অবীম
ও পারাহ্ ও ওফরাহ্। [২৪] এবং কিফরহাম

যোনাঈ ও ওফনী ও গাবঅ্ স্বস্বোপনগরসুদ্ধ দ্বাদশ নগর। [২৫] গিবিওন ও রামাহ্ ও বি এরোত। [২৬] এবং মিস্পেহ্ ও কেফীরাহ্ ও মোসাহ্। [২৭] এবং রেকেম ও য়িরপা এল ও তরলাহ্। [২৮] এবং সেলঅ্ ও এলেফ ও য়িবুসী অর্থাৎ য়িরূশালম এবং গিবিঅ্ত ও কির্য্যত স্বস্বোপনগরসুদ্ধ চৌদ্দ নগর স্বস্ববংশানুসারে বেন্যামিনের সন্তানেরদের অধিকার এই।

১৯ পর্ব্ব।

[১] অপর দ্বিতীয় বাঁট শিমিওনের হইয়া নির্গত হইল অর্থাৎ স্বস্ববংশানুক্রমে শিমিওনের সন্তানেরদের গোষ্ঠীর কারণ এবং তাহারদের অধিকার য়িহুদাহের সন্তানেরদের অধিকারের মধ্যে ছিল। [২] এবং তাহারদের অধিকারের মধ্যে বীএরশেবঅ্া ও শেবঅ্া ও মোলাদাহ্ ছিল। [৩] এবং খসরশূআল ও বালাহ্ ও আসেম। [৪] এবং এলতোলদ ও বিতূল ও খোরমাহ্। [৫] এবং সিক্লগ ও বীৎমরকাবোত ও খসরসূসাহ্। [৬] এবং বীৎলেবাওত ও শারখেন তের নগর তত্তদ্গ্রামসুদ্ধ। [৭] অঈন ও রিমোণ ও এতের ও আশান চারি নগর ও তত্তদ্গ্রাম। [৮] এবং বঅ্লতবীএর ও দক্ষিণদেশস্থ রামাতপর্য্যন্ত ঐ২ নগরের চতুর্দ্দিক্স্থ সমস্ত উপনগর স্বস্ববংশানুক্রমে শিমিওনের সন্তানেরদের গোষ্ঠীর অধিকার এই। [৯] শিমিওনের সন্তানেরদের অধিকার য়িহুদাহের সন্তানেরদের অংশান্তর্গত ছিল যেহেতুক য়িহুদাহের সন্তানেরদের ভাগ তাহারদের জন্যে অধিক ছিল অতএব শিমিওনের সন্তান তাহারদের অধিকারের মধ্যে অধিকার পাইল।

[১০] অপর তৃতীয় বাঁট স্বস্ববংশানুসারে জিবূলূনের সন্তানেরদের জন্যে উঠিল এবং তাহারদের অধিকারের সীমা সারীদপর্য্যন্ত ছিল। [১১] এবং তাহারদের সীমা সমুদ্রের ও মরঅ্লাহের দিগে উঠিয়া গেল এবং দবাশেতপর্য্যন্ত যাইয়া য়াকনিআমসম্মুখস্থ নদীপর্য্যন্ত গেল। [১২] এবং পূর্ব্বদিগে সূর্য্যোদয়দিগে শারীদহইতে ফিরিয়া কিসলোত্তাবোরের সীমাপর্য্যন্ত গেল পরে দাবিরোতপর্য্যন্ত নির্গতা হইয়া য়াফীআতে উঠিয়া যায়। [১৩] তার পর সে স্থানহইতে পূর্ব্বদিগ হইয়া গিতাহ্খেফের দিয়া ইতাহকাসীনপর্য্যন্ত হইয়া রিমোণমিতোআর ও নেআহপর্য্যন্ত চলিয়া যায়। [১৪] এবং ঐ সীমা উত্তরদিগে খনাতেনপর্য্যন্ত তাহার বেষ্টন করে এবং তাহার নির্গমন য়িফতাহ্এল তলভূমিতে আছে। [১৫] এবং কটাত ও নহলাল ও শিমরোণ ও য়িদআলাহ্ ও বীৎলেখেম তত্তৎগ্রামসুদ্ধ দ্বাদশ নগর। [১৬] স্বস্ববংশানুসারে জিবূলূনের সন্তানেরদের অধিকার এই অর্থাৎ এই২ নগর তাহারদের গ্রামসুদ্ধ।

[১৭] অপর চতুর্থ বাঁট য়িশ্শাকরের জন্যে অর্থাৎ স্বস্ববংশানুক্রমে য়িশ্শাকরের সন্তানেরদের জন্যে উঠিল। [১৮] এবং তাহারদের সীমা য়িজরিএলের ও কেসুলোতের ও শূনেমের। [১৯] এবং খফরয়িমের ও শীওনের ও অনাখরাতের। [২০] এবং রবীতের ও কিশীওনের ও আবেসের। [২১] এবং রেমেতের ও এনগনীমের ও এনখদ্দাহের ও বীৎপসেসের দিগে ছিল। [২২] এবং সে সীমা তাবোর ও সখসিমাহ্ ও বীৎশেমেশপর্য্যন্ত গেল এবং তাহারদের সীমার নির্গমন য়রদনে ছিল স্বস্বগ্রামসুদ্ধ ষোল নগর। [২৩] স্বস্ববংশানুসারে য়িশ্শাকরের সন্তানেরদেরদের গোষ্ঠীর অধিকার এই সেই২ নগর ও তত্তদ্গ্রাম।

[২৪] অপর পঞ্চম বাঁট স্বস্ববংশানুসারে আশেরের সন্তানেরদের গোষ্ঠীর কারণ উঠিল। [২৫] এবং তাহারদের সীমা খেলকত ও খলী ও বেটেন ও অকশাফ। [২৬] এবং অলমেলেক ও অমঅদ ও মিশিআল এবং পশ্চিমদিগে করমেল ও শাখোরলিবনাতপর্য্যন্ত গেল। [২৭] পরে সূর্য্যোদয়দিগে বীৎদাগোনের প্রতি ঘুরিয়া জেবূলূনের ও বীৎএমেকের ও নিঈএলের উত্তরপার্শ্বস্থ য়িফতাখএল তলভূমিপর্য্যন্ত যাইয়া বামদিগে কাবুলে। [২৮] এবং খেবরোণে ও রিখোবে ও খমোনে ও কানাহে মহাসীদোনপর্য্যন্ত নির্গতা হয়। [২৯] পরে সে সীমা ঘুরিয়া রামাহে ও সোরনামক দুরাক্রম নগরে যায় পরে সে সীমা ঘুরিয়া খোসাহে যায় এবং তাহার নির্গমন সমুদ্রতটাবধি আকজীব। [৩০] এবং উমাহ্ ও অফেক ও রিখোবপর্য্যন্ত ছিল স্বস্বগ্রামসুদ্ধ দ্বাত্রিংশৎ নগর। [৩১] স্বস্ববংশানুযায়ি আশেরের সন্তানেরদের গোষ্ঠীর অধিকার এই স্বস্বগ্রামসুদ্ধ এই২ নগর।

[৩২] অপর ষষ্ঠ বাঁট নপ্তালীর সন্তানেরদের কারণ উঠিল অর্থাৎ স্বস্ববংশানুসারে নপ্তালীর সন্তানেরদের কারণ। [৩৩] এবং তাহারদের সীমা খেলেফঅবধি ছিল আলোন অবধি সঅ্ননীমপর্য্যন্ত এবং আদামী ও নেকেব ও য়বনিএল অবধি লকূমপর্য্যন্ত এবং তন্নির্গমন য়রদনে ছিল। [৩৪] তার পর সে সীমা পশ্চিমদিগে ফিরিয়া অজনোত্তাবোরপর্য্যন্ত যায় এবং সে স্থানহইতে খুকোকাহ্পর্য্যন্ত যাইয়া দক্ষিণ পার্শ্বে জিবূলূনপর্য্যন্ত ও পশ্চিমপার্শ্বে

আশেরপর্য্যন্ত ও সূর্য্যোদয়দিগে য়রদননিকটস্থ
য়িহূদাহ্পর্য্যন্ত যায়। [৩৫] এবং প্রাচীরবে
ষ্টিত নগর সিদ্দীম ও সের ও খম্মত ও রক্কত ও
কিনেরেত। [৩৬] এবং অদামাহ্ ও রামাহ্
ও খাসোর। [৩৭] এবং কেদেশ ও এদ্রেঈ
ও এনখাসোর। [৩৮] এবং য়িরোণ ও মিগ
দলএল ও খারেম ও বীৎঅনাত ও বীৎশেমেশ
স্বস্বগ্রামসুদ্ধ উনিশ নগর। [৩৯] স্বস্ববংশানু
সারে নপ্তালীর সন্তানেরদের গোষ্ঠীর অধিকার
এই স্বস্বগ্রামসুদ্ধ এই২ নগর।

[৪০] অপর সপ্তম বাঁট স্বস্ববংশানুসারে দা
নের সন্তানেরদের গোষ্ঠীর জন্যে উঠিল। [৪১]
এবং তাহারদের অধিকারের সীমা সোরঅহ্
ও এসতাওল ও ঈরশেমেশ। [৪২] এবং শত্ত
লাবীন ও অয়ালোন ও য়িতলাহ্। [৪৩] এবং
এলোন ও তিমনাতাহ্ ও এক্রোণ। [৪৪] এবং
এলতেকেহ্ ও গিবিতোন ও বঅলাত। [৪৫]
এবং য়িহুদ ও বিনেবিরক ও গাতরিমোণ। [৪৬]
এবং মেয়ারকোণ ও রকোণ এবং য়াফোরসম্মু
খস্থ সীমা। [৪৭] এবং দানের সন্তানেরদের
সীমা তাহারদের নিমিত্তে অত্যল্প ছিল অতএব
দানের সন্তানেরা লেশেমের প্রতিকূলে যুদ্ধ করি
তে যাইয়া তাহা আক্রমণ করিল এবং তলো
য়ারের ধারেতে তাহা মারিয়া তাহা অধিকার
করিয়া তাহাতে বাস করিল এবং আপনারদের
গোত্রজনক দানের নামানুসারে লেশেমের নাম
দান রাখিল। [৪৮] স্বস্ববংশানুসারে দানের
সন্তানেরদের গোষ্ঠীর অধিকার এই স্বস্বগ্রামসুদ্ধ
এই২ নগর।

[৪৯] স্বস্বসীমানুক্রমে অধিকারার্থে তাহারা
দেশের অংশকরণসাঙ্গ করিলে য়িশ্রাএলের
সন্তানেরা আপনারদের মধ্যে নূনের পুত্র য়ি
হোশুআকে এক অধিকার দিল। [৫০] য়িহু
হের বাক্যানুসারে তাহারা তাহার যাচিত নগর
অর্থাৎ এফ্রায়িম পর্ব্বতস্থ তিমনতসেরখ তাহা
কে দিল পরে সে ঐ নগর গ্রন্থন করিয়া তাহাতে
বাস করিল। [৫১] এলিএজের যাজক ও নূনের
পুত্র য়িহোশুআ ও য়িশ্রাএলের সন্তানেরদের
বংশজ গোষ্ঠীরদের প্রধানেরা যে২ অধিকার
শীলোহে য়িহুহের সম্মুখে মণ্ডল্যাবাসের দ্বার
নিকটে অধিকারার্থে বাঁট করিয়া দিল সে সকল
এই এতদ্রূপে তাহারা দেশবিভাগকরা সাঙ্গ ক
রিল।

## ২০ পর্ব্ব।

[১] অপর য়িহুহ য়িহোশুআকে কহিলেন য়ি
শ্রাএলের সন্তানেরদিগকে কহ [২] মোশহের
দ্বারা আমাকর্ত্তৃক তোমারদের প্রতি কথিত আ
শ্রয় নগর আপনারদের কারণ নিরূপণ কর।
[৩] যে অকস্মাৎ ও অনিচ্ছাপূর্ব্বক নরহত্যাকা
রি নৃঘ্ন সেই স্থানে পলাইতে পারে এবং রক্ত
প্রতিফলদাতাহইতে সে২ নগর তোমারদের আ
শ্রয় হইবে। [৪] এবং ঐ কোন এক নগরে প
লায়নকারি লোক যখন নগরদ্বারপ্রবেশস্থানে
দাঁড়াইয়া সে নগরের প্রাচীনেরদের কর্ণগোচরে
আপন বিষয় জ্ঞাত করায় তখন তাহারা নগর
মধ্যে আপনারদের নিকটে তাহাকে আনিয়া
আপনারদের মধ্যে বাসার্থে স্থান দিবে। [৫]
এবং রক্তপ্রতিফলদাতা যদি তাহার পশ্চাৎ তা
ড়িয়া আইসে তবে তাহারা তাহার হস্তে নৃঘ্ন
কে অর্পণ করিবে না যেহেতুক সে অনিচ্ছাপূ
র্ব্বক আপন প্রতিবাসকে আঘাত করিয়াছিল
এবং পূর্ব্বে তাহাকে ঘৃণা করে নাই। [৬] এবং
বিচারার্থে সে জন যাবৎ মণ্ডলীসাক্ষাৎ না দাঁ
ড়ায় ও তৎকালীন প্রধান যাজকের মরণ যাবৎ
না হয় তাবৎ সে জন সেই নগরে বাস করিবে
পরে সে নৃঘ্ন আপন নগরে ও আপন ঘরে অ
র্থাৎ যে নগরহইতে পলাইয়াছিল সে নগরে
ফিরিয়া আসিবে।

[৭] এবং তাহারা নপ্তালীপর্ব্বতস্থ গালিলির
কেদেশ ও এফ্রায়িমপর্ব্বতের শেকেম ও য়িহু
দাহ্পর্ব্বতের কির্য্যতঅরবআ অর্থাৎ খেবরোণ
নিরূপণ করিল। [৮] এবং য়রদনের ওপারে
পূর্ব্বদিগে য়িরিখুনিকটে রিউবেণের গোষ্ঠ্যধি
কারমধ্যে তাহারা মাঠে অরণ্যস্থ বেসের ও গা
দের গোষ্ঠ্যধিকারমধ্যে গিলিআদস্থ রামোত ও
মনশেহের গোষ্ঠ্যধিকারমধ্যে বাশানস্থ গোলান
নিরূপণ করিল। [৯] য়িশ্রাএলের সমস্ত সন্তা
নেরদের কারণ এবং তাহারদের মধ্যবাসি বিদে
শির কারণও নিরূপিত নগর এই২ ছিল যে
কোন কেহ অজ্ঞানতঃ কোন কাহাকে হত্যা করি
লে সে স্থানে পলাইয়া যেপর্য্যন্ত মণ্ডলীর সম্মু
খে না দাঁড়ায় সেপর্য্যন্ত রক্তপ্রতিফলদাতার হা
তে না মরে।

## ২১ পর্ব্ব।

[১] অনন্তর লেবিবংশ্যেরদের প্রধানেরা এ
লিএজের যাজকের নিকটে ও নূনের পুত্র য়িহো
শুআর নিকটে ও য়িশ্রাএলের সন্তানেরদের
গোষ্ঠীবংশ্যেরদের প্রাচীনেরদের নিকটে আ
সিয়া। [২] কনআন দেশস্থ শীলোহে তাহার
দিগকে কহিল যে আমারদের পশুরদিগের নিমি
ত্তে উপনগরযুক্ত নিবাসনগর আমারদিগকে দি
তে য়িহুহ মোশহ্দ্বারা আজ্ঞা করিলেন। [৩]
তাহাতে য়িশ্রাএলের সন্তানেরা য়িহুহের আ
জ্ঞাতে আপনারদের অধিকারহইতে লেবিরদি

গকে এই২ নগর এবং তত্তদুপনগর দিল। [৪] অপর কোহাতীয়েরদের বংশ্যেরদের কারণ বাঁট উঠিল এবং আহরোণ যাজকের লৈব সন্তানেরা বাঁটানুসারে য়িহুদাহের ও শিমিওনের ও বেন্যামিনের গোষ্ঠীরদের অধিকারহইতে ত্রয়োদশ নগর পাইল। [৫] এবং কোহাতের অন্য২ সন্তানেরা বাঁটানুসারে এফরায়িমের গোষ্ঠীর ও দানের গোষ্ঠীর ও মনশেহের অর্দ্ধগোষ্ঠীর বংশ্যেরদের অধিকারহইতে দশ নগর পাইল। [৬] এবং গেরশোনের সন্তানেরা য়িশ্শাকরের ও আশেরের ও নপ্তালীর গোষ্ঠীরদের এবং বাশানস্থ মনশেহের অর্দ্ধগোষ্ঠীর বংশ্যেরদের অধিকারহইতে বাঁটানুসারে ত্রয়োদশ নগর পাইল। [৭] মিরারির সন্তানেরা স্বস্ববংশানুসারে রিউবেণের ও গাদের ও জিবূলুনের গোষ্ঠীরদের অধিকারহইতে দ্বাদশ নগর পাইল। [৮] এবং য়িহুহ মোশহের দ্বারা যেমত আজ্ঞা করিয়াছিলেন সেমত য়িশ্রাএলের সন্তানেরা বাঁটানুসারে এই২ নগর তত্তদুপনগরসুদ্ধ লেবির দিগকে দিল।

[৯] এবং লেবির সন্তানজাত কোহাতীয় বংশজ আহরোণের সন্তানপ্রাপ্ত নামে২ লিখিত [১০] এই২ নগর তাহারা য়িহুদাহের ও শিমিওনের সন্তানেরদের গোষ্ঠীরদের মধ্যহইতে দিল কেননা প্রথম বাঁট তাহারদের ছিল। [১১] এবং অনাকের পিতা আরবআর নগর অর্থাৎ য়িহুদাহ্পর্ব্বতস্থ খেবরোণনগর তাহার চতুর্দ্দিক্স্থ উপনগরসুদ্ধ তাহারা তাহারদিগকে দিল। [১২] কিন্তু সে নগরের ক্ষেত্র ও তাহার গ্রাম তাহারা অধিকারের নিমিত্তে য়িফুনেহের পুত্র কালেবকে দিল।

[১৩] এতদ্রূপে তাহারা আহরোণ যাজকের সন্তানেরদিগকে হত্যাকর্ত্তার আশ্রয়নগরনিমিত্তে তদুপনগরসুদ্ধ খেবরোণ দিল এবং লিবনাহ্ তদুপনগরসুদ্ধ। [১৪] এবং য়ত্তির তদুপনগরসুদ্ধ ও এশতিমোঅ্ তদুপনগরসুদ্ধ। [১৫] এবং খোলোন তদুপনগরসুদ্ধ ও দিবির তদুপনগরসুদ্ধ। [১৬] এবং অঈন তদুপনগরসুদ্ধ ও যুটাহ্ তদুপনগরসুদ্ধ ও বীৎশেমেশ তদুপনগরসুদ্ধ এ দুই গোষ্ঠীরদের অধিকারের মধ্যহইতে নব নগর। [১৭] এবং বেন্যামিনের গোষ্ঠ্যধিকারহইতে গিবিওন তদুপনগরসুদ্ধ ও গেবঅ্ তদুপনগরসুদ্ধ। [১৮] এবং অনাতোত তদুপনগরসুদ্ধ ও অলমোন তদুপনগরসুদ্ধ চারি নগর। [১৯] আহরোণের সন্তান যাজকেরদের সমস্ত নগর ত্রয়োদশ তত্তদুপনগরসুদ্ধ।

[২০] এবং কোহাতের সন্তানের বংশ্যেরা অর্থাৎ কোহাতের সন্তানেরদের অবশিষ্ট লৈবেরা আপনারদের বাঁটস্থ নগর এফরায়িমের গোষ্ঠ্যধিকারহইতে পাইল। [২১] যেহেতুক নৃহ্নের আশ্রয়নগরনিমিত্তে তাহারা এফরায়িম পর্ব্বতস্থ শেকেম তদুপনগরসুদ্ধ তাহারদিগকে দিল ও গেজের তদুপনগরসুদ্ধ। [২২] এবং কিবসয়িম তদুপনগরসুদ্ধ ও বীৎখোরোণ তদুপনগরসুদ্ধ চারি নগর। [২৩] এবং দানগোষ্ঠীর অধিকারমধ্যহইতে এলতেকে তদুপনগরসুদ্ধ ও গিবিতোন তদুপনগরসুদ্ধ। [২৪] এবং আয়ালোন তদুপনগরসুদ্ধ ও গাতরিমোণ তদুপনগরসুদ্ধ চারি নগর। [২৫] এবং মনশেহের অর্দ্ধগোষ্ঠীর অধিকারমধ্যহইতে তত্নাখ্ তদুপনগরসুদ্ধ ও গাতরিমোণ তদুপনগরসুদ্ধ দুই নগর। [২৬] কোহাতের অবশিষ্ট সন্তানেরদের বংশেরদের কারণ সমস্ত নগর তত্তদুপনগরসুদ্ধ দশ।

[২৭] এবং লৈববংশজ গেরশোনের সন্তানেরদিগকে মনশেহের অন্য অর্দ্ধগোষ্ঠীর অধিকারহইতে তাহারা হত্যাকর্ত্তার আশ্রয়নগরনিমিত্তে বাশানস্থ গোলান তদুপনগরসুদ্ধ দিল এবং বিএশতিরাহ্ তদুপনগরসুদ্ধ দুই নগর। [২৮] এবং য়িশ্শাকরগোষ্ঠীর অধিকারমধ্যহইতে কিশিওন তদুপনগরসুদ্ধ ও দাবিরত তদুপনগরসুদ্ধ। [২৯] এবং য়রমুত তদুপনগরসুদ্ধ ও এনগানিম তদুপনগরসুদ্ধ চারি নগর। [৩০] এবং আশেরগোষ্ঠীর অধিকারমধ্যহইতে মিশাল তদুপনগরসুদ্ধ ও অরদোন তদুপনগরসুদ্ধ। [৩১] এবং খেলকাত তদুপনগরসুদ্ধ ও রেখোব তদুপনগরসুদ্ধ চারি নগর। [৩২] এবং নপ্তালীগোষ্ঠীর অধিকারমধ্যহইতে হত্যাকর্ত্তার আশ্রয়নগরনিমিত্তে গালিলিস্থ কেদেশ তদুপনগরসুদ্ধ ও খমোতদোর তদুপনগরসুদ্ধ ও করতান তদুপনগরসুদ্ধ তিন নগর। [৩৩] স্বস্ববংশানুসারে গেরশোনীয়েরদের সমস্ত নগর ত্রয়োদশ তত্তদুপনগরসুদ্ধ।

[৩৪] এবং মিরারির সন্তানেরদের বংশেরদিগকে অর্থাৎ অবশিষ্ট লৈবেরদিগকে জেবূলুন গোষ্ঠীর অধিকারমধ্যহইতে য়াকনিআম তদুপনগরসুদ্ধ ও করতাহ্ তদুপনগরসুদ্ধ। [৩৫] এবং দিমনাহ্ তদুপনগরসুদ্ধ এবং নহলাল তদুপনগরসুদ্ধ চারি নগর। [৩৬] এবং রিউবেণ গোষ্ঠীর অধিকারমধ্যহইতে বেসের তদুপনগরসুদ্ধ ও য়খাসাহ্ তদুপনগরসুদ্ধ। [৩৭] এবং কেদেমোত তদুপনগরসুদ্ধ ও মেফআত তদুপনগরসুদ্ধ চারি নগর। [৩৮] এবং গাদগোষ্ঠীর অধিকারমধ্যহইতে হত্যাকর্ত্তার আশ্রয়নগরনিমিত্তে গিলিআদস্থ রামোত তদুপনগরসুদ্ধ ও

মখনয়িম তদুপনগরসুদ্ধ। [৩৯] এবং খেশ্বো
ন তদুপনগরসুদ্ধ ও য়অ্জের তদুপনগরসুদ্ধ সক
লে চারি নগর। [৪০] অতএব লৈবেরদের বং
শাবশিষ্ট মিরারির সন্তানেরদের কারণ স্বস্ববং
শানুসারে স্বস্ববাঁটানুক্রমে সমস্ত নগর দ্বাদশ।
[৪১] য়িশ্রাএলের সন্তানেরদের অধিকারের
মধ্যে লৈবেরদের সমস্ত নগর আট চল্লিশ নগর
তত্তদুপনগরসুদ্ধ। [৪২] এইং নগর প্রত্যেকে
আপনং চতুর্দ্দিকস্থ উপনগর সহবর্ত্তি ছিল এ
প্রকারে ঐ সমস্ত নগর ছিল।

[৪৩] অপর য়িহুহ য়িশ্রাএলের পিতৃলোকে
রদিগকে দেওনার্থে যে সমস্ত ভূমিবিষয়ে শপথ
করিয়াছিলেন সে সমস্ত তিনি তাহারদিগকে দি
লেন এবং তাহারা তদধিকার করিয়া তাহার
মধ্যে বাস করিল। [৪৪] এবং য়িহুহ তাহার
দের পিতৃলোকরদের নিকটে যে সমস্ত দিব্য
করিয়াছিলেন তদনুসারে তিনি তাহারদিগকে
চতুর্দ্দিগে বিশ্রাম দিলেন এবং তাহারদের তাবৎ
শত্রুরদের মধ্যে এক জন তাহারদের সম্মুখে দাঁ
ড়াইল না য়িহুহ তাহারদের সমস্ত শত্রুরদিগকে
তাহারদের হস্তগত করিলেন। ৪৫] য়িহুহ য়িশ্
রাএলের বংশপ্রতি যে সমস্ত মঙ্গলাখ্যান কহি
য়াছিলেন তাহার কোন এক বিষয়ে ত্রুটি ছিল
না সমস্ত সম্পূর্ণ হইল।

২২ পর্ব্ব।

[১] অপর য়িহোশুআ রিউবেণীয়েরদিগকে
ও গাদীয়েরদিগকে ও মনশেহের অর্দ্ধগোষ্ঠীকে
ডাকিয়া কহিল [২] য়িহুহের সেবক মোশহ্ যেং
সমস্ত আজ্ঞা তোমারদিগকে দিয়াছিল সে সমস্ত
তোমরা পালন করিয়াছ এবং আমি তোমার
দিগকে যে সমস্ত বিষয়ে আজ্ঞা দিয়াছি সে স
কলে তোমরা আমার কথায় অবধান করিয়াছ।
[৩] অনেক দিবসাবধি আজিপর্য্যন্ত তোমরা
আপনারদের ভ্রাতারদিগকে ত্যাগ কর নাই কিন্তু
তোমারদের ঈশ্বর য়িহুহের আজ্ঞার ভার প্রতি
পালন করিয়াছ। [৪] এবং এখন য়িহুহ
তোমারদের ঈশ্বর আপন প্রতিজ্ঞানুসারে তো
মারদের ভ্রাতারদিগকে বিশ্রাম দিয়াছেন অতএব
তোমরা এখন ফিরিয়া যাও এবং আপন তাম্বু
তে অর্থাৎ য়রদন পারে য়িহুহের সেবক মোশহ্
কর্ত্তৃক তোমারদিগকে দত্ত আপনারদের অধি
কারদেশে যাও। [৫] কিন্তু তোমারদের ঈশ্বর
য়িহুহেতে প্রেমকরণ ও তাঁহার সমস্ত পথে চলন
ও তাঁহার আজ্ঞাপালন ও তাঁহাকে জড়িয়া
ধরণ ও তোমারদের সর্ব্বান্তঃকরণের ও সমস্ত
মনের সহিত তাঁহার সেবাকরণ এই যে আজ্ঞা
ও ব্যবস্থাতার য়িহুহের সেবক মোশহ্ তোমার
দিগকে দিল সে সমস্ত করণে যত্নপূর্ব্বক মনো
যোগ কর। [৬] পরে য়িহোশুআ তাহারদিগ
কে আশীর্ব্বাদ দিয়া বিদায় করিল তাহাতে তা
হারা আপনং তাম্বুতে গেল।

[৭] অপর মনশেহের অর্দ্ধগোষ্ঠীকে মোশহ্
বাশানে অধিকার দিয়াছিল কিন্তু তদন্যার্দ্ধগো
ষ্ঠীকে য়িহোশুআ য়রদনের এপারে পশ্চিমদিগে
আপনারদের ভ্রাতারদের মধ্যে অধিকার দিল
এবং য়িহোশুআ তাহারদিগকে স্বস্বতাম্বুতে যখন
বিদায় করিল তখন সে তাহারদিগকে আশীর্ব্বা
দ দিয়া কহিল [৮] তোমরা বহুধন ও অনেক
পশু ও রূপা ও স্বর্ণ ও পিত্তল ও লৌহ ও অনেক
বস্ত্রাদি সঙ্গে করিয়া আপনং তাম্বুতে ফিরিয়া
যাও আপন ভ্রাতারদের সহিত তোমারদের শ
ত্রুরদের লুঠ অংশ করিয়া লও।

[৯] তাহাতে রিউবেণের সন্তানেরা ও গাদের
সন্তানেরা ও মনশেহের অর্দ্ধগোষ্ঠী ফিরিয়া
গেল এবং মোশহ্দ্বারা কথিত য়িহুহের বাক্যানু
সারে অধিকৃত স্বস্বাধিকারভূমি গিলিআদদেশে
গমনার্থে কনআনদেশস্থ শীলোহ্ ছাড়িয়া য়িশ্
রাএলের সন্তানেরদের নিকটহইতে প্রস্থান ক
রিল।

[১০] অপর রিউবেণের সন্তানেরা ও গাদের
সন্তানেরা ও মনশেহের অর্দ্ধগোষ্ঠী কনআনদে
শস্থ য়রদনের সীমাতে যখন পঁহুছিল তখন তা
হারা সে স্থানে য়রদনের নিকটে এক যজ্ঞবেদি
গাঁথিল দর্শনার্থে মহাযজ্ঞবেদি।

[১১] এবং দেখ রিউবেণের ও গাদের সন্তা
নেরা ও মনশেহের অর্দ্ধগোষ্ঠী কনআনদেশস
ম্মুখে য়রদনের সীমাতে য়িশ্রাএলের সন্তানের
দের পারহওনস্থানে এক যজ্ঞবেদি গাঁথিয়াছে
এই কথা য়িশ্রাএলের সন্তানেরা শুনিতে পা
ইল। [১২] পরে য়িশ্রাএলের সন্তানেরা শু
নিলে য়িশ্রাএলের সন্তানেরদের তাবন্মণ্ডলী তা
হারদের প্রতিকূলে যুদ্ধ করিতে গমনার্থে শীলো
হে সমারোহী হইল। [১৩] এবং য়িশ্রাএ
লের সন্তানেরা রিউবেণের ও গাদের সন্তানের
দের ও মনশেহের অর্দ্ধগোষ্ঠীর নিকটে এলিএ
জের যাজকের পুত্র ফিনিখাসকে [১৪] ও তা
হার সহিত য়িশ্রাএলের সমস্ত গোষ্ঠীর সর্ব্বত্র
প্রত্যেক প্রধান গোষ্ঠীহইতে একং অধ্যক্ষ অ
র্থাৎ দশ জন অধ্যক্ষকে গিলিআদ দেশে প্রেরণ
করিল এবং ঐ একং জন য়িশ্রাএলের সহস্রের
দের মধ্যে আপন পিতৃবংশে প্রধান ছিল।
[১৫] এবং তাহারা গিলিআদদেশে রিউবেণের
ও গাদের সন্তানেরদের ও মনশেহের অর্দ্ধগো
ষ্ঠীর নিকটে আসিয়া তাহারদিগের সহিত এ

কথা কহিল। [১৬] যিহুহের তাবন্মণ্ডলী এ কথা কহে অদ্য যিহুহের আজ্ঞাতিক্রমকরণার্থে আপনারদের নিমিত্তে এক যজ্ঞবেদি গ্রন্থন বিষয়ে যিহুহের অনুগত হওনহইতে অদ্য পরাবৃত্তহওনার্থে তোমরা যিশ্রাএলের ঈশ্বরের প্রতিকূলে যে আজ্ঞালঙ্ঘন করিয়াছ তাহা কি। [১৭] পিওরবিষয়ক পাপেতে যিহুহের মণ্ডলীর মধ্যে মড়ক ছিল তথাচ সে পাপহইতে আমরা অদ্যপর্য্যন্ত পরিষ্কৃত না হইলেও যিহুহের অনুগমনহইতে তোমারদের অদ্য পরীবর্ত্তনব্যতিরেকে সে পাপ কি আমারদের জন্যে প্রচুর নহে। [১৮] তোমরা অদ্য যিহুহের প্রতিকূলে অতিক্রম করিলে এই মত হইবে কল্য তিনি যিশ্রাএলের তাবম্মণ্ডলীর উপরে ক্রুদ্ধ হইবেন। [১৯] কিন্তু তোমারদের অধিকারদেশ যদি অশুচি হয় তবে যিহুহের আবাসস্থিত যিহুহের অধিকারদেশে পার হইয়া যাইয়া আমারদের মধ্যে অধিকার গ্রহণ কর কিন্তু আমারদের ঈশ্বর যিহুহের যজ্ঞবেদিভিন্ন আপনারদের জন্যে অন্য গ্রন্থনে যিহুহের প্রতিকূলে ও আমারদের প্রতিকূলে অতিক্রম করিও না। [২০] শপ্ত বস্তুর বিষয়ে সেরখের পুত্র আকান কি অতিক্রম করে নাই তথাপি যিশ্রাএলের তাবম্মণ্ডল্যুপরি ক্রোধ পড়িল এবং সে মানুষ আপন পাপেতে একাকী নষ্ট হইল না।

[২১] তাহাতে রিউবেণের ও গাদের সন্তানেরা ও মনশেহের অর্দ্ধগোষ্ঠী প্রত্যুত্তর করিয়া যিশ্রাএল সহস্রের প্রধানেরদিগকে কহিল। [২২] ঈশ্বরেরদের ঈশ্বর যিহুহ ঈশ্বরেরদের ঈশ্বর যিহুহ তিনিই জানেন এবং যিশ্রাএলও জানিবে অতিক্রমাশয়ে কিম্বা যিহুহের আজ্ঞালংঘনাশয়ে যদি হইয়া থাকে তবে অদ্য আমারদিগকে ক্ষমা করিও না। [২৩] যিহুহের অনুগত হওয়াহইতে পরাবৃত্তার্থে কিম্বা তদুপরি হোম বা উপকরণরূপ নৈবেদ্য নিবেদনার্থে আমরা আপনারদের জন্যে যদি যজ্ঞবেদিনির্ম্মাণ করিয়া থাকি। [২৪] এবং আগামি কালে তোমারদের সন্তান আমারদের সন্তানেরদিগকে পাছে কহে যে যিশ্রাএলের ঈশ্বর যিহুহের সহিত তোমারদের কি কার্য্য এই বিষয়ের ভয়প্রযুক্ত বরং আমরা না করিয়া থাকি তবে ঈশ্বর স্বয়ংই তাহার দণ্ড করুন। [২৫] যেহেতুক হে রিউবেণের ও গাদের সন্তানেরা তোমারদের ও আমারদের মধ্যে যিহুহ য়রদনকে সীমা করিয়াছেন যিহুহেতে তোমারদের কোন অংশ নাই এতদ্রূপ তোমারদের সন্তান আমারদের সন্তানেরদিগকে যিহুহের বিষয়ে ভয়করণে ত্যাগ করাইবে। [২৬] অতএব আমরা কহিলাম যে এইক্ষণে আমরা এক বেদি নির্ম্মাণ করিতে উদ্যোগ করি হোমের জন্যে নয় বা বলিদানের জন্যে নয়। [২৭] কিন্তু আমারদের হোমের ও বলিদানের ও স্বস্ত্যয়নের দ্বারা যিহুহের সাক্ষাৎ আমরা যে তাঁহার সেবা করি এবং আগামি কালে তোমারদের সন্তান আমারদের সন্তানেরদিগকে না কহে যে যিহুহেতে তোমারদের কোন অংশ নাই এতন্নিমিত্তে তাহা আমারদের ও তোমারদের এবং আমারদের পরে আমারদের সন্তান পরম্পরারদের মধ্যে সাক্ষী হয়। [২৮] অতএব আমরা কহিলাম তাহারা যদি আমারদিগকে কিম্বা আগামি কালে আমারদের সন্তানেরদিগকে কহে তবে আমরা পুনর্ব্বার কহিতে পারি যে হোমের কারণ নয় এবং বলিদানের কারণও নয় এমত যে যজ্ঞবেদি আমারদের পিতৃলোকেরা নির্ম্মাণ করিল তাহার আদর্শ দৃষ্টি করিয়া দেখ কিন্তু তাহা তোমারদের ও আমারদের মধ্যে সাক্ষী। [২৯] না হউক যে আমরা যিহুহের প্রতিকূলে অতিক্রম করি এবং আমারদের ঈশ্বর যিহুহের আবাসের সম্মুখস্থিত তাঁহার যজ্ঞবেদিব্যতিরেকে হোমের কিম্বা উপকরণের কিম্বা বলিদানের নিমিত্তে অন্য কোন বেদি নির্ম্মাণকরণার্থে যিহুহের অনুগত হওনবিষয়ে অদ্য পরাবৃত্ত হই।

[৩০] অপর ফীনিখাস যাজক ও তাহার সহবর্ত্তি মণ্ডলীর অধ্যক্ষেরা এবং যিশ্রাএলের সহস্রেরদের প্রধানেরা যখন রিউবেণের ও গাদের ও মনশেহের বাক্য শুনিল তখন তাহাতে তাহারা তুষ্ট ছিল। [৩১] তাহাতে এলিএজেরযাজকের পুত্র ফীনিখাস রিউবেণের ও গাদের ও মনশেহের সন্তানেরদিগকে কহিল যিহুহের প্রতিকূলে তোমারদের এই দোষ না করণপ্রযুক্ত অদ্য আমরা জানি যে যিহুহ আমারদের মধ্যে আছেন এখন তোমরা যিশ্রাএলের সন্তানেরদিগকে যিহুহের হস্তহইতে নিস্তার করিয়াছ।

[৩২] পরে এলিএজের যাজকের পুত্র ফীনিখাস এবং অধ্যক্ষেরা রিউবেণের ও গাদের সন্তানেরদিগহইতে গিলিআদদেশ ছাড়িয়া কনআন দেশে যিশ্রাএলের সন্তানেরদের স্থানে ফিরিয়া আসিয়া তাহারদিগকে পুনর্ব্বার সমাচার দিল। [৩৩] এবং সে বিষয় যিশ্রাএলের সন্তানেরদের সন্তোষ জন্মাইল তাহাতে যিশ্রাএলের সন্তানেরা ঈশ্বরের ধন্যবাদ করিল এবং রিউবেণের ও গাদের সন্তানেরদের বাসদেশবিনাশের জন্যে তাহারদের সহিত যুদ্ধকরণার্থে যাওনের মনস্থ করিল না। [৩৪] পরে রিউবেণের ও গাদের সন্তানেরা সে বেদির নাম এক

রাখিল যেহেতুক য়িহুহই ঈশ্বর আমারদের মধ্যে ইহার সাক্ষী তাহা।

## ২৩ পর্ব্ব।

[১] অপর চতুর্দ্দিকস্থ তাহারদের সমস্ত শত্রুরদিগহইতে য়িহুহ য়িশ্রাএলকে বিশ্রাম দিলে বহুকাল পরে য়িহোশুআ বহুবয়স্ক বৃদ্ধ হইতে লাগিল। [২] তাহাতে য়িহোশুআ তাবৎ য়িশ্রাএলকে অর্থাৎ তাহারদের প্রাচীনেরদিগকে ও তাহারদের অধ্যক্ষেরদিগকে ও তাহারদের বিচারকর্ত্তারদিগকে ও তাহারদের পতিরদিগকে ডাকাইয়া তাহারদিগকে কহিল আমি বহুবয়স্ক বৃদ্ধ হইয়াছি। [৩] এবং তোমারদের জন্যে তোমারদের ঈশ্বর য়িহুহ এ সমস্ত দেশস্থেরদের প্রতি যে সমস্ত করিয়াছেন সে সমস্ত তোমরা দেখিয়াছ যেহেতুক যিনি তোমারদের পক্ষে যুদ্ধ করিয়াছেন তিনি তোমারদের ঈশ্বর য়িহুহই। [৪] দেখ য়রদনাবধি করিয়া যে সমস্ত দেশীয়েরদিগকে আমি উচ্ছিন্ন করিয়াছি সে সমস্ত লোক সুদ্ধ পশ্চিমদিগে মহাসমুদ্রপর্য্যন্ত অবশিষ্ট সমস্ত দেশীয়েরদিগকে তোমারদের গোষ্ঠীরদের অধিকারার্থে আমি গুলিবাঁটদ্বারা অংশ করিয়া তোমারদিগকে দিয়াছি। [৫] এবং য়িহুহ তোমারদের ঈশ্বর তাহারদিগকে তোমারদের সম্মুখহইতে বাহির করিয়া দিবেন এবং তোমারদের দৃষ্টিগোচরহইতে তাহারদিগক খেদাইয়া দিবেন এবং য়িহুহ তোমারদের ঈশ্বর তোমারদের প্রতি যেমত প্রতিজ্ঞা করিয়াছেন সেমত তোমরা তাহারদের দেশাধিকার করিবা। [৬] অতএব মোশহের ব্যবস্থাগ্রন্থে যে সমস্ত লিখিত আছে সে সমস্ত প্রতিপালনবিষয়ে এবং করণবিষয়ে অতিসাহসবান হও যে তাহা ছাড়িয়া তোমরা দক্ষিণে বা বামে না ফির। [৭] এবং এই দেশস্থেরদের মধ্যে অর্থাৎ তোমারদের মধ্যে থাকা অবশিষ্ট জাতিরদের মধ্যে তোমরা যে না আইস এবং তাহারদের দেবতারদের নাম না লও এবং তাহারদের নাম লইয়া শপথ না করাও এবং তাহারদের সেবা না কর ও তাহারদের নিকটে প্রণাম না কর। [৮] কিন্তু অদ্যপর্য্যন্ত তোমরা যেমত করিয়াছ সেমত তোমারদের ঈশ্বর য়িহুহেতে সংলগ্ন থাক। [৯] যেহেতুক য়িহুহ বৃহৎ ও বলবান জাতীয়েরদিগকে তোমারদের সম্মুখহইতে তাড়িয়া বাহির করিয়া দিয়াছেন কিন্তু তোমারদের সম্মুখে অদ্যপর্য্যন্ত দাঁড়ানে কোন মনুষ্য ক্ষমতাপন্ন হয় নাই। [১০] তোমারদের এক জন সহস্রকে তাড়িয়া লইয়া যাইবে কেননা য়িহুহ তোমারদের ঈশ্বর তোমারদের প্রতি যেমন প্রতিজ্ঞা করিয়াছেন তেমন তিনি তোমারদের জন্যে যুদ্ধ করেন। [১১] অতএব তোমারদের ঈশ্বর য়িহুহেতে প্রেমকরণার্থে তোমরা আপনারদের বিষয়ে অতিসাবধান হও। [১২] তাহা নহিলে তোমরা যদি কোন প্রকারে পরাবৃত্ত হও এবং এ জাতীয়েরদের অবশিষ্টাংশের অর্থাৎ তোমারদের মধ্যাবশিষ্ট লোকেরদের সহিত সংযুক্ত হও এবং তাহারদের সহিত তোমারদের বিবাহ হয় এবং তাহারদের নিকটে সমাগম কর ও তাহারা তোমারদের নিকটে। [১৩] তবে নিশ্চয় জান যে য়িহুহ তোমারদের ঈশ্বর এই জাতীয়েরদিগকে তোমারদের সম্মুখহইতে আর তাড়িয়া দূর করিবেন না কিন্তু তোমারদের ঈশ্বর য়িহুহকর্ত্তৃক তোমারদিগকে দত্ত এ উত্তম দেশহইতে তোমরা যেপর্য্যন্ত বিনষ্ট না হও সেপর্য্যন্ত তাহারা তোমারদের প্রতি ফাঁদ ও কল এবং তোমারদের ঢোঁকেতে কশা ও তোমারদের চক্ষুতে কণ্টকস্বরূপ হইবে। [১৪] এবং দেখ আমি আজি পৃথিবীস্থ সমস্ত লোকেরদের পথগামী হইয়াছি এবং তোমারদের সর্ব্বান্তঃকরণে ও তোমারদের সর্ব্বমনে তোমরা জান যে ঈশ্বর য়িহুহ তোমারদের বিষয়ে যে সমস্ত মঙ্গলসূচক কথা কহিয়াছেন তাহার এক বিষয়ের ত্রুটি হয় নাই তোমারদের প্রতি সকলই সম্পূর্ণ হইয়াছে তাহার এক বিষয়ের ত্রুটি হয় নাই। [১৫] অতএব এই মত হইবে তোমারদের ঈশ্বর য়িহুহ তোমারদের প্রতি যে সমস্ত মঙ্গলবিষয়ে প্রতিজ্ঞা করিয়াছিলেন সে সমস্ত যেমন তোমারদের প্রতি সম্পূর্ণ হইয়াছে তেমন য়িহুহ তোমারদের ঈশ্বর তোমারদিগকে এই যে উত্তম দেশ দিয়াছেন তাহাহইতে য়িহুহ তোমারদিগকে যেপর্য্যন্ত সংহার না করেন সেপর্য্যন্ত য়িহুহ তোমারদের উপরে সমস্ত অমঙ্গলবিষয় আনিবেন। [১৬] তোমারদের ঈশ্বর য়িহুহকর্ত্তৃক তোমারদের প্রতি আজ্ঞাপিত নিয়ম যখন তোমরা লংঘন কর এবং যাইয়া অন্য দেবেরদের সেবা কর এবং তাহারদিগকে প্রণাম কর তখন য়িহুহের ক্রোধ তোমারদের প্রতিকূলে প্রজ্বলিত হইবে এবং যে উত্তম দেশ তিনি তোমারদিগকে দিয়াছেন সে দেশহইতে তোমরা ত্বরায় বিনষ্ট হইবা।

## ২৪ পর্ব্ব।

[১] অতএব য়িহোশুআ য়িশ্রাএলের সমস্ত গোষ্ঠীরদিগকে শেকেমে একত্র করিয়া য়িশ্রাএলের প্রাচনেরদিগকে ও তাহারদের অধ্যক্ষেরদিগকে ও তাহারদের বিচারকর্ত্তারদিগকে ও তাহারদের পতিরদিগকে ডাকাইয়া পাঠাইল

তাহাতে তাহারা ঈশ্বরের সাক্ষাৎ আপনারদিগ
কে উপস্থিত করিল।
[২] পরে য়িহোশুআ সমস্ত লোকেরদিগকে
কহিল য়িহুহ য়িশ্রাএলের ঈশ্বর এ কথা কহেন
তোমারদের পিতৃলোকেরা অর্থাৎ অবরাহামের
পিতা ও নাখোরের পিতা তেরখ্ পূর্ব্বকালে
বন্যের ওপারে বাস করিল এবং তাহারা অন্য
দেবেরদের সেবা করিল। [৩] এবং আমি তো
মারদের পিতৃলোক অবরাহামকে বন্যের ওপার
হইতে লইয়া কনআনদেশের সর্ব্বত্র তাহাকে
গতি করাইলাম এবং তাহার সন্তানেরদিগকে
বহুপ্রজ করিলাম এবং তাহাকে য়িস্খাককে দি
লাম। [৪] পরে আমি য়িস্খাককে য়আকুব ও
এশাব দিলাম এবং অধিকারার্থে আমি এশাব
কে শেঈরপর্ব্বত দিলাম কিন্তু য়আকুব ও তাহার
সন্তানেরা মিস্রে উত্তরিয়া গেল। [৫] পরে
আমি মোশহকে ও আহরোণকে প্রেরণ করিলাম
এবং মিস্রীয়েরদের মধ্যে আমাকর্ত্তৃক কৃত কা
র্য্যানুযায়ি মিস্রকে ক্লেশ দিলাম এবং তৎপরে
আমি তোমার দিগকে বাহির করিয়া আনিলাম।
[৬] এবং আমি তোমারদের পিতৃলোকেরদিগ
কে মিস্রহইতে বাহির করিয়া আনিলাম এবং
তোমরা সমুদ্রেতে পঁহুছিলা এবং মিস্রীয়েরা
রথ ও অশ্বারূঢ়সঙ্গ আরব্ধি সমুদ্রপর্য্যন্ত তোমা
রদের পিতৃলোকেরদের পাছে২ তাড়াইয়া আ
ইল। [৭] এবং তাহারা য়িহুহের উদ্দেশে য
খন প্রার্থনা করিল তখন তিনি মিস্রীয়েরদের
ও তোমারদের মধ্যে অন্ধকারস্থাপন করিলেন
এবং তাহারদের উপরে সমুদ্রকে আনাইয়া তা
হারদিগকে ঢাকিলেন এবং মিস্রে আমি যাহা
করিয়াছি তাহা তোমারদের চক্ষু দেখিয়াছে
এবং তোমরা বহুকাল অরণ্যে বাস করিলা।
[৮] পরে য়রদনের ওপারবাসি অমোরীয়ের
দের দেশে আমি তোমারদিগকে আনিলাম
এবং তাহারা তোমারদের সহিত যুদ্ধ করিল
এবং তোমরা তাহারদের দেশ যে অধিকার কর
এনিমিত্তে আমি তাহারদিগকে তোমারদের হস্তে
অর্পণ করিলাম এবং তোমারদের সম্মুখহইতে
আমি তাহারদিগকে সংহার করিলাম। [৯]
অপর মোআবের রাজা সিপ্পোরের পুত্র বা
লাক উঠিয়া য়িশ্রাএলের সহিত যুদ্ধ করিল
এবং তোমারদিগকে শাপ দেওনার্থে প্রেরণ করি
য়া বিওরের পুত্র বিলআমকে ডাকাইল। [১০]
কিন্তু আমি বিলআমের কথায় কর্ণ দিলাম না
অতএব সে তখনও তোমারদিগকে আশীর্ব্বাদ
দিল এতদ্রূপে আমি তাহার হস্তহইতে তোমার
দিগকে মুক্ত করিলাম। [১১] পরে তোমরা
য়রদন পার হইয়া য়িরিখোতে আইলা এবং য়ি
রিখোর লোকেরা অর্থাৎ অমোরীয়েরা ও পিরি
জীয়েরা ও কনআনীয়েরা ও খিত্তীয়েরা ও গির
গাশীয়েরা ও খিব্বীয়েরা ও য়িবুসীয়েরা তো
মারদের প্রতিকূলে যুদ্ধ করিল এবং আমি তা
হারদিগকে তোমারদের হস্তে অর্পণ করিলাম।
[১২] এবং তাহারদিগকে অর্থাৎ অমোরীয়ের
দের দুই রাজাকে তোমারদের সম্মুখহইতে তা
ড়িয়া বাহিরকারি ভেমরুলকে আমি তোমার
দের অগ্রে২ প্রেরণ করিলাম কিন্তু তোমারদের
তলোআরেতে বা তোমারদের ধনুতে নয়।
[১৩] এবং তোমরা যাহার কারণ শ্রম কর নাই
এমত এক দেশ এবং তোমরা যাহা গাঁথ নাই
এমত নগর আমি তোমারদিগকে দিয়াছি এবং
তোমরা তাহারদের মধ্যে বসতি করিতেছ এবং
যে দ্রাক্ষাক্ষেত্র ও জিতবৃক্ষক্ষেত্র তোমরা রোপণ
কর নাই তাহার ফল তোমরা খাইতেছ।
[১৪] অতএব এখন য়িহুহকে ভয় কর এবং
সরলান্তঃকরণেতে ও সত্যতাতে তাঁহার সেবা
কর এবং তোমারদের পিতৃলোকেরা বন্যের ও
পারে ও মিস্রে যে দেবেরদের সেবা করিল
সে দেবেরদিগকে দূর করিয়া য়িহুহের সেবা
কর। [১৫] এবং য়িহুহের সেবা করিতে তো
মারদের যদি মন্দ বোধ হয় তবে যাহার সেবা
করিবা তাহাকে অদ্য মনোনীত কর বিশেষতঃ
বন্যের ওপারস্থ তোমারদের পিতৃলোককর্ত্তৃক
সেবিত দেবেরদিগকে বা তোমারদের নিবাস
দেশস্থ অমোরীয়েরদের দেবেরদিগকে কিন্তু
আমি ও আমার পরিজন আমরাই য়িহুহের
সেবা করিব। [১৬] তাহাতে লোকেরা প্রত্যু
ত্তর করিয়া কহিল ইহা না হউক যে আমরা
অন্য দেবেরদের সেবার নিমিত্তে য়িহুহকে ত্যাগ
করি। [১৭] যেহেতুক আমারদের ঈশ্বর য়িহু
হই তিনি আমারদিগকে ও আমারদের পিতৃ
লোকেরদিগকে মিস্রদেশহইতে দাসত্বাগারহ
ইতেই আনিলেন এবং আমারদের দৃষ্টিগোচ
রে সে মহা চিহ্ন করিলেন এবং আমারদের গন্ত
ব্য তাবৎ পথে এবং আমরা যে সমস্ত লোকের
দের মধ্য হইয়া গিয়াছিলাম সে সমস্ত লোকের
দের মধ্যেও আমারদিগকে রক্ষা করিলেন।
[১৮] এবং য়িহুহ সমস্ত লোকেরদিগকে অর্থাৎ
দেশবাসি অমোরীয়েরদিগকে আমারদের সম্মু
খহইতে তাড়িয়া বাহির করিয়া দিলেন অতএব
আমরাও য়িহুহের সেবা করিব কেননা তি
নিই আমারদের ঈশ্বর। [১৯] তাহাতে য়ি
হোশুআ লোকেরদিগকে কহিল তোমরা য়িহু
হের সেবা করিতে পার না কেননা তিনি ধর্ম্মস্ব

রূপ ঈশ্বর তিনি জ্বলনশীল ঈশ্বর তিনি তোমার
দের আজ্ঞালংঘন ও তোমারদের পাপ ক্ষমা
করিবেন না। [২০] তোমরা য়িহুহকে ত্যাগ
করিয়া যদি অন্য দেবেরদের সেবা কর তবে তি
নি ফিরিয়া তোমারদের অমঙ্গল করিবেন এবং
তোমারদের মঙ্গলকরণানন্তর তোমারদের সং
হার করিবেন। [২১] অপর লোকেরা য়িহো
শুআকে কহিল যে না কিন্তু আমরা য়িহুহের সে
বা করিব। [২২] পরে য়িহোশুআ লোকেরদি
গকে কহিল য়িহুহের সেবাকরণের জন্যে তোম
রা যে তাঁহাকে মনোনীত করিয়াছ এবিষয়ে তো
মরা আপনারদের প্রতিকূলে সাক্ষী তাহাতে তা
হারা কহিল আমরাই সাক্ষী। [২৩] অতএব
তোমারদের মধ্যে যে২ দেবতা আছে তাহারদি
গকে এখন দূর কর এবং য়িশ্রাএলের ঈশ্বর
য়িহুহের উদ্দেশে আপনারদের অন্তঃকরণ নত
কর। [২৪] পরে লোকেরা য়িহোশুআকে ক
হিল আমারদের ঈশ্বর য়িহুহের সেবা আমরা
করিব এবং তাঁহার বাক্য আমরা মানিব। [২৫]
অতএব য়িহোশুআ সে দিবসে লোকেরদের স
হিত নিয়ম করিল এবং শেকেমে তাহারদের
জন্যে এক ব্যবস্থা ও বিধিস্থাপন করিল।

[২৬] এবং য়িহোশুআ সে বাক্যসমস্ত য়িহু
হের ব্যবস্থাগ্রন্থে লিখিল এবং এক বৃহৎ প্রস্তর
গ্রহণ করিয়া য়িহুহের পবিত্রাবাসের নিকটস্থিত
এক আলোনবৃক্ষের নীচে সে স্থানে খাড়া করি
ল। [২৭] পরে য়িহোশুআ সমস্ত লোকেরদিগ
কে কহিল দেখ এই প্রস্তর আমারদের প্রতি সা
ক্ষী হইবে যেহেতুক য়িহুহ যে সমস্ত বাক্য আ
মারদিগকে কহিলেন তাঁহার সে সমস্ত তাহা
শুনিয়াছে অতএব তাহা তোমারদের প্রতি সাক্ষী
হইবে পাছে তোমরা আপনারদের ঈশ্বরকে
অপহ্নব কর। [২৮] পরে প্রত্যেক জনকে আ
পনং অধিকারে যাওনার্থে য়িহোশুআ লোকের
দিগকে বিদায় দিল।

[২৯] অপর সে সমস্ত বিষয়ের পরে এই মত
হইল নূনের পুত্র য়িহোশুআ য়িহুহের সেবক
একশতদশবৎসরবয়স্ক হইয়া মরিল। [৩০]
এবং তাহারা গাআশের টীকরের উত্তরদিগে তা
হার অধিকারের সীমা তিমনাতসেরাখে অর্থাৎ
এফরায়িমপর্ব্বতে তাহার কবর দিল। [৩১] এবং
য়িহোশুআর যাবদ্দিবসব্যাপিয়া এবং য়িশ্রা
এলের নিমিত্তে য়িহুহ যে সমস্ত ক্রিয়া করিয়াছি
লেন সে সমস্ত দেখিয়াছিল এবং য়িহোশুআর
মরণের পরে জীবৎ ছিল যে প্রাচীনেরা তাহার
দের সমস্ত দিবসব্যাপিয়া য়িশ্রাএল য়িহুহের
সেবা করিল।

[৩২] এবং য়িশ্রাএলের সন্তানকর্ত্তৃক মিসর
হইতে আনীত যুসফের অস্থি তাহারা শিকে
মের পিতা খমোরের পুত্রেরদের স্থানে এক শত
রূপাখানেতে য়আকুবকর্ত্তৃক ক্রীতা ভূমিতে গা
ড়িয়া রাখিল এবং সে ভূমি যুসফের সন্তানের
দের অধিকার হইল। [৩৩] পরে আহরো
ণের পুত্র এলিএজের মরিল এবং এফরায়িমপ
র্ব্বতে আপন পুত্র ফীনিখাসকে দত্ত এক টীক
রে তাহারা তাহাকে পুতিয়া রাখিল।

# বিচারকর্ত্তারদের পুস্তক।

## ১ প্রথম পর্ব্ব।

[১] অপর য়িহোশুআর মরণের পর এমত
হইল য়িশ্রাএলের সন্তানেরা এ কথা কহিয়া
য়িহুহকে জিজ্ঞাসা করিল যে কনআনীয়েরদের
প্রতিকূলে যুদ্ধকরণার্থে আমারদের নিমিত্তে প্র
থম তাহারদের বিরুদ্ধে কে উঠিয়া যাইবে। [২]
তাহাতে য়িহুহ কহিলেন য়িহুদাহ্ যাইবে দেখ
আমি তাহার হস্তে দেশ অর্পণ করিয়াছি। [৩]
পরে য়িহুদাহ্ আপন ভ্রাতা শিমিওনকে কহিল
আমার সহিত আমার বাঁটে উঠিয়া আইস যে
আমরা কনআনীয়েরদের সহিত যুদ্ধ করি এবং
আমিও তোমার সহিত তোমার বাঁটে যাইব তা
হাতে শিমিওন তাহার সহিত গেল। [৪] অপর
য়িহুদাহ্ উঠিয়া গেল এবং য়িহুহ কনআনী
য়েরদিগকে ও পিরিজীয়েরদিগকে তাহার হস্তে

অর্পণ করিলেন তাহাতে তাহারা বেজেকে তা
হারদের দশসহস্র লোককে হনন করিল [৫]
এবং বেজেকে তাহারা অদোনীবেজেককে পা
ইল এবং তাহারা তাহার সহিত যুদ্ধ করিল এবং
তাহারা কনআনীয়েরদিগকে ও পিরিজীয়েরদিগ
কে হনন করিল। [৬] কিন্তু অদোনীবেজেক
পলাইল তাহাতে তাহারা তাহার পাছে তাড়িয়া
গেল এবং তাহাকে ধরিয়া তাহার হস্তের এবং
পাদের বৃহদঙ্গুলি কাটিয়া ফেলিল। [৭] তাহাতে
অদোনীবেজেক কহিল ছিন্নহস্তপাদবৃহদঙ্গুলি সপ্ত
রি রাজা আমার মঞ্চের নীচে আহার সংগ্রহ
করিয়াছে আমি যে প্রকার করিয়াছি সে প্রকার
ঈশ্বর আমার প্রতিফল দিয়াছেন পরে তাহারা
তাহাকে য়িরূশালমে আনিল এবং সে সেস্থানে
মরিল। [৮] অপর য়িহুদাহের সন্তানেরা য়িরূ
শালমের প্রতিকূলে যুদ্ধ করিয়াছিল এবং তাহা
আক্রমণ করিয়া তলোয়ারের ধারেতে তাহার
প্রহারানন্তর অগ্নিদ্বারা সে নগর জ্বলাইয়াছিল।

[৯] তারপর য়িহুদাহের সন্তানেরা পর্ব্বত ও
দক্ষিণ দেশ ও তলভূমিনিবাসি কনআনীয়েরদের
সহিত যুদ্ধ করিতে উত্তরিয়া গেল। [১০] এবং
য়িহুদাহ্ খেবরোণবাসি কনআনীয়েরদের সহি
ত যুদ্ধ করিতে যাইয়া শেশঈকে ও অখীমনকে
ও তলমাঈকে বধ করিল পূর্ব্বে খেবরোণের
নাম কির্য্যত অরবঅ ছিল। [১১] পরে সেস্থান
হইতে সে দিবীরবাসিরদের বিরুদ্ধে গেল এবং
পূর্ব্বকালে দিবীরের নাম কির্য্যতসেফের ছিল।
[১২] এবং কালেব কহিল যে জন কির্য্যতসেফের
মারিয়া হস্তগত করে তাহাকে আমি অকসাহ্
নামে আমার কন্যাকে ভার্য্যার্থে দিব। [১৩]
পরে কালেবের কনিষ্ঠ ভ্রাতা কিনজের পুত্র ওত
নীএল তাহা আক্রমণ করিল তাহাতে সে অক
সাহ্‌নামে আপনার কন্যা তাহাকে ভার্য্যার্থে
দিল। [১৪] অপর এমত হইল সে যখন তাহার
নিকটে আইল তখন সে আপন পিতার স্থানে
এক ক্ষেত্র যাচ্ঞা করিতে তাহাকে প্রয়োগ করি
ল পরে সে কন্যা আপন গাধাহইতে অবরূঢ়া
হওয়াতে কালেব তাহাকে কহিল তুমি কি চাহ।
[১৫] তাহাতে সে তাহাকে কহিল আমাকে
আশীঃ প্রদান করুন যেহেতুক আপনি আমা
কে দক্ষিণদিক্‌স্থ এক ভূমি দিয়াছেন জলের উণই
ও আমাকে দিউন তাহাতে কালেব তাহাকে
উর্দ্ধস্থ ও অধঃস্থ উণই দান করিল।

[১৬] অপর মোশহের শ্বশুর কীনীয়ের সন্তা
নেরা য়িহুদাহের সন্তানেরদের সহিত তাল বৃ
ক্ষের নগরহইতে অরাদের দক্ষিণদিক্‌স্থ য়িহুদাহ্
অরণ্যে গেল এবং তাহারা যাইয়া লোকেরদের
মধ্যে বসতি করিল। [১৭] পরে য়িহুদাহ্ আ
পন ভ্রাতা শিমিওনের সহিত গেল এবং তাহা
রা সিফতবাসি কনআনীয়েরদিগকে হনন করি
য়া তাহা নিঃশেষরূপে সংহার করিল এবং সে
নগরের নাম খোরমাহ্ ছিল। [১৮] অপর য়ি
হুদাহ্ সসীম অজাও সসীম আশ্‌কিলোন ও
সসীম এক্রোণ আক্রমণ করিল। [১৯] এবং
য়িহুহ য়িহুদাহের সহিত ছিলেন তাহাতে সে
পর্ব্বতবাসিরদিগকে তাড়িয়া বাহির করিয়া দিল
কিন্তু তলভূমিনিবাসিরদিগকে তাড়িয়া বাহির
করিয়া দিতে পারিল না কেননা তাহারদের
লৌহনির্ম্মিত রথ ছিল। [২০] এবং মোশহের
বাক্যানুসারে তাহারা কালেবকে খেবরোণ দিল
এবং সে সেস্থানহইতে অনাকের তিন পুত্রকে
বাহির করিয়া দিল। [২১] এবং বেন্যামিনের
সন্তানেরা য়িরূশালমবাসি য়িবূসীয়েরদিগকে বা
হির করিয়া দিল না কিন্তু য়িবূসীয়েরা বেন্যামি
নের সন্তানেরদের সহিত য়িরূশালমে অদ্যপ
র্য্যন্ত বাস করে।

[২২] এবং যুসফের বংশও বীৎএলের প্রতি
কূলে উঠিয়া গেল এবং য়িহুহ তাহারদের সহিত
ছিলেন। [২৩] অপর যুসফের বংশ বীৎএল
পর্য্যবলোকন করিতে লোক প্রেরণ করিল ঐ ন
গরের নাম পূর্ব্বে লূজ ছিল। [২৪] এবং চারে
রা ঐ নগরহইতে নির্গত এক জনকে দেখিয়া
তাহাকে কহিল আমরা মিনতি করি নগরপ্র
বেশপথ আমারদিগকে দেখাও তাহাতে আ
মরা তোমার প্রতি অনুগ্রহ করিব। [২৫] পরে
সে ব্যক্তি তাহারদিগকে নগরপ্রবেশস্থান দেখা
ইলে তাহারা তলোয়ারের ধারেতে সে নগর
মারিল কিন্তু তাহারা সে মনুষ্যকে সপরিবারে
ছাড়িয়া দিল। [২৬] পরে সে মনুষ্য খিত্তীয়ের
দের দেশে যাইয়া এক নগর গ্রন্থন করিয়া তাহার
নাম লূজ রাখিল অদ্যপর্য্যন্ত তাহাই তাহার
নাম।

[২৭] এবং মনশেহ স্বগ্রামসুদ্ধ বীৎশিআনের
এবং স্বগ্রামসুদ্ধ তঅনাকের নিবাসিরদিগকে
এবং স্বগ্রামসুদ্ধ দোরনিবাসিরদিগকে এবং স্বগ্রা
মসুদ্ধ য়িবলিআমনিবাসিরদিগকে এবং স্বগ্রাম
সুদ্ধ মিগিদোবাসিরদিগকে বাহির করিয়া দিল
না কিন্তু কনআনীয়েরা সে দেশে বাসই করিল।
[২৮] অপর এই মত হইল য়িশ্রাএল যখন
বলবান হইল তখন তাহারা কনআনীয়েরদিগ
কে করাধীন করিল কিন্তু তাহারদিগকে নিঃশেষ
রূপে বাহির করিয়া তাড়িয়া দিল না।

[২৯] এবং এফরায়িম ও গেজেরবাসি কনআ
নীয়েরদিগকে তাড়িয়া বাহির করিয়া দিল না

কিন্তু কনআনীয়েরা গেজেরে তাহারদের সহিত বাস করিল।

[৩০] জিবূলূনও কিটরোণের ও নহলোলের নিবাসিরদিগকে তাড়িয়া বাহির করিয়া দিল না কিন্তু কনআনীয়েরা তাহারদের মধ্যে বাসই করিল এবং করদায়ী হইল।

[৩১] আশেরও অকোর ও সীদোনের ও অশ্‌লাবের ও অকজীবের ও খেলবাহের ও অফীকের ও রিখোবের নিবাসিরদিগকে বাহির করিয়া তাড়িয়া দিল না। [৩২] কিন্তু আশেরীয়েরা দেশনিবাসি কনআনীয়েরদের মধ্যে বাস করিল কেননা তাহারা তাহারদিগকে তাড়িয়া বাহির করিয়া দিল না।

[৩৩] এবং নপ্তালীও বীৎশেমেশের ও বীৎঅনাতের নিবাসিরদিগকে বাহির করিয়া তাড়িয়া দিল না কিন্তু দেশনিবাসি কনআনীয়েরদের মধ্যে সে বাস করিল তথাচ বীৎশেমেশের ও বীৎঅনাতের নিবাসিরা তাহারদের প্রতি করদায়ী হইল।

[৩৪] এবং অমোরীয়েরা দানের সন্তানেরদিগকে বলপূর্ব্বক পর্ব্বতে খেদিয়া দিল কেননা তাহারা তাহারদিগকে তলভূমিতে নামিতে দিল না [৩৫] কিন্তু অমোরীয়েরা খেরেস্‌পর্ব্বতে ও অয়ালোনে ও শঅলবীমে বাসই করিল তথাচ যুসফের বংশ্যেরদের হস্ত জয়ী ছিল তাহাতে তাহারা করদায়ী হইল। [৩৬] অমোরীয়েরদের সীমা অকরবীমগামি পথ এবং পাষাণ পর্ব্বতইত্যাদ্যবধি ছিল।

২ পর্ব্ব।

[১] অনন্তর যিহুহের এক দূত গিলগালহইতে বোকীমে আসিয়া কহিল মিসরহইতে আমি তোমারদিগকে গতি করাইয়াছি এবং তোমারদের পিতৃলোকেরদের প্রতি আমাকর্ত্তৃক দিব্যপূর্ব্বক দত্ত দেশে তোমারদিগকে আনিয়াছি এবং আমি কহিলাম যে তোমারদের সহিত আমার যে নিয়ম তাহা আমি কখন ভঞ্জন করিব না। [২] এবং তোমরা এই দেশবাসিরদের সহিত কোন সন্ধি করিবা না তোমরা তাহারদের বেদি সমস্ত অধঃক্ষেপণ করিবা কিন্তু তোমরা আমার বাক্যে অবধান কর নাই তোমরা ইহা কেন করিয়াছ। [৩] এতৎপ্রযুক্ত আমিও কহিলাম আমি তাহারদিগকে তোমারদের সম্মুখহইতে বাহির করিয়া খেদাইয়া দিব না কিন্তু তাহারা তোমারদের কোঁকে কণ্টকস্বরূপ হইবে এবং তাহারদের দেবতারা তোমারদের প্রতি ফাঁদস্বরূপ হইবে। [৪] অপর যিহুহের দূত এই বাক্য য়িশ্‌রাএলের তাবৎ সন্তানেরদিগকে কহিলে এমত হইল লোকেরা উচ্চৈঃস্বরে ক্রন্দন করিতে লাগিল। [৫] এবং তাহারা সে স্থানের নাম বোকীম রাখিল এবং তাহারা সেস্থানে যিহুহের উদ্দেশে নৈবেদ্য দিল।

[৬] অপর যিহোশুআ লোকেরদিগকে ছাড়িয়া দিলে য়িশ্‌রাএলের সন্তানেরা দেশাধিকারার্থে প্রত্যেকে আপন২ অধিকারে গেল। [৭] এবং লোকেরা যিহোশুআর তাবদ্দিবসব্যাপিয়া এবং যিহোশুআর মরণানন্তর জীবৎ থাকিয়া য়িশ্‌রাএলের জন্যে যিহুহকর্ত্তৃক কৃত সমস্ত মহাক্রিয়াদর্শনকারি প্রাচীনেরদের তাবদ্দিবসব্যাপিয়া যিহুহের সেবা করিল। [৮] পরে নূনের পুত্র যিহুহের সেবক যিহোশুআ একশতদশবৎসর বয়স্ক হইয়া মরিল। [৯] এবং তাহারা গাঅশপর্ব্বতের উত্তরপার্শ্বে এফরায়িমপর্ব্বতস্থ তিমনাতখেরেসে আপন অধিকারসীমায় তাহার কবর দিল।

[১০] এবং তৎকালীয় তাবদ্বংশ্যেরাও আপন২ পিতৃলোকেরদের স্থানে সংগৃহীত হইল এবং যিহুহকে এবং য়িশ্‌রাএলের জন্যে তৎকর্ত্তৃক কৃত ক্রিয়ানভিজ্ঞ অন্য এক বংশ তাহারদের পরে উৎপন্ন হইল। [১১] তৎপরে য়িশ্‌রাএলের সন্তানেরা যিহুহের সাক্ষাৎ কুক্রিয়া করিল এবং বআলেরদের সেবা করিল। [১২] এবং তাহারদিগকে মিসরদেশহইতে বাহির করিয়া আনয়নকারি তাহারদের পিতৃলোকেরদের ঈশ্বর যিহুহকে তাহারা ত্যাগ করিল এবং তাহারদের চতুর্দ্দিক্‌স্থ লোকেরদের দেবেরদের মধ্যবর্ত্তি দেবেরদের অনুগামী হইল এবং তাহারদিগকে প্রণাম করিল এবং যিহুহকে ক্রুদ্ধ করিল। [১৩] এবং তাহারা যিহুহকে ত্যাগ করিয়া বআলের ও অশ্‌তারোতের সেবা করিল।

[১৪] তাহাতে যিহুহের ক্রোধ য়িশ্‌রাএলের প্রতিকূলে উত্তপ্ত হইল এবং তিনি নষ্টকর্ত্তারদের হস্তে তাহারদিগকে অর্পণ করিলে তাহারা তাহারদিগকে নষ্ট করিল এবং তিনি তাহারদের চতুর্দ্দিক্‌স্থ শত্রুরদের হাতে তাহারদিগকে বিক্রয় করিলেন তাহাতে তাহারা আপনারদের শত্রুরদের সম্মুখে আর দাঁড়াইতে পারিল না। [১৫] যিহুহ যেমন কহিয়াছিলেন এবং যিহুহ যেমন তাহারদের প্রতি দিব্য করিয়াছিলেন তেমন তাহারা যে কোন স্থানে বাহির হইয়া গেল সে স্থানে অমঙ্গলের নিমিত্তে যিহুহের হস্ত তাহারদের প্রতিকূলে ছিল তাহাতে তাহারা অতিশয় ক্লেশান্বিত ছিল।

[১৬] তথাপি তাহারদের নষ্টকারিরদের হস্ত

হইতে তাহারদের মুক্তকারি বিচারকর্ত্তারদিগকে
য়িহুহ উৎপন্ন করিলেন। [১৭] তথাচ তাহারা
আপনারদের বিচারকর্ত্তারদের বাক্যে অবধান
করিল না*কিন্তু ব্যভিচার করিয়া অন্য দেবের
দের পাছেং বেড়াইল এবং তাহারদের সাক্ষাৎ
আপনারদিগকে নোয়াইল এবং তাহারদের
পিতৃলোকেরা য়িহুহের আজ্ঞাপালন করত যে
পথগামী হইয়াছিল সে পথহইতে তাহারা শী
ঘ্রতর বহির্ভূত হইল তাহারা তদনুসারে করিল
না। [১৮] অপর য়িহুহ যখন তাহারদের জন্যে
বিচারকর্ত্তারদিগকে উৎপন্ন করিলেন তখন য়ি
হুহ সে বিচারকর্ত্তার সহিত ছিলেন এবং সে বি
চারকর্ত্তার তাবদায়ুর্ব্যাপিয়া তাহারদের শত্রুর
দের হস্তহইতে তাহারদিগকে মুক্ত করিলেন যে
হেতুক তাহারদের অন্যায়কারিরদের ও তাহার
দের ক্লেশদায়িরদের জন্যে তাহারদের কোঁকানি
প্রযুক্ত য়িহুহ পরামনন করিলেন। [১৯] অপর
এমত হইল সে বিচারকর্ত্তা মরিলে তাহারা প
রাবৃত্ত হইয়া অন্য দেবেরদের সেবাকরণার্থে
এবং তাহারদিগকে প্রণামকরণার্থে তাহারদের
অনুগামিহওনে আপনারদের পিতৃলোকেরদের
অপেক্ষা আপনারদিগকে অধিক সমল করিল
তাহারা আপনং ক্রিয়াবিষয়ে এবং আপনং
একগুঁয়ানুগমনবিষয়ে ক্ষান্ত হইল না।

[২০] তাহাতে য়িশ্রাএলের প্রতিকূলে য়িহু
হের ক্রোধ তপ্ত হইল এবং তিনি কহিলেন এ
লোকেরদের পিতৃলোকেরদিগকে আমার যে
নিয়ম আমি আজ্ঞা করিয়াছিলাম তাহারা সে
নিয়মলংঘন করিয়া আমার বাক্যে অবধান না
করণপ্রযুক্ত [২১] য়িহোশুআ মরণকালে যে স
মস্ত জাতীয়েরদিগকে অবশিষ্ট রাখিয়াছিল তা
হারদের কোন কাহাকে আমি অদ্যাবধি তা
হারদের সম্মুখহইতে তাড়িয়া বাহির করিয়া
দিব না। [২২] যে তাহারদের দ্বারা আমি য়িশ্
রাএলের পরীক্ষা লই যে তাহারদের পিতৃলো
কেরা য়িহুহের পথে গমনার্থে যেমন তাহা পা
লন করিয়াছিল তাহারা তেমন করিবে কি না।
[২৩] অতএব য়িহুহ সে জাতীয়েরদিগকে অ
রায় বাহির না করিয়া তাহারদিগকে অবশিষ্ট
রাখিলেন এবং তাহারদিগকে য়িহোশুআর হস্তে
অর্পণ করিলেন না।

## ৩ পর্ব্ব।

[১] অপর য়িশ্রাএলের বংশ্যেরা বিশেষতঃ
তাহারদের মধ্যে যুদ্ধবিষয়ে অনবগতেরা তদব
গত হয় এ নিমিত্তে তাহারদিগকে যুদ্ধ শিক্ষা করা
ইবার কারণ এতন্মাত্র য়িশ্রাএলের মধ্যে [২]
অর্থাৎ তাহারদের মধ্যে কনআনদেশীয় সমস্ত
যুদ্ধবিষয়ে তাবদনবগতেরদের পরীক্ষা লওনা
র্থে য়িহুহ যে জাতীয়েরদিগকে অবশিষ্ট রাখি
লেন তাহারা এই। [৩] বিশেষতঃ পলশতী
য়েরদের পাঁচ অধ্যক্ষ এবং সমস্ত কনআনীয়
এবং সীদোনীয় এবং বআলখের্মোণপর্ব্বতা
বধি খমাতের প্রবেশপথপর্য্যন্ত লিবানোনপর্ব্ব
তবাসি খিবীয়। [৪] এবং মোশহদ্বারা য়িহুহ
তাহারদের পিতৃরদের প্রতি আজ্ঞপ্তাজ্ঞাতে য়িশ্
রাএলীয়েরা অবধান করিবে কি না এতজ্জ্ঞানা
র্থে তাহারদের দ্বারা য়িশ্রাএলের পরীক্ষা লও
নজন্যে তাহারা ছিল।

[৫] এবং য়িশ্রাএলের সন্তানেরা কনআনী
য়েরদের ও খিতীয়েরদের ও আমোরীয়েদের
ও পিরিজীয়েরদের ও খিবীয়েরদের ও য়িবুসী
য়েরদের মধ্যে বাস করিল। [৬] এবং তাহারা
তাহারদের কন্যারদিগকে আত্মভার্য্যাহওনার্থে
গ্রহণ করিল এবং তাহারদের পুত্রেরদিগকে আ
ত্মকন্যাদান করিল এবং তাহারদের দেবেরদের
সেবা করিল। [৭] এবং য়িশ্রাএলের সন্তানে
রা য়িহুহের চক্ষুর্গোচরে কুকর্ম্ম করিল এবং আ
পনারদের ঈশ্বর য়িহুহের বিষয়ে বিস্মৃত হইল
এবং বআলেরদের ও চৈত্যবৃক্ষের সেবা করিল।
[৮] তাহাতে য়িহুহের ক্রোধ য়িশ্রাএলের প্রতি
কূলে তপ্ত হইল এবং তিনি আরম নখরায়িমের
রাজা কূশনরিশআতয়িমের হস্তে তাহারদিগকে
বিক্রয় করিলেন তাহাতে য়িশ্রাএলের সন্তানে
রা আট বৎসরব্যাপিয়া কূশনরিশআতয়িমের
সেবা করিল। [৯] পরে য়িশ্রাএলের সন্তানে
রা যখন য়িহুহের উদ্দেশে প্রার্থনা করিল তখন
য়িহুহ য়িশ্রাএলের সন্তাননিস্তারকারি এক জন
কে অর্থাৎ কালেবের কনিষ্ঠ ভ্রাতা কিনজের
পুত্র ওত্‌নীএলকে তাহারদের জন্যে উৎপন্ন করি
লেন। [১০] তাহাতে য়িহুহের আত্মা তাহার
উপরে আইল তাহাতে সে য়িশ্রাএলের বিচার
করিল এবং যুদ্ধার্থে বাহিরে গেল এবং য়িহুহ
আরম নখরায়িমের রাজা কূশনরিশআতয়িম
কে তাহার হস্তে অর্পণ করিলেন এবং তাহার
বাহু কূশনরিশআতয়িমের উপরে জয়ী হইল।
[১১]তাহাতে দেশ চল্লিশ বৎসরব্যাপিয়া নিষ্কণ্ট
কে ছিল পরে কিনজের পুত্র ওত্‌নীএল মরিল।

[১২] অপর য়িশ্রাএলের সন্তানেরা য়িহু
হের দৃষ্টিতে পুনর্ব্বার কুক্রিয়া করিল তাহাতে
য়িহুহ মোআবের রাজা এগলোনকে য়িশ্রাএ
লের প্রতিকূলে শক্তিমান করিলেন যেহেতুক তা
হারা য়িহুহের দৃষ্টিতে কুক্রিয়া করিয়াছিল।
[১৩] এবং সে অমোনের ও অমালেকের সন্তা
নেরদিগকে আপন নিকটে সমারোহ করিল

এবং যাইয়া য়িশ্রাএলকে মারিয়া খর্জ্জূরবৃক্ষন
গর অধিকার করিল। [১৪] তাহাতে য়িশ্রাএ
লের সন্তানেরা আঠার বৎসরব্যাপিয়া মোআ
বের এগলোনরাজের সেবা করিল। [১৫] কিন্তু
য়িশ্রাএলের সন্তানেরা যখন য়িহুহের উদ্দেশে
প্রার্থনা করিল তখন য়িহুহ তাহারদের জন্যে
বেন্যামিনগোষ্ঠীর গেরার পুত্র বামহস্তব্যবসায়ী
এহূদ নামে এক জন উদ্ধারকর্ত্তাকে উৎপন্ন করি
লেন এবং তদ্দ্বারা য়িশ্রাএলের সন্তানেরা মো
আবের এগলোনরাজের নিকটে এক উপঢৌ
কন প্রেরণ করিল। [১৬] কিন্তু এহূদ আপন
নিমিত্তে এক হস্ত দীর্ঘ দ্বিধারযুক্ত এক কিরিচ নি
র্ম্মাণ করিল এবং বস্ত্রের নীচে আপন দক্ষি
ণোরুতে তাহা বদ্ধ করিল। [১৭] পরে সে
ঐ উপঢৌকন মোআবের এগলোনরাজের নিক
টে আনিল ঐ এগলোন অতিস্থূলকায় মানুষ
ছিল। [১৮] পরে উপঢৌকন দেওয়া সাঙ্গ
করিলে সে ঐ উপঢৌকনবাহকেরদিগকে বিদায়
করিল। [১৯] কিন্তু সে আপনি গিলগালস্থ
প্রস্তরখানহইতে পুনর্ব্বার ফিরিয়া আসিয়া ক
হিল হে মহারাজ আপনকার নিকটে আমার
গোপনীয় এক সম্বাদ আছে রাজা কহিলেন তূ
ষ্ণীভূত হও তাহাতে তন্নিকটবর্ত্তি দণ্ডায়মান স
মস্ত লোক তাহার গোচরহইতে বাহিরে গেল।
[২০] পরে এহূদ তাহার নিকটে আইল এবং
সে আপন জন্যে মাত্র নির্ম্মিত এক গ্রীষ্মবাটিকা
তে বসিয়াছিল তাহাতে এহূদ কহিল ঈশ্বরহই
তে আপনকার নিকটে আমার এক সম্বাদ আ
ছে তাহাতে সে আপন আসনহইতে উঠিল।
[২১] পরে এহূদ আপন বাম হস্ত বাড়াইয়া আ
পন দক্ষিণোরুহইতে কিরিচ গ্রহণ করিয়া তাহার
উদরে চালাইয়া দিল। [২২] তাহাতে ফ
লের সহিত দণ্ডও প্রবেশ করিল এবং চরবি ফ
লের উপরে ঢাকিয়া পড়িল তাহাতে সে তাহার
উদরহইতে কিরিচ বাহির করিতে পারিল না
এবং মলও নির্গত হইল। [২৩] পরে এহূদ
বারাণ্ডা দিয়া নির্গত হইয়া সে গ্রীষ্মবাটিকার
দ্বার রুদ্ধ করিয়া ছোড়ান দিয়া বদ্ধ করিল।
[২৪] অপর সে নির্গত হইলে তাহার ভৃত্যবর্গে
রা উপস্থিত হইল এবং যখন তাহারা দেখিল
যে গ্রীষ্মবাটিকার দ্বার ছোড়ানেতে বদ্ধ তখন
কহিল যে নিশ্চয় তিনি আপন গ্রীষ্মবাটিকাতে
আপন পাদ ঢাকিতেছেন। [২৫] পরে ল
জ্জিত হওয়াপর্য্যন্ত তাহারা গৌণ করিল এবং
দেখ সে গ্রীষ্মবাটিকার দ্বার খুলিল না অতএব
তাহারা ছোড়ান লইয়া দ্বার খুলিল এবং দেখ
তাহারদের প্রভু মৃত্তিকাতে মৃত পড়িয়া আছে।
[২৬] অপর তাহারা গৌণ করিতেছিল ইত্যবস
রে এহূদ পলাইয়া সেই প্রস্তরখান পাছে ফেলি
য়া শেয়ীরাতে পলাইয়া গেল। [২৭] অপর সে
খানে পঁহুছিলে এমত হইল সে এফ্রায়িমপর্ব্ব
তে এক তূরী বাজাইল এবং য়িশ্রাএলের সন্তা
নেরা তাহার সহিত পর্ব্বতহইতে নামিয়া গেল
এবং সে তাহারদের অগ্রগামী হইয়া চলিল।
[২৮] এবং সে তাহারদিগকে কহিল আমার প
শ্চাৎ২ আইস কেননা য়িহুহ তোমারদের শত্রু
মোআবীয়েরদিগকে তোমারদের হস্তে অর্পণ
করিয়াছেন তাহাতে তাহারা তাহার পশ্চাদ্বর্ত্তী
হইয়া নামিয়া যাইয়া মোআবদিক্‌স্থিত য়রদন
ঘাটসমস্ত আক্রমণ করিল এবং এক প্রাণিকে
পার হইতে দিল না।

[২৯] এবং তাহারা সে সময়ে মোআবের
দশসহস্র লোক বধ করিল সকলে বৃহৎকায় ও
সকলে বলবান লোক এবং এক জনও বাঁচিল
না। [৩০] এই ক্রমে সে দিবসে মোআব য়িশ্
রাএলের হস্তগত হইল তাহাতে দেশ আশী বৎ
সরব্যাপিয়া নিষ্কণ্টকে রহিল।

[৩১] তাহার পর গোচারণ লগুড়েতে পলেশ্
তীয়েরদের ছয় শত লোক হননকারি অনাতের
পুত্র শমগর ছিল সেও য়িশ্রাএলকে উদ্ধার ক
রিল।

৪ পর্ব্ব।

[১] অপর এহূদের মরণানন্তর য়িশ্রাএলের
সন্তানেরা য়িহুহের দৃষ্টিতে পুনর্ব্বার কুকর্ম্ম ক
রিল। [২] তাহাতে য়িহুহ তাহারদিগকে খা
সোরকর্ত্তৃত্বকারি কনআনের য়াবীনরাজের হস্তে
বিক্রয় করিলেন অন্যদেশীয়েরদের খারোশেত
বাসি সীসিরা তাহার সৈন্যের পতি ছিল। [৩]
পরে য়িশ্রাএলের সন্তানেরা য়িহুহের উদ্দেশে
প্রার্থনা করিল কেননা তাহার নয় শত লৌহ
রথ ছিল এবং বিংশতি বৎসরব্যাপিয়া সে য়িশ্
রাএলের সন্তানেরদিগকে অতিশয় ক্লেশ দিল।

[৪] এবং লপীদোতের ভার্য্যা দিবোরাহ্ আ
চার্য্যানী সে সময়ে য়িশ্রাএলের বিচার করিল।
[৫] এবং সে রামাহের ও বৈৎএলের মধ্যস্থা
নে এফ্রায়িমপর্ব্বতে দিবোরাহ্ নামে খর্জ্জূরবৃ
ক্ষের তলে বাস করিত এবং বিচারনিমিত্তে য়িশ্
রাএলের সন্তানেরা তাহার নিকটে আসিত।
[৬] এবং সে প্রেরণ করিয়া কেদেশনপ্তালীহই
তে অবীনোঅমের পুত্র বারাককে ডাকাইয়া ক
হিল য়িশ্রাএলের ঈশ্বর য়িহুহ কি আজ্ঞা করেন
নাই যে যাও এবং তাবোরপর্ব্বতসমীপে উপ
স্থিত হও এবং নপ্তালীর ও জিবূলুনের সন্তানের
দের দশসহস লোক আপনার সমভিব্যাহারে

লও। [৭] এবং আমি য়াবীনের সৈন্যের সে
নাপতি সীসিরাকে তাহার রথ ও জনতাসুদ্ধ কী
সোননদীতীরে তোমার নিকটে আকর্ষণ করিব
এবং আমি তাহাকে তোমার হস্তে অর্পণ করি
ব। [৮] তাহাতে বারাক তাহাকে কহিল তুমি
যদি আমার সহিত যাও তবে আমি যাইব কিন্তু
তুমি যদি আমার সহিত না যাও তবে আমি যা
ইব না। [৯] তাহাতে সে কহিল আমি অবশ্য
তোমার সহিত যাইব কিন্তু তোমার এ যে যাত্রা
তুমি করিবা তাহাতে তোমার যশঃ হইবে না
কেননা য়িহুহ সীসিরাকে এক স্ত্রীর হস্তে বিক্রয়
করিবেন পরে দিবোরাহ্ উঠিয়া বারাকের স
হিত কেদেশে গেল।

[১০] অপর বারাক জিবূলুনকে ও নপ্তালীকে
কেদেশে ডাকাইল এবং সে স্বচরণানুগামি দশ
সহস্ লোকসমভিব্যাহারে উঠিয়া গেল এবং
দিবোরাহ্ও তাহার সহিত গেল। [১১] ঐ সম
য়ে মোশহের শ্বশুর খোবাবের সন্তানজাত কী
নীয় খেবের অন্য২ কিনীয়েরদিগহইতে আপনা
কে পৃথক্ করিয়া কেদেশসমীপবর্ত্তি সঅনয়িম
মাঠে আপন তাম্বু খাড়া করিয়াছিল। [১২]
পরে তাহারা সীসিরার নিকটে জানাইল যে
অবীনোঅমের পুত্র বারাক তাবোরপর্ব্বতে উ
ঠিয়া গিয়াছিল। [১৩] তাহাতে সীসিরা আ
পন সমস্ত রথ অর্থাৎ নব শত লৌহ রথ এবং
খরোশেতাবধি কীশোননদীপর্য্যন্ত তৎসহবর্ত্তি
অন্যদেশীয়েরদের সমস্ত লোকেরদিগকে সমা
রোহ করিল। [১৪] অপর দিবোরাহ্ বারাক
কে কহিল উঠুন কেননা য়িহুহ যে দিবসে সীসি
রাকে তোমার হস্তে অর্পণ করিবেন সে দিবস
এই য়িহুহ কি আপনার অগ্রগামী হইয়া নির্গত
হন নাই তাহাতে বারাক তাবোরপর্ব্বতহইতে
নামিয়া গেল এবং দশসহস্ লোক তাহার প
শ্চাদ্গামী হইয়া চলিল। [১৫] এবং য়িহুহ
বারাকের সম্মুখে সীসিরাকে ও তাহার সমস্ত
রথ ও তাহার সমস্ত সৈন্যকে তলোয়ারের ধা
রেতে ছিন্নভিন্ন করিলেন তাহাতে সীসিরা আ
পন রথহইতে নামিয়া পদব্রজে পলায়ন করিল
[১৬] কিন্তু অন্যদেশীয়েরদের খরোশেতপর্য্যন্ত
বারাক সে সমস্ত রথের ও সৈন্যেরদের পাছে২
তাড়িয়া গেল এবং সীসিরার সমস্ত সৈন্য তলো
য়ারের ধারেতে পড়িল এক জনও অবশিষ্ট র
হিল না। [১৭] কিন্তু সীসিরা কেনীয় খেবে
রের ভার্য্যা য়াএলের তাম্বুতে পদব্রজে পলাই
য়া গেল যেহেতুক খসোরের য়াবীনরাজের
এবং কেনীয় বংশীয় খেবেরের সহিত ঐক্য
ছিল।

[১৮] এবং য়াএল সীসিরাকে ভেটিবার নিমি
ত্তে বাহির হইয়া তাহাকে কহিল হে আমার
প্রভু অন্তরে আগমন করুন আমার নিকটে ফি
রিয়া আইসুন ভীত হইবেন না পরে সে ফিরি
য়া তাহার নিকটে তাম্বুর মধ্যে গেলে সে এক
বস্ত্র দিয়া তাহাকে ঢাকিল। [১৯] পরে সে তা
হাকে কহিল আমি মিনতি করি পানার্থে আমা
কে কিছু জল দেও কেননা আমি তৃষিত আছি
তাহাতে সে দুগ্ধের এক পাত্র খুলিয়া তাহাকে
পান করিতে দিল পরে তাহাকে ঢাকিয়া রাখি
ল। [২০] অপর সে তাহাকে কহিল তাম্বুদ্বারে
দাঁড়িয়া থাক এবং এমত হইবে কেহ যদি আসি
য়া তোমাকে জিজ্ঞাসা করিয়া কহে যে এ স্থানে
কেহ আছে কি না তবে তুমি কহিবা যে না।
[২১] অপর খেবেরের ভার্য্যা য়াএল তাম্বুর এক
কীলক লইয়া হস্তে মুদ্গর গ্রহণ করিয়া শনৈঃ২
তাহার নিকটে যাইয়া সে কীলকেতে তাহার ক
পাল বিদীর্ণ করিয়া মৃত্তিকাতে বদ্ধ করিল যেহে
তুক সে ঘোরনিদ্রাগত ও শ্রান্ত ছিল এইরূপে
সে মরিল। [২২] এবং দেখ বারাক সীসিরার
পশ্চাৎ২ তাড়িয়া যাইতে ছিল ইতিমধ্যে য়াএল
তাহার সহিত সাক্ষাৎ করিতে বাহিরে আসিয়া
তাহাকে কহিল আইসুন আপনি যে মনুষ্যের
অন্বেষণ করিতেছেন তাহাকে আমি আপনাকে
দেখাইব তাহাতে সে অন্তরে তাহার নিকটে
আইলে দেখ সীসিরা মৃত পড়িয়া রহিয়াছে এ
বং কীলক তাহার কপালে। [২৩] অতএব য়ি
হুহ ঐ দিবসে কনআনের য়াবীনরাজকে য়িশ্রা
এলের সন্তানেরদের সম্মুখে পরাস্ত করিলেন।
[২৪] এবং য়িশ্রাএলের সন্তানেরদের হস্ত বল
বান্ ছিল এবং যেপর্য্যন্ত তাহারা কনআনের য়া
বীনরাজকে সংহার না করিল সেপর্য্যন্ত কন
আনের য়াবীনরাজের উপরে জয়ী ছিল।

৫ পর্ব্ব।

[১] অপর সেই দিবসে দিবোরাহ্ এবং
অবীনোআমের পুত্র বারাক এ বাক্য কহিয়া
গান করিল। [২] লোকেরা যে সময়ে স্বেচ্ছা
পূর্ব্বক আপনারদিগকে দান করিয়াছিল সে স
ময়ে য়িশ্রাএলের শত্রুপ্রতীকারকরণহেতুক য়ি
হুহের প্রশংসা কর। [৩] হে রাজগণেরা অ
বধান কর হে রাজপুত্রেরা কর্ণ দেও আমি
আমিই য়িহুহের নিকটে গান করিব য়িশ্রাএ
লের ঈশ্বর য়িহুহের উদ্দেশে আমি গান করিব।
[৪] হে য়িহুহ তুমি যখন শেঈরহইতে নির্গমন
করিলা যখন তুমি এদোমের মাঠহইতে গতি
করিলা তখন পৃথিবী কম্পমানা হইল এবং
স্বর্গেরা ফোঁটা২ ঝরিল মেঘেরাও বিন্দু২ করি

ম্যা জল বর্ষাইল। [৫] পর্ব্বতেরা অর্থাৎ ঐ সীনাই য়িহুহের সম্মুখহইতে য়িশ্রাএলের ঈশ্বর য়িহুহের সাক্ষাৎ গলিয়া গেল। [৬] অনাতের পুত্র শমগরের কালে য়াএলের কালেই রাজপথসমস্ত পথিকহীন ছিল এবং পথিকেরা উপপথ হইয়া গমন করিল। [৭] গ্রামস্থেরা সেখানে থাকিল না আমি দিবোরাহ্ যাবৎ উৎপন্না না হইলাম যাবৎ আমি য়িশ্রাএলের মাতৃস্বরূপা উৎপন্না না হইলাম তাবৎ তাহারা য়িশ্রাএলে থাকিল না। [৮] তাহারা নবীন দেব মনোনীত করিল তৎকালে দ্বারে২ সংগ্রাম ছিল য়িশ্রাএলের চল্লিশ সহস্রের মধ্যে ঢাল কিম্বা শল্য কি দৃষ্ট ছিল। [৯] লোকেরদের মধ্যে স্বেচ্ছাপূর্ব্বক আপনারদিগকে দানকারি য়িশ্রাএলের অধ্যক্ষেরদের প্রতি আমার অন্তঃকরণ আছে তোমরা য়িহুহের আশীঃস্বীকার কর। [১০] শুক্লবর্ণ গর্দ্দভারূঢ় তোমরা বিচারে উপবিষ্ট এবং পথগামি তোমরা কহ। [১১] জলতোলনস্থানে ধনুর্দ্ধরেরদের শব্দহইতে উদ্ধৃতেরা সেই স্থানে য়িহুহের ন্যায্য ক্রিয়ার অর্থাৎ য়িশ্রাএলস্থ আপন গ্রামের প্রতি কৃত ন্যায্য ক্রিয়ার সঙ্কীর্ত্তন করিবে তখন য়িহুহের লোকেরা দ্বার নিকটে যাইবে। [১২] হে দিবোরাহ্ জাগরিতা হও জাগরিতা হও সচেতনা হও সচেতনা হও গানোক্তি কর হে বারাক জাগরিত হও এবং হে অবীনোঅমের পুত্র আপনার বন্দিসমূহকে বন্দিরূপে লইয়া যাও। [১৩] অপর অবশিষ্ট লোককে তিনি লোকমধ্যবর্ত্তি মহাকুলস্থেরদের উপরে কর্ত্তৃত্ব করাইলেন পরাক্রান্তেরদের উপরে য়িহুহ আমাকে কর্ত্তৃত্ব করাইলেন। [১৪] এফ্রায়িমহইতে তাহারদের এক মুল অমালেকের প্রতিকূলে ছিল হে বেন্যামিন তোমার পরে লোকেরদের মধ্যে মাকীরহইতে কর্ত্তারা উত্তরিয়া আইল এবং লেখকের কলমব্যবসায়ী জিবূলুন হইতে আইল। [১৫] এবং য়িশ্শাকরের অধ্যক্ষেরা দিবোরাহের সহিত ছিল অর্থাৎ য়িশ্শাকর এবং বারাক সেই পদব্রজে তলভূমিতে প্রেরিত হইয়াছিল রিউবেণের বিরোধবিষয়ে অন্তঃকরণের অতিশয় ভাবনা ছিল। [১৬] মেষপালেরদের শব্দ শ্রবণার্থে তুমি কি জন্যে মেষবাথানের মধ্যে বাস করিলা রিউবেণের বিরোধবিষয়ে অন্তঃকরণের বহু বিবেচনা ছিল। [১৭] গিলিআদ য়রদনের ওপারে বাস করিল এবং দান কি জন্যে জাহাজে রহিল আশের সমুদ্রের তীরে স্থিতি করিল এবং আপন ফাটালে বাস করিল। [১৮] জিবূলুন ও নপ্তালী মাঠস্থ উচ্চস্থানে মৃত্যুপর্য্যন্ত স্ব২ প্রাণপণকারি লোক। [১৯] রাজারা আসিয়া যুদ্ধ করিল তৎকালে মিগিদোর জলনিকটে তআনাকেতে কনআনের রাজারা সংগ্রাম করিল তাহারা কোন অর্থ গ্রহণ করিল না। [২০] তাহারা স্বর্গে থাকিয়া সংগ্রাম করিল নক্ষত্রেরা স্বস্বগমনপথে সীসিরার প্রতিকূলে সংগ্রাম করিল। [২১] কীশোননদী অর্থাৎ কীশোননামে ঐ প্রাচীন নদী তাহারদিগকে ভাসাইয়া লইয়া গেল হে আমার মন তুমি বলকে দলিয়া ফেলিয়াছ। [২২] তৎকালে লম্ফনেতে অর্থাৎ তাহারদের পরাক্রান্তেরদের লম্ফনেতে অশ্বেরদের খুর ভগ্ন হইল। [২৩] য়িহুহের দূত কহিলেন যে মেরোজকে শাপ দেও তন্নিবাসিরদিগকে কটূরূপে শাপ দেও যেহেতুক তাহারা য়িহুহের সাহায্যে অর্থাৎ পরাক্রান্তেরদের প্রতিকূলে য়িহুহের সাহায্যে আইল না। [২৪] কেনীয় খেবেরের ভার্য্যা য়াএল অন্য স্ত্রীলোকাপেক্ষা ধন্যা হইবে তাম্বুমধ্যবাসিনী স্ত্রীলোকাপেক্ষাই সে বরপ্রাপ্তা হইবে। [২৫] সে জল চাহিলে সে দুগ্ধ দিল সে রাজোপযুক্ত পাত্রে ক্ষীর বাহির করিয়া আনিল। [২৬] সে কীলকেতে হস্ত প্রদান করিল এবং কর্ম্মকারের মুদ্গরেতে দক্ষিণ হস্ত লাগাইল পরে মুদগরেতে সে সীসিরাকে আঘাত করিল তাহার কপালে আঘাত করিয়া বিদীর্ণ করিলে সে তাহার শিরশ্ছেদন করিল। [২৭] তাহার চরণে সে হেঁট হইল সে পড়িল সে শুইয়া রহিল তাহার চরণে সে হেঁট হইল সে পড়িল সে যে স্থানে হেঁট হইল সে স্থানে মৃত হইয়া পড়িল। [২৮] সীসিরার মাতা ঝরকা দিয়া চাহিয়া দেখিল এবং চিক্ দিয়া ডাকিয়া কহিল তাঁহার রথ আগমনে গৌণ করে কেন তাঁহার রথচক্র বিলম্ব করে কেন। [২৯] তাহার জ্ঞানবতী দাসীরা তাহাকে প্রত্যুত্তর করিল হাঁ সেই আপনাকে উত্তর করিল। [৩০] তাঁহারা কি কৃতার্থ হন নাই তাঁহারা কি লুঠ অংশ করিয়া দেন নাই বিশেষতঃ প্রত্যেক জনকে দুই এক কন্যা সীসিরাকে নানাবর্ণের অর্থাৎ নানাবর্ণসূচিকার্য্যের অর্থাৎ লুঠকেরদের গলোপযুক্ত দুই পৃষ্ঠে নানাবর্ণাকৃত সূচিকার্য্যের লুঠ। [৩১] হে য়িহুহ তোমার সমস্ত শত্রুরা সেইমত বিনষ্ট হউক কিন্তু তাঁহাতে প্রেমকারিরা সপ্রতাপে গতিকারি সূর্য্যের মত হউক পরে দেশ চল্লিশ বৎসরব্যাপিয়া সুখাভিষিক্ত হইল।

## ৬ পর্ব্ব।

[১] অপর য়িশ্রাএলের সন্তানেরা য়িহুহের দৃষ্টিতে কুকর্ম্ম করিল তাহাতে য়িহুহ সাত বৎসরব্যাপিয়া তাহারদিগকে মিদিআনের হস্তে অর্পণ করিলেন। [২] এবং মিদিআনের হস্ত

য়িশ্রাএলের প্রতিকূলে প্রবল ছিল এবং মিদি
আনীয়েরদের ভয়েতে য়িশ্রাএলের সন্তানেরা
আপনারদের নিমিত্তে পর্ব্বতস্থ গুপ্ত নিবাস ও গু
হাও দুরাক্রম স্থান নির্ম্মাণ করিল। [৩] অপর
এই মত হইল য়িশ্রাএল বীজ বুনিলে মিদিআ
নীয়েরা উঠিয়া আইল এবং অমালকীয়েরা ও
পূর্ব্বদেশীয়েরা অর্থাৎ তাহারাই তাহারদের
প্রতিকূলে উঠিয়া আইল। [৪] এবং তাহারা
উঠিয়া আসিয়া তাহারদের অভিমুখে ছাউনি
করিয়া অজাহতে তোমার যাওনের সমস্ত পথে
ভূমির উৎপত্তি নষ্ট করিল এবং মেষ গরু গর্দ্দ
ভাদি য়িশ্রাএলের জন্যে কোন সংস্থান রাখিল
না। [৫] যেহেতুক তাহারা স্বস্বপশু এবং স্বস্ব
তাম্বু সঙ্গে করিয়া ফড়িঙ্গের ন্যায়অতিশয় জন
তা উঠিয়া আইল কেননা তাহারা এবং তাহার
দের উট অসংখ্য ছিল এবং তাহারা দেশ নষ্ট
করিবার নিমিত্তে তাহাতে প্রবেশ করিল। [৬]
এবং মিদিআনীয়হেতুক য়িশ্রাএল অতিশয়
দরিদ্রীভূত হইল অতএব য়িশ্রাএলের সন্তানে
রা য়িহুহের উদ্দেশে প্রার্থনা করিল।

[৭] অপর এমত হইল য়িশ্রাএলের সন্তা
নেরা মিদিআনীয়প্রযুক্ত য়িহুহের উদ্দেশে প্রার্থ
না করিল। [৮] য়িহুহ য়িশ্রাএলের সন্তানের
দের নিকটে বক্ষ্যমাণ বাক্যবাদি এক জন আচা
র্য্য প্রেরণ করিলেন য়িশ্রাএলের ঈশ্বর য়িহুহ এ
কথা কহেন আমি তোমারদিগকে মিস্রহইতে
আনিয়াছি এবং দাসত্বাগারহইতে তোমার
দিগকে বাহির করিয়া আনিয়াছি। [৯] এবং
মিস্রীয়েরদের হস্তহইতে এবং তোমারদের ক্লে
শদায়ি সকলের হস্তহইতেও আমি তোমারদি
গকে উদ্ধার করিলাম এবং তোমারদের সম্মুখ
হইতে তাহারদিগকে তাড়িয়া দিয়া তাহারদের
দেশ তোমারদিগকে দিলাম। [১০] এবং আমি
তোমারদিগকে কহিলাম যে আমি তোমারদের
ঈশ্বর য়িহুহ তোমরা যে অমোরীয়েরদের দেশে
বাস কর তাহারদের দেবতারদিগকে ভয় করিও
না কিন্তু তোমরা আমার বাক্য মান নাই।

[১১] অপর য়িহুহের এক দূত আসিয়া
আবিএজরীয় য়োআশের অধিকারস্থ ওফরাহে
স্থিত এক আলোনবৃক্ষের তলে বসিল এবং তা
হার পুত্র গিদিওন মিদিআনীয়েরদেরহইতে গো
পনার্থে দ্রাক্ষাযন্ত্রের নিকটে গোম মাড়িতে
ছিল। [১২] এবং য়িহুহের দূত তাহার নিকটে
দর্শন দিয়া তাহাকে কহিল হে বীরত্ববিশিষ্ট বল
বান মনুষ্য য়িহুহ তোমার সহবর্ত্তী আছেন।
[১৩] তাহাতে গিদিওন তাঁহাকে কহিল হায়
আমার প্রভু য়িহুহ যদি আমারদের সহিত হন
তবে এ সমস্ত আমারদের ঘটিয়াছে কেন এবং
য়িহুহ কি আমারদিগকে মিস্রহইতে আনয়ন
করেন নাই এই কথা কহিয়া আমারদের পিতৃ
লোকেরা তাঁহার যে সমস্ত আশ্চর্য্য ক্রিয়াবিষ
য়ে আমারদিগকে কহিয়াছিল সে সমস্ত কোথায়
কিন্তু এইক্ষণে য়িহুহ আমারদিগকে ত্যাগ করিয়া
ছেন এবং মিদিআনীয়েরদের হস্তে অর্পণ করি
য়াছেন। [১৪] তাহাতে য়িহুহ তাহার উপরে
অবলোকন করিয়া কহিলেন এই তোমার বলে
তে যাও এবং মিদিআনীয়েরদের হস্তহইতে
তুমি য়িশ্রাএলকে উদ্ধার করিবা আমি কি তো
মাকে প্রেরণ করি নাই। [১৫] তাহাতে সে তাঁ
হাকে কহিল হায় আমার প্রভু আমি কিসের
দ্বারা য়িশ্রাএলকে উদ্ধার করিব দেখ মনশে
হের মধ্যে আমার বংশ দরিদ্র এবং আমার
পিতার বাটীতে আমি সর্ব্বাপেক্ষা ক্ষুদ্র। [১৬]
পরে য়িহুহ তাহাকে কহিলেন আমি নিশ্চয়
তোমার সহবর্ত্তী হইব এবং তুমি এক মনুষ্যের
ন্যায় মিদিআনীয়েরদিগকে প্রহার করিবা।
[১৭] অপর সে তাহাকে কহিল আমি এইক্ষণে
যদি আপনকার দৃষ্টিতে কৃপা পাইয়া থাকি
তবে আপনি যে আমার সহিত কথা কহিতে
ছেন এতৎপ্রমাণক এক চিহ্ন আমাকে দেখাউন।
[১৮] আমি মিনতি করি যে আমি যাবৎ তো
মার নিকটে আসিয়া আপন উপঢৌকন বাহির
করিয়া আনিয়া আপনকার সাক্ষাৎ না রাখি
তাবৎ এ স্থানহইতে গমন না করুন। তাহাতে
তিনি কহিলেন তুমি যাবৎ পুনর্ব্বার না আইস
তাবৎ আমি গৌণ করিব। [১৯] পরে গিদিওন
অন্তরে যাইয়া এক ছাগবৎস ও এক এফাহ্প
রিমিত সুজির বেখমির পিষ্টক প্রস্তুত করিল ঐ
মাংস টুকরিতে দিয়া এবং ঐ ঝোল পাত্রে দি
য়া সে বাহিরে আলোনবৃক্ষের তলে তাঁহার নি
কটে আনিয়া নিবেদন করিল। [২০] তাহা
তে ঈশ্বরের দূত তাহাকে কহিল মাংস এবং
বেখমির পিষ্টক লইয়া এই পাষাণোপরি রাখ
এবং ঝোল ঢালিয়া দেও তাহাতে সে সেইমত
করিল।

[২১] পরে য়িহুহের দূত আপন হস্তস্থ দণ্ডা
গ্র বিস্তার করিয়া সেই মাংস এবং বেখমির পি
ষ্টক স্পর্শ করিল তাহাতে সে পাষাণহইতে
অগ্নি নির্গত হইয়া সে মাংস ও বেখমির পিষ্টক
সংহার করিল পরে য়িহুহের দূত তাহার দৃষ্টি
গোচরহইতে প্রস্থান করিল। [২২] অপর
সে যে য়িহুহের দূত গিদিওন ইহা জ্ঞাত হইয়া
কহিল হে য়িহুহ পরমেশ্বর হায় যেহেতুক সম্মু
খাসম্মুখি য়িহুহের এক দূতকে আমি দেখি

ম্মাছি। [২৩] তাহাতে য়িহুহ তাহাকে কহি
লেন তোমার কুশল হউক ভীত হইও না তুমি
মরিবা না। [২৪] পরে গিদিওন সেস্থানে
য়িহুহের উদ্দেশে এক বেদি গ্রন্থন করিয়া তাহার
নাম য়িহুহশালোম রাখিল তাহা অদ্যপর্য্যন্ত
আবীএজ্‌রীয়েরদের ওফরাহে আছে।
[২৫] অপর এমত হইল সেই রাত্রিতে য়িহুহ
তাহাকে কহিলেন তোমার পিতার যুবা বলদ
অর্থাৎ সাতবর্ষীয় দ্বিতীয় বলদ লও এবং বআ
লের যে বেদি তোমার পিতার আছে তাহা
অধঃক্ষেপণ কর এবং তন্নিকটস্থ চৈত্যবৃক্ষ ছে
দন কর। [২৬] এবং এই পাষাণের চূড়ায়
নিরূপিত স্থানে তোমার ঈশ্বর য়িহুহের উদ্দেশে
এক যজ্ঞবেদি নির্ম্মাণ কর এবং সে দ্বিতীয় ব
লদ লইয়া চৈত্যবৃক্ষের যে কাষ্ঠ তুমি ছেদন করি
বা তদ্দ্বারা অগ্নিতে কৃত এক নৈবেদ্য নিবেদন
কর। [২৭] তাহাতে গিদিওন আপন ভৃত্যের
দের দশ জনকে লইয়া য়িহুহ তাহাকে যেমন ক
হিয়াছিলেন তেমন করিল এবং এমত হইল সে
আপন পিতার পরিজনেরদিগকে এবং নগরস্থ
লোকেরদিগকে ভয়করণপ্রযুক্ত দিবসে তাহা করি
তে না পারাতে রাত্রিতে করিল।
[২৮] অপর প্রত্যূষে নগরস্থ লোকেরা উঠিলে
দেখ বআলের বেদি অধঃক্ষিপ্ত হইল এবং তন্নি
কটস্থ চৈত্যবৃক্ষ ছিন্ন হইল এবং নির্ম্মিত ঐ
বেদ্যুপরি দ্বিতীয় বলদ নিবেদিত হইল। [২৯]
তাহাতে তাহারা পরস্পর কহিল এ কার্য্য কে ক
রিয়াছে এবং জিজ্ঞাসানন্তর তাহারা কহিল য়ো
আশের পুত্র গিদিওন এ কার্য্য করিয়াছে।
[৩০] পরে নগরস্থ লোকেরা য়োআশকে
কহিল তোমার পুত্রকে বাহির করিয়া আন
যে সে মরে যেহেতুক সে বআলের বেদি অধঃ
ক্ষেপণ করিয়াছে এবং তন্নিকটস্থ চৈত্যবৃক্ষ কা
টিয়া ফেলিয়াছে। [৩১] তখন য়োআশ আ
পন প্রতিকূলে দণ্ডায়মান সমস্তকে কহিল তোম
রা কি বআলের নিমিত্তে উত্তরপ্রত্যুত্তর করিবা
তোমরা কি তাহাকে রক্ষা করিবা তাহার নিমি
ত্তে প্রতিবাদী প্রভাত থাকিতেই হত হউক সে
যদি দেবতা হয় তবে সে আপনার প্রতিবাদী
হউক যেহেতুক কেহ তাহার বেদি অধঃক্ষেপণ
করিয়াছে। [৩২] অতএব সেই দিবসে সে এই
কথা কহিয়া তাহার নাম য়িরুব্বআল রাখিল যে
বআল তাহার প্রতিকূল প্রতিবাদী হউক যেহে
তুক সে তাহার বেদি অধঃক্ষেপণ করিয়াছে।
[৩৩] ঐ সময়ে সমস্ত মিদিআনীয়েরা ও অ
মালেকীয়েরা ও পূর্ব্বদেশীয়েরদের সন্তানেরা
সমারোহী হইল এবং পার হইয়া য়িজ্‌রীএলের
মাঠে ছাউনি ফেলিল। [৩৪] কিন্তু য়িহুহের
আত্মা গিদিওনের উপর আসিয়া পড়নেতে
সে একতুরী বাজাইল তাহাতে আবিএজের তা
হার পশ্চাৎ সমারোহী হইল। [৩৫] এবং
সে মনশেহের সর্ব্বত্র দূত প্রেরণ করিল তাহাতে
সেও তাহার নিকটে একত্র হইল পরে সে আ
শের ও জিবূলুনের ও নপ্তালীর নিকটে দূত প্রে
রণকরাতে তাহারাও তাহারদের সহিত মিলিতে
আইল। [৩৬] পরে গিদিওন ঈশ্বরকে কহিল
আপন বাক্যানুসারে আপনি যদি আমার হস্ত
দ্বারা য়িশ্রাএলকে মুক্ত করিবেন [৩৭] তবে
দেখ আমি খামারে এক মেষের ছিন্ন লোম রা
খিব এবং সে ঊর্ণোপরিমাত্র যদি শিশির হয়
এবং সমস্ত ভূমি যদি শুষ্কা থাকে তবে আমি অ
বগত হইব যে আপনি আপন বাক্যানুসারে আ
মার হস্তদ্বারা য়িশ্রাএলকে নিস্তার করিবেন।
[৩৮] তাহাতে সেমত হইল কেননা পরদিবসে
সে প্রত্যূষে উঠিয়া ঊর্ণাগুচ্ছ একত্র করিয়া সে
ঊর্ণাগুচ্ছহইতে এক বাটি শিশির নিংড়িয়া ফে
লিল। [৩৯] পরে গিদিওন ঈশ্বরকে কহিল আ
পনকার ক্রোধ আমার প্রতিকূলে তপ্ত না হউক
এবং আমি এই একবারমাত্র কহিব আমি মিন
তি করি যে এই একবারমাত্র আমি আপনাকে
ঊর্ণাগুচ্ছদ্বারা প্রমাণ করি এখন ঊর্ণাগুচ্ছোপ
রি শুষ্ক হউক এবং সমস্ত ভূম্যুপরি শিশির হ
উক। [৪০] তাহাতে ঈশ্বর সে রাত্রিতে সেই
মত করিলেন অতএব ঊর্ণাগুচ্ছোপরিমাত্র শুষ্ক
ছিল এবং সমস্ত ভূমিতে শিশির ছিল।

## ৭ পর্ব্ব।

[১] অপর য়িরুব্বআল অর্থাৎ গিদিওন এবং
তাহার সহিত সমস্ত লোক প্রত্যূষে উঠিয়া খ
রোদ নামে কূপনিকটে ছাউনি করিল তাহাতে
মিদিআনীয়েরদের সৈন্য মোরেহ্‌পর্ব্বতনিকটস্থ
মাঠে তাহারদের উত্তরদিগে ছিল। [২] পরে
য়িহুহ গিদিওনকে কহিলেন আমি মিদিআনী
য়েরদিগকে তোমার সঙ্গি লোকেরদের হস্তগত
যে করি এতদর্থে তাহারা অধিক আছে পাছে
য়িশ্রাএল এ কথা কহিয়া আমার প্রতিকূলে
দর্প করে যে আমার আপন হস্ত আমাকে নি
স্তার করিয়াছে। [৩] অতএব এখন যাইয়া
লোকেরদের শ্রবণে এ কথা ঘোষণা কর যে ভ
য়ার্ত্ত ও ভীরু যে সে ফিরিয়া প্রত্যূষে গিলিআদ
পর্ব্বতহইতে প্রস্থান করুক তাহাতে লোকেরদের
মধ্যহইতে বাইশ হাজার মনুষ্য ফিরিয়া গেল
এবং দশ হাজার অবশিষ্ট রহিল। [৪] পরে
য়িহুহ গিদিওনকে কহিলেন লোকেরা এখনও
অধিক আছে তাহারদিগকে জলনিকটে আন

এবং আমি তোমার জন্যে সেস্থানে তাহারদের
পরীক্ষা লইব এবং এমত হইবে যাহার বিষয়ে
আমি কহিব যে এই তোমার সহিত যাইবে সেই
তোমার সহিত যাইবে এবং যাহার বিষয়ে আ
মি কহি যে এই তোমার সহিত যাইবে না সেই
তোমার সহিত যাইবে না। [৫] তাহাতে সে
ঐ লোকেরদিগকে জলের নিকটে আনিল এবং
য়িহুহ গিদিওনকে কহিলেন কুককুরের ন্যায় যে
প্রত্যেক জন জিহ্বাদ্বারা জল চাটিয়া খায় তাহা
কে তুমি পৃথক্ করিয়া রাখিবা এবং যে প্রত্যেক
জন পানার্থে হাঁটু গাড়ে তাহাকে ও তদ্ব্যতিক্র
মে। [৬] তাহাতে মুখে হাত তুলিয়া যত লোক
জল চাটিয়া খাইল তাহারদের সংখ্যা তিন শত
কিন্তু অন্য সমস্ত লোক জলপানার্থে হাঁটু গা
ড়িল। [৭] পরে য়িহুহ গিদিওনকে কহিলেন
চাটিয়া জলপানকারি তিন শত জনের দ্বারা
আমি তোমারদিগকে নিস্তার করিব এবং মিদি
আনীয়েরদিগকে তোমার হস্তগত করিব এবং
অন্য সমস্ত লোক আপন২ স্থানে প্রস্থান করুক।
[৮] অপর লোকেরা স্বস্বহস্তে খাদ্যদ্রব্য ও স্বস্ব
তূরী গ্রহণ করিল এবং সে য়িশ্রাএলের অব
শিষ্ট সমস্তকে আপন২ তাম্বুতে বিদায় করিয়া
ঐ তিন শত মনুষ্যকে রাখিল তৎকালে মিদিআ
নের সৈন্য তাহার নীচে তলভূমিতে ছিল।
[৯] অপর সেই রাত্রিতে এই মত হইল য়ি
হুহ তাহাকে কহিলেন উঠ ছাউনিতে যাও যে
হেতুক আমি তাহা তোমার হস্তে অর্পণ করিয়া
ছি। [১০] কিন্তু যাওনে তুমি যদি ভীত হও
তবে তোমার দাস ফুরাহ্‌কে সঙ্গে করিয়া সৈ
ন্যের নিকটে যাও। [১১] এবং তাহারা যাহা
কহে তাহা তুমি শুনিবা পরে সৈন্যের নিকটে
উত্তরিয়া যাওনবিষয়ে তোমার হস্ত সবল হই
বে। তাহাতে সে তাহার দাস ফুরাহের সহিত
সৈন্যস্থ সসজ্জ লোকেরদের বহিঃপার্শ্বপর্য্যন্ত
গেল। [১২] এবং মিদিআনীয়েরা ও অমালে
কীয়েরা ও পূর্ব্বদেশীয়েরা অতিশয় জনতাপ্র
যুক্ত মাঠমধ্যে ফড়িঙ্গের ন্যায় পড়িয়া রহিল
এবং তাহারদের উট বহুত্বপ্রযুক্ত সমুদ্রতীরস্থ
বালির ন্যায় অসংখ্য ছিল। [১৩] পরে গিদি
ওন উপস্থিত হইলে দেখ আপন সখার নিকটে
স্বপ্নের বাক্যবাদি এক জন কহিল দেখ আমি এক
স্বপ্ন দেখিয়াছি তাহাতে যবময়দাতে নির্ম্মিত
এক পিষ্টক মিদিয়ানের সৈন্যের মধ্যে আসিয়া
পড়িল এবং তাহা এক তাম্বুর নিকটে আসিয়া
পড়িল এবং তাহাতে এমত আঘাত হইল যে
তাহা পড়িল এবং তাহা উল্টিয়া ফেলিল তাহা
তে সে তাম্বু দীর্ঘ হইয়া পড়িয়া রহিল। [১৪]
তাহাতে তাহার সখা উত্তর করিয়া কহিল তাহা
য়িশ্রাএলস্থ য়োআশের পুত্র গিদিওনের তলো
বারব্যতিরেকে অন্য কিছু নয় যেহেতুক ঈশ্বর
মিদিআনকে ও সমস্ত সৈন্যকে তাহার হস্তে অ
র্পণ করিয়াছেন।
[১৫] অপর এই মত হইল গিদিওন ঐ স্বপ্নের
কথা এবং তাহার অর্থ শুনিয়া প্রণাম করিয়া
য়িশ্রাএলের সৈন্যে ফিরিয়া আসিয়া কহিল
যে উঠ কেননা য়িহুহ মিদিআনের সৈন্যকে তো
মারদের হস্তে অর্পণ করিয়াছেন। [১৬] পরে
সে ঐ তিনশত লোককে দলত্রয় করিয়া ভাগ
করিল এবং প্রতিজনের হাতে শূন্য ঘটের সহিত
এক২ তূরী দিল এবং ঘটের মধ্যে প্রদীপ। [১৭]
পরে সে তাহারদিগকে কহিল আমার উপরে
দৃষ্টি করিয়া মদ্রূপ কর এবং দেখ আমি যখন
ছাউনির বহির্ভাগে উপস্থিত হই তখন আমি যে
মন করি তদনুরূপ তোমরা করিবা। [১৮] আমি
যখন তূরী বাজাই অর্থাৎ আমি ও আমার সঙ্গি
সমস্ত তখন তোমরাও ছাউনির সর্ব্বত্র প্রতিপা
র্শ্বে তূরী বাজাইয়া কহ য়িহুহের ও গিদিওনের
তলোবার।
[১৯] পরে গিদিওন ও তাহার সহবর্ত্তি এক
শত লোক মধ্যপ্রহরের আরম্ভে ছাউনির বহির্ভা
গে আসিয়া উপস্থিত হইল এবং তাহারা তৎ
ক্ষণমাত্র নূতন প্রহরী বসাইয়াছিল তাহাতে তা
হারা তূরী বাজাইল এবং আপন২ হস্তস্থ ঘট
ভাঙ্গিল। [২০] এবং সে তিন দল তূরী বাজা
ইল এবং ঘট ভাঙ্গিল এবং বাম হস্তে প্রদীপ
এবং বাজানার্থে দক্ষিণ হস্তে তূরী ধরিল এবং
তাহারা চীৎকার করিয়া কহিল য়িহুহের এবং
গিদিওনের তলোবার। [২১] এবং তাহারা প্র
ত্যেক জন স্বস্বস্থানে ছাউনির চতুর্দ্দিগে দাঁড়িয়া
রহিল তাহাতে তাবৎ সৈন্য দৌড়িল এবং চীৎ
কার করিয়া পলাইল। [২২] এবং সে তিনশত
জন তূরী বাজাইল এবং য়িহুহ সৈন্যের সর্ব্বত্র
প্রতিজনের তলোবার আপন২ সখার প্রাতিকু
ল্যে করাইলেন এবং সৈন্য সিরেরাতস্থ বীৎশি
টাহে এবং টাবাতপর্য্যন্ত আবেলমিখোলাহ্‌সী
মার দিগে পলায়ন করিল। [২৩] পরে য়িশ্রা
এলের লোক নপ্তালীহইতে ও আশেরহইতে ও
তাবৎ মনশেহ্‌হইতে আপনারদিগকে একত্র ক
রিয়া মিদিআনীয়েরদের পাছে২ তাড়িয়া গেল।
[২৪] এবং গিদিওন এই কথা কহিয়া এফরা
য়িমপর্ব্বতের সর্ব্বত্র দূত প্রেরণ করিল যে মিদিআ
নীয়েরদের প্রতিকূলে নামিয়া আইস এবং তা
হারদের অগ্রে২ বীৎবারাহ্‌ ও য়রদনপর্য্যন্ত জল
সমস্ত আক্রমণ কর তাহাতে এফরায়িমের সমস্ত

লোক আপনারদিগকে একত্র করিয়া বীৎবারাহ্ ও য়রদনপর্য্যন্ত জলসমস্ত আক্রমণ করিল। [২৫] এবং তাহারা ওরেব ও জীএব নামে মিদি আনের দুই অধ্যক্ষকে আক্রমণ করিল এবং তাহারা ওরেবনামে পাষাণের খানোপরি ওরেবকে বধ করিল এবং জীএব নামে দ্রাক্ষাযন্ত্রনিকটে তাহারা জীএবকে বধ করিল পরে তাহারা মিদিআনের পাছে২ তাড়িয়া গেল এবং ওরেবের ও জীএবের মস্তক য়রদনের অন্যপারস্থ গিদিওনের নিকটে আনিয়া দিল।

৮ পর্ব্ব।

[১] পরে এফরায়িমের লোকেরা তাহাকে কহিল তুমি যখন মিদিআনীয়েরদের সহিত যুদ্ধ করিতে গিয়াছিলা তখন আমারদিগকে আহ্বান না করারূপ কার্য্য কেন আমারদের প্রতি করিয়াছ এবং তাহারা কটুরূপে তাহার সহিত বিবাদ করিল। [২] তাহাতে সে তাহারদিগকে কহিল তোমারদের কৃত কার্য্যের উপমেয় আমি এইক্ষণে কি করিয়াছি আবিএজেরের ফসলাপেক্ষা এফরায়িমের দ্রাক্ষাফলচয়ন কি অধিক ভাল নয়। [৩] ঈশ্বর ওরেব ও জীএবনামে মিদিআনের অধ্যক্ষেরদিগকে তোমারদের হস্তগত করিয়াছেন এবং তোমারদের কৃত কার্য্যের উপমেয় আমি কি করিতে পারিয়াছি তাহাতে সে ঐ কথা কহিলে তাহার প্রতি তাহারদের ক্রোধ নিবৃত্ত হইল।

[৪] অপর গিদিওন য়রদনে আসিয়া পার হইল অর্থাৎ সে এবং শ্রান্ত অথচ পশ্চাদ্ধাবন করত তাহার সহবর্ত্তি তিন শত লোক। [৫] এবং সে সুকোতের লোকেরদিগকে কহিল আমি তোমারদিগকে মিনতি করি আমার পশ্চাদ্বর্ত্তি লোকেরদিগকে ভোজনার্থে রুটি দেও কেন না তাহারা শ্রান্ত এবং আমি জেবখ্ ও সল্মুনানামে মিদিআনীয় রাজারদের পশ্চাৎ২ তাড়িয়া যাইতেছি।

[৬] তাহাতে সুকোতের অধ্যক্ষেরা কহিল জেবখের ও সল্মুনার হস্ত কি এখন তোমার হস্তে আছে যে আমরা তোমার সৈন্যকে রুটি দি। [৭] তাহাতে গিদিওন কহিল এতৎপ্রযুক্ত যখন ঈশ্বর জেবখকে ও সল্মুনাকে আমার হস্তগত করিবেন তখন অরণ্যের কণ্টকেতে এবং শ্যাকুলেতে আমি তোমারদের মাংস ছিন্ন করিব। [৮] পরে সে সেস্থানহইতে পিনূএলে উঠিয়া যাইয়া তাহারদের প্রতি তদ্রীতিক্রমে কহিল এবং সুকোতের লোকেরা তাহাকে যেমন উত্তর করিয়াছিল পিনূএলের লোকেরা তদ্রূপ উত্তর দিল। [৯] তাহাতে সে পিনূএলের লোকেরদিগকে কহিল আমি যখন কুশলে পুনর্ব্বার আইসি তখন এ গড় ভাঙ্গিয়া ফেলিব।

[১০] ঐ সময়ে জেবখ্ ও সল্মুনা করকোরে এবং তাহারদের সৈন্য অর্থাৎ পূর্ব্বদেশীয় লোকেরদের তাবৎ সৈন্যেরদের অবশিষ্ট পঞ্চদশ সহস্র জন তাহারদের সহিত ছিল যেহেতুক তলোয়ারধারি একশত বিংশতি সহস্র লোক পড়িয়াছিল।

[১১] পরে গিদিওন নোবখের ও য়োগবিহাহের পূর্ব্বদিগে তাম্বুনিবাসিরদের পথহইতে উঠিয়া যাইয়া সৈন্যপ্রহার করিল যেহেতুক ঐ সৈন্য নিষ্কণ্টকে ছিল। [১২] পরে জেবখ্ ও সল্মুনা যখন পলাইল তখন সে তাহারদের পাছে২ তাড়িয়া গেল এবং সে জেবখ্ ও সল্মুনা নামে মিদিআনের দুই রাজাকে আক্রমণ করিয়া তাবৎ সৈন্যকে ছিন্নভিন্ন করিল।

[১৩] এবং সূর্য্যোদয়ের পূর্ব্বে য়োআশের পুত্র গিদিওন যুদ্ধহইতে ফিরিয়া আইল। [১৪] এবং সুকোতবাসিরদের এক যুবা মানুষকে ধরিয়া তাহার স্থানে জিজ্ঞাসা করিল তাহাতে সে লোক সুকোতের অধ্যক্ষেরদের ও তাহার প্রাচীন লোকেরদের অর্থাৎ সাতাত্তর জনের বর্ণনা করিল। [১৫] পরে সে সুকোতের লোকেরদের নিকটে আসিয়া কহিল জেবখের ও সল্মুনার হস্ত কি এখন তোমার হস্তগত আছে যে আমরা তোমার লোকেরদিগকে রুটি দিব এ কথা কহিয়া যাহারদের বিষয়ে তোমরা আমাকে নিন্দা করিয়াছিলা সে জেবখকে ও সল্মুনাকে দেখ [১৬] পরে সে ঐ নগরের প্রাচীনেরদিগকে এবং অরণ্যের কণ্টক ও শ্যাকুল লইয়া তাহা দিয়া সে সুকোতের লোকেরদিগকে শিক্ষা দিল। [১৭] পরে সে পিনূএলের গড় ভাঙ্গিয়া ফেলিল ও সে নগরের লোকেরদিগকে বধ করিল।

[১৮] অপর সে জেবখকে ও সল্মুনাকে কহিল তাবোরে তোমারদিগকর্ত্তৃক হত লোকেরা কি প্রকার তাহাতে তাহারা উত্তর দিল আপনি যেমন তাহারা তেমন প্রত্যেকে রাজপুত্র সদৃশ ছিল। [১৯] তাহাতে সে কহিল তাহারা আমার ভ্রাতা অর্থাৎ আমার মাতার সন্তান যিহুহ জীবৎ আছেন তোমরা যদি তাহারদের প্রাণরক্ষা করিতা তবে আমি তোমারদিগকে বধ করিতাম না। [২০] পরে সে আপন প্রথমজাত পুত্র য়িতেরকে কহিল উঠিয়া তাহারদিগকে হনন কর কিন্তু সে যুবা পুরুষ আপন তলোয়ার বাহির করিল না যেহেতুক সে যুবাহওয়াপ্রযুক্ত ভীত ছিল। [২১] তাহাতে জেবখ্ ও সল্মুনা

কহিল আপনি উঠিয়া আমারদের উপরে পড়ুন যেহেতুক যেমন পুরুষ তেমন তাহার সামার্থ্য পরে গিদিওন উঠিয়া জেবখকে ও সলমুনাকে মারিয়া ফেলিল এবং তাহারদের উটেরদের গলস্থ অলঙ্কার লইল।

[২২] অপর যিশ্রাএলের লোকেরা গিদিওনকে কহিল তুমি আমারদের উপরে প্রভুত্বকর অর্থাৎ তুমি ও তোমার পুত্র এবং তোমার পৌত্র কেননা মিদিআনের হস্তহইতে তুমি আমারদিগকে মুক্ত করিয়াছ। [২৩] তাহাতে গিদিওন তাহারদিগকে কহিল আমি তোমারদের উপরে প্রভুত্ব করিব না এবং আমার পুত্রও তোমারদের উপরে প্রভুত্ব করিবে না যিহুহ তোমারদের উপরে প্রভুত্ব করিবেন। [২৪] অপর গিদিওন তাহারদিগকে কহিল আমি তোমারদের স্থানে নিবেদন করিতে চাহি যে তোমরা প্রত্যেক জন আপনারদের লুঠিত কর্ণকুণ্ডল আমাকে দেও কেননা যিশমাএলীয়হওয়াপ্রযুক্ত তাহারদের স্বর্ণের কর্ণকুণ্ডল ছিল। [২৫] তাহাতে তাহারা প্রত্যুত্তর করিল যে আমরা স্বেচ্ছাপূর্ব্বক তাহা দিব পরে তাহারা এক বস্ত্র বিস্তীর্ণ করিয়া প্রত্যেকে আপন২ লুঠপ্রাপ্ত কর্ণকুণ্ডল তাহাতে ফেলিল। [২৬] তাহাতে অলঙ্কার ও হার এবং মিদিআনের রাজারদের পরিধেয় বাগুনীয় বস্ত্রছাড়া এবং তাহারদের উটেরদের গলাতে গত জিঞ্জীরছাড়া তৎকর্ত্তৃক প্রার্থিত কর্ণকুণ্ডলের তৌল এক হাজার সাত শত সুবর্ণ শেকেল ছিল। [২৭] পরে গিদিওন তাহা লইয়া এক এফোদ নির্ম্মাণ করিয়া আপন নগরে অর্থাৎ ওফরাহে তাহা স্থাপন করিল তাহাতে তাবৎ যিশ্রাএল সেস্থানে তাহার পাছে২ ব্যভিচার করিতে গেল ঐ বিষয় গিদিওনের ও তাহার পরিজনের ফাঁদস্বরূপ হইল।

[২৮] এই প্রকারে মিদিআন যিশ্রাএলের সন্তানেরদের সম্মুখে এমত পরাজিত হইল যে আপনার মস্তক আর তুলিতে পারিল না তাহাতে গিদিওনের কালে দেশ চল্লিশ বৎসর ব্যাপিয়া নিষ্কণ্টকে ছিল।

[২৯] অপর য়োআশের পুত্র যিরুব্বআল আপন ঘরে যাইয়া বাস করিল। [৩০] এবং ঐ গিদিওনের আপন ঔরসজাত পুত্র সত্তরি জন ছিল কেননা তাহার অনেক ভার্য্যা ছিল। [৩১] এবং শিকেমে তাহার যে উপপত্নী ছিল সেও তাহার জন্যে এক পুত্র প্রসবিল তাহার নাম সে আবীমেলেক রাখিল।

[৩২] পরে য়োআশের পুত্র গিদিওন উত্তম বৃদ্ধবয়স্ক হইয়া মরিল এবং আবীএজরীয়েরদের ওফরাহে আপন পিতা য়োআশের কবরে গাড়া গেল। [৩৩] অপর এমত হইল গিদিওন মরিবামাত্রে যিশ্রাএলের সন্তানেরা পুনর্ব্বার পরাবৃত্ত হইয়া বআলেরদের পাছে২ ব্যভিচার করিয়া বআলবিরীতকে আপন দেবতা করিল। [৩৪] এবং প্রতিপার্শ্বস্থ তাহারদের সমস্ত শত্রুরদের হস্তহইতে নিস্তারকারি তাহারদের ঈশ্বর যিহুহকে যিশ্রাএলের সন্তানেরা স্মরণে রাখিল না। [৩৫] এবং যিরুব্বআলের বংশ অর্থাৎ গিদিওন যিশ্রাএলের সন্তানের প্রতি যে সমস্ত অনুগ্রহ করিয়াছিল তদনুযায়ি তাহারা তাঁহার কৃতজ্ঞতা করিল না।

## ৯ পর্ব্ব।

[১] অপর যিরুব্বআলের পুত্র আবীমেলেক আপন মাতুলেরদের নিকটে শিকেমে যাইয়া তাহারদের সহিত ও আপন মাতামহের বংশের সমস্ত পরিবার লোকেরদের সহিত এই কথা কহিয়া পরামর্শ করিল। [২] আমি তোমারদের নিকটে নিবেদন করি যে তোমরা শিকেমের তাবল্লোকেরদের শ্রবণে কহ যিরুব্বআলের সমস্ত পুত্র অর্থাৎ সত্তরি জন তোমারদের উপরে প্রভুত্ব করে বা এক জন তোমারদের উপরে প্রভুত্ব করে ইহার মধ্যে তোমারদের ভাল কি ইহাও স্মরণ কর যে আমি তোমারদের অস্থি এবং তোমারদের মাংস। [৩] তাহাতে তাহার মাতুলেরা শিকেমের তাবল্লোকেরদের শ্রবণে তাহার বিষয়ে ঐ সমস্ত বাক্য কহিল এবং তাহারদের অন্তঃকরণ আবীমেলেকের আনুগত্যে নত হইল যেহেতুক তাহারা কহিল যে উনি আমারদের ভ্রাতা। [৪] এবং তাহারা বআলবিরীতের মন্দির হইতে তাহাকে সত্তরি খান রূপা দিল তাহা দিয়া আবীমেলেক অবিবেচক ও লঘুচিত্তবিশিষ্ট আনুগামি লোকেরদিগকে বেতন দিল। [৫] পরে সে ওফরাহে আপন পিতার বাটীতে যাইয়া যিরুব্বআলের পুত্র আপন ভ্রাতা সত্তরি জনকে এক প্রস্তরোপরি বধ করিল তথাপি যিরুব্বআলের কনিষ্ঠ পুত্র য়োতাম অবশিষ্ট রহিল কেননা সে আপনাকে গোপন করিল। [৬] পরে শিকেমের তাবল্লোক ও মিল্লোগৃহস্থ তাবল্লোক একত্র হইয়া শিকেমে স্থিত বেদির নিকটস্থ মাঠসমীপে যাইয়া আবীমেলেককে রাজা করিল।

[৭] অপর তাহারা য়োতামকে অবগত করাইলে সে যাইয়া গিরিজ্জীমপর্ব্বতের চূড়োপরি দাঁড়াইয়া উচ্চৈঃস্বরে ডাকিয়া তাহারদিগকে কহিল হে শিকেমের লোকেরা তোমরা আমার বাক্যে অবধান কর যে ঈশ্বর তোমারদের কথায় অবধান করেন। [৮] বৃক্ষেরা আপনার

দের রাজাভিষেকার্থে নির্গত হইল এবং তাহা
রা জিতবৃক্ষকে কহিল যে তুমি আমারদের উপ
রে প্রভুত্ব কর। [৯] তাহাতে জিতবৃক্ষ তাহার
দিগকে কহিল আমার যে তৈলদ্বারা লোকেরা
ঈশ্বরের ও মনুষ্যের মর্য্যাদা করে আমি কি তা
হা ত্যাগ করিয়া বৃক্ষেরদের উপরে বর্দ্ধিতপদস্থ
হওনার্থে যাইব। [১০] পরে বৃক্ষেরা উডুম্বরবৃ
ক্ষকে কহিল তুমি আসিয়া আমারদের উপরে
প্রভুত্ব কর। [১১] তাহাতে উডুম্বরবৃক্ষ তাহারদি
গকে কহিল আমি কি আপন মিষ্টতা ও আ
পন উত্তম ফল ত্যাগ করিয়া বৃক্ষেরদের উপরে
বর্দ্ধিতপদস্থ হওনার্থে যাইব। [১২] পরে বৃক্ষে
রা দ্রাক্ষালতাকে কহিল যে তুমি আসিয়া আ
মারদের উপরে প্রভুত্ব কর। [১৩] তাহাতে দ্রা
ক্ষালতা কহিল ঈশ্বরকে ও মনুষ্যকে সন্তোষকারি
আমার রসকে আমি কি ত্যাগ করিয়া বৃক্ষের
দের উপর বর্দ্ধিতপদস্থ হওনার্থে যাইব। [১৪]
অপর সমস্ত বৃক্ষেরা শ্যাকুলকে কহিল যে তুমি
আসিয়া আমারদের উপরে প্রভুত্ব কর। [১৫]
তাহাতে শ্যাকুল বৃক্ষেরদিগকে কহিল তোমরা
যদি নিশ্চয়ে আপনারদের উপরে আমাকে রা
জা করিয়া অভিষিক্ত কর তবে আসিয়া আমার
ছায়ায় আশ্রয় কর কিন্তু যদি না তবে শ্যাকুল
হইতে অগ্নি নির্গত হইয়া লিবানোনের আরেজ
বৃক্ষেরদিগকে সংহার করুক। [১৬] অতএব
তোমরা যদি এখন আবীমেলেককে রাজাকর
ণে সত্যরূপে ও অকাপট্যপূর্ব্বক আচরণ করি
য়াছ এবং তোমরা যদি য়িরুব্বআলের ও তাঁ
হার বংশের প্রতি ভদ্রাচার করিয়াছ এবং তাঁ
হার হস্তকৃত কার্য্যফলানুসারে তাহার প্রতি করি
য়াছ। [১৭] যেহেতুক আমার পিতা তোমার
দের নিমিত্তে যুদ্ধ করিলেন এবং বহুদূরপর্য্যন্ত
আপন প্রাণত্যাগারোহণ করিয়া তোমারদিগকে
মিদিআনের হস্তহইতে মুক্ত করিলেন। [১৮]
এবং তোমরা অদ্য আমার পিতার বংশের প্র
তিকূলে উঠিয়া এক প্রস্তরোপরি তাঁহার পুত্রের
দিগকে অর্থাৎ সত্তরি জনকে বধ করিয়াছ এবং
তাঁহার দাসীপুত্র আবীমেলেককে শিকেমের
লোকের উপরে রাজা করিয়াছ যেহেতুক সে
তোমারদের ভ্রাতা। [১৯] অতএব তোমরা
য়িরুব্বআলের ও তাহার বংশের প্রতি যদি অদ্য
যথার্থরূপে ও অকাপট্যপূর্ব্বক আচার করিয়াছ
তবে তোমরা আবীমেলেকেতে আনন্দ কর এ
বং সে তোমারদিগেতে আনন্দ করুক। [২০]
কিন্তু যদি না তবে আবীমেলেকহইতে অগ্নি নি
র্গত হইয়া শিকেমের লোকেরদিগকে ও মিলো
গৃহস্থেরদিগকে সংহার করুক এবং শিকেমের
লোকেরদিগহইতে ও মিলোগৃহহইতে অগ্নি নি
র্গত হইয়া আবীমেলেককে সংহার করুক।
[২১] পরে য়োতাম পলাইয়া চলিয়া গেল এবং
আপন ভ্রাতা আবীমেলেকের ভয়েতে বিএরে
যাইয়া বাস করিল।

[২২] অপর আবীমেলেক য়িশ্রাএলের উপ
রে তিন বৎসর প্রভুত্ব করিলে [২৩] ঈশ্বর আ
বীমেলেকের ও শিকেমের লোকেরদের মধ্যে
এক দ্বেষাত্মাকে প্রেরণ করিলেন তাহাতে শি
কেমের লোকেরা আবীমেলেকের প্রতি বিশ্বাস
ঘাতকরূপে আচরণ করিল। [২৪] যে য়িরুব্ব
আলের সত্তরি পুত্রের প্রতি কৃত নির্দ্দয় কার্য্যের
ফল আইসে এবং তাহারদিগকে বধকারি তা
হারদের ভ্রাতা আবীমেলেকের উপরে এবং তা
হার ভ্রাতৃবধে তাহার সাহায্যকারি শিকেমের
লোকেরদেরও উপরে তাহারদের রক্তপাতাপ
রাধ ধরা যায়। [২৫] অপর শিকেমের লো
কেরা পর্ব্বতের চূড়ায় তাহার নিমিত্তে ওতে
লোক লুককাইয়া রাখিল এবং তাহারদের নি
কট হইয়া যত লোক সে পথ দিয়া যাইত সে স
কলের সামগ্রী তাহারা লুঠিয়া লইত এবং তাহা
আবীমেলেকের নিকটে কথিত হইল। [২৬]
পরে এবেদের পুত্র গআল আপন ভ্রাতারদিগ
কে সঙ্গি করিয়া আসিয়া শিকেমে পার হইয়া
গেল তাহাতে শিকেমের লোকেরা তাহাতে আ
পনারদের বিশ্বাস রাখিল। [২৭] এবং তাহা
রা ক্ষেত্রে বাহির হইয়া যাইয়া তাহারদের দ্রা
ক্ষাক্ষেত্রের ফলচয়ন করিল এবং মর্দ্দন করিয়া
আহ্লাদামোদ করিল এবং তাহারদের দেবের
মন্দিরে যাইয়া ভোজনপান করিয়া আবীমেলে
ককে শাপ দিল। [২৮] পরে এবেদের পুত্র
গআল কহিল আবীমেলেক কে ও শিকেম কে
যে আমরা তাহার সেবা করি সে কি য়িরুব্বআ
লের পুত্র নয় এবং জিবুল কি তাহার সেনা
পতি নয় শিকেমের পিতা খমোরের লোকের
দের সেবা কর যেহেতুক আমরা তাহার সেবা
কি নিমিত্তে করিব। [২৯] হায় এ লোক আ
মার হস্তগত হইলে আমি আবীমেলেককে স্থা
নান্তর করি পরে সে আবীমেলেককে কহিল
তোমার সৈন্যবর্দ্ধন করিয়া বাহির হইয়া আ
ইস।

[৩০] অপর জিবুলনামে সে নগরের কর্ত্তা
এবেদের পুত্র গআলের বাক্য শুনিলে তাহার
রাগ জন্মিল। [৩১] এবং সে এ কথা কহিয়া
গুপ্তরূপে আবীমেলেকের নিকটে দূতপ্রেরণ ক
রিয়া কহিল দেখ এবেদের পুত্র গআল ও তা
হার ভ্রাতারা শিকেমে আসিয়াছে এবং দেখ তা

হারা তোমার প্রাতিকূল্যে নগর দৃঢ় করিতেছে ।
[৩২] অতএব এখন তুমি ও তোমার সমভিব্যা
হারি লোকেরা রাত্রিতে উঠিয়া মাঠে লুক্কায়িত
থাক । [৩৩] এবং এমত হইবে প্রাতঃকালে
সূর্য্য উঠিবামাত্রে তুমি প্রভাতে উঠিয়া নগরো
পরি পড়িবা এবং দেখ সে ও তাহার সমভিব্যা
হারি লোকেরা তোমার প্রতিকূলে বাহির হইয়া
আইলে তোমার প্রতি ঘটিত প্রয়োজনানুসারে
তুমি তাহারদের প্রতি করিবা ।

[৩৪] পরে আবীমেলেক ও তাহার সঙ্গি স
মস্ত লোকেরা রাত্রিতে উঠিয়া চারি দল হইয়া
শিকেমের প্রতিকূলে লুককায়িত হইয়া রহিল ।
[৩৫] এবং এবেদের পুত্র গআল বাহিরে যাইয়া
নগরদ্বারের প্রবেশস্থানে দাঁড়াইয়া রহিল এবং
আবীমেলেক ও তাহার সঙ্গি লোকেরা লুক্কা
য়িতাবস্থাহইতে উঠিল । [৩৬] পরে গআল সে
লোকেরদিগকে দেখিয়া জিবুলকে কহিল দেখ
পর্ব্বতের চূড়াহইতে লোক নামিয়া আসিতেছে
তাহাতে জিবুল তাহাকে কহিল তুমি পর্ব্বতের ছা
য়া মনুষ্যেরদের সদৃশ দেখিতেছ । [৩৭] পরে
গআল পুনর্ব্বার উক্তি করিয়া কহিল দেখ দে
শের মধ্য হইয়া লোক নামিয়া আসিতেছে এবং
অন্য এক দল মিওনিনীমের মাঠ হইয়া চলিয়া
আসিতেছে । [৩৮] তৎকালে জিবুল তাহা
কে কহিল আবীমেলেক কে যে আমরা তা
হার সেবা করিব তুমি যে মুখদ্বারা সে কথা কহি
য়াছিলা তোমার সে মুখ এইক্ষণে কোথায় ।
যে লোকেরদিগকে তুমি তুচ্ছ করিয়াছিলা ইহা
রা কি সে লোক নয় তুমি এখন বাহির হইয়া তা
হারদের সহিত যুদ্ধ কর । [৩৯] তাহাতে গ
আল শিকেমের লোকেরদের অগ্রগামী হইয়া
বাহিরে যাইয়া আবীমেলেকের সহিত যুদ্ধ ক
রিল । [৪০] এবং আবীমেলেক তাহাকে তা
ড়াইয়া লইয়া গেল এবং সে তাহার সম্মুখে প
লাইল এবং দ্বারপ্রবেশস্থানপর্য্যন্ত অনেক প
ড়িল ও ঘাইল হইল । [৪১] এবং আবীমে
লেক আরুমাহে বাস করিল এবং গআল ও
তাহার ভ্রাতারা শিকেমে বাস না করে এই
জন্যে জিবুল তাহারদিগকে বাহির করিয়া দিল ।
[৪২] পর দিবসে এমত হইল লোকেরা মাঠে
বাহির হইয়া গেল এবং তাহারা আবীমেলেক
কে কহিল । [৪৩] তাহাতে সে লোকেরদিগকে
লইয়া তাহারদিগকে তিন দল করিয়া মাঠে লু
ক্কায়িত হইয়া রহিল এবং নিরীক্ষণ করিয়া দে
খিল এবং দেখ লোকেরা নগরহইতে বাহির হই
য়া আইল তাহাতে সে তাহারদের বিরুদ্ধে উঠি
য়া তাহারদিগকে প্রহার করিল । [৪৪] এবং আ
বীমেলেক ও তাহার সহবর্ত্তি দল দ্রুতগতিপূর্ব্বক
অগ্রসর হইয়া নগরদ্বারপ্রবেশস্থানে দাঁড়াইয়া
রহিল এবং অন্য দুই দল মাঠস্থ তাবল্লোকের
দের উপরে দৌড়িয়া তাহারদিগকে হত্যা করিল ।
[৪৫] এবং ঐ তাবদ্দিবস আবীমেলেক সে নগ
রের প্রতিকূলে যুদ্ধ করিল এবং সে ঐ নগর আ
ক্রমণ করিল এবং তন্মধ্যস্থিত লোকেরদিগকে বধ
করিল এবং নগর ভাঙ্গিয়া ফেলিয়া তাহা লবণ
দ্বারা বপন করিল ।

[৪৬] অপর শিকেমের দুর্গস্থ তাবল্লোক তা
হা শুনিলে তাহারা বিরীৎ দেবের মন্দিরস্থ এক
দৃঢ় স্থানে প্রবেশ করিল । [৪৭] পরে আবী
মেলেকের গোচরে কথিত হইল যে শিকেমের
দুর্গস্থ তাবল্লোক একত্র হইয়াছে । [৪৮] তাহা
তে আবীমেলেক ও তাহার সমভিব্যাহারি সমস্ত
লোক সলমোনপর্ব্বতে উঠিয়া গেল পরে আবী
মেলেক এক কুঠার হস্তে গ্রহণ করিয়া বৃক্ষহইতে
এক ডাল কাটিয়া লইয়া স্বস্কন্ধে ধরিয়া আপন
সঙ্গি লোকেরদিগকে কহিল যে আমাকে তোম
রা যাহা করিতে দেখিয়াছ শীঘ্র করিয়া তদনুসা
রে কর । [৪৯] তাহাতে সমস্ত লোকেরা প্রতি
জনে তদ্দৃষ্টানুক্রমে আপন২ ডাল কাটিয়া আ
বীমেলেকের পশ্চাদ্বর্ত্তী হইয়া চলিল এবং সে
ডাল দুর্গদ্বারনিকটে দিয়া তাহার উপরে দুর্গে
তে আগুন লাগাইয়া দিল তাহাতে শিকেমের
দুর্গস্থ তাবল্লোক অর্থাৎ পুরুষ ও স্ত্রী প্রায় এক
সহস্র মরিল ।

[৫০] অপর আবীমেলেক তেবেসে গেল
এবং তেবেসের প্রতিকূলে ছাউনি করিয়া তাহা
আক্রমণ করিল । [৫১] কিন্তু সে নগরমধ্যে দু
রাক্রম এক গড় ছিল অতএব পুরুষ স্ত্রীইত্যাদি
নগরের সমস্ত লোক তাহার মধ্যে পলাইয়া যা
ইয়া দ্বার রুদ্ধ করিয়া গড়ের উপরে উঠিল ।
[৫২] পরে আবীমেলেক সে গড়নিকটে উপ
স্থিত হইয়া তাহার প্রতিকূলে যুদ্ধ করিল এবং
গড়দ্বারে অগ্নি দিয়া পোড়াইবার নিমিত্তে অতি
বলপূর্ব্বক তাহার নিকটে গেল । [৫৩] এবং
কোন এক স্ত্রীলোক যাঁতার এক খণ্ড লইয়া আ
বীমেলেকের খুলি ভাঙ্গিবার জন্যে তাহার মস্ত
কোপরি ক্ষেপণ করিল । [৫৪] তাহাতে সে ত্বরা
করিয়া আপন অস্ত্রবাহক এক যুবা পুরুষকে
ডাকিয়া কহিল লোকেরা আমার বিষয়ে না ক
হে যে এক স্ত্রী তাহাকে মারিয়াছে এইপ্রযুক্ত
তোমার তলোবার খুলিয়া আমাকে বধ কর তা
হাতে সে যুবা পুরুষ তাহাকে এপার ওপার বি
দীর্ণ করিল এবং সে মরিল । [৫৫] অপর আ
বীমেলেক মরিয়াছে যিশ্রাএলের লোকেরা

ইহা দেখিয়া প্রত্যেকে স্বস্বস্থানে প্রস্থান করিল।
[৫৬] এই রীতিক্রমে আবীমেলেক আপন
সত্তরি ভ্রাতাকে বধ করণেতে আপন পিতার
প্রতি যে দুষ্টতা ঘটাইয়াছিল তাহার ফল ঈশ্বর
দিলেন। [৫৭] এবং শিকেমের লোকেরদের
সমস্ত দুষ্টতার ফল ঈশ্বর তাহারদের মস্তকোপ
রি দিলেন এবং য়িরুব্বআলের পুত্র য়োতামের
শাপ তাহারদের উপরে পড়িল।

১০ পর্ব্ব।

[১] অনন্তর আবীমেলেকের পর য়িশ্রাএ
লের রক্ষার্থে য়িশ্শাকরবংশীয় দোদোর পুত্র
পূআর পুত্র তোলত্যা উৎপন্ন হইল। [২]
এবং সে তেইশ বৎসর য়িশ্রাএলের বিচার ক
রিয়া মরিল এবং শামীরে কবর পোঁতা গেল।
[৩] এবং তাহার পরে গিলিআদীয় য়াইর
উৎপন্ন হইয়া বাইশ বৎসর য়িশ্রাএলের বি
চার করিল। [৪] এবং ত্রিশ গর্দ্দভবৎসারোহী
তাহার ত্রিশ পুত্র ছিল এবং অদ্যপর্য্যন্ত খ্যাবোত
য়াইর নামে খ্যাত গিলিআদদেশস্থ তাহারদের
ত্রিশ নগর ছিল। [৫] পরে য়াইর মরিল এবং
কামোনে তাহার কবর হইল। [৬] অপর য়িশ্
রাএলের সন্তানেরা য়িহুহের দৃষ্টিতে পুনর্ব্বার
কুক্রিয়া করিল এবং বআলেরদের ও অশ্তা
রোতের এবং আরমের দেবেরদের ও সীদো
নের দেবেরদের ও মোআবের দেবেরদের ও
অমোনের সন্তানেরদের দেবেরদের ও পলশ্তী
য়েরদের দেবেরদের সেবা করিল এবং য়িহুহকে
ত্যাগ করিয়া তাঁহার সেবা করিল না।
[৭] তাহাতে য়িহুহের ক্রোধ য়িশ্রাএলের
প্রতিকূলে তপ্ত হইল এবং তিনি পলশ্তীয়েরদের
ও অমোনের সন্তানেরদের হস্তে তাহারদিগকে
বিক্রয় করিলেন। [৮] এবং তাহারা ঐ বৎস
রাবধি য়িশ্রাএলের সন্তানেরদের প্রতি আঠার
বৎসর ব্যাপিয়া ক্লেশ দিয়া কঠিন আচার করি
য়াছিল অর্থাৎ য়রদনপারে গিলিআদদেশস্থ
অমোরীয় দেশবাসি য়িশ্রাএলের তাবৎ সন্তা
নেরদের প্রতি। [৯] তাহাছাড়াও য়িহুদাহের
ও বেন্যামিনের ও এফরায়িমের বংশের সহিত
যুদ্ধ করিবার নিমিত্তে অমোনের সন্তানেরা য়র
দন পার হইয়া গেল তাহাতে য়িশ্রাএল বড়
ক্লিষ্ট ছিল।
[১০] পরে য়িশ্রাএলের সন্তানেরা এ কথা
কহিয়া য়িহুহের উদ্দেশে প্রার্থনা করিল যে আ
মরা আপনারদের ঈশ্বরকে ত্যাগ করিয়াছি এবং
বআলেরদের সেবা করিয়াছি এই উভয়েতে
আপনার প্রতিকূলে পাপ করিয়াছি। [১১]
তাহাতে য়িহুহ য়িশ্রাএলের সন্তানেরদিগকে
কহিলেন মিস্রীয়েরদিগহইতে ও অমোরীয়ের
দিগহইতে ও অমোনের সন্তানেরদিগহইতে ও
পলশ্তীয়েরদিগহইতে আমি কি তোমারদিগকে
মুক্ত করি নাই। [১২] এবং সীদোনীয়েরা
ও অমালেকীয়েরা ও মাওনীয়েরা তোমারদিগ
কে ক্লেশ দিল তাহাতে তোমরা আমার উদ্দে
শে প্রার্থনা করিলা এবং আমি তাহারদের হস্ত
হইতে তোমারদিগকে মুক্ত করিলাম। [১৩] ত
থাপি তোমরা আমাকে ত্যাগ করিয়া অন্য২ দে
বেরদের সেবা করিয়াছ অতএব আমি তোমার
দিগকে আর উদ্ধার করিব না। [১৪] যাইয়া
তোমারদের মনোনীত দেবেরদের উদ্দেশে প্রা
র্থনা কর তোমারদের দুঃখসময়ে তাহারা তো
মারদিগকে উদ্ধার করুক।
[১৫] তাহাতে য়িশ্রাএলের সন্তানেরা য়িহুহ
কে কহিল আমরা পাপ করিয়াছি আপনকার
দৃষ্টিতে যাহা উচিত তাহা আমারদের প্রতি ক
রুন অদ্যমাত্র আমারদিগকে উদ্ধার করুন আম
রা ইহা প্রার্থনা করি। [১৬] পরে তাহারা আ
পনারদের মধ্যহইতে বিদেশীয় দেবেরদিগকে
বাহির করিয়া দিয়া য়িহুহের সেবা করিল তাহা
তে য়িশ্রাএলের দুঃখেতে তাঁহার আত্মা শো
কান্বিত হইল। [১৭] ঐ সময়ে অমোনের সন্তা
নেরা সমারোহী হইয়া গিলিআদে ছাউনি ক
রিল এবং য়িশ্রাএলের সন্তানেরা আপনারদি
গকে একত্র করিয়া মিস্পেহে ছাউনি করিল।
[১৮] এবং গিলিআদের লোকেরা ও অধ্যক্ষে
রা পরস্পর কহিল অমোনের সন্তানেরদের স
হিত কে যুদ্ধারম্ভ করিবে সেই গিলিআদের তা
বন্নিবাসিরদের উপরে প্রধান হইবে।

১১ পর্ব্ব।

[১] তৎকালে গিলিআদীয় য়িফতাখ্ অতি
যুদ্ধবীর মানুষ এবং সে এক বেশ্যার পুত্র ছিল
এবং গিলিআদ য়িফতাখ্‌কে জন্ম দিল। [২]
পরে গিলিআদের ভার্য্যা তাহার জন্যে পুত্র
প্রসবিল এবং তাহার ভার্য্যার পুত্রেরা বড় হই
য়া য়িফতাখ্‌কে বাহির করিয়া দিয়া তাহাকে
কহিল তুমি আমারদের পিতৃধনভাগী হইবা না
কেননা তুমি উপপত্নীর পুত্র। [৩] তাহাতে
য়িফতাখ্ আপন ভ্রাতারদের নিকটহইতে পলা
ইয়া টোবদেশে বসতি করিল এবং অবিবেচক
কতক গুলিন লোক য়িফতাখের সহিত মিলিয়া
তাহার সমভিব্যাহারে বহির্গমনাগমন করিল।
[৪] অপর কালানুক্রমে এমত হইল অমো
নের সন্তানেরা য়িশ্রাএলের সহিত সংগ্রাম
করিল। [৫] তাহাতে এমত হইল অমোনের
সন্তানেরা যখন য়িশ্রাএলের প্রতিকূলে সংগ্রাম

করিতে লাগিল তখন গিলিআদের প্রাচীনেরা
য়িফতাখ্কে টোবদেশহইতে আনিতে গেল।
[৬] এবং তাহারা য়িফতাখ্কে কহিল আসিয়া
আমারদের সেনাপতি হও যে আমরা অমো
নের সন্তানেরদের সহিত সংগ্রাম করিতে পারি
[৭] তাহাতে য়িফতাখ্ গিলিআদের সন্তানেরদি
গকে কহিল তোমরা কি আমাকে ঘৃণা কর নাই
এবং আমার পিতার বাটীহইতে আমাকে খে
দাইয়া বাহির করিয়া দেও নাই অতএব ক্লেশা
ক্রান্ত হইয়া তোমরা কেন এখন আমার নিকটে
আসিয়াছ। [৮] তাহাতে গিলিআদের প্রাচী
নেরা য়িফতাখ্কে কহিল তুমি আমারদের স
হিত যাইয়া অমোনের সন্তানেরদের সহিত যুদ্ধ
কর ও গিলিআদের তাবন্নিবাসিরদের প্রধান
হও এই নিমিত্তে আমরা এখন পুনর্ব্বার তো
মার নিকটে ফিরিয়া আসিয়াছি। [৯] পরে
য়িফতাখ্ গিলিআদের প্রাচীনেরদিগকে কহিল
অমোনের সন্তানেরদের সহিত যুদ্ধ করিবার
নিমিত্তে তোমরা যদি আমাকে পুনর্ব্বার ঘরে
আন এবং য়িহুহ তাহারদিগকে আমার সম্মু
খে জয় করেন তবে আমি কি তোমারদের প্র
ধান হইব। [১০] তাহাতে গিলিআদের প্রাচী
নেরা য়িফতাখ্কে কহিল আমরা যদি তোমার
বাক্যানুসারে না করি তবে য়িহুহ আমারদের
মধ্যে সাক্ষী হউন। [১১] পরে য়িফতাখ্ গি
লিআদের প্রাচীনেরদের সহিত গেল এবং লো
কেরা আপনারদের উপরে তাহাকে প্রধান ও
সেনাপতি করিল এবং য়িফতাখ্ আপনার স
মস্ত বাক্য মিস্পেহে য়িহুহের গোচরে কহিল।
[১২] পরে য়িফতাখ্ অমোনের সন্তানেরদের
রাজার নিকটে লোক প্রেরণ করিয়া কহিল আ
মার সহিত তোমার কি কার্য্য যে তুমি আমার
সহিত যুদ্ধ করিবার নিমিত্তে আমার দেশে আ
সিয়াছ। [১৩] তাহাতে অমোনের সন্তানের
দের রাজা য়িফতাখের দূতেরদিগকে উত্তর করিল
যেহেতুক য়িশ্রাএল যখন মিস্রহইতে বাহির
হইয়া আইল তখন তাহারা আরণোনাবধি য়
বোক ও য়রদনপর্য্যন্ত আমার ভূমিহরণ করিল
অতএব নির্ব্বিরোধপূর্ব্বক এখন সে সমস্ত ফিরি
য়া দেও। [১৪] তাহাতে য়িফতাখ্ অমোনের
সন্তানেরদের রাজার নিকটে পুনর্ব্বার দূতপ্রে
রণ করিল। [১৫] এবং তাহাকে কহিল য়িফ
তাখ্ এ কথা কহেন মোআবের ভূমি বা অ
মোনের সন্তানেরদের ভূমি য়িশ্রাএল হরণ করি
য়া লয় নাই। [১৬] কিন্তু য়িশ্রাএল যখন
মিস্রহইতে আইল এবং আরবি সমুদ্রপর্য্যন্ত
অরণ্যের মধ্যহইতে ভ্রমণ করিয়া কাদেশে পঁহু
ছিল। [১৭] তখন য়িশ্রাএল এদোমের রা
জার নিকটে দূতপ্রেরণ করিয়া কহিল আমি নি
বেদন করি তোমার দেশমধ্য হইয়া আমাকে
গমন করিতে দেও কিন্তু এদোমের রাজা তাহা
তে কর্ণ দিল না। এবং তদ্রীতিক্রমে তাহারা
মোআবের রাজার নিকটে প্রেরণ করিল কিন্তু
সে সম্মত ছিল না তাহাতে য়িশ্রাএল কাদেশে
বসতি করিল। [১৮] পরে তাহারা অরণ্যের
মধ্য দিয়া গতি করিয়া এদোমদেশ ও মোআব
দেশ প্রদক্ষিণানন্তর মোআবদেশের পূর্ব্বপার্শ্ব
হইয়া আসিয়া আরণোনের ওপারে ছাউনি
করিল কিন্তু মোআবের সীমামধ্যে প্রবেশ করি
ল না কেননা মোআবের সীমা আরণোন।
[১৯] অপর য়িশ্রাএল অমোরীয়েরদের রাজা
অথচ খেশবোনের রাজা সীখোনের নিকটে
দূতপ্রেরণ করিল এবং য়িশ্রাএল তাহাকে ক
হিল আমরা নিবেদন করি আমারদিগকে তো
মার দেশ হইয়া আপন স্থানে যাইতে দেও
[২০] কিন্তু সীখোন আপন সীমামধ্য হইয়া যা
ইতে য়িশ্রাএলে প্রত্যয় করিল না কিন্তু সীখো
ন আপন সমস্ত লোকেরদিগকে সমারোহ করি
য়া য়াহসে ছাউনি ফেলিয়া য়িশ্রাএলের স
হিত যুদ্ধ করিল। [২১] এবং য়িশ্রাএলের
ঈশ্বর য়িহুহ সীখোনকে ও তাহার সমস্ত লোক
কে য়িশ্রাএলের হস্তে অর্পণ করিলেন তাহাতে
তাহারা তাহারদিগকে মারিল এতদ্রূপে য়িশ্রা
এল তত্তাবদ্দেশবাসি অমোরীয়েরদের সমস্ত
দেশাধিকার করিল। [২২] এবং তাহারা আ
রণোনাবধি য়বোকপর্য্যন্তই এবং অরণ্যাবধি য়র
দনপর্য্যন্ত অমোরীয়েরদের তাবৎ সীমা অধি
কার করিল। [২৩] এইক্রমে য়িশ্রাএলের
ঈশ্বর য়িহুহ এইক্ষণে আপন লোক য়িশ্রাএ
লের সম্মুখে অমোরীয়েরদিগকে নিরধিকার ক
রিয়াছেন তাহাতে তুমি কি তদ্দেশাধিকারী হই
বা। [২৪] তোমার দেব কিমোশকর্ত্তৃক তো
মাকে দত্ত অধিকার তুমি কি গ্রহণ করিবা না
অতএব আমারদের ঈশ্বর য়িহুহ আমারদের
সম্মুখহইতে যাহারদিগকে খেদিয়া দেন তাহার
দিগকে আমরা অধিকার করিব। [২৫] এবং
তুমি কি এখন মোআবের রাজা সিপোরের পুত্র
বালাকঅপেক্ষা উত্তম। [২৬] খেশবোনে ও
তদ্গ্রামে এবং আরোএরে ও তদ্গ্রামে এবং
আরণোনতটসমীপস্থ তাবন্নগরে তিন শত বৎ
সর ব্যাপিয়া য়িশ্রাএলের তাবদ্বাসকাল সে কি
কোন সময়ে য়িশ্রাএলের প্রতিকূলে বিরোধ ক
রিয়াছিল বা সে কি কোন সময়ে তাহারদের প্র
তিকূলে যুদ্ধ করিয়াছিল অতএব সে তাবৎসম

ন্নের মধ্যে তোমরা কেন তাহা ফিরিয়া লইলা
না। [২৭] অতএব আমি তোমার প্রতিকূলে
পাপ করি নাই কিন্তু তুমি আমার সহিত যুদ্ধ
করাতে আমার হিংসা করিতেছ য়িশ্রাএলের
সন্তানেরদের ও অমোনের সন্তানেরদের উভয়
পক্ষে য়িহুহ অদ্য বিচারকর্ত্তা হউন [২৮] তথা
পি অমোনের সন্তানেরদের রাজার নিকটে প্রে
রিত য়িফতাখের বাক্যে সে কর্ণ দিল না।

[২৯] তাহাতে য়িহুহের আত্মা য়িফতাখের
উপরে আইল এবং সে গিলিআদ ও মনশেহ্
পার হইয়া গিলিআদের মিস্‌পেহে গেল এবং
গিলিআদের মিস্‌পেহ্‌হইতে সে অমোনের সন্তা
নেরদের নিকটে পার হইয়া গেল। [৩০] সে
সময়ে য়িফতাখ্ য়িহুহের উদ্দেশে এক মানত ক
রিয়া কহিল আপনি যদি অত্রুটিপূর্ব্বক অমোনের
সন্তানেরদিগকে আমার হস্তে অর্পণ করেন।
[৩১] তবে এমত হইবে অমোনের সন্তানেরদিগ
হইতে আমি যখন কুশলে ফিরিয়া আইসি তখন
আমার সহিত সাক্ষাৎকরণার্থে যে কোন কিছু
আমার বাটীর দ্বারহইতে নির্গত হয় তাহা নি
শ্চয় য়িহুহের হইবে এবং অগ্নিকৃত নৈবেদ্যার্থে
আমি তাহা নিবেদন করিব।

[৩২] পরে অমোনের সন্তানেরদের সহিত
যুদ্ধ করিবার নিমিত্তে য়িফতাখ্ তাহারদের নিক
টে পার হইয়া গেল এবং য়িহুহ তাহারদিগকে
তাহার হস্তগত করিলেন। [৩৩] এবং সে
আরোএরাবধি মিনিতে তোমার উত্তরণপর্য্যন্ত
বিংশতিনগর এবং দ্রাক্ষাক্ষেত্রমাঠপর্য্যন্ত তাহা
রদিগকে মহাহননেতে হনন করিল এইক্রমে অ
মোনের সন্তানেরা য়িশ্রাএলের সন্তানেরদের
সম্মুখে পরাজিত হইল।

[৩৪] পরে য়িফতাখ্ মিস্‌পেহে আপন বাটী
তে আইল এবং দেখ তাহার কন্যা তবল হস্তে
করিয়া নৃত্য করত তাহার সহিত সাক্ষাৎ করিবার
নিমিত্তে বাহির হইয়া আইল এবং সে তাহার
এক কন্যা ছিল তদ্ব্যতিরেকে তাহার পুত্র বা ক
ন্যা ছিল না। [৩৫] অপর এমত হইল যখন
সে তাহাকে দেখিল তখন সে আপন বস্ত্র ফাড়ি
য়া কহিল হায় আমার কন্যা তুমি আমাকে বড়
নম্র করিয়াছ এবং আমার ক্লেশদায়িরদের মধ্যে
তুমি এক জন কেননা আমি য়িহুহের উদ্দেশে
মুখ বিস্তার করিয়াছি এবং পাছে হঠিতে পারি
না। [৩৬] তাহাতে সে তাহাকে কহিল হে
আমার পিতঃ আপনি যদি য়িহুহের উদ্দেশে
আপন মুখ খুলিয়া থাকেন তবে আপন মুখ
হইতে নির্গত বাক্যানুসারে আমার প্রতি করুন
যেহেতুক য়িহুহ তোমার জন্যে তোমার শত্রুরদি
গের অর্থাৎ অমোনের সন্তানেরদের প্রতীকার
করিয়াছেন। [৩৭] পরে সে আপন পিতাকে
কহিল আমার জন্যে এ কার্য্য করা যাউক আমা
কে দুই মাস ছাড়িয়া দিউন যে আমি স্বসখী
সমভিব্যাহারে পর্ব্বতোপরি গমনাগমন করিয়া
আপন অনূঢ়াত্ববিষয়ে বিলাপ করি। [৩৮]
তাহাতে সে কহিল যাও পরে সে দুই মাসের
জন্যে তাহাকে বিদায় দিল তাহাতে সে আপন
সখীরদিগকে সঙ্গিনী করিয়া পর্ব্বতোপরি যাইয়া
আপন অনূঢ়াত্ববিষয়ে বিলাপ করিল। [৩৯]
অপর দুই মাস গত হইলে এই মত হইল সে
আপন পিতার নিকটে ফিরিয়া আইল এবং সে
আপন কৃত মানতানুসারে তাহার প্রতি করিল
এবং সে কোন পুরুষ উপগতা ছিল না [৪০]
এবং য়িশ্রাএলে এই ব্যবহার ছিল যে য়িশ্রা
এলের কন্যারা গিলিআদীয় য়িফতাখের কন্যা
বিষয়ে প্রতিবৎসর বিলাপকরণার্থে বৎসরের
মধ্যে চারি দিবস যাইত।

## ১২ পর্ব্ব।

[১] অনন্তর এফরায়িমের লোকেরা আপনার
দিগকে সমারোহ করিয়া উত্তরদিগে গমন করিল
এবং য়িফতাখ্‌কে কহিল তোমার সহিত গমনা
র্থে আমারদিগকে না ডাকিয়া তুমি কেন অমো
নের সন্তানেরদের সহিত সংগ্রাম করিতে পার
হইয়া গিয়াছিলা তোমার উপরে তোমার ঘর
আমরা অগ্নিতে জ্বালাইয়া দিব। [২] তাহাতে
য়িফতাখ্ তাহারদিগকে কহিল অমোনের সন্তা
নেরদের সহিত আমার ও আমার লোকেরদের
বড় বিরোধ ছিল এবং আমি তোমারদিগকে ডা
কিলে তোমরা তাহারদের হস্তহইতে আমাকে
উদ্ধার করিলা না। [৩] পরে যখন আমি দেখি
লাম যে তোমরা আমাকে উদ্ধার করিলা না ত
খন আমি আপন প্রাণ আপন হস্তে করিয়া অ
মোনের সন্তানেরদের প্রতিকূলে পার হইয়া গে
লাম এবং য়িহুহ তাহারদিগকে আমার হস্তে অ
র্পণ করিলেন অতএব আমার সহিত যুদ্ধ করি
তে তোমরা অদ্য কেন আমার নিকটে আসি
য়াছ। [৪] অপর য়িফতাখ্ গিলিআদের সমস্ত
লোকেরদিগকে সমারোহ করিয়া এফরায়িমের
সহিত যুদ্ধ করিল এবং গিলিআদের লোক
এফরায়িমকে প্রহার করিল যেহেতুক তাহারা
কহিল যে এফরায়িমীয়েরদের ও মনশীয়েরদের
মধ্যে গিলিআদীয় তোমরা এফরায়িমীয় পলা
তক। [৫] পরে গিলিআদীয়েরা এফরায়িমী
য়েরদের অগ্রে২ য়রদনের ঘাটসমস্ত আক্রমণ
করিল তাহাতে এমত হইল ঐ এফরায়িমীয় প
লাতকেরা যখন কহিল আমাকে পারে যাইতে